The Most Circulated Bengali Newspaper in North America

শুক্রবারের পত্রিকা | উত্তর-আমেরিকায় বাংলা ভাষায় সর্বাধিক প্রচারিত

# সাপ্তাহিক আজকাল

find us online
www.ajkalusa.com
/weeklyajkal

The Weekly Ajkal | Vol.18, Issue 907 | 29 January 2026 | শুক্রবার ১৫ মাঘ অগ্রহায়ণ ১৪৩২



Remain alert to to ensure rights are protected, Tarique tells Uttara rally
→ Page 19

‘Bangladesh can proudly say that we have a Runa Laila’: Alamgir
→ Page 18





Trump’s cuts may halt $16B Hudson River train tunnel
→ Page 18

ICE Shootings Are Freaking Out the GOP. They’re Afraid to Tell Trump
→ Page 18



# ভোটের উত্তাপে কাঁপছে বাংলাদেশ

মাসুদ করিম, *ঢাকা থেকে*




ভোটের উত্তাপে কাঁপছে বাংলাদেশ। প্রচারে সরগরম গোটা দেশ। প্রার্থীদের ঘুম নেই। গ্রাম-গঞ্জ থেকে নগর-মহানগর- সর্বত্র চষে বেড়াচ্ছেন। উৎসাহ-উদ্দীপনার পাশাপাশি আছে উৎকণ্ঠাও। সহিংস ঘটনা জনমনে উদ্বেগের সৃষ্টি করেছে। বিএনপি-জামায়াতের নির্বাচনী সহিংসতায় শেরপুরে জামায়াতে ইসলামীর একজন কর্মি নিহত হওয়ার পর ভয়-ভীতিরও সৃষ্টি হয়েছে। ভোটের দিন ঘনিয়ে আসার সঙ্গে সঙ্গে সহিংসতা বৃদ্ধির আশঙ্কা চারদিকে। বিশেষ করে ত্রয়োদশ সাধারন নির্বাচন এবং গণভোট একসঙ্গে হওয়ায় আগ্রহটা একটু বেশিই। বিএনপি ও জামায়াতের নেতৃত্বে দু'টি পৃথক জোট এবারের নির্বাচনের মূল প্রতিদ্বন্দ্বী। সম্প্রতি বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের ছাত্র সংসদ নির্বাচনে জামায়াতে ইসলামীর ছাত্র সংগঠন ইসলামী ছাত্র শিবির নিরঙ্কুশ জয় লাভ করায় দলটি জাতীয় নির্বাচনেও মিরাকল আশা করছে। যদিও বিএনপি এই মূহুর্তে নানা সমীকরণে এগিয়ে আছে। কারণ জামায়াতে ইসলামী কোনও নারী প্রার্থী না দেওয়ায় নারী ভোট বিএনপি বেশি পাবে বলে মনে করা হচ্ছে। তাছাড়া, এবারের নির্বাচনে জয়-পরাজয় নির্ধারণ করবে আওয়ামী লীগের ভোট। আওয়ামী লীগের ভোটাররা আদর্শগত অমিলের কারণে জামায়াতকে ভোট দেবার কথা নয়। ফলে বিএনপি সুবিধাজনক অবস্থায় রয়েছে। যদিও এবার যে সব সমীকরণ পিছনে ফেলে নতুন বন্দোবস্ত গড়ে তোলার ভোট হচ্ছে। রাষ্ট্রের বিভিন্ন প্রতিষ্ঠানে সংস্কার সাধনের লক্ষে এবারের নির্বাচনকে উপযুক্ত মনে করা হচ্ছে। কারণ এবারের নির্বাচন অনুষ্ঠিত হচ্ছে গণঅভ্যূত্থানের এরপর ২৬ পৃষ্ঠায়



মনোপলি হোমকেয়ার সেবা বন্ধের দাবি

## আইস পুলিশ বিলুপ্তের দাবি জানালেন ওকাসিও কর্টেজ

আজকাল রিপোর্ট

কমিউনিটি নেতৃবৃন্দের সাথে মতবিনিময় করলেন কংগ্রেসওম্যান ওকাসিও কর্টেজ। গত বৃহস্পতিবার ব্রংকসের কংগ্রেসওম্যানের কার্যালয়ে এ সভা অনুষ্ঠিত হয়। এতে তিনি আইস পুলিশ বিলুপ্তের আহবান জানান। তিনি বলেন, জনগনের ট্যাক্সে আইস পুলিশ এই জনগনের উপর নির্যাতন করতে পাওে না। তারা মানবাধিকারও লংঘন করছে। এক প্রশ্নের জবাবে তিনি বলেন, হোমকেয়ারসেবা একক কোন প্রতিষ্ঠানের হাতে জিম্মি থ াকতে পারে না। এই সেবা প্রদানের অধিকার এরপর ১৪ পৃষ্ঠায়

## নিউইয়র্কে গ্যাস ও বিদ্যুতের মূল্য বাড়লো

আজকাল রিপোর্ট




তীব্র বিরোধিতা উপেক্ষা করে নিউইয়র্ক স্টেটের পাবলিক সার্ভিস কমিশন ২২ জানুয়ারি কন এডিসনের গ্যাস ও বিদ্যুতের রেট বৃদ্ধির অনুমোদন দিয়েছে। নিত্যপণ্যের মূল্যবৃদ্ধির মধ্যে শীতের মৌসুমে এই সিদ্ধান্ত স্বল্প আয়ের মানুষের জন্য বড় চাপ সৃষ্টি করবে বলে আশঙ্কা করা হচ্ছে। পাবলিক সার্ভিস কমিশনের তথ্য অনুযায়ী, বিদ্যুতের দাম টানা তিন বছর বাড়বে–২০২৬ সালে ৩.৫%, ২০২৭ সালে ৩.২% এবং ২০২৮ সালে ৩.১%। গ্যাসের দাম বাড়বে ২০২৬ সালে ৪.৪%, ২০২৭ সালে ৫.৭% এবং ২০২৮ সালে ৫.৬%। চলতি বছরের মূল্যবৃদ্ধি ১ জানুয়ারি থেকে কার্যকর হয়েছে, যার প্রতিফলন পরবর্তী বিলগুলোতে দেখা যাবে। এক বছর ধরে এই মূল্যবৃদ্ধি নিয়ে দরকষাকষি চলেছে। চলতি মাসের শুরুতে এরপর ১৪ পৃষ্ঠায়

## ‘আইস পুলিশ’ অর্থায়নে বিল সিনেটে বাধাগ্রস্ত

আজকাল রিপোর্ট

‘আইস’ কার্যক্রমকে আরও বেগবান করার জন্য যে বিশাল বিল সিনেটে উত্থাপন করা হয়েছিল তা জিওপি ও ডেমোক্র্যাট সিনেটরা গত বৃহস্পতিবার আটকে দিয়েছেন। মিনিয়াপোলিসে ফেডারেল এজেন্টদের সাথে অ্যালেক্স প্রেটি গুলিতে নিহত হবার পর মার্কিন ইমিগ্রেশন এবং শুল্ক প্রয়োগকারী নীতিতে এরপর ২৬ পৃষ্ঠায়

## যুক্তরাষ্ট্রজুড়ে ‘আইস আউট’ ধর্মঘট ৩০-৩১ জানুয়ারি

আজকাল রিপোর্ট

‘আইস’ কর্তৃক অভিবাসন বিরোধি ব্যাপক ধরপাকড়, বাসা বাড়ি, হাসপাতাল, স্কুলে অভিযান, নাগরিকদের এরপর ৪৫ পৃষ্ঠায়

## আইস নিষিদ্ধের দাবিতে ড্রামের বিশাল মিছিল

আজকাল রিপোর্ট

কোনো ধরনের অপরাধে লিপ্ত না থাকা অভিবাসীসহ সিটিজেনরাও প্রেসিডেন্ট ট্রাম্পের নির্দয় আচরণের ভিকটিম এরপর ৪৭ পৃষ্ঠায়




## স্টেট সিনেটে হাইরাম মুনসেরাতকে সাপ্তাহিক আজকালের এনডোর্সমেন্ট

আজকাল রিপোর্ট



হাইরাম মুনসেরাত লড়ছেন স্টেট সিনেটে। দলীয় মনোনয়ন পাবার প্রত্যাশায় ডেমোক্র্যাটিক প্রাইমারির নির্বাচনে অংশ নিচ্ছেন। প্রার্থী ডিস্ট্রিক্ট-১৩ আসনে। মুনসেরাত সাবেক সিটি কাউন্সিল মেম্বার ও স্টেট সিনেটর। অনেক চড়াই উৎড়াই এরপর ১৪ পৃষ্ঠায়

আরবি শিখুন, বাচ্চাদের শেখান
Contact Us
আপনার জন্য থাকবে একজন একান্ত নিবেদিত শিক্ষক, যিনি কেবল আপনাকেই শেখাবেন। বাংলা বা ইংরেজিতে শিখতে পারবেন। সন্তুষ্টি গ্যারান্টি ও সাশ্রয়ী মাসিক ফি।
যোগাযোগ: (646) 400-0786
TWO FREE SESSIONS!

GOLDEN AGE HOME CARE
PCA/HHA Home care & Skilled Nursing
718-775-7852

সরকারী অনুদানে বাসা ও ব্যবসা প্রতিষ্ঠানে অত্যাধুনিক হিটিং ও এয়ারকন্ডিশন লাগাতে চান?
GREE MECHANICAL YONKERS
আপনি কি বাড়ীর হিটিং বিল নিয়ে চিন্তিত?
সরকারী অনুদানে $8000-$10000 ডলার।
বিস্তারিত জানতে কল করুন
914-222-9477, 914-989-0089
Gree Mechanical Yonkers
তোফায়েল চৌধুরী
1900 Central Park Ave,Yonkers NY 10710

BISMILLAH HALAL LIVE POULTRY MEAT & FISH MARKET
১০টি কালার (কালার চিকেন) চিকেন কিনলে ২টি ফ্রি
(অথবা ৩টি রেড হার্ড চিকেন ফ্রি)
৬টি কালার (রেড/ব্লাক) চিকেন কিনলে ১টি ফ্রি
এখানে বাংলাদেশের সব ধরণের মাছ পাওয়া যায় ৩টি হার্ড চিকেন $20.99
নিউইয়র্ক শরীয়াহ বোর্ড অনুমোদিত SBNY
37-15 55th St. Woodside NY-11377. Phone: 718.205.7200
We accept all major credit cards
ফ্রি ডেলিভারী

MORTGAGE MORTGAGE MORTGAGE
PURCHASE OR REFINANCE
Call Nasir Today
TO SEE IF YOU CAN GET PRE APPROVED
917-400-5728
Nasiruddin M Laskar
NMLS ID 1312055

এসাইলাম সেন্টার/স্টপ ডিপোর্টেশন
আমেরিকায় গ্রীনকার্ড / বৈধতা নিয়ে আতঙ্কবিহীন জীবনযাপনে আমাদের সহায়তা নিন
রাজনৈতিক, ধর্মীয় ও সামাজিক বৈষম্যের প্রেক্ষিতে নিপীড়ন, নাগরিক অথবা মানবধিকার লঙ্ঘণের প্রেক্ষিতে একটি এসাইলাম কেইস হতে পারে আপনার গ্রীনকার্ড (স্থায়ী বাসিন্দা) পাওয়ার সহজতর রাস্তা।
কেন আমাদের কাছে আসবেন
★ আমেরিকায় এসে ইমিগ্রেশন নিয়ে কিছুই করেননি অথবা কিছু করে ব্যর্থ হয়েছেন তারা সত্বর যোগাযোগ করুন।
★ বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি)-কে TIER (III) জঙ্গী সংগঠন হিসাবে বিবেচনা করায় তাদের নেতা ও কর্মীদের এসাইলাম কেইসগুলো একটু দুরূহ হলেও আমরা সফলতার সাথে অনেকগুলো মামলায় জয়লাভ করেছি। (বিএনপির সর্বাধিক কেইস আমরাই জয়লাভ করেছি।)
★ ১৯ জন ইউএস "এটর্নী অব ল" শুধুমাত্র ইমিগ্রেশন কেইসগুলোই করেন।
★ আমরা অত্যন্ত সফলতার সাথে অনকগুলো ডিপোর্টেশন কেইস করেছি।
★ ক্রিমিনাল কেইস/ফোরক্লোজার স্টপ/ডিভোর্স/ব্যাঙ্করাপসি/ল-স্যুট ইত্যাদি।
★ দীর্ঘ অভিজ্ঞতাসম্পন্ন আমেরিকা ATTORNEY-দের সাহায্য নিয়ে এই দেশে আপনার ভবিষ্যৎ নিশ্চিত করুন।
কেন আমরা অন্যদের চেয়ে আলাদা
আমেরিকার ৫০টি স্টেটে সফলতার সাথে ইমিগ্রেশন মামলা পরিচালনা করি
লিগ্যাল নেটওয়ার্ক ইন্টারন্যাশনাল, এল এল সি
আপনার আইনী সমস্যা সমাধানে আমরা অদ্বিতীয়
৩৭-৪৮ ৭২ স্ট্রীট, ২য় তলা, জ্যাকসন হাইটস্, নিউইয়র্ক ১১৩৭২
ই-মেইল: legalnetwork.us@gmail.com
ফোন: 917-722-1405 or 718-524-9777
All of our services are provided bz third-party professionals
Visit us : www.legalnetworkusa.com

CORE CREDIT REPAIR
ক্রেডিট লাইন নিয়ে সমস্যায় পড়েছেন?
ক্রেডিট লাইনের কারনে বাড়ী-গাড়ী কিনতে পারছেন না? তাহলে এখনই ঠিক করে নিন আপনার ক্রেডিট লাইন
▪ TAX Liens Charge-Offs ▪ Inquiries ▪ Collections
▪ Garnishment ▪ Bankruptcy ▪ Late Payments
Call us 646-775-7008
www.cmscreditsolutions.com
Mohammad A Kashem
Credit Consultant
37-42, 72nd St, Suite#1D, Jackson Heights NY 11372
Email: kashem2003@gmail.com

এক্সিডেন্ট কেইসেস
বিনামূল্যে পরামর্শ
কন্সট্রাকশন কাজে দুর্ঘটনা, গাড়ী/বিল্ডিং এ দুর্ঘটনা
হাসপাতালে বিকলাঙ্গ শিশুর জন্ম, ফেডারেল ডিসএবিলিটি
কোন অগ্রিম ফি নেয়া হয় না
যোগাযোগঃ
917-282-9256
email: moinlaw@gmail.com
বিস্তারিত দেখুন ১১ নম্বর পৃষ্ঠায়
Moin Choudhury
Attorney at Law

MEGA insurance BROKERAGE
TLC UBER, LYFT, YELLOWCAB, BLACK CAR
ইন্স্যুরেন্সের জন্য নির্ভরযোগ্য প্রতিষ্ঠান
আমরা দিচ্ছি ফ্রি কোটেশন সুবিধা
TAXI-LIMOUSINE INSURANCE EXPERT
WE OFFER DMV/TLC SERVICES & CLAIMS
Uber lyft NYC TAXI
RAJIB AHMED
PRESIDENT & CEO
LICENSED REAL ESTATE EXPERT
DIRECT: 718-730-5290 OFFICE: 212-721-0001
32-47 57TH ST, WOODSIDE, NY 11377

KARNAFULLY TAX SERVICES INC.
কর্ণফুলী ট্যাক্স সার্ভিসেস
www.karnafullytax.com
ইনকাম ট্যাক্স | কর্পোরেট ট্যাক্স | সেলস ট্যাক্স
পেরোল | বিজনেস সেটআপ
ইমিগ্রেশন | নোটারী পাবলিক
AUTHORIZED IRS e-file PROVIDER
ENROLLED AGENT
Mohammed Hasem, EA, MBA
MBA in Accounting
IRS Enrolled Agent
IRS Certifying Acceptance Agent
PH: 718-205-6040, 718-205-6010
37-20 74th Street, 2nd Floor, Jackson Heights


NYSADC
NEW YORK SENIOR ADULT DAY CARE
NEW YORK SENIOR ADULT DAYCARE
নিউইয়র্ক সিনিয়র এডাল্ট ডে কেয়ার
WE HAVE MOST PROMINENT MLTC CONTACT
healthfirst
Health Insurance for New Yorkers
elderplan
a participating agency of MJHS Health System
Anthem
Hamaspik
MANAGED CARE
RiverSpring Living
MetroPlus Health
S W H
Senior Whole Health
SHAH NAWAZ MBA
PRESIDENT & CEO
FUHAD HUSSAIN
CCO
MOHAMMAD ZAHID ALAM
CFO
• We Provide Transportation for Pick-Up and Drop Off
• Both Halal and Vegetarian Food Option
A SISTER CONCERN OF SHAH NAWAZ GROUP
সর্বোচ্চ সেবার নিশ্চয়তা
CALL US NOW:
718-516-3425
SNG
SHAH NAWAZ GROUP
Design by: ihopeprint.com, 929-538-7903
CONTACT US:
Off: 718-516-3424
FAX: 646-568-6474
newyorksadc.com
intake@ny-sadc.com
116-33 Queens Blvd
Forest Hills, NY 11375
86-11 101 Avenue,
Ozone Park, NY 11416


হাসান মামুন-এর কলাম
সুষ্ঠুভাবে নির্বাচন হতে দেওয়ার বিকল্প নেই
১০ পৃষ্ঠায়


নিয়াজ মাহমুদ-এর কলাম এই শিল্প অভিশাপ থেকে কীভাবে রেহাই পাবে বাংলাদেশ?
০৬ পৃষ্ঠায়


ড. আনোয়ারউল্লাহ চৌধুরী-এর কলাম দ্বৈত নাগরিকদের অংশগ্রহণ নির্বাচনকে প্রশ্নবিদ্ধ করবে
১২ পৃষ্ঠায়




# যুক্তরাষ্ট্র বাংলাদেশের নির্বাচনে পর্যবেক্ষক পাঠাবে না

আজকাল রিপোর্ট

বাংলাদেশে নিযুক্ত যুক্তরাষ্ট্রের নবনিযুক্ত রাষ্ট্রদূত ব্রেন্ট ক্রিস্টেনসেন বাংলাদেশের প্রধান নির্বাচন কমিশনার (সিইসি) এএমএম নাসির উদ্দিনের সঙ্গে বৈঠক করেছেন। বৈঠককালে আসন্ন জাতীয় সংসদ নির্বাচন ও গণভোট সামনে রেখে নির্বাচন কমিশনের (ইসি) ভূমিকাসহ বিভিন্ন বিষয়ে জানতে চান তিনি। ক্রিস্টেনসেন তাদেরকে জানিয়েছেন, নির্বাচনে যুক্তরাষ্ট্র কোন পর্যবেক্ষক পাঠাবে না। তবে ভোটের সার্বিক বিষয়ে খোঁজ খবর রাখবে যুক্তরাষ্ট্র। গত বুধবার সকালে রাজধানীর আগারগাঁওয়ে নির্বাচন ভবনে রাষ্ট্রদূত ব্রেন্ট ক্রিস্টেনসেনসহ চার সদস্যের একটি প্রতিনিধিদলের সঙ্গে সিইসির ওই বৈঠকটি অনুষ্ঠিত হয়। নির্বাচনি মাঠে কেউ বাড়াবাড়ি করছে কি-না বৈঠককালে তা জানতে চেয়েছেন মার্কিন রাষ্ট্রদূত ব্রেন্ট ক্রিস্টেনসেন। কীভাবে ভোট গণনা করা হবে, কোথায় ফলাফল আসবে, ভোট গণনার সময়সীমা কতো ইত্যাদি বিষয় জানতে চেয়েছেন তিনি। নির্বাচন কমিশন সচিবালয়ের



সিনিয়র সচিব আখতার আহমেদ পরে বলেছেন, আসন্ন ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন ও গণভোট উপলক্ষে আনুষ্ঠানিকভাবে পর্যবেক্ষক না পাঠালেও নিজ উদ্যোগে অনানুষ্ঠানিকভাবে নির্বাচন বিষয়ে সার্বিক খোঁজ-খবর রাখবে যুক্তরাষ্ট্র।

ইসি সচিব বলেন, তারা আমাদের জানিয়েছেন যে, নির্বাচন উপলক্ষে তাদের কোনো পর্যবেক্ষক দল আসবে না। তবে মার্কিন যুক্তরাষ্ট্র থেকে স্বাধীন একটি দল আসবে এবং মার্কিন দূতাবাস থেকে ঢাকা, সিলেট, চট্টগ্রাম ও খুলনায় নিজ উদ্যোগে, নিজেদের মতো করে তারা নির্বাচন পর্যবেক্ষণে এরপর ১৫ পৃষ্ঠায়



## কাজী জহিরুল ইসলামের গবেষণা গ্রন্থের মোড়ক উন্মোচন

আজকাল রিপোর্ট

কাজী জহিরুল ইসলামের কবিতার উপর আবু তাহের সরফরাজের লেখা 'কাজী জহিরুল ইসলামের কবিতা শৈল্পিক সৌন্দর্য ও কৃৎকৌশল' বইয়ের মোড়ক উন্মোচন গত গত ২৪ জানুয়ারি নিউইয়র্কে নিবন্ধিত শিল্প-সাহিত্যের সংগঠন উনবাঙালের সভায় অনুষ্ঠিত হয়।

বইটির নান্দনিক প্রচ্ছদ এঁকেছেন মোমিন উদ্দীন খালেদ, প্রকাশ করেছে প্রতিবিম্ব প্রকাশ। আশি পৃষ্ঠার স্বল্প পরিসরের এই গ্রন্থে আবু তাহের সরফরাজ ৯টি প্রবন্ধ লিখে কাজী জহিরুল ইসলামের কবিতায় নিহিত শৈল্পিক সৌন্দর্য ও তার কৃৎকৌশল উন্মোচন করেন। প্রথম প্রবন্ধে তিনি নৈর্ব্যক্তিকভাবে শিল্পের সৌন্দর্য বিষয়টি ব্যাখ্যা এরপর ৩৪ পৃষ্ঠায়

## সিলেট সদর সোসাইটির উপদেষ্টা পরিষদ ও ট্রাস্টি বোর্ডের পরিচিতিসভা

আজকাল রিপোর্ট

নিউইয়র্কে সিলেট সদর সোসাইটি অব ইউএসএ'র নব গঠিত উপদেষ্টা পরিষদ ও ট্রাস্টি বোর্ডের পরিচিতি সভা গত ২৪ জানুয়ারি শনিবার কুইন্সের জয়া হলে অনুষ্ঠিত হয়। সংগঠনের সদস্যরা ছাড়াও কমিউনিটি নেতা, ব্যবসায়ী, সংস্কৃতি কর্মীসহ সিলেট সদরের লোকজন অংশ নেন এ অনুষ্ঠানে।

সংগঠনের সভাপতি মিনহাজ আহমদ চৌধুরীর সভাপতিত্বে এবং সিনিয়র সহ সভাপতি হুমায়ুন আহমেদ চৌধুরীর পরিচালনায় এ আয়োজনে প্রথমে আমেরিকা ও বাংলাদেশের জাতীয় সংগীত পরিবেশন করা হয়।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন কোষাধ্যক্ষ মোহাম্মদ ওয়াদুদ চৌধুরী। অন্যদের মধ্যে শুভেচ্ছা বক্তব্য রাখেন বাপার সাবেক প্রেসিডেন্ট লেফটেন্যান্ট কমান্ডার শামসুল হক, সংগঠনের উপদেষ্টা দেওয়ান শাহেদ চৌধুরী, শাহ নেওয়াজ চৌধুরী, তোফায়েল আহমদ চৌধুরী, ট্রাস্টি এরপর ১৪ পৃষ্ঠায়





## বাপা'র সভাপতি আলম, সম্পাদক জামিল

আজকাল রিপোর্ট

নিউইয়র্কে বাংলাদেশ আমেরিকান পুলিশ অ্যাসোসিয়েশনের (বাপা) ২০২৬ সালের নির্বাচন গত ২৩ জানুয়ারি শুক্রবার অনুষ্ঠিত হয়েছে। ২০২৬-২৭ সালের কার্যনির্বাহী কমিটির এ নির্বাচনে সভাপতি পদে নির্বাচিত হয়েছেন ক্যাপ্টেন এ কে এম শ্রিপ আলম। সাধারণ সম্পাদক পদে নির্বাচিত হয়েছেন ডিটেকটিভ জামিল সরোয়ার। অনলাইনে এ ভোটগ্রহণ অনুষ্ঠিত হয়। সংগঠনের মোট ৮০৫ জন সদস্যের মধ্যে ৬১২ জন সদস্য তাদের এরপর ১৫ পৃষ্ঠায়



## গ্লোবাল হিউম্যান ফ্রিডমসের 'বাংলা মিউজিক ফ্যাস্টিভল'

আজকাল রিপোর্ট

নিউইয়র্কে বর্ণাঢ্য সাংস্কৃতিক পরিবেশনার মধ্য দিয়ে গ্লোবাল হিউম্যান ফ্রিডমস অব ইউএসএ'র আয়োজনে অনুষ্ঠিত হয়েছে 'বাংলা মিউজিক ফ্যাস্টিভল'। উডসাইডের কুইন প্যালেস গত ১৭ জানুয়ারি এ বর্ণিল আয়োজনে বেশ কয়েকজনকে অ্যাওয়ার্ড প্রদান করা হয়।

প্রবাসের জনপ্রিয় উপস্থাপক শারমিনা সিরাজ সোনিয়া ও বাবুর সঞ্চালনায় প্রথমে আমেরিকা ও বাংলাদেশের জাতীয় সংগীত পরিবেশন করা হয়। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন গ্লোবাল হিউম্যান ফ্রিডমস অব ইউএসএ'র এরপর ১৫ পৃষ্ঠায়

## সাবেক ছাত্রীকে ১৩ হাজার অশ্লীল মেসেজ দিয়ে গ্রেপ্তার

আজকাল রিপোর্ট

শিক্ষক তার সাবেক এক ছাত্রীকে যৌন নির্যাতন ও হাজার হাজার আপত্তিকর মেসেজ পাঠানোর অভিযোগে যুক্তরাষ্ট্রের নেব্রাস্কার অঙ্গরাজ্যের এক শিক্ষককে গ্রেপ্তার করেছে পুলিশ। অভিযুক্তের নাম কোডি পেস্টার (২৬)। তিনি পালমাইরা এলাকার একটি স্কুলে ষষ্ঠ শ্রেণির শিক্ষক ছিলেন। পুলিশ জানিয়েছে, গত সোমবার (২৬ জানুয়ারি) কোডি পেস্টার নিজে থেকে থানায় হাজির হওয়ার পর তাকে গ্রেপ্তার করা হয়।

অভিযোগ অনুযায়ী, স্থানীয় ক্রীড়া অনুষ্ঠানে পরিচয়ের সূত্র ধরে তিনি এক সাবেক শিক্ষার্থীর সঙ্গে অনৈতিক সম্পর্ক গড়ে তোলেন। পুলিশ জানায়, বর্তমানে ভুক্তভোগীর বয়স ১৮ বছর হলেও, যোগাযোগ শুরুর সময় তিনি ছিলেন ১৭ এরপর ১৫ পৃষ্ঠায়



## নিউ জার্সির এগ হারবার টাউনশীপে পিঠা উৎসব

আজকাল রিপোর্ট

যুক্তরাষ্ট্রের নিউজারসি স্টেটের এগ হারবার টাউনশীপে গত ২১ জানুয়ারি পিঠা উৎসবে মেতে উঠেছিল স্থানীয় প্রবাসী বাংলাদেশিরা।

উৎসবে বাহারি নামের ও বাহারি ডিজাইনের পিঠার মৌ মৌ সুগন্ধিতে অনুষ্ঠানে উপস্থিত সুধীজনের মনপ্রাণ জুড়িয়ে যায়। আর সেই সুগন্ধি গায়ে মেখে পিঠার স্বাদ আস্বাদন করতে করতে প্রবাসীদের অনেকে নস্টালজিক হয়ে পড়েন। প্রতিটি পিঠা ছিল আমাদের ঐতিহ্যবাহী বাঙালি সংস্কৃতির ছোট্ট প্রতিনিধিত্ব, যা মানুষকে একে অপরের সাথে সংযুক্ত করেছে। এরপর ১৫ পৃষ্ঠায়


GRAND OPENING! JACKSON HEIGHTS OFFICE

GEHI & ASSOCIATES
Attorneys and Counselors at Law
www.gehilaw.com

ফ্রি কনসালটেশন

74-09-37th Ave, Suite:205, Jackson Heights, NY-11372. TEL: 718-263-5999
104-05 Liberty Ave, Ozone Park, NY-11417 TEL: 718-577-0711
173-29, Jamaica Ave, Jamaica, NY-11432 TEL: 718-764-6911


Naresh Gehi, Esq.

ইমিগ্রেশন ব্যাংক্র্যাপসি ক্রেডিট কার্ড মেটার ডিভোর্স চাইল্ড কাস্টডি চাইল্ড সাপোর্ট অর্ডার অব প্রোটেকশন সিটিজেনশিপ সব ধরনের ভিসা ও ফিয়ানসি ভিসা প্রসেসিং।

- Do you want apply for a green card?
- Are you being deported?
- Are you having credit card problems?
- Are you unable to pay your debts?
- Has your bank account been sealed?
- Are you getting harrassed by creditors?

IF YOU ANSWERED YES, WE CAN HELP YOU TO RESOLVE YOUR DEBT, IMMIGRATION, BANKRUPTCY AND CREDIT CARD MATTERS.

ON MANY OCCASIONS, OUR CLIENTS DEBTS WERE CLEARED WITHOUT PAYING ANYTHING TO THEIR CREDITORS. PRIOR RESULTS DO NOT GUARANTEE FUTURE OUTCOME.

আমরা ৭ দিন খোলা
We are open 7 days

Call: 718-263-5999

• তুলনামূলকভাবে কম ফি • সন্ধ্যা এবং সপ্তাহান্তে এপয়েন্টমেন্টের সুযোগ

আমাদের রয়েছে বাঙালি স্টাফ, আমরা বাংলায় কথা বলি।


Suryia Rahman, Esq

# NY INSURANCE BROKERAGE INC

NY INSURANCE BROKERAGE

# আপনি কি TLC প্লেট নিতে চান??

**NY INSURANCE দিচ্ছে আপনাকে সেই সুযোগ**

যারা কোভিড-১৯ কালিন সময়ে (মার্চ ৭, ২০২০ থেকে সেপ্টেম্বর ১২, ২০২২) প্লেট সারেন্ডার করেছেন কিন্তু নতুন করে প্লেট নেন নি, তাদের জন্য টিএলসি নতুন করে প্লেট দিচ্ছে।

**এই সুযোগ গ্রহন করতে চাইলে NY INSURANCE-এ দ্রুত যোগাযোগ করুণ**

Design & Print by: ihopeprint.com, 929-538-7903



**CONTACT US:**

SCAN ME

# 718-476-2025

71-16 35th Avenue, Jackson Heights, NY 11372

office@nyinsuranceb.com www.nyinsurancebrokerage.us

## সম্পাদকীয়

# ঢাকসু নেতার পদত্যাগ ও কানে ধরা আইনকানুনের থোড়াই 'কেয়ার'

কোথাও কেউ অন্যায় বা অপরাধ করলে পুলিশ এসে তাকে পাকড়াও করে। আইন অনুযায়ী অভিযুক্তের বিরুদ্ধে আনা অভিযোগ প্রমাণিত হলে বিচারক তাঁর শাস্তি নির্ধারণ করেন। রাস্তায় ছিনতাই হোক বা দুর্ঘটনা, পুলিশকে এসেই তো তাৎক্ষণিকভাবে পরিস্থিতি সামলানোর কথা। কিন্তু কখনো কি শুনেছেন, পুলিশকেই জনগণ ধরে শাস্তি দিচ্ছে? রাজশাহীর পুঠিয়ায় কিন্তু এমন একটি কাণ্ডই ঘটিয়েছে সেখানকার উত্তেজিত জনতা।

২৫ জানুয়ারি বিকেলে পুঠিয়ার পদ্মাপুকুর এলাকায় রাজশাহী-নাটোর মহাসড়কে বাস-অটোরিকশা সংঘর্ষে ঘটনাস্থলে নিহত হন বরেন্দ্র বিশ্ববিদ্যালয়ের এক শিক্ষার্থী এবং আহত হন ছয়-সাতজন। হাসপাতালে নেওয়া হলে আহতদের মধ্যে এক নারী ও এক পুরুষ মারা যান। দুর্ঘটনার পরপর নিহত শিক্ষার্থীর সহপাঠীরা ও এলাকাবাসী মহাসড়ক অবরোধ করে। পরিস্থিতি সামলাতে বেলপুকুর থানার পুলিশ সেখানে গেলে উল্টো তারাই বিপাকে পড়ে যায়!

চব্বিশের গণ-অভ্যুত্থানের সময়টায় পুলিশের আত্মবিশ্বাস যেভাবে কমেছে, প্রায় দেড় বছরেও সেই ধাক্কা যদি এই বাহিনী সামলে উঠতে না পারে, তাহলে জনগণকে হতাশ হতে হয়। আবার এই জনগণই যদি পুলিশকে অবজ্ঞা করে তাহলে তা পুলিশের হতাশা বাড়িয়ে দেয়। এই মুহূর্তে এমন এক হ্যামিলিনের বাঁশিওয়ালাকে প্রয়োজন, যিনি পুলিশকে সঠিক দিকনির্দেশনা দিয়ে ঐক্যবদ্ধ এবং আত্মবিশ্বাসী করে গড়ে তুলতে পারবেন। তাকে যে পুলিশের কোনো উচ্চপদস্থ কর্মকর্তা হতে হবে তা নয়, তিনি হতে পারেন দেশের শাসকগোষ্ঠী কিংবা জনগণের কেউ। কিন্তু 'উত্তেজিত জনতা' কি এই গুরু দায়িত্ব কাঁধে নেবে?

বাসচালককে পালাতে সহযোগিতা করার অভিযোগ তুলে উত্তেজিত জনগণ এক এসআইকে কান ধরে দাঁড় করিয়ে রাখে এবং ওসিকে অবরুদ্ধ করে রাখে। এদিকে পুলিশের দাবি, তারা পৌঁছানোর আগেই চালক পালিয়ে যান। গুজব ছড়িয়ে পুলিশকে হেনস্তা করা হয়েছে বলে তারা জানায়।

পুলিশকে কান ধরে দাঁড় করিয়ে রাখার ভিডিও ছড়িয়ে পড়ে সামাজিক যোগাযোগমাধ্যমে। কান ধরানোর আরও একটি ভিডিও সম্প্রতি দেখা গেছে ভাইরাল হতে। ডাকসুর কার্যনির্বাহী সদস্য সর্বমিত্র চাকমা ঢাকা বিশ্ববিদ্যালয়ে বহিরাগতদের ডান্ডা দেখিয়ে 'শাস্তি' দিয়েছেন কান ধরে ওঠবস করিয়ে! দোষ স্বীকার করে ডাকসু থেকে পদত্যাগও করেছেন।

কান ধরানোর মিল ছাড়া দুটি ঘটনার মধ্যে কোনো যোগসূত্র নেই। তবে এটুকু পরিষ্কার যে, বর্তমানে এ দেশে যে যা খুশি করে বেড়াতে পারে, আইনকানুনের থোড়াই কারও 'কেয়ার' আছে। তাইতো পুলিশকেও জনগণ 'শাস্তি' দিতে পারে। কিন্তু শাস্তি হিসেবে যেকোনো জায়গায় কান ধরে দাঁড় বা ওঠবস করানোর যে ঐতিহ্য তৈরি হচ্ছে, সেটা কারও জন্য মঙ্গল বয়ে আনবে না।

যারা আইনশৃঙ্খলা রক্ষার কাজে নিয়োজিত, সেই পুলিশকে এভাবে অবজ্ঞা করলে এবং পুলিশের বিরুদ্ধে এমন অপ্রত্যাশিত কাণ্ড ঘটালে পুলিশের আত্মবিশ্বাস শূন্যের কোঠায় এসে পৌঁছাবে। এ রকম আত্মবিশ্বাসহীন পুলিশ বাহিনী দিয়ে কি আসন্ন নির্বাচনে আইনশৃঙ্খলা রক্ষা করা সম্ভব? এখন এই প্রশ্ন তুলে কেউ যদি বলেন, নির্বাচন পেছাতে হবে, সেটাও কোনো কাজের কথা নয়। নির্বাচনের আগেই তাদের আত্মবিশ্বাস দৃঢ় হতে হবে।

চব্বিশের গণ-অভ্যুত্থানের সময়টায় পুলিশের আত্মবিশ্বাস যেভাবে কমেছে, প্রায় দেড় বছরেও সেই ধাক্কা যদি এই বাহিনী সামলে উঠতে না পারে, তাহলে জনগণকে হতাশ হতে হয়। আবার এই জনগণই যদি পুলিশকে অবজ্ঞা করে তাহলে তা পুলিশের হতাশা বাড়িয়ে দেয়।

এই মুহূর্তে এমন এক হ্যামিলিনের বাঁশিওয়ালাকে প্রয়োজন, যিনি পুলিশকে সঠিক দিকনির্দেশনা দিয়ে ঐক্যবদ্ধ এবং আত্মবিশ্বাসী করে গড়ে তুলতে পারবেন। তাকে যে পুলিশের কোনো উচ্চপদস্থ কর্মকর্তা হতে হবে তা নয়, তিনি হতে পারেন দেশের শাসকগোষ্ঠী কিংবা জনগণের কেউ। কিন্তু 'উত্তেজিত জনতা' কি এই গুরু দায়িত্ব কাঁধে নেবে?

# আমরা কি সম্পর্ককে গুরুত্ব দিচ্ছি

জিল্লুর রহমান



১. নতুন মার্কিন রাষ্ট্রদূত, ঢাকার কথাবার্তা আর কূটনীতির সূক্ষ্ম সুর

ঢাকায় নতুন মার্কিন রাষ্ট্রদূত এলেই আলোচনায় একটা ঢেউ ওঠে। কেউ খুব আশাবাদী হয়ে ওঠেন, কেউ আবার আগেভাগেই সন্দেহের দেয়াল তুলে দেন। বাস্তবে রাষ্ট্রদূত মানে শুধু একজন ব্যক্তি নন, একটি সময়, একটি প্রেক্ষাপট, একটি আন্তর্জাতিক বাস্তবতা।

বাংলাদেশ-মার্কিন সম্পর্ক অনেক ক্ষেত্রেই এক ধরনের সংবেদনশীল ভারসাম্য বজায় রেখে চলেছে-রাজনৈতিক নিরাপত্তা, অর্থনৈতিক সম্পর্ক, মানবাধিকার ইস্যু, শ্রমণ এবং বাণিজ্য। এখানে রাষ্ট্রীয় যোগাযোগ যতটা গুরুত্বপূর্ণ, আমলাদের ভাষা-ভঙ্গি ততটাই গুরুত্বপূর্ণ। কারণ তারা শুধু কাগজে নাম লেখায় না, বাস্তবে সম্পর্কের আবহ তৈরি করে।

ব্রেন্ট টি ক্রিস্টেনসেন এখন ঢাকায়। দায়িত্ব নেওয়ার পরপরই তিনি সাংবাদিকদের সঙ্গে কথা বলেছেন। সেই কথাবার্তায় চোখে পড়েছে একটি বিষয়-মেপে কথা বলা, কিন্তু কথার ভিতরে স্পষ্টতা রাখা। তিনি বলেছেন, যুক্তরাষ্ট্র কোনো রাজনৈতিক পক্ষ নেয় না; নির্বাচন বাংলাদেশের মানুষের সাংবিধানিক ও সার্বভৌম অধিকার। কথাটা শুনতে সাধারণ মনে হলেও, বাংলাদেশের মতো রাজনৈতিকভাবে সংবেদনশীল সময়ে এ বক্তব্যের আলাদা গুরুত্ব আছে।



কূটনৈতিক ভাষা অনেক সময় সুচিন্তিত, নির্মিত এবং কাঠামোগত হয়। কিন্তু যেখানে ভাষণ এতটাই প্রকাশ্য এবং ব্যাপক-সেখানে সেই ভাষণ নিজের মধ্যে একটা মানুষ দেখার দরজা রাখে। ব্রেন্ট ক্রিস্টেনসেনের কথাগুলোতে সেই দরজাটা খোলা দেখা গেছে-যেখানে কোনো আগ্রাসন নেই, কিন্তু স্পষ্ট প্রত্যাশা আছে; কোনো অহংকার নেই, কিন্তু বোঝাপড়ার দাবি আছে।

মার্কিন সিনেটে তাঁর মনোনয়ন শুনানিতে তিনি বাংলাদেশকে 'দশকের মধ্যে অন্যতম গুরুত্বপূর্ণ নির্বাচন'-এর মুখোমুখি দেশ হিসেবে উল্লেখ করেছেন। এ বাক্যটি কোনো নির্দেশ নয়, কোনো হুমকিও নয়। এটি একটি বাস্তবতার স্বীকৃতি-যে বাস্তবতায় এ নির্বাচন কেবল ক্ষমতা হস্তান্তরের প্রশ্ন নয়, বরং আস্থা, বিশ্বাস এবং রাজনৈতিক ভবিষ্যতের প্রশ্ন।

ক্রিস্টেনসেন নতুন কেউ নন। তিনি আগেও ঢাকায় কাজ করেছেন। এই শহর, এই দেশ দেখেছেন। এখানকার রাজনৈতিক সংস্কৃতির জটিলতা বোঝেন। ফলে তাঁর কথায় অতিরিক্ত নীতিকথা নেই, আবার কূটনৈতিক শীতলতাও নেই। আছে এক ধরনের বাস্তববাদ-যা কূটনীতির জন্য জরুরি।

একই সঙ্গে ক্রিস্টেনসেন এটাও স্পষ্ট করেছেন যে, তিনি বাংলাদেশের ক্ষেত্রে চীনের ক্রমবর্ধমান প্রভাব নিয়ে সতর্ক দৃষ্টি রাখতে চান। তাঁর ভাষায়, এটি কোনো আদর্শগত দ্বন্দ্ব নয়, বরং একটি বাস্তব কৌশলগত প্রশ্ন-যেখানে নিরাপত্তা, সহযোগিতা এবং শক্তির ভারসাম্য একসঙ্গে খেলায় আসে। বড় শক্তিগুলোর প্রতিযোগিতার ভিতরে বাংলাদেশ কীভাবে নিজের স্বার্থ রক্ষা করবে, সেটাই এখানে মূল কথা।

এ বিষয়গুলো সাধারণ মানুষের দৈনন্দিন জীবনে সরাসরি চোখে পড়ে না। বাজারে গেলে চালের দাম বাড়ে বা কমে-তার সঙ্গে চীনের প্রভাবের সম্পর্ক তৎক্ষণাৎ বোঝা যায় না। কিন্তু রাজনৈতিক ও নিরাপত্তা চেতনায় এর প্রতিফলন গভীর। কোন অবকাঠামো প্রকল্প হবে, কার সঙ্গে প্রতিরক্ষা সহযোগিতা বাড়বে, কোন দেশের কূটনৈতিক ভাষা বেশি প্রভাব ফেলবে-এসব সিদ্ধান্ত শেষ পর্যন্ত রাষ্ট্রের নীতি ও জনগণের ভবিষ্যৎ দুটোই প্রভাবিত করে।

বাংলাদেশ অতীতে বহুবার বড় শক্তিগুলোর মধ্যে ভারসাম্য রেখে চলেছে। কিন্তু বর্তমান বিশ্বব্যবস্থা আগের মতো স্থির নয়। এখানে নিরপেক্ষতা মানে নীরবতা নয়, বরং সচেতন নির্বাচন। নতুন রাষ্ট্রদূতের বক্তব্য সেই বাস্তবতাকেই মনে করিয়ে দেয়-কূটনীতি এখন আর শুধু ভদ্রতার ভাষা নয়, এটি স্পষ্ট অবস্থানের ভাষাও।

২. সংখ্যালঘু অধিকার : বিচ্ছিন্ন খবর নয়, ধারাবাহিক সংকেত

সাম্প্রতিক সময়ে দেশের বিভিন্ন জায়গা থেকে যেসব খবর এসেছে, সেগুলো আলাদা আলাদা করে পড়লে বিচ্ছিন্ন মনে হতে পারে। কোথাও উত্তেজনা, কোথাও হামলা, কোথাও ভীতি। কিন্তু একসঙ্গে এরপর ৩৬ পৃষ্ঠায়

# মিথ্যাচারের রাজনীতি ষড়যন্ত্র, গুজব ও ইতিহাস-বিকৃতিকে আলিঙ্গন করে

ড. জিয়াউদ্দিন হায়দার

গত দেড় যুগেরও বেশি সময় ধরে অপেক্ষার পরে বাংলাদেশ যখন একটি জাতীয় নির্বাচনের দ্বারপ্রান্তে দাঁড়িয়ে, তখন দেশে চলমান রাজনীতির মান নির্বাচনের ফলাফলের মতোই গুরুত্বপূর্ণ। নির্বাচন কেবল ক্ষমতার প্রতিযোগিতা নয়; এটি সত্য, দায়িত্ববোধ ও জনগণের প্রতি সম্মানের পরীক্ষা। দুর্ভাগ্যজনকভাবে, ধর্ম-ভিত্তিক একটি রাজনৈতিক দলের শীর্ষ নেতাদের সাম্প্রতিক বক্তব্য ও দেশের বিভিন্ন প্রান্ত থেকে পাওয়া নির্বাচনী ভাষ্য এক উদ্বেগজনক প্রবণতারই ইঙ্গিত দেয়। যেখানে নীতি, প্রমাণ বা উন্নয়নভিত্তিক দৃষ্টিভঙ্গির বদলে প্রাধান্য পাচ্ছে উসকানি, ভ্রান্ত তথ্য এবং ইতিহাস-বিস্মৃতি। আরও উদ্বেগের বিষয় হলো, এই ভাষা ও দৃষ্টিভঙ্গি অতীতের স্বৈরাচারী শাসনব্যবস্থার মানসিকতা ও আচরণের সঙ্গে সাযুজ্যপূর্ণ, যা ২০২৪ সালের জুলাই গণ-অভ্যুত্থানের গণতান্ত্রিক চেতনার পরিপন্থী এবং ঘৃণা, বিভাজন ও ভয়ভিত্তিক রাজনীতির সেই দুষ্টচক্রকে দীর্ঘায়িত করার ঝুঁকি তৈরি করে, যা বাংলাদেশের জনগণ বারবার প্রত্যাখ্যান করেছে।

এ ধরনের বক্তব্যের একটি উদাহরণ হলো, ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (ডাকসু)-কে, যা বাংলাদেশের গণতান্ত্রিক ও মুক্তিযুদ্ধের ইতিহাসের সঙ্গে অবিচ্ছেদ্যভাবে যুক্ত, 'মাদক ও পতিতাবৃত্তির কেন্দ্র' হিসেবে আখ্যা দেওয়া। এই দাবি শুধু মিথ্যাই নয়, নিকৃষ্ট রুচি আর চরম দায়িত্বজ্ঞানহীনও বটে। ঢাকা বিশ্ববিদ্যালয় ছিল ভাষা আন্দোলনের প্রাণকেন্দ্র, ১৯৬৯-এর গণঅভ্যুত্থানের সূতিকাগার এবং মুক্তিযুদ্ধের বুদ্ধিবৃত্তিক ভিত্তি। এই ক্যাম্পাসের শিক্ষক ও শিক্ষার্থীদের একাধিক প্রজন্ম তাদের জীবন উৎসর্গ করেছেন, যাতে বাংলাদেশ একটি সার্বভৌম রাষ্ট্র হিসেবে জন্ম নিতে পারে। এমন একটি প্রতিষ্ঠানের বিরুদ্ধে হালকা চালে কুৎসা রটানো মানে কোনো ভবন বা সংগঠনকে নয়- জাতির সম্মিলিত স্মৃতি ও আত্মপরিচয়কে আঘাত করা।

ছাত্র রাজনীতি নিয়ে মতভেদ, প্রশাসনিক সংস্কার নিয়ে বিতর্ক কিংবা পরিবর্তনের দাবি, এসবই গণতন্ত্রে স্বাভাবিক ও গ্রহণযোগ্য। কিন্তু চরিত্রহনন কখনোই গ্রহণযোগ্য নয়। প্রমাণহীন, চাঞ্চল্য সৃষ্টিকারী অভিযোগ যখন রাজনৈতিক বক্তব্যের জায়গা দখল করে নেয়, তখন তা একটি গভীর শূন্যতারই ইঙ্গিত দেয়। মানুষের প্রকৃত উদ্বেগ হলো কর্মসংস্থান, নিত্যপণ্যের দাম, স্বাস্থ্যসেবা, শিক্ষা ও মর্যাদাপূর্ণ জীবন, এসবের কোনো উত্তর সেখানে পাওয়া যায় না।



একই ধরনের প্রবণতা দেখা যাচ্ছে বাংলাদেশ জাতীয়তাবাদী দলের ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানকে ঘিরে সাম্প্রতিক আক্রমণাত্মক বক্তব্যেও। এমন এক সময়ে, যখন তিনি ধারাবাহিকভাবে নীতিনির্ভর রাজনীতির কথা বলছেন, স্বাস্থ্য, শিক্ষা, কর্মসংস্থান, কৃষি, নারীর ক্ষমতায়ন, পরিবেশ সুরক্ষা, খেলাধুলা এবং সামাজিক মর্যাদাকে রাজনৈতিক আলোচনার কেন্দ্রে আনছেন, তখন সমালোচনা হওয়া উচিত এসব নীতির বিশ্লেষণের ভিত্তিতে। গণতন্ত্র পরিণত হয় নীতিনির্ভর বিতর্কের মাধ্যমে, বিকৃত তথ্য ও গুজব দিয়ে ব্যক্তিকে আক্রমণ করার মাধ্যমে নয়। তথ্য ও নীতির সঙ্গে সম্পর্কহীন ব্যক্তিগত আক্রমণ আজকের সচেতন ভোটারদের কাছে খুব কমই গ্রহণযোগ্য। উন্নয়নভিত্তিক রাজনীতি ও ষড়যন্ত্রনির্ভর রাজনীতির এই পার্থক্য এখন স্পষ্ট। একদিকে রয়েছে প্রাথমিক স্বাস্থ্যসেবার সংস্কার, অর্থনৈতিক নিরাপত্তার মাধ্যমে নারীর ক্ষমতায়ন, স্বচ্ছ ব্যবস্থার মাধ্যমে কৃষকের সহায়তা এবং শিক্ষা ও দক্ষতার মাধ্যমে তরুণদের সম্পৃক্ত করার আলোচনা। অন্যদিকে দেখা যাচ্ছে ফিসফিসানি-নির্ভর প্রচারণা, সামাজিক যোগাযোগমাধ্যমে বিভ্রান্তি ছড়ানো এবং লেনদেনভিত্তিক প্রলোভনের ওপর নির্ভরতা। আজকের বাংলাদেশের ভোটাররা এতটাই সচেতন যে এসব কৌশল সহজে কাজ করে না।

ইতিহাসের ক্ষেত্রেও সততার প্রয়োজন আছে। ধর্মভিত্তিক ওই দলটি এই অঞ্চলের অন্যতম পুরোনো রাজনৈতিক দল হলেও, দীর্ঘ ইতিহাস থাকলেই নৈতিক বৈধতা অর্জিত হয় না। ইতিহাসের নথি পরিষ্কার ও সুপ্রতিষ্ঠিত। ১৯৪৭ সালে তারা পাকিস্তানের ভেতরে বাঙালির ভাষাগত ও সাংস্কৃতিক অধিকারবিরোধী অবস্থান নেয়। ১৯৭১ সালে তারা পাকিস্তানি সামরিক জান্তার সঙ্গে সরাসরি সহযোগিতা করে এবং মুক্তিযুদ্ধের বিরোধিতা করে ইতিহাসের ভুল পাশে দাঁড়ায়, যখন লক্ষ লক্ষ বাঙালি স্বাধীনতার জন্য জীবন উৎসর্গ করছিলেন। পরবর্তীকালে, আশির দশকের শেষভাগে, তাদের রাজনৈতিক সিদ্ধান্তগুলো স্বৈরশাসক হুসেইন মুহাম্মদ এরশাদের শাসন দীর্ঘায়িত করতে ভূমিকা রাখে, ফলে গণতন্ত্র পুনরুদ্ধার বিলম্বিত হয়। এগুলো কোনো দলীয় ব্যাখ্যা নয়; এগুলো ইতিহাসবিদ, সাংবাদিক ও বিভিন্ন প্রজন্মের নাগরিকদের স্বীকৃত প্রতিষ্ঠিত সত্য। ইতিহাস মুছে ফেলা বা নতুনভাবে সাজিয়ে কোনো গণতান্ত্রিক সমাজ এগোতে পারে না। ইতিহাসের সঙ্গে সত্যিকার সমঝোতা শুরু হয় সত্য স্বীকারের মাধ্যমে-অস্বীকারের মাধ্যমে নয়।

এ লেখার উদ্দেশ্য ধর্ম, ধর্মীয় মূল্যবোধ বা জনজীবনে নৈতিকতার ভূমিকার বিরুদ্ধে কথা বলা নয়। বাংলাদেশ একটি গভীরভাবে ধর্মপ্রাণ সমাজ, এবং আমাদের সংবিধান ধর্মীয় স্বাধীনতা ও বহুত্ববাদ নিশ্চিত এরপর ২৭ পৃষ্ঠায়

তারা এমন রাজনীতি চায়, যা তাদের ভবিষ্যৎ নিয়ে কথা বলে; অতীতকে অস্ত্র বানিয়ে বা জাতি-গঠনের প্রতিষ্ঠানগুলোকে হেয় করে যে রাজনীতি চলে, তা তারা আর গ্রহণ করতে চায় না। এই নির্বাচনে, সত্য নিজেই একটি ব্যালট। আর ইতিহাস বারবার দেখিয়েছে, যখন বাংলাদেশিদের সামনে ভয় ও আশার মধ্যে, গুজব ও যুক্তির মধ্যে স্পষ্ট নির্বাচন থাকে, তখন তারা মর্যাদা, গণতন্ত্র ও অগ্রগতির পক্ষেই রায় দেয়

Editor & Publisher : Shah Nawaz
Managing Editor : Rano Nawaz
City Editor : Anik Raj
General Manager : Abubakar Siddique

সম্পাদক ও প্রকাশক : শাহ্ নেওয়াজ
ব্যবস্থাপনা সম্পাদক : রানো নেওয়াজ
সিটি এডিটর : অনিক রাজ
জেনারেল ম্যানেজার : আবুবকর সিদ্দিকী

Weekly Ajkal
71-16 35th Ave, Jackson Heights,
NY 11372, USA.
Ph: 646-267-7751, Fax: 718-865-9130
web: www.ajkalnewyork.com
e-mail: ajkalnews@gmail.com

# এই শিশুর অভিশাপ থেকে কীভাবে রেহাই পাবে বাংলাদেশ?

নিয়াজ মাহমুদ

“মায়ের দিকে খেয়াল রাখিস। আমার ছেলেটাকে কোলে নিতে পারলাম না-এটাই কষ্ট।” এই কথাগুলো কোনো উপন্যাসের সংলাপ নয়। এগুলো বাংলাদেশের কারাগার ব্যবস্থার বাস্তব দলিল। এক বন্দী স্বামীর শেষ অনুচ্চারিত আকুতি, যা আর কোনো দিন পূরণ হবে না। যে শিশুটি জন্মের পর বাবার কোলে ওঠেনি, সেই শিশুই মৃত অবস্থায় বাবার সঙ্গে দেখা করতে গিয়েছিল-কারাফটকের ওপারে দাঁড়িয়ে। এই একটি দৃশ্যই প্রশ্ন তুলে দেয়-এই বাংলাদেশ কি কেবল আইনের শাসনের দেশ, নাকি মানুষেরও?

শনিবার বিকেলে যশোর কেন্দ্রীয় কারাগারের ভারী লোহার ফটকের সামনে দাঁড়িয়ে ছিল একটি লাশবাহী অ্যাম্বুলেন্স। ভেতরে সাদা কাফনে মোড়ানো দুটি দেহ-২২ বছরের কানিজ সুবর্ণা এবং তাঁর নয় মাসের শিশু সন্তান সেজাদ হাসান। ভেতরে কারাগারের মধ্যে দাঁড়িয়ে ছিলেন একজন মানুষ-জুয়েল হাসান। তিনি সেই নারীর স্বামী, সেই শিশুর বাবা। কিন্তু রাষ্ট্রের চোখে তিনি তখন শুধু একজন বন্দী।

মানবিক বিবেচনায় কারা কারাফটকের সামনে আনা হয় তাঁকে। দূর থেকে, লোহার গেটের ফাঁক গলে, তিনি শেষবারের মতো স্ত্রী ও সন্তানের মুখ দেখেন। এই দেখাই ছিল তাঁর স্বামী ও বাবা পরিচয়ের শেষ স্বীকৃতি। এরপর অ্যাম্বুলেন্স চলে যায়, গেট বন্ধ হয়ে যায়, আর জুয়েল হাসান ফিরে যান তাঁর সেলে-এক জীবন্ত মানুষের ভেতর আজীবনের মৃত্যু নিয়ে। এই ঘটনাই আমাদের সামনে খুলে দেয় রাষ্ট্রের এক নিষ্ঠুর মুখ-যেখানে মানবিকতা কাগজের অনুমতির কাছে হেরে যায়।

গেল শুক্রবার বাগেরহাট সদর উপজেলার সাবেকডাঙ্গা গ্রাম থেকে কানিজ সুবর্ণার ঝুলন্ত মরদেহ উদ্ধার করে পুলিশ। পাশেই পড়ে ছিল তাঁর নয় মাসের শিশুপুত্র। প্রাথমিকভাবে ধারণা করা হচ্ছে, সন্তানকে হত্যা করে আত্মহত্যা করেছেন তিনি। যদিও ময়নাতদন্ত প্রতিবেদন না আসা পর্যন্ত পুলিশ নিশ্চিত করে কিছু বলছে না।কিন্তু যে সত্যটি অস্বীকার করা যায় না, তা হলো-এই মৃত্যু কোনো হঠাৎ ঘটনা নয়। এটি দীর্ঘদিনের একাকিত্ব, মানসিক চাপ ও সামাজিক অবহেলার পরিণতি। বিয়ের কিছুদিন পর থেকেই জুয়েল হাসান বিভিন্ন মামলায় জড়িয়ে পড়েন। কখনো আত্মগোপনে, কখনো গ্রেপ্তার, কখনো কারাগারে। সন্তান জন্মের আগেই তিনি বন্দী হন। কানিজ সুবর্ণা হয়ে পড়েন একা-স্বামী কারাগারে, ভবিষ্যৎ অনিশ্চিত, অর্থনৈতিক টানাপোড়েন, সামাজিক নিরাপত্তাহীনতা আর মানসিক অবসাদে ক্লিষ্ট।

নিহতের ভাই মো. উত্তর কথায় উঠে আসে সেই চাপের বাস্তবতা-“স্বামী দীর্ঘদিন কারাগারে থাকায় আমার বোন মানসিকভাবে ভেঙে পড়েছিল। হতাশা ছিল প্রবল।” এই বক্তব্য শুধু একটি পরিবারের শোক নয়। এটি আমাদের সমাজব্যবস্থার প্রতিচ্ছবি-যেখানে বন্দীর পরিবারও কার্যত শাস্তি ভোগ করে।

কারা কর্তৃপক্ষ জানিয়েছে, প্যারোলে মুক্তির জন্য জেলা প্রশাসনের অনুমতি প্রয়োজন। সেই অনুমতির কাগজ তাঁদের কাছে ছিল না। তাই তাঁকে জানাজায় নেওয়া বা কয়েক ঘণ্টার জন্য মুক্তি দেওয়া সম্ভব হয়নি। এখানেই প্রশ্ন ওঠে-মানবিকতা কি খণ্ডিত হতে পারে? যদি মানবিক বিবেচনায় কারাফটকের সামনে লাশ দেখানোর সিদ্ধান্ত নেওয়া যায়, তাহলে কয়েক ঘণ্টার জন্য প্যারোল দেওয়ার মতো মানবিক সিদ্ধান্ত কি একেবারেই অসম্ভব ছিল? নাকি আমাদের প্রশাসনিক কাঠামো এতটাই যান্ত্রিক যে মানুষের শেষ বিদায়েও কাগজের বাইরে কিছু ভাবা যায় না?



জুয়েলের চাচাতো ভাই সাগর ফারাজীর ভাষায়-“আমরা প্যারোলের জন্য যোগাযোগ করেছি। কিন্তু কোনো সাড়া পাইনি। শেষ পর্যন্ত লাশ নিয়ে কারাগারেই যেতে হয়েছে।” এই ব্যর্থতা কোনো একক কর্মকর্তার নয়। এটি একটি প্রাতিষ্ঠানিক ব্যর্থতা। এটি রাষ্ট্রের ব্যর্থতা।

বাংলাদেশের আইনে প্যারোল একটি প্রশাসনিক বিষয়-এটি অস্বীকার করার উপায় নেই। কিন্তু প্রশ্ন হলো, আইন কি মানুষের শোকের ঊর্ধ্বে? বিশ্বের বহু দেশে জরুরি মানবিক পরিস্থিতিতে বিশেষ প্যারোল দেওয়ার নজির রয়েছে। সেখানে অপরাধের ধরন নয়, পরিস্থিতির মানবিক গুরুত্ব বিবেচনায় নেওয়া হয়। আমাদের দেশে সেই চর্চা এখনো দুর্বল, প্রায় অনুপস্থিত।

এখানে আরও একটি গুরুত্বপূর্ণ বিষয় আছে-জুয়েল হাসানের অপরাধ এখনো বিচারাধীন। তিনি দোষী সাব্যস্ত নন। অথচ তাঁকে স্ত্রীর জানাজায় অংশ নিতে দেওয়া হলো না, সন্তানের কবর দিতে দেওয়া হলো না। রাষ্ট্র যেন অঘোষিতভাবে বলেই দিল-তুমি বন্দী, তাই তোমার শোকও সীমিত।

ঘটনাটি প্রকাশের পর সামাজিক যোগাযোগমাধ্যমে তীব্র প্রতিক্রিয়া দেখা যায়। কেউ লিখেছেন- “অপরাধ প্রমাণিত হলেও মানবিক অধিকার কেড়ে নেওয়া যায় না।” কেউ বলেছেন- “এটি আইন নয়, এটি নিষ্ঠুরতা।” কিন্তু প্রশ্ন থেকে যায়-এই ক্ষোভ কি কোনো নীতিগত পরিবর্তন আনবে? নাকি এটিও কয়েক দিনের আলোচনার পর হারিয়ে যাবে? আমাদের অভিজ্ঞতা বলে, বেশির ভাগ ক্ষেত্রেই রাষ্ট্র নীরব থাকে। কারণ নীরবতা এখানে সবচেয়ে নিরাপদ অবস্থান।

জাতিসংঘের মানবাধিকার ঘোষণার অন্যতম প্রণেতা এলেনর রুজভেল্ট বলেছিলেন- “Human rights begin in small places, close to home.” মানবাধিকার শুরু হয় ছোট ছোট জায়গায়-মানুষের

এরপর ২৮ পৃষ্ঠায়



> সেখানে দাঁড়িয়ে ছিল একজন বাবা, একজন স্বামী, একজন মানুষ। সেই পরীক্ষায় আমরা ব্যর্থ হয়েছি। রাত ১১টায় কানিজ সুবর্ণা ও তাঁর শিশুপুত্রকে দাফন করা হয় বাবার বাড়ির পারিবারিক কবরস্থানে। সেই কবরে মাটি দেওয়ার সময় সেখানে ছিলেন না জুয়েল হাসান। তিনি তখনও কারাগারের ভেতর-হয়তো একটি দেয়ালের দিকে তাকিয়ে ভাবছিলেন, জীবনটা ঠিক কোথায় ভেঙে পড়ল। যে শিশুটি জীবিত বাবার সঙ্গে দেখা করতে পারেনি, সে মৃত অবস্থায় বাবার কাছে গিয়েছিল। সেই দৃশ্য কি আমাদের তাড়া করবে না? এই শিশুর অভিশাপ থেকে কীভাবে রেহাই পাবে বাংলাদেশ? পরের বার যখন এমন কোনো অ্যাম্বুলেন্স কারাফটকের সামনে থামবে, তখন কি রাষ্ট্র একটু বেশি মানুষ হবে? নাকি তখনও লোহার গেটের ওপারে দাঁড়িয়ে থাকবে মানবিকতার লাশ?

# ছাত্র সংসদ নির্বাচনের কতটুকু প্রভাব জাতীয় নির্বাচনে

লাবনী আক্তার শিমলা

ইতিমধ্যে দেশের পাঁচটি সরকারি বিশ্ববিদ্যালয়ে নিরঙ্কুশ বিজয় অর্জন করেছে ছাত্রশিবির-সমর্থিত প্যানেলসমূহ। এরই মধ্যে আগামী ১২ ফেব্রুয়ারি অন্তর্বর্তী সরকারের অধীনে অনুষ্ঠিত হতে যাচ্ছে বাংলাদেশের ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন। এই রাজনৈতিক ক্রান্তিলগ্নে স্বাভাবিকভাবেই জনমনে একটি প্রশ্ন ঘুরপাক খাচ্ছে, ছাত্র সংসদ নির্বাচন কি জাতীয় সংসদ নির্বাচনে কোনো প্রভাব ফেলতে পারে? যদি পারে, তবে সেই প্রভাব কতটুকু বাস্তব ও কার্যকর?



বাংলাদেশের রাজনৈতিক ইতিহাস পর্যালোচনা করলে দেখা যায়, অসংখ্য জাতীয় নেতার উত্থান ঘটেছে ছাত্ররাজনীতি ও ছাত্র সংসদের হাত ধরে। ছাত্র সংসদ নির্বাচন তরুণদের জন্য গণতন্ত্রের প্রথম বাস্তব পাঠশালা। এখানেই তাঁরা শেখেন বক্তব্য দেওয়া, সংগঠন গড়ে তোলা, জনসংযোগ, ভোট ব্যবস্থাপনা ও নেতৃত্বের কৌশল। এই অভিজ্ঞতাই ভবিষ্যতে জাতীয় রাজনীতিতে দক্ষ সংগঠক ও নেতৃত্ব তৈরিতে ভূমিকা রাখে। ফলে ছাত্র সংসদ নির্বাচন সরাসরি নয়, বরং দীর্ঘ মেয়াদে জাতীয় রাজনীতির মান ও নেতৃত্ব কাঠামোকে প্রভাবিত করে।

ছাত্র সংসদকে অনেকেই গণতন্ত্রের 'মানুষ তৈরির কারখানা' বলে থাকেন। যেসব ক্যাম্পাসে নিয়মিত ছাত্র সংসদ নির্বাচন হয়, সেখানে ভোট দেওয়ার সংস্কৃতি গড়ে ওঠে এবং ভিন্নমতের সহাবস্থান শেখার সুযোগ তৈরি হয়। নির্বাচনকে সহিংসতার পরিবর্তে প্রতিযোগিতা হিসেবে দেখার মানসিকতা সেখান থেকেই জন্ম নেয়। এসব শিক্ষার্থী পরবর্তী সময়ে জাতীয় নির্বাচনে ভোটার হিসেবে তুলনামূলকভাবে বেশি সচেতন ও দায়িত্বশীল ভূমিকা পালন করেন।

একই সঙ্গে ছাত্র সংসদ নির্বাচন জাতীয় রাজনীতির একটি ক্ষুদ্র প্রতিচ্ছবি হিসেবেও কাজ করে। দলীয় প্রভাব, সরকারবিরোধী ধারা এবং জনপ্রিয়তার যে প্রতিফলন সেখানে দেখা যায়, তা অনেক সময় জাতীয় রাজনীতির জনমতের একটি আগাম ইঙ্গিত দেয়। বাংলাদেশের মোট ভোটারের একটি বড় অংশ তরুণ। এই তরুণেরা শুধু ভোটার নন; তাঁরা সামাজিক যোগাযোগমাধ্যম, ক্যাম্পাসভিত্তিক আলোচনা ও রাজনৈতিক প্রচারে মতপ্রভাবক হিসেবেও গুরুত্বপূর্ণ ভূমিকা রাখেন। ফলে তাঁদের রাজনৈতিক মনোভাব জাতীয় নির্বাচনের গতিপথে প্রভাব ফেলতে সক্ষম।



নির্বাচন কমিশনের তথ্য ও বিভিন্ন গবেষণা অনুযায়ী, বর্তমানে বাংলাদেশের মোট ভোটারের প্রায় ৪৪ থেকে ৪৫ শতাংশই তরুণ। অর্থাৎ ১৮ থেকে ৩৭ বছর বয়সী। সংখ্যাগতভাবে এটি সাড়ে ৫ কোটির বেশি ভোটারের বিশাল এক জনগোষ্ঠী। কোনো রাজনৈতিক দলের প্রতি এই ভোটারদের সামান্য ঝোঁকও নির্বাচনের ফলাফল পাল্টে দিতে পারে। তাই তরুণদের প্রত্যাশা ও রাজনৈতিক মনোভাব উপেক্ষা করে কোনো দলের পক্ষেই জাতীয় নির্বাচনে টেকসই সাফল্য অর্জন সম্ভব নয়।

তবে বাস্তবতা হলো, বিশ্ববিদ্যালয় ও উচ্চ শিক্ষাপ্রতিষ্ঠানের শিক্ষার্থীদের সংখ্যা মোট ভোটারের তুলনায় তুলনামূলকভাবে কম। বর্তমানে দেশে বিশ্ববিদ্যালয় ও কলেজ পর্যায়ের শিক্ষার্থীর সংখ্যা আনুমানিক ৫০ থেকে ৫৫ লাখ, যা মোট ভোটারের প্রায় ৪ শতাংশ। সংখ্যার বিচারে এই অংশটি এককভাবে জাতীয় নির্বাচনের ফল নির্ধারণ করতে সক্ষম নয়।

কিন্তু প্রভাবের দিক থেকে বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের গুরুত্ব অনেক বেশি। কারণ তাঁরাই সমাজের সবচেয়ে সংগঠিত, সচেতন ও মতামত গঠনকারী অংশ। ক্যাম্পাসে জন্ম নেওয়া রাজনৈতিক চিন্তা ও আন্দোলন দ্রুত সমাজের অন্যান্য স্তরে ছড়িয়ে পড়ে। পরিবার, আত্মীয়স্বজন ও স্থানীয় সমাজে রাজনৈতিক সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রেও শিক্ষার্থীরা পরোক্ষভাবে প্রভাব বিস্তার করেন। ফলে সংখ্যায় কম হলেও তাঁদের রাজনৈতিক ভূমিকা জাতীয় নির্বাচনে অত্যন্ত তাৎপর্যপূর্ণ।

এই প্রেক্ষাপটে ছাত্র সংসদে ছাত্রশিবিরের সাম্প্রতিক জয় নিঃসন্দেহে একটি গুরুত্বপূর্ণ রাজনৈতিক সংকেত। তবে এটিকে সরাসরি জাতীয় সংসদ নির্বাচনে জয়ের নিশ্চয়তা হিসেবে দেখার সুযোগ নেই। ছাত্র সংসদ নির্বাচনে ভোটারের সংখ্যা যেখানে প্রায় ১ লাখ, সেখানে জাতীয় সংসদ নির্বাচনে ভোটার সংখ্যা ১২ কোটির বেশি। এই বিশাল ব্যবধান স্পষ্ট করে দেয়-ছাত্ররাজনীতির শক্তি দিয়ে এককভাবে জাতীয় নির্বাচন জয় করা বাস্তবসম্মত নয়।

জাতীয় সংসদ নির্বাচন নির্ভর করে দলীয় নিবন্ধন ও আইনি বৈধতা, প্রার্থী দেওয়ার সক্ষমতা, মাঠপর্যায়ের সংগঠন, জোট রাজনীতি, ভোটারদের সামগ্রিক মনোভাব এবং নির্বাচনী ব্যবস্থার বাস্তবতার ওপর। এসব বিষয় উপেক্ষা করে কেবল ক্যাম্পাস রাজনীতির সাফল্যের ওপর ভর করে জাতীয় রাজনীতিতে বিজয় অর্জন কার্যত অসম্ভব।

তবে এটাও সত্য, ছাত্র সংসদ নির্বাচনের প্রভাব একেবারেই শূন্য নয়। শিবির সাম্প্রতিক নির্বাচনে প্রমাণ করেছে যে তারা এখনো একটি সংগঠিত, শৃঙ্খলাবদ্ধ ও আদর্শভিত্তিক শক্তি। এতে তরুণদের একটি অংশের মধ্যে আস্থা ও প্রত্যাশা তৈরি হয়েছে। দেশের স্বনামধন্য সরকারি বিশ্ববিদ্যালয়গুলোতে এই জয় সাধারণ জনগণের মাঝেও একটি বার্তা পৌঁছে দিয়েছে। শিক্ষার্থীদের রাজনৈতিক সচেতনতার ওপর যাঁরা আস্থা রাখেন, তাঁদের একটি অংশ

এরপর ২৮ পৃষ্ঠায়

> নিত্যপ্রয়োজনীয় দ্রব্যের মূল্য নিয়ন্ত্রণ, বাসাভাড়া ও জ্বালানি ব্যয়ের চাপ কমানো, শিক্ষিত বেকারত্ব দূর করা, মেধার যথাযথ মূল্যায়ন এবং আইনের শাসনের বাস্তব প্রয়োগ-এসব বিষয়ই ভোটারদের সিদ্ধান্তে মুখ্য হয়ে উঠছে। মানুষ এখন স্লোগানে নয়, কাজে বিশ্বাস করে। তাই আগামীর নেতৃত্বে যাঁদের নির্বাচিত করা হবে, তাঁদের সততা, ন্যায়পরায়ণতা ও কার্যকর নেতৃত্বই হবে জনগণের কাছে সবচেয়ে বড় বিবেচ্য বিষয়। এই বাস্তবতায় বলা যায়, ছাত্র সংসদ নির্বাচন এককভাবে কখনোই জাতীয় সংসদ নির্বাচনের ফল নির্ধারণ করতে পারে না। তবে এটি ভবিষ্যৎ রাজনীতির দিকনির্দেশনা দেয় এবং সমাজের রাজনৈতিক মানসিকতা গঠনে একটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে, যা কোনোভাবেই উপেক্ষা করার সুযোগ নেই

# ঢাকা-৯ আসনের নির্বাচনী বিশ্লেষণ

> রাস্তাঘাটের অবস্থা বেহাল, জলাবদ্ধতা এবং ডেঙ্গু ও চিকুনগুনিয়ার মতো রোগের উপদ্রব নিত্যদিনের সমস্যা। তিনি আরও বলেন, 'ঢাকা-৯ এলাকার বিপুল জনসংখ্যার জন্য একমাত্র সরকারি হাসপাতাল মুগদা মেডিকেল কলেজ হাসপাতাল। কিন্তু সেখানে অব্যবস্থাপনা ও সেবার ঘাটতি রয়েছে। এসব সমস্যা সমাধানে সুনির্দিষ্ট পরিকল্পনা নির্বাচনী ইশতেহারে রাখা হয়েছে। মানুষ আমাদের এসব প্রস্তাবকে ইতিবাচকভাবে দেখছে এবং সাধুবাদ জানাচ্ছে।'
> ঢাকা-৯ আসনটি ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের ১, ২, ৩, ৪, ৫, ৬, ৭, ৭১, ৭২, ৭৩, ৭৪ ও ৭৫ নম্বর ওয়ার্ড নিয়ে গঠিত। এই আসনে মোট ভোটার সংখ্যা ৪ লাখ ৪৯ হাজার ৯৫২ জন। এর মধ্যে পুরুষ ভোটার ২ লাখ ২৮ হাজার ৩৬৪ জন এবং নারী ভোটার ২ লাখ ২১ হাজার ৫৮৭ জন

আফজাল হোসেন



ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনের বাকি মাত্র দুই সপ্তাহ। প্রচারণায় ব্যস্ত প্রার্থীরা। ঢাকা-৯ আসনেও চলছে জমজমাট প্রচারণা। সবুজবাগ, খিলগাঁও, বাসাবো ও মুগদা এলাকা নিয়ে গঠিত আসনটিতে ত্রিমুখী লড়াইয়ের আভাস পাওয়া গেছে। এ আসনে ধানের শীষের প্রার্থী হিসেবে রয়েছেন ছাত্রদলের সাবেক কেন্দ্রীয় সাধারণ সম্পাদক ও বিএনপি'র কেন্দ্রীয় নির্বাহী কমিটির সদস্য হাবিবুর রশিদ হাবিব। জামায়াত নেতৃত্বাধীন ১১ দলীয় জোটের প্রার্থী এনসিপির যুগ্ম-আহ্বায়ক জাবেদ রাসিন। এনসিপি থেকে পদত্যাগ করে স্বতন্ত্র প্রার্থী হয়ে আলোচনায় রয়েছেন ডা. তাসনিম জারা। এই তিন প্রার্থীর মধ্যেই মূল প্রতিদ্বন্দ্বিতা হবে বলে জানিয়েছেন স্থানীয়রা।

দীর্ঘদিন ধরে অবহেলিত এ আসনটি। হয়নি উল্লেখযোগ্য উন্নয়ন, বাসিন্দাদের মুক্তি মেলেনি দীর্ঘদিনের দুর্ভোগ থেকে। হাত বাড়ালেই মেলে মাদক, পাশাপাশি শীতকালে



থাকে তীব্র গ্যাস সংকট। সড়কগুলোর অবস্থা বেহালদশা, জায়গায় জায়গায় খানাখন্দে ভরা। বর্ষা এলেই অনেক সড়ক পানিতে তলিয়ে যায়, এ ছাড়া ফুটপাথ দখল যেন নিত্যদিনের ঘটনা। নাগরিক সুযোগ-সুবিধার দুর্ভোগের শেষ নেই। নাগরিক সুযোগ-সুবিধার অভাব, মাদক, চাঁদাবাজি ও সন্ত্রাসে অতিষ্ঠ ভোটাররা এবার পরিবর্তন চান। তাদের প্রত্যাশা, এবারের নির্বাচনেই মিলবে দীর্ঘদিনের দুর্ভোগ থেকে মুক্তি। নির্বাচিত সংসদ সদস্য এলাকার দুর্ভোগ ও সমস্যা নিরসনে কার্যকর ভূমিকা রাখবেন এমন আশাই তাদের। ভোটাররা জানান, এবার শুধু দলীয় প্রতীক নয়, প্রার্থীর সততা, বর্তমান ও অতীতের কর্মকাণ্ড বিচার করেই ভোট দেবেন তারা।

মধ্য বাসাবো এলাকার বাসিন্দা মোহাম্মদ আলী বলেন, বিগত ১৭ বছর ধরে এ এলাকায় কোনো উন্নয়নমূলক কাজ হয়নি। সবচাইতে অবহেলিত এ আসনটি। এলাকার প্রতিটি সড়কের বেহালদশা, মাদকের সমস্যা প্রধান সমস্যা। এ আসনে বিএনপি'র পক্ষ থেকে হাবিবুর রশিদকে মনোনয়ন দেয়া হয়েছে। তিনি খুব ভালো মানুষ। এখানে শুরু থেকে আফরোজা আব্বাস প্রচারণা চালিয়ে আসছিলেন। আমরা চাই নেতৃত্বে যেই আসুক তিনি যেন দীর্ঘদিনের অবহেলার পরিত্রাণ করে।

নন্দিপাড়া এলাকার বাসিন্দা মোরশেদ আলম বলেন, ভোটের সময় প্রতিশ্রুতি দেয়া হয় কিন্তু বাস্তবে কাজ হয় না। এটি একটি অবহেলিত আসন। রাস্তাঘাট খানাখন্দে ভরা। এ ছাড়া রয়েছে মাদকের সমস্যা। তারপরেও দীর্ঘ ১৭ বছর পর ভোট দিতে পারবো এটাই বড় কথা। এখানে মনে হচ্ছে ত্রিমুখী লড়াই হবে। তাসনিম জারা স্বতন্ত্র হয়ে লড়াই করছেন। যুব শ্রেণির মধ্যে তার কিছুটা জনপ্রিয়তা রয়েছে। অন্যদিকে জাবেদ রাসিনের পক্ষে জামায়াত রয়েছে। আর হাবিব ভাই তো শুরু থেকেই জনপ্রিয় ব্যক্তি, উনি একজন ক্লিন ইমেজের লোক। সবমিলিয়ে আমরা চাই নির্বাচন যেন সুষ্ঠু হয়। যেই নির্বাচনে জয়ী হোক না কেন আমরা চাই এলাকার উন্নয়নমূলক কাজ যেন সঠিকভাবে পরিচালনা করেন।

খিলগাঁও তালতলায় কথা হয় ঢাকা কলেজের শিক্ষার্থী তারেক হোসেনের সঙ্গে। তিনি বলেন, এখানে বিএনপি'র হাবিবুরের একক আধিপত্য রয়েছে। কিন্তু শিক্ষার্থীদের মধ্যে অন্য প্রার্থী নিয়ে আলোচনা চলছে। এ আসন আগে থেকেই তাসনিম জারার জন্য ফেসবুকে অনেক বেশি আলোচিত হয়েছে। শিক্ষার্থীদের মধ্যে একটি অংশ তাকে পছন্দ করেন। আমাদের দেশে যে প্রেক্ষাপট কখনো বিএনপি, আবার কখনো আওয়ামী লীগ পাস করে। অন্য কোনো লোকের যোগ্যতা থাকলেও তারা পাস করতে পারে না, দলীয় একটা প্রভাব থাকে। অনেক মানুষই ওইরকম জোয়ারে চলে।

তিলপাপাড়া এলাকার বাসিন্দা শামসুল হক বলেন, আসলে কার মনে কি আছে সেটা বোঝা মুশকিল। তবে সুষ্ঠু ভোট হলে এখানে হাড্ডাহাড্ডি লড়াই হবে। প্রকাশ্যে বিএনপি প্রার্থীর কর্মকাণ্ড চোখে পড়ছে। জামায়াত নীরবে ভোটারদের বাসায় বাসায় যাচ্ছেন। এ ছাড়া শিক্ষার্থীদের মধ্যে তাসনিম জারা ও জাবেদ রাসিনের জনপ্রিয়তা রয়েছে। প্রার্থীরা সোশ্যাল মিডিয়াতে প্রচারণা বেশি করছেন। অনেকে প্রার্থী ও দলের কর্মকাণ্ড বিশ্লেষণ করছেন। গত ১৬ বছর ভোট দিতে পারিনি, আমরা চাই নির্বাচন যেন সুষ্ঠু হয়। প্রার্থীর সততা, বর্তমান ও অতীতের কর্মকাণ্ড বিচার করেই ভোট দিবো।

বিএনপি মনোনীত প্রার্থী হাবিবুর রশিদ হাবিব বলেন, আমি এলাকার সন্তান, ৩৮ বছর ধরে রাজনীতির সঙ্গে সম্পৃক্ত। এ এলাকার মানুষের যে সমস্যা, সেগুলো আমারও সমস্যা। এটি নাগরিক সুবিধা বঞ্চিত এলাকা। এখানে ভালো রাস্তা নেই, খাল ভরাট করা হয়েছে সেগুলো উদ্ধার করা প্রয়োজন। এখানে বিশ্ববিদ্যালয়, ভালো স্কুল, কলেজ নেই, একটিমাত্র হাসপাতাল রয়েছে (মুগদা হাসপাতাল) যা প্রয়োজনের তুলনায় অপ্রতুল।

আগামীদিনে যে কাজগুলো করলে এলাকার মানুষের দুঃখ-দুর্দশা লাঘব হবে, আমি সে কাজগুলো করতে চাই। এলাকাকে সন্ত্রাস, মাদক, চাঁদাবাজ মুক্ত করতে চাই। এ এলাকার নাগরিক অধিকারগুলো বাস্তবায়ন করতে চাই।

জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) প্রার্থী জাবেদ রাসিন মানবজমিনকে বলেন, এই আসন রাজধানীর অন্য আসন থেকে আলাদা। এ আসনে অনেক এলাকা দীর্ঘদিন নগরের অনেক সুবিধা থেকে বঞ্চিত হয়ে আছে। এ আসনের যোগাযোগ ব্যবস্থা, স্বাস্থ্য ও শিক্ষার কোনো উন্নতি হয়নি। এ ছাড়া গ্যাস সংকট রয়েছে। তিনি বলেন, কুটির শিল্প ও স্থানীয় ক্ষুদ্র উদ্যোক্তাদের নিয়ে বিশেষ অর্থনৈতিক অঞ্চল গড়ে তুলবো। পাশাপাশি আইটি ট্রেইনিংয়ের মাধ্যমে যুবক ও নারীদের ঘরে বসে আয়ের ব্যবস্থা করবো। এগুলো করতে পারলে কর্মসংস্থানের উন্নয়ন ঘটবে ফলে বেকারত্ব দূর হবে। আমি একইসঙ্গে অবকাঠামোগত ও মানবসম্পদ নিয়ে কাজ করতে চাই।

এরপর ৩৮ পৃষ্ঠায়









Mybestfly
الكويتية
KUWAIT
AIRWAYS
SUMMER SALE - 2026
New York - Dhaka - New York
Starting From
$590+
One-Way
$1190+
Round Trip
Scan Me
mybestfly.com
718 406 9745
Sister Concern Company of
Global Tours & Travel
World Tours & Travel
37-12 75th St, 2nd floor Suite # 206. Jackson Heights, NY-11372, USA

# এটর্নী মঈন চৌধুরী LAW OFFICES

## Toll Free: 1-866-MOIN-LAW
## Cell: 917-282-9256
(To schedule appointment only)


Michael Taub, Esq.


Moin Choudhury, Esq.

**এক্সিডেন্ট কেইসেস-মেডিক্যাল ম্যালপ্রেক্টিস**
**বিনামূল্যে পরামর্শ**
প্রয়োজনে এটর্নী বাসায় বা হাসপাতালে আসবেন

- গাড়ী এক্সিডেন্ট
- কনস্ট্রাকশন কাজে দূর্ঘটনা
- বিল্ডিং এ দূর্ঘটনা
- স্লিপ এন্ড ফল
- ট্রিপ এন্ড ফল
- হাসপাতালে ভুল চিকিৎসা
- বিকলাঙ্গ শিশুর জন্ম
- লেড পয়জনিং
- কাজের জায়গায় দূর্ঘটনা

**IMMIGRATION**
(Consultation fee applies)





**ক্লায়েন্টেদের জন্য আমরা মিলিয়ন মিলিয়ন ডলার আদায় করে দিয়েছি**


Attorney
Michigan Only.


Attorney
Michigan Only.


Attorney
New Jersey Only


Attorney, Buffalo
New York Only


Attorney
Connecticut Only


Attorney
Pennsylvania Only

**WWW.MOINLAW.COM**

Prior result does not guarantee future outcome of any cases. Moin Choudhury is admitted in Michigan State only and also admitted in the Supreme Court of the United States.
Michael Taub is admitted in New York State Only and also admitted in the NY Federal District Courts.

# সুষ্ঠুভাবে নির্বাচন হতে দেওয়ার বিকল্প নেই

এর সুফল পেতে হলে তাদের কিন্তু শান্তিপূর্ণ নির্বাচনের পথেই থাকতে হবে। গোলযোগপূর্ণ নির্বাচন বরং অধিকতর শক্তিশালী দলের পক্ষে চলে যেতে পারে। এতে অবশ্য গণতন্ত্রে উত্তরণটাই কলুষিত হবে। আর মাঠে থাকা দুই প্রতিদ্বন্দ্বীর সম্পর্কের অধিকতর অবনতি ঘটবে এতে। রাজনীতিতে হাজির হবে নতুন মেরুকরণ, যাতে ক্ষমতাচ্যুত পক্ষও ভূমিকা গ্রহণের সুযোগ পাবে। এটা সম্ভাব্য বিরোধী দলটির জন্য ইতিবাচক কিছু না হয়ে বরং স্থায়ী ক্ষতির কারণ হতে পারে। নির্বাচনে প্রতিদ্বন্দ্বী হিসেবে হাজির উভয় পক্ষেরই উচিত হবে নিজেদের জন্য অসাধারণ এ সুযোগ কাজে লাগানো। সামনে তো আরও নির্বাচন হবে। ১২ ফেব্রুয়ারির নির্বাচন রাষ্ট্র সংস্কারের মাধ্যমে দেশ পরিচালনায় বিরোধী দলের অংশগ্রহণের সুযোগও করে দিচ্ছে। এ অবস্থায় পরাজয়কে সহজভাবে গ্রহণের মানসিকতা প্রদর্শনও কঠিন কিছু নয়

হাসান মামুন



একটি বড় রাজনৈতিক দল আওয়ামী লীগ অংশ নিতে না পারলেও ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতার ঘাটতি হচ্ছে না। গণঅভ্যুত্থানের পর যারা মাঠে আছে, তাদের মধ্যে বিভিন্ন ইস্যুতে বিতর্ক দেখা দিতে সময় লাগেনি। নির্বাচন সামনে রেখে তাদের একাধিক পক্ষে বিভক্ত হতেও দেখা গেল। রাজনৈতিক-আদর্শগত প্রশ্নেও ভিন্নতা কম পরিলক্ষিত নয়। এ অবস্থায় আগের মতো 'পাতানো নির্বাচন' অন্তত হচ্ছে না। পাতানো নির্বাচনে ভোটারের সামনে সত্যিকার বিকল্প থাকে না বলে এর আকর্ষণও থাকে না।

নির্বাচন সবচেয়ে আকর্ষণীয় হয় তখন, যখন অন্তত দুটি রাজনৈতিক পক্ষ জয়ের ব্যাপারে আশাবাদী হয়ে ওঠে। আমাদের মতো দেশে সরকার ও নির্বাচন কমিশন (ইসি) নিরপেক্ষভাবে নির্বাচন অনুষ্ঠানে আগ্রহী কিনা, সেটাও দলগুলোর বড় বিবেচ্য। কোনো পক্ষ জয়ের ব্যাপারে পুরো আশাবাদী না হলেও নির্বাচনে আগ্রহের সঙ্গে অংশ নেবে, যদি নিশ্চয়তা পায় তার প্রাপ্যটুকু অর্জন বিষয়ে। এবারের নির্বাচনে এসব ক্ষেত্রে পরিস্থিতি নেতিবাচক নয়। প্রতিদ্বন্দ্বী দলগুলো 'লেভেল প্লেয়িং ফিল্ড' বিষয়ে প্রশ্ন তুললেও কারও আপত্তিই কিন্তু জোরালো নয়।

যারা বিজয়ী হবে বলে বেশির ভাগের ধারণা, সেই বিএনপি যে কোনো পরিস্থিতিতে নির্বাচনে ইতিবাচক থাকবে- এটাই স্বাভাবিক। অপর পক্ষ জামায়াতে ইসলামী রীতিমতো জোট গঠন করে জোরেশোরে নির্বাচনে নেমেছে। সত্যি বলতে, অনেক আগে থেকেই তারা প্রস্তুতি নিচ্ছে প্রতিদ্বন্দ্বিতা গড়ে তোলার। সংস্কারসহ বিভিন্ন ইস্যুতে দেরিতে নির্বাচন অনুষ্ঠানে আগ্রহী হলেও তারা এতে অনাগ্রহী ছিল না। দিনক্ষণ স্থির হওয়ার পর তারা নির্বাচন নিয়ে বড় দ্বিমত করেনি। যথানিয়মে নির্বাচনে এসে কর্মী-সমর্থকদের মাঝে এমন আশাবাদও জাগিয়ে তুলেছে- এবারই তারা ক্ষমতায় আসবে। রাষ্ট্রক্ষমতায় আসতে চাওয়া দোষের কিছু নয়। গণতন্ত্রে এটাই বরং স্বাভাবিক। এ ক্ষেত্রে শর্ত একটাই- নির্বাচন হতে হবে নিরপেক্ষ। এটা স্বচ্ছ বলেও প্রতিভাত হতে হবে।

প্রস্তুতি দৃশ্যমান না হলেও অন্তর্বর্তী সরকার বলেই যাচ্ছে, 'ইতিহাসের সেরা' নির্বাচন হতে যাচ্ছে। মাঠে থাকা সব দলের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণ থাকলেও নির্বাচনের প্রধান অংশীজন ভোটারের কতটা অংশগ্রহণ এতে থাকবে, সে বিষয়ে অবশ্য এখনও সংশয় রয়ে গেছে। নির্বাচনের সঙ্গে এবার যে গণভোট হতে যাচ্ছে; পরিবেশ শান্তিপূর্ণ থাকলেও তাতে ভোটারের অংশগ্রহণ বেশি করে কমে যেতে পারে। সরকার নিজে 'হ্যাঁ' ভোটের পক্ষে প্রচার চালালেও ভোটারের মনোভাব বোঝা যাচ্ছে না। সংস্কার আলোচনায় থাকা দলগুলোর অবস্থানও সুস্পষ্ট নয়। তবে ভোটারের অংশগ্রহণ কম হলেও নির্বাচন কিংবা গণভোট, কোনোটাই আইনত অগ্রহণযোগ্য হবে না। 'রাজনৈতিক গ্রহণযোগ্যতা'র প্রশ্ন অবশ্য থাকবে। গণঅভ্যুত্থানের পর অনুষ্ঠেয় নির্বাচনটি ভোটারের বিপুল অংশগ্রহণে ধন্য না হলে একটা অপূর্ণতা কিংবা অস্বস্তি থেকেই যাবে সংশ্লিষ্টদের মধ্যে।

সরকার ও ইসির দায়িত্ব- শেষ মুহূর্ত পর্যন্ত নিরপেক্ষ থাকা এবং সেটা অব্যাহতভাবে প্রদর্শন; দুই, নির্বাচনের পরিবেশ শান্তিপূর্ণ রাখতে সামর্থ্যের পুরোটা ব্যয় করা। পুলিশের অবস্থা তো কারও অজানা নয়। আগ্নেয়াস্ত্র উদ্ধার ও সন্ত্রাসী গ্রেপ্তারে অগ্রগতি সন্তোষজনক নয়। এমন পরিস্থিতিতে ভোটাররা কতটা স্বস্তি বোধ করবেন, সেটা সহজে বোধগম্য। এ অবস্থায় সেনা সদরদপ্তরে গিয়ে প্রধান উপদেষ্টা সশস্ত্র বাহিনীর সদস্যদের উদ্দেশে যেভাবে দায়িত্ব পালনের আহ্বান জানিয়েছেন, তার পরিপূর্ণ বাস্তবায়ন হতে হবে। গণঅভ্যুত্থানের সময় থেকে মাঠে থাকা সেনাবাহিনীর ভূমিকা অবশ্য সংযত। বিতর্ক এড়িয়ে তারা সরকারকে সহায়তা জোগাচ্ছে, নানা উস্কানির মধ্যেও। শান্তিপূর্ণ নির্বাচন অনুষ্ঠানে তাদের এখন বলিষ্ঠ ভূমিকা নিতে হবে। নির্বাচিত সরকারের কাছে ক্ষমতা হস্তান্তর পর্যন্ত মাঠে তাদের উজ্জ্বল উপস্থিতির বিকল্প নেই।

মনোনয়নপত্র যাচাই-বাছাই, নির্বাচনী আচরণবিধি প্রয়োগের মতো ক্ষেত্রে ইসির ভূমিকা নিয়ে সমালোচনা রয়েছে। মনোনয়ন প্রদানে রাজনৈতিক দলগুলোও সুনাগরিকের প্রত্যাশা পূরণ করেনি। এসব দিক থেকে গতানুগতিক নির্বাচনই হতে যাচ্ছে। তা সত্ত্বেও এ নির্বাচনের মধ্য দিয়ে দেশ গণতন্ত্রের দিকে যাবে বলে প্রত্যাশা। তিনটি প্রতিদ্বন্দ্বিতাহীন নির্বাচনের পর একটি প্রতিদ্বন্দ্বিতাপূর্ণ নির্বাচনে অংশগ্রহণের অভিজ্ঞতা হবে জনগণের- এটা কম নয়। ভোটারের এক-তৃতীয়াংশই তরুণ বলে বিবেচিত। তাদের রাজনৈতিক মনোভাব অনেকটাই অজানা। এ কারণেও নির্বাচনটি আকর্ষণীয়। বয়স্ক ভোটারদেরও বড় অংশ বিগত তিনটি নির্বাচনে অংশগ্রহণের আগ্রহ পায়নি। সরকার ও ইসির দায়িত্ব- এই নির্বাচনে জনগণের সব পক্ষের আগ্রহ ধরে রাখা।

পাশাপাশি গণঅভ্যুত্থানে অংশগ্রহণকারী সব পক্ষের দায়িত্ব শান্তিপূর্ণ পরিবেশ ধরে রাখার। ক্ষমতাচ্যুত দল ও তাদের সমর্থকরা নির্বাচন বানচাল করতে চাইবে কিনা; চাইলেও সামর্থ্য রয়েছে কিনা- তা নিয়ে প্রশ্ন আছে। তবে সরকার ও মাঠে থাকা দলগুলো সুষ্ঠু নির্বাচন অনুষ্ঠানে একমত থাকলে গোলযোগ সৃষ্টির সুযোগ কমবে। ক্ষমতাচ্যুত পক্ষ এমনটিও মনে করতে পারে, বিদ্যমান পরিস্থিতির চাইতে একটি নির্বাচিত সরকারের শাসনামল তাদের জন্য কিছুটা হলেও অনুকূল হবে। তবে নির্বাচন কেমন এরপর ২৭ পৃষ্ঠায়



# ডিমই যখন ইতিহাসের চালিকাশক্তি, নির্বাচনই শেষ কথা নয়

সৈকত আমীন

মানবসভ্যতার দীর্ঘ বিবর্তনের পথে এমন কিছু বস্তু আছে, যাহা কেবল খাদ্যরূপে সীমাবদ্ধ থাকে নাই, বরং সময়ের প্রবাহে দর্শন, রাজনীতি ও ক্ষমতার প্রতীকে পরিণত হইয়াছে। ডিম সেই সকল বস্তুসমূহের মধ্যে অন্যতম। আদিম যুগে, যখন মানবজাতি কৃষির আশীর্বাদ লাভ করে নাই, যখন শিকার ও সংগ্রহই ছিল জীবিকার প্রধান উপায়, তখন ডিম ছিল এক অমূল্য সম্পদ। পাখির বাসা হইতে সংগৃহীত একখানি ডিম মানেই ছিল খাদ্যনিশ্চয়তা।

পরবর্তীকালে কৃষিবিপ্লব মানবসভ্যতাকে যে বিপুল পরিবর্তনের দিকে ঠেলিয়া দেয়, তাহার সঙ্গে সঙ্গে ডিমের সামাজিক অবস্থানেও ঘটে এক ঐতিহাসিক অবনমন। কৃষিবিপ্লবের পর মানুষ যখন হাস-মুরগির সঙ্গে আত্মীয়তা স্থাপন করিল, তখন ডিম রাজদরবারের অলঙ্কার হইতে নামিয়া আসিল শহরে ব্যাচেলরের সকালের নাস্তার থালায়। নিম্নবিত্তের ভাতের সঙ্গে একখানি ডিম হইল বিলাস, আবার বিলাসের মধ্যেই নিত্যতা। এই পর্যায়ে ডিম পরিণত হইল এক আশ্চর্য গণতান্ত্রিক খাদ্যে। যাহা নিম্নবিত্তের জন্য প্রোটিন, শহরে ব্যাচেলরের জন্য জাতীয় খাবার, আর মধ্যবিত্তের জন্য 'আজ কিছু রান্না করিতে মন বসিছে না' সমস্যার সহজ সমাধান।

অবশ্য রাজধানীর মিন্টো রোডে অবস্থিত গোয়েন্দা কার্যালয় ডিমের আরও কিছু ব্যতিক্রমী উপযোগিতা আবিষ্কার করিয়াছিল বলিয়া অবগত হওয়া যায়। লোকমুখে প্রচলিত আছে, যেসব নাদান ব্যক্তি গোয়েন্দাগিরির মাধ্যমে নিজ নিজ বংশের নাম উজ্জ্বল করিতে সম্পূর্ণরূপে ব্যর্থ হইয়াছিলেন, তাহারাই পরবর্তীকালে ডিমের সহায়তায় অপরাধ দমনের এক অভিনব পথ আবিষ্কার করিয়াছিলেন।

তাহাদের বিশ্বাস ছিল, অপরাধীকে বিচারালয়ের কাঠগড়ায় তুলিবার চেয়ে পূর্বেই কিছু 'চিকিৎসা' প্রদান করিলে সমাজ অধিকতর দ্রুত অপরাধমুক্ত হইবে। এই উদ্দেশ্যে ডিমকে ব্যবহার করিয়া যে পদ্ধতি প্রবর্তিত হইল, তাহার নামকরণ করা হইয়াছিল 'ডিম থেরাপি'।

কিন্তু ইতিহাস সরলরৈখিক নহে। ইতিহাস ঘোরে, পাক খায়, এবং প্রায়ই উপহাস করিয়া পুরনো অধ্যায় ফিরাইয়া আনে নতুন রূপে। মূল্যস্থিতি নামক এক রহস্যময় ও সর্বগ্রাসী দৈত্য যখন বাজারে আবির্ভূত হইল, তখন ডিমের ভাগ্য আবারও পরিবর্তিত হইল। দাম বাড়িল, সরবরাহ সংকুচিত হইল, এবং সাধারণ মানুষের চোখে ডিম পুনরায় হইয়া উঠিল আকাঙ্ক্ষিত ও দুর্লভ।

যে ডিম একদিন ডালভাতের পাশে নির্বিকার শুয়ে থাকিত, সেই ডিমই কাচের আলমারিতে রাখা অলংকারের মর্যাদা পাইতে শুরু করিল। সেই ডিমই পরিণত হইল হিসাবনিকাশ ও দীর্ঘশ্বাসের উৎসে। ক্রমেই সেই ডিম হইয়া উঠিল রাজনৈতিক অস্ত্র, নির্বাচনী আতঙ্ক এবং রাষ্ট্রীয় নিরাপত্তা ভাবনার কেন্দ্রবিন্দু।

এই সময়েই ডিম প্রবেশ করিল রাজনীতির মাঠে। নির্বাচন যত ঘনাইয়া আসিল, ততই ডিমের গুরুত্ব কেবল খাদ্যতালিকায় নহে, রাজনৈতিক অভিধানেও বাড়িতে লাগিল। অবশেষে এমন এক ঘটনা ঘটিল, যাহা ইতিহাসে 'ডিম-কাণ্ড' নামে লিপিবদ্ধ হইবার যোগ্য। কে জানে, ভবিষ্যতের কোনো ইতিহাসবিদ হয়তো এই ডিম-কাণ্ড এইভাবে বর্ণনা করিতে পারেন যে-



নির্বাচনী প্রচারণাকালে এক তরুণ প্রার্থীর উপর ডিম নিক্ষেপের অভিযোগ উঠিল। অভিযোগকারীদের ভাষ্যমতে, ডিমটি এতটাই ভয়াবহ ছিল যে তাহার অভিঘাতে তেরোজন প্রচারসঙ্গী গুরুতরভাবে আহত হইয়াছেন। ডিম ভাঙিলে জন্ম নেয় সংবাদ সম্মেলন, পাল্টা বিবৃতি এবং টেলিভিশনের ব্রেকিং নিউজ।

ডিম ভাঙিলে জন্ম নেয় সংবাদ সম্মেলন, পাল্টা বিবৃতি এবং টেলিভিশনের ব্রেকিং কেহ ডিমের কুসুমে পিচ্ছিল হইয়া মাটিতে পতিত হইলেন, কেহ ডিমের খোসার আঘাতে বিপর্যস্ত হইলেন, আবার কেহ মানসিক আঘাতে স্তব্ধ হইয়া গেলেন। কারণ এই মূল্যস্থিতির বাজারে এত দামী খাদ্য এমন অবিবেচনাপূর্ণভাবে ব্যবহৃত হইতে পারে, তাহা তাঁহাদের কল্পনাকেও অতিক্রম করিয়াছে।

এই ডিমকে সাধারণ ডিম বলিয়া মানিতে নারাজ অভিযোগকারী পক্ষ। তাহাদের মতে, ইহা প্রতিপক্ষ প্রার্থী জনৈক 'গ্যাংস্টারের' ছোঁড়া অস্ত্র। এই ডিমের মধ্যে নাকি লুক্কায়িত ছিল সহিংস রাজনীতির কৌশল, ক্ষমতার লালসা এবং গণতন্ত্রবিরোধী মানসিকতার প্রতীকী বহিঃপ্রকাশ। ডিমটি ভাঙিবার সঙ্গে সঙ্গে নাকি নির্বাচনী পরিবেশও ভাঙিয়া পড়িয়াছে।

অন্যদিকে অভিযুক্ত 'গ্যাংস্টার'-যিনি বহুদিন ধরিয়া নির্বাচন করিয়া আসিতেছেন-তিনি দৃঢ় কণ্ঠে অভিযোগ অস্বীকার করিলেন। তিনি বলিলেন, মারিলে সরাসরি ক্ষেপণাস্ত্র মারিবো, ডিমের মতো মহামূল্যবান বস্তু কেন অপচয় করিবো? ওই তরুণের জন্মেরও আগে হইতে আমি নির্বাচন করি। বহু প্রজাতির প্রতিদ্বন্দ্বীকে অত্যন্ত সুলভ ও সস্তা উপায়ে ঠেঙাইয়া দৌড়ের উপর রাখিয়াছি। ওই তরুণ জনগণের সহানুভূতি আদায় এবং সস্তা জনপ্রিয়তা অর্জনের উদ্দেশ্যেই এই অভিযোগ তুলিয়াছে।

তিনি আরও বলিলেন, এই মূল্যস্থিতির বাজারে কারো উপর ডিম ছুড়িয়া মারিবার মতো বিলাসিতা করার সামর্থ্য আমার নাই। এই উত্তপ্ত পরিস্থিতিতে তরুণ এরপর ২৪ পৃষ্ঠায়



যে ডিম একদিন ব্যাচেলরের নির্ভরযোগ্য বন্ধু ছিল, আজ সেই ডিম ব্যাচেলরের কাছে বিলাসিতা ও অপরাধের মাঝামাঝি কোনো অস্পষ্ট অঞ্চলে অবস্থান করিতেছে। অথচ রাজনীতির মঞ্চে সেই ডিমই এখন ছোঁড়া হয় অবলীলায়, যেন ইহা কোনো প্রাচীন গণতান্ত্রিক অধিকার, যার উপর বাজারদর বা নৈতিকতার কোনো বিধিনিষেধ নাই। অতএব বলা যায়, সভ্যতা যত অগ্রসর হইয়াছে, ডিম ততই পুনরায় আদিম হইয়াছে। খাদ্য হইতে ইহা অস্ত্র হইয়াছে, পুষ্টি হইতে ইহা প্রতীক হইয়াছে, আর জীবনের সম্ভাবনা হইতে ইহা হইয়াছে রাজনৈতিক কাঁপুনির উৎস। সেই ডিম জীবন রক্ষা করিত বলিয়াই অমূল্য ছিল। আর এই ডিম রাজনীতিকে কাঁপাইতেছে বলিয়াই অমূল্য। সভ্যতার এই উন্নত পর্যায়ে দাঁড়াইয়া মানুষ শেষ পর্যন্ত আবিষ্কার করিল যে, প্রযুক্তি, আদর্শ ও আইন নয়, ডিমই এখন ইতিহাসের অন্যতম কার্যকর চালিকাশক্তি



দেশে যাওয়ার পথে কম খরচে ওমরাহ করে যেতে পারেন
স্পেশাল ওমরাহ প্যাকেজ $১৫৫০
• ওমরাহ প্যাকেজ
• ওমরাহ ভিসা
• মোয়াল্লেম
• হোটেল ও ট্রান্সপোর্ট
বিশ্বের সকল দেশের ভিসা প্রসেসিং করা হয়
সবচেয়ে কমদামের গ্যারান্টি আমরাই দিচ্ছি
৭৪৯
JFK-Dhaka-JFK Return
আমরা IATA অনুমোদিত
আমরা ARC অনুমোদিত
DELTA AIR LINES
Biman BANGLADESH AIRLINES
AmericanAirlines
ETIHAD AIRWAYS
QATAR AIRWAYS
Emirates
KUWAIT AIRWAYS
Mohammad B Hossain (Belal)
President & CEO
বাঙ্গালীদের সর্ববৃহৎ ট্রাভেল এজেন্ট
BANGLA TRAVELS
JACKSON HEIGHTS NEW YORK
BANGLA TRAVELS JACKSON HEIGHTS, NEW YORK
আমরা বিভিন্ন এয়ার লাইন্সের স্টক হোল্ডার
বাংলাদেশ থেকে আসার টিকেট সবচেয়ে কম দামে আমাদের কাছেই পাবেন।
আবু তাহের খান
ট্রাভেল কনসালটেন্ট
কাঞ্চন
ট্রাভেল কনসালটেন্ট
জামান রঞ্জু
ট্রাভেল কনসালটেন্ট
কে.এম. শহিদ
ট্রাভেল কনসালটেন্ট
মাহির
ট্রাভেল কনসালটেন্ট
জাহাঙ্গীর
ট্রাভেল কনসালটেন্ট
নিলয়
ট্রাভেল কনসালটেন্ট
NEW YORK OFFICE
73-05 37th Road,
Jackson Heights
NY 11372
ATLANTA OFFICE
4229 1st Ave, Suite B,
Tucker, GA 30084
Tel: 404-704-7753
DHAKA OFFICE
Floor #03, House #09
Road # 17, Block-E,
Banani, Dhaka-1213
+88 01711256872
Phone: 917-396-4140, 917-592-7828

# দ্বৈত নাগরিকদের অংশগ্রহণ নির্বাচনকে প্রশ্নবিদ্ধ করবে

ড. আনোয়ারউল্লাহ চৌধুরী



নির্বাচনি ট্রেন যাত্রা শুরু করেছে। স্বাধীনতা-পরবর্তী বাংলাদেশের ইতিহাসে আসন্ন জাতীয় সংসদ নির্বাচন যে কোনো বিচারেই সবচেয়ে গুরুত্বপূর্ণ ও তাৎপর্যবাহী। এটি শুধু রাষ্ট্রক্ষমতার পালাবদলের নির্বাচন নয়, এটি যুগান্তকারী একটি নির্বাচন হতে যাচ্ছে। এ নির্বাচনের মাধ্যমে নির্ধারিত হবে জাতি কি উদার গণতান্ত্রিক পথে যাত্রা শুরু করবে, নাকি আবারও স্বৈরশাসনের নিকষ কালো অন্ধকারে নিমজ্জিত হবে। যেমনটি হয়েছিল ২০০৮ সালের জাতীয় সংসদ নির্বাচনের পর। চব্বিশের জুলাই গণ-অভ্যুত্থানের মাধ্যমে যে গণ-আকাঙ্ক্ষা সৃষ্টি হয়েছে, তা বাস্তবায়ন এবং জুলাই শহীদদের চাওয়া অনুযায়ী সব ধরনের বৈষম্য বিলোপের মাধ্যমে বাংলাদেশকে সত্যিকার একটি জনকল্যাণমূলক রাষ্ট্রে পরিণত করার এ সুযোগ কাজে লাগানোর জন্য আসন্ন নির্বাচন খুবই তাৎপর্যপূর্ণ। নির্বাচনের মাধ্যমে যদি সত্যিকার জনপ্রতিনিধিত্বমূলক সরকার গঠন করা না যায়, তাহলে দেশ আবারও দীর্ঘমেয়াদের জন্য বিপর্যয়ের মুখোমুখি হতে পারে। জনগণ যদি তাদের পছন্দমতো উপযুক্ত প্রার্থীকে ভোটদানের মাধ্যমে নির্বাচিত করতে পারে, তাহলে রাষ্ট্রপরিচালনায় জনগণের ইচ্ছার প্রতিফলন ঘটবে এবং দেশ সঠিক পথে পরিচালিত হবে। আগামীতে আর কোনো সরকার যাতে নির্বাচনব্যবস্থাকে নিজেদের স্বার্থে ব্যবহার করে বিগত সরকারের মতো স্বৈরাচারী শাসন কায়েম করতে না পারে, তা নিশ্চিত করার জন্য আসন্ন জাতীয় সংসদ নির্বাচন খুবই গুরুত্বপূর্ণ। বিগত সরকারামলে ১৬ বছর দেশের মানুষ নির্বিঘ্নে তাদের ভোটাধিকার প্রয়োগ করতে পারেনি। ২০০৯ সালে যাদের বয়স ছিল ১৮ বছর, তারা অন্তত ১৭ বছর নির্বাচনে ভোট দিতে পারেনি। ভোটাধিকারবঞ্চিত এ বিপুলসংখ্যক তরুণসহ দেশের জনগণ তাদের ভোটাধিকার প্রয়োগের জন্য অধীর আগ্রহে অপেক্ষা করছে। নির্বাচনে কারা জয়লাভ করবে, কারা পরাজিত হবেন, এটি বিবেচ্য বিষয় নয়, সবচেয়ে গুরুত্বপূর্ণ ইস্যু হচ্ছে, নির্বাচনটি অবাধ, নিরপেক্ষ এবং জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে গ্রহণযোগ্য হচ্ছে কিনা। ইলেকশন কমিশন (ইসি) ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে অংশগ্রহণকারী প্রার্থীদের মনোনয়নপত্র যাচাই-বাছাই কাজ সম্পন্ন করেছে। গত ২০ জানুয়ারি মনোনয়নপত্র প্রত্যাহারের শেষদিন পর্যন্ত ২৯৮টি সংসদীয় আসনে প্রায় ২ হাজার প্রার্থী প্রতিদ্বন্দ্বিতা করবেন। অর্থাৎ প্রতিটি আসনে প্রায় সাতজন প্রার্থী প্রতিদ্বন্দ্বিতা করবেন। এর মধ্যে শীর্ষ রাজনৈতিক দল বিএনপির প্রার্থীরা ২৮৫টি আসনে এবং জামায়াতে ইসলামী বাংলাদেশের প্রার্থী আছেন ২৪৩টি আসনে। দল দুটো অবশিষ্ট আসন তাদের রাজনৈতিক মিত্রদের জন্য ছেড়ে দিয়েছে। পাবনা-১ ও পাবনা-২ আসনে নির্বাচন স্থগিত করা হয়েছে। এ দুটি আসনে নতুন নির্বাচনি তফসিল ঘোষণা করা হবে। নির্বাচন ব্যাপকমাত্রায় অংশগ্রহণমূলক হবে বলে আশা করা হচ্ছে। বাংলাদেশ আওয়ামী লীগের রাজনৈতিক কার্যক্রম নিষিদ্ধ থাকায় তারা ত্রয়োদশ জাতীয় নির্বাচনে অংশগ্রহণ করতে পারছে না। নির্বাচনে ৭৯টি সংসদীয় আসনে বিএনপির ৯২ জন বিদ্রোহী প্রার্থী এবং একটি সংসদীয় আসনে জামায়াতের একজন বিদ্রোহী প্রার্থী প্রতিদ্বন্দ্বিতা করছেন। নির্বাচনে অংশগ্রহণের জন্য ৪৭৮ জন স্বতন্ত্র প্রার্থীসহ ২ হাজার ৫৬৯ জন প্রার্থী মনোনয়নপত্র দাখিল করেছিলেন। রিটার্নিং কর্মকর্তাদের বাছাইয়ে ৭২৩ জন প্রার্থী বাদ পড়লেও পরবর্তীকালে আপিলের মাধ্যমে ৩০৫ জন তাদের প্রার্থিতা ফিরে পেয়েছেন। তাদের মধ্যে ঋণখেলাপি ও দ্বৈত নাগরিকরাও রয়েছেন, যা জুলাই গণ-অভ্যুত্থানের চেতনার পরিপন্থি।

রিটার্নিং কর্মকর্তাদের বাছাইয়ে প্রার্থীদের বাদ দেওয়া-না দেওয়া নিয়ে প্রশ্ন উত্থাপিত হয়েছে। প্রাথমিক বাছাইয়ে দ্বৈত নাগরিকত্বের অভিযোগে ২৪ জন প্রার্থীর মনোনয়নপত্র বাতিল করা হলেও আপিলের মাধ্যমে ২১ জন তাদের প্রার্থিতা ফিরে পেয়েছেন। একইভাবে ঋণখেলাপিদের অনেকেই নানা কৌশলে নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করার যোগ্যতা নিশ্চিত করেছেন। নির্বাচন কমিশন থেকে দাবি করা হয়েছে, তারা জুলাই চেতনাকে সামনে রেখে নির্বাচনি কার্যক্রম পরিচালনা করছেন; কিন্তু দ্বৈত নাগরিক ও ঋণখেলাপিদের নির্বাচনে অংশগ্রহণের সুযোগদান কোনোভাবেই জুলাই চেতনার সঙ্গে সংগতিপূর্ণ হতে পারে না। এছাড়া সংবিধানের ৬৬ নম্বর অনুচ্ছেদ ও গণপ্রতিনিধিত্ব আদেশের (আরপিও) ১২নং অনুচ্ছেদ মোতাবেক, দ্বৈত নাগরিক ও ঋণখেলাপিরা নির্বাচনে অংশগ্রহণের ক্ষেত্রে অযোগ্য বিবেচিত হবেন। তাহলে কীভাবে দ্বৈত নাগরিক ও ঋণখেলাপিরা জাতীয় সংসদ নির্বাচনে অংশগ্রহণের যোগ্য বলে বিবেচিত হলেন? একজন নির্বাচন কমিশনার বলেছেন, 'আইন পারমিট করায় ঋণখেলাপিদের মনে কষ্ট নিয়ে ছাড় দিয়েছি।' অন্য একজন নির্বাচন কমিশনার বলেছেন, 'মনোনয়ন বৈধ করলাম। মানুষ হিসাবে বলছি, ব্যাংকের টাকা দিয়ে দিয়েন।' কথায় বলে, 'চোরা নাহি শুনে ধর্মের কাহিনি'। একজন নির্বাচন কমিশনার পরামর্শ দেবেন, আর ঋণখেলাপিরা ভালো হয়ে যাবেন; ব্যাংকের ঋণকৃত অর্থ ফেরত দেবেন, এটা কি প্রত্যাশা করা যায়? আরেকজন নির্বাচন কমিশনার আইনের দোহাই দিয়েছেন।

এরপর ২৪ পৃষ্ঠায়




অন্তর্বর্তী সরকার যতই চাক না কেন, মাঠ পর্যায়ে নির্বাচন পরিচালনাকারী কর্মকর্তারা যদি সঠিক এবং সর্বোচ্চ নিরপেক্ষতার সঙ্গে তাদের দায়িত্ব পালন না করেন, তাহলে কোনোভাবেই নির্বাচন গ্রহণযোগ্য হতে পারে না। নির্বাচনকে বিতর্কিত করার জন্য একটি বিশেষ মহল তৎপর রয়েছে। অন্তর্বর্তী সরকার যদি গণপ্রত্যাশা অনুযায়ী সুষ্ঠু এবং জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে গ্রহণযোগ্য নির্বাচন উপহার দিতে পারে, তাহলে তাদের অবদান ইতিহাসে স্বর্ণাক্ষরে লেখা থাকবে। আর যদি তা করতে ব্যর্থ হয় এবং কোনো কারণে নির্বাচন বিতর্কিত হয়, তার 'দায়ভার' সম্পূর্ণরূপেই তাদের ওপর বর্তাবে এবং তারা ইতিহাসের আস্তাকুঁড়ে নিক্ষিপ্ত হবেন। ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন জাতির ভবিষ্যৎ নির্ধারণকারী একটি নির্বাচন হতে যাচ্ছে। নির্বাচনের সঙ্গে যুক্ত কোনো পক্ষেরই দায়িত্ব পালনে গাফিলতির সুযোগ নেই। তাহলে জাতি তাদের ক্ষমা করবে না

# ভারতের হুমকি এবং বাংলাদেশের অবস্থান

এইচ আর এম রোকন উদ্দিন



ভারত-বাংলাদেশ সম্পর্ক ১৯৭১ সালে বাংলাদেশের স্বাধীনতার পর থেকে সবচেয়ে টানাপোড়েনপূর্ণ ও গুরুত্বপূর্ণ একপর্যায় অতিক্রম করছে। একসময় যাকে নয়াদিল্লি 'বিশেষ সম্পর্ক' হিসাবে উপস্থাপন করত, সেটি সময়ের সঙ্গে সঙ্গে বাংলাদেশের চোখে ক্রমশ একতরফা ও অসম সম্পর্ক হিসাবে প্রতিভাত হয়েছে; যেখানে ভারত কেবল দ্বিপাক্ষিক বিষয়েই নয়, বাংলাদেশের অভ্যন্তরীণ রাজনৈতিক প্রক্রিয়াতেও অতিরিক্ত প্রভাব বিস্তার করার চেষ্টা করেছে। বাংলাদেশের মানুষের বড় অংশের কাছে-কিছু রাজনৈতিক সুবিধাভোগী ও সহযোগী গোষ্ঠী বাদে-এ পরীক্ষার ফল গভীর অসন্তোষ ও অবিশ্বাসই সৃষ্টি করেছে। ২০২৪ সালের জুলাই বিপ্লব ছিল এক গুরুত্বপূর্ণ মোড়। গণ-অভ্যুত্থান-পরবর্তী সময়ে যাকে বহু মানুষ ফ্যাসিবাদী ও অবৈধ শাসন হিসাবে দেখত, তার পতন বাংলাদেশের জনমনে গভীর পরিবর্তন আনে। পতিত সরকারের প্রতি ভারতের শেষ মুহূর্ত পর্যন্ত অবিচল সমর্থনকে বাংলাদেশিরা সাধারণভাবে জনগণের ইচ্ছা দমনের প্রতি সমর্থন হিসাবেই দেখেছে। এটি আবেগনির্ভর প্রতিক্রিয়া নয়; বরং এ উপলব্ধি থেকেই এসেছে যে, ভারত বাংলাদেশের গণতান্ত্রিক আকাঙ্ক্ষার বিপরীতে অবস্থান নিয়েছে। রাজনৈতিক পরিবর্তনের পর ভারতের নীতিতে সংশোধন আসার বদলে, বাস্তবে উলটো চিত্রই স্পষ্ট হয়েছে। অন্তর্বর্তী সরকার গঠনের পর থেকে দেশের ভেতরে ও আন্তর্জাতিক অঙ্গনে পরিকল্পিত ভ্রান্ত তথ্য ও মিডিয়া প্রোপাগান্ডা চালানো হয়েছে, যার উদ্দেশ্য নতুন প্রশাসনকে অবৈধ ও অকার্যকর হিসাবে তুলে ধরা। 'রাষ্ট্রব্যর্থতা', 'চরমপন্থা' ও 'নিরাপত্তাহীনতা'-এ ধরনের বয়ান প্রায়ই তথ্যভিত্তিক প্রমাণ ছাড়াই ছড়ানো হয়েছে, যাতে অন্তর্বর্তী সরকারের ওপর আস্থা নষ্ট হয় এবং আন্তর্জাতিক সহযোগিতা নিরুৎসাহিত হয়।

অত্যন্ত প্রতিকূল পরিস্থিতির মধ্য দিয়ে বাংলাদেশ যখন জাতীয় নির্বাচনের দিকে এগোচ্ছে, তখন ভারতের কর্মকাণ্ড আরও উদ্বেগজনক রূপ নিয়েছে। বহু বাংলাদেশির কাছে এ নির্বাচন হলো বহু বছরের কারচুপি ও নিয়ন্ত্রিত রাজনীতির পর গণতান্ত্রিক বৈধতা পুনরুদ্ধারের সুযোগ। কিন্তু এ সংবেদনশীল মুহূর্তে ভারতের প্রোপাগান্ডা তৎপরতা তীব্র হয়েছে-যা থেকে আশঙ্কা তৈরি হয়েছে যে, নয়াদিল্লি নির্বাচনি প্রক্রিয়াকে বাধাগ্রস্ত বা আগেভাগেই অবৈধ প্রমাণ করতে চায়। নির্বাচন সম্ভব কিনা, প্রতিষ্ঠানগুলোর নিরপেক্ষতা এবং সার্বিক নিরাপত্তা পরিস্থিতি নিয়ে সন্দেহ ছড়ানো হচ্ছে-যেন ভোটের আগেই ফলাফলকে প্রশ্নবিদ্ধ করা যায়। একই সময়ে সীমান্তে ভারতের অবস্থান আরও আক্রমণাত্মক হয়েছে। সেনা মোতায়েন, উন্নত সামরিক সরঞ্জাম স্থানান্তর, নজরদারি বৃদ্ধি এবং আকাশপথে সামরিক সম্পদের উপস্থিতি নিয়ে খবরগুলো দেশে ব্যাপক উদ্বেগ তৈরি করেছে। ভারত এসব পদক্ষেপকে নিয়মিত বা প্রতিরক্ষামূলক বললেও বর্তমান রাজনৈতিক বাস্তবতায় এগুলোকে বাংলাদেশে চাপ সৃষ্টির কৌশল হিসাবেই দেখা হচ্ছে। এ ধরনের সামরিক প্রদর্শন ও মনস্তাত্ত্বিক চাপ বাংলাদেশের জাতীয় নিরাপত্তা ও কৌশলগত স্বাধীনতার জন্য সরাসরি হুমকি। কয়েকটি উচ্চ প্রোফাইল ঘটনায় জনরোষ আরও বেড়েছে।

বাংলাদেশ জাতীয় ক্রিকেট দলকে ঘিরে আচরণ, ভারতীয় কূটনীতিকদের পরিবারের হঠাৎ প্রত্যাহার, ভারতে অবস্থানরত বাংলাদেশিদের ওপর হয়রানি ও নির্যাতনের অভিযোগ, হঠাৎ ভিসা প্রদান বন্ধ বা কঠোর সীমাবদ্ধতা-এসব ঘটনাকে অনেকেই সম্মিলিত শাস্তি ও ভয় দেখানোর অংশ হিসাবে দেখছেন। আলাদা আলাদাভাবে এগুলোকে প্রশাসনিক বা নিরাপত্তাজনিত সিদ্ধান্ত বলা গেলেও সামগ্রিকভাবে এগুলো একটি সুস্পষ্ট চাপ সৃষ্টির ধারারই ইঙ্গিত দেয়।

বাংলাদেশের ভেতরে এসব ঘটনার প্রভাব পড়ছে নির্বাচনি রাজনীতিতেও। যেসব রাজনৈতিক শক্তিকে ভারতের ঘনিষ্ঠ বা প্রভাবাধীন বলে মনে করা হয়, তারা জনসমর্থনের ক্ষেত্রে ক্রমেই চাপে পড়ছে। বিপরীতে, সার্বভৌমত্ব, কৌশলগত স্বায়ত্তশাসন ও ভারতের সঙ্গে সম্পর্ক পুনর্মূল্যায়নের কথা বলা দল ও আন্দোলনগুলো জনপ্রিয়তা পাচ্ছে। অর্থনৈতিক চাপ, প্রাতিষ্ঠানিক দুর্বলতা ও নিরাপত্তা ঝুঁকির কারণে নির্বাচনের ফল এখনো অনিশ্চিত হলেও একটি বিষয় স্পষ্ট-ভারতের ওপর অতিরিক্ত নির্ভরশীল বা অনুগত বলে বিবেচিত কোনো শক্তির জন্য ব্যাপক জনসমর্থন অর্জন করা কঠিন হবে। ভারতের এ অবস্থান আঞ্চলিক পর্যায়েও অনাকাঙ্ক্ষিত প্রভাব ফেলছে। বাংলাদেশকে হেজেমনিক দৃষ্টিভঙ্গিতে দেখার মাধ্যমে নয়াদিল্লি কার্যত ঢাকাকে বিকল্প কূটনৈতিক, অর্থনৈতিক ও নিরাপত্তা অংশীদার খুঁজতে উৎসাহিত করছে। এতে দক্ষিণ এশিয়ার কৌশলগত ভারসাম্য বদলে যেতে পারে। আঞ্চলিক নেতৃত্ব সুসংহত করার বদলে, ভারতের বর্তমান নীতি তার প্রভাব ও সদিচ্ছা উভয়ই ক্ষয় করছে। মূলত ভারত-বাংলাদেশ সম্পর্কের এ সংকট কোনো জনগণের মধ্যে শত্রুতার ফল নয়; বরং এটি সার্বভৌমত্ব, গণতান্ত্রিক পছন্দ এবং রাষ্ট্রগুলোর সমতার প্রশ্ন। আজ বাংলাদেশের জাতীয় নিরাপত্তা বহুমাত্রিক হুমকির মুখে, শুধু সামরিক বা সীমান্তসংক্রান্ত নয়, বরং তথ্য, রাজনীতি ও মনস্তত্ত্বের ক্ষেত্রেও। ভ্রান্ত তথ্য প্রচার, নির্বাচনকে অবৈধ প্রমাণের চেষ্টা, অর্থনৈতিক চাপ এবং কূটনৈতিক বার্তা-সব মিলিয়ে এমন এক অস্থিতিশীলতা তৈরি হচ্ছে, যখন দেশের গণতান্ত্রিক প্রতিষ্ঠান পুনর্গঠনের জন্য শান্ত পরিবেশ সবচেয়ে বেশি প্রয়োজন। আসন্ন নির্বাচন তাই কেবল একটি অভ্যন্তরীণ রাজনৈতিক প্রতিযোগিতা নয়; এটি বাংলাদেশের ভবিষ্যৎ দিকনির্দেশনা ও পররাষ্ট্রনীতিতে স্বাধীন অবস্থান প্রতিষ্ঠার এক গুরুত্বপূর্ণ পরীক্ষা। ভারত যদি বর্তমান পথে চলতে থাকে-সহযোগিতার বদলে

এরপর ২৮ পৃষ্ঠায়



যখন জনগণ প্রশিক্ষিত ও সচেতন থাকে, তখন প্রতিরোধ শক্তি বহুগুণে বেড়ে যায়, কারণ জাতীয় প্রতিরক্ষা কেবল সশস্ত্র বাহিনীর একক দায়িত্বে সীমাবদ্ধ থাকে না। পরিশেষে বলা যায়, বাংলাদেশের শান্তির পথ একটি ভারসাম্যপূর্ণ নীতির ওপর দাঁড়িয়ে-একদিকে কূটনীতি, আন্তর্জাতিক সহযোগিতা ও শান্তির প্রতি অঙ্গীকার; অন্যদিকে আত্মরক্ষার জন্য দৃঢ় প্রস্তুতি। প্রস্তুতিকে কখনোই আগ্রাসন হিসাবে দেখা উচিত নয়, যেমন শান্তিপ্রিয়তাকেও দুর্বলতা হিসাবে ব্যাখ্যা করা যায় না। সশস্ত্র বাহিনীর আধুনিকায়ন, সীমান্ত ও আকাশসীমা সুরক্ষা, কৌশলগত অংশীদারত্ব এবং যুবসমাজকে জাতীয় প্রতিরক্ষায় প্রস্তুত করার মাধ্যমে বাংলাদেশ এমন একটি অবস্থানে পৌঁছাতে পারে, যেখানে শান্তি থাকবে শক্তির ওপর প্রতিষ্ঠিত, দুর্বলতার ওপর চাপিয়ে দেওয়া কোনো শর্ত হিসাবে নয়

# বাড়ি ক্রয়-বিক্রয়ের কথা ভাবছেন?

## সিদ্ধান্ত নেয়ার এখনই সঠিক সময়

আমরা কম সময়ের মধ্যে আপনার বাড়ি সর্বোচ্চ মূল্যে বিক্রয় করতে সহায়তা করতে পারি।



আপনি (০% থেকে ৩.৫% ডাউন পেমেন্টে) FHA লোন
সেলফ এমপ্লয়েডরা ৫% ডাউন পেমেন্টে (শুধু ২০২৫ সালের ট্যাক্স ফাইল দিয়ে)
এবং ইনকাম না থাকলেও ২০% ডাউন পেমেন্ট দিয়ে বাড়ি কিনতে পারেন।

**কামরুজ্জামান বাচ্চু**
**KAMRUZ ZAMAN BACCU**
Licensed Real Estate Salesperson

**347.465.3220**
kamruzbaccu1@gmail.com



**Buying/Selling:**
Residential, Commercial Investment, HUD Auctions, Foreclosures REO/Bank Owned Houses, Short Sale & Stop Foreclosure.

**Rental:**
Cash, W-2
CityPHEPS
PHEPS
Section-8 &
other
programs

MLS

ISLAND ADVANTAGE REALTY
300 Motor Parkway Suite 200A, Hauppauge, NY

# House & Co-Ops For Sale

| Address | Beds & Baths | Asking Price |
|---|---|---|
| 1715 St Peters Ave, Bronx, NY 10461 | 10 Bedrooms, 6 bathrooms 4 Family House | $1,499,000 |
| 163 Emily Avenue, Elmont, NY 11003 | 4 Bedrooms, 2 bathrooms | $850,000 |
| 8 Patricia Court Bethpage NY11714 | 5 Bedrooms, 5 bathrooms | $1,099,000 |
| 21 Piper Lane, Levittown, NY 11756 | 4 Bedrooms, 2 bathrooms Renovated | $799,000 |
| 21 Chimney Lane Bay Shore (Long Island) NY 11706-1922 | 3 Bedrooms, 1 bathroom | $544,900 |
| 830 Hendrix Street, Brooklyn, NY 11207 | 9 Bedrooms, 3 bathrooms | $999,900 |
| 111-32 116th St, Jamaica, NY 11420 | 3 Bedrooms, 2 bathrooms | $799,000 |
| 1067 Mirabelle Ave, Westbury, NY 11590 | 4 Bedrooms, 2 bathrooms | $770,000 |
| 166-25 Powells Cove Blvd #4D Beechhurst, NY 11357 | 2 Bedrooms, 2 bathrooms | $675,000 |
| 3201 Grand Concourse #4M, Bronx, NY 10468 | 1 Bedroom, 1 bathroom | $175,000 |
| 825 Morrison Avenue #12F, Bronx, NY 10473 | 2 Bedrooms, 1 bathroom | $319,000 |
| 715 Fox Street #5J, Bronx, NY 10455 | 1 Bedroom, 1 bathroom | $154,900 |
| 204-15 Foothill Avenue #B53, Hollis, NY 11423 | 2 Bedrooms, 1 bathroom | $275,000 |
| 151-31 88th St. #6H, Howard Beach, NY 11414 | 2 Bedrooms, 1 bathroom | $194,900 |
| 1375 Ocean Avenue #5J, Brooklyn, NY 11230 | 1 Bedroom, 1 bathroom | $209,000 |

**We Have 200+ Regular, REO and Auction Houses For Sale**

আজই কল করুন, কামরুজ্জামান বাচ্চু (আইল্যান্ড এ্যাডভেন্টেজ রিয়েলটি)- ৩৪৭-৪৬৫-৩২২০



# সিলেট সদর সোসাইটির উপদেষ্টা পরিষদ ও ট্রাস্টি বোর্ডের পরিচিতিসভা

৩ পৃষ্ঠার পর

বোর্ড সদস্য জুনেদ এ খান, শমশের আলী, আলতাফ চৌধুরী, মনসুর আহমদ চৌধুরী, সহ সভাপতি এহতেশাম চৌধুরী, সদস্য আলী আহসান, জাকির হোসেন, শরিফুল খালিসদার, কমিউনিটি নেতা আসিফ চৌধুরী, শ্যামল কান্তি চন্দ প্রমুখ। অন্যতম উপদেষ্টা অধ্যাপিকা রানা ফেরদৌস চৌধুরী জরুরী কারণে টরন্টো অবস্থান করায় অনুষ্ঠানে উপস্থিত থাকতে পারেননি বলে জানানো হয়েছে।

অনুষ্ঠানে সঙ্গীত পরিবেশন করেন প্রবাসের জনপ্রিয় শিল্পী মেহজাবিন মেহা, এজাজ ও জাকির। শিল্পীদের মনোজ্ঞ পরিবেশনা দর্শকরা প্রাণভরে উপভোগ করেন। বক্তারা সংগঠনের নানা সামাজিক কর্মকাণ্ডের প্রশংসা করে বলেন, উপদেষ্টা পরিষদ ও ট্রাস্টি বোর্ড এর সম্মানে এ আয়োজন স্মরণীয় হয়ে থাকবে।

সভাপতি মিসবাহ চৌধুরী এবং সিনিয়র সহ সভাপতি হুমায়ুন আহমেদ চৌধুরী অনুষ্ঠানে অংশ নেয়া অতিথিসহ সংগঠনের সদস্যদের ধন্যবাদ জানান।

# কাজী জহিরুল ইসলামের গবেষণা গ্রন্থের মোড়ক উন্মোচন

৩ পৃষ্ঠার পর

করেন। এর পরেই প্রবেশ করেন কাজী জহিরুল ইসলামের কবিতার জগতে। শুরু করেন তার ছন্দের কারুকাজ দিয়ে। এই প্রবন্ধে তিনি লেখেন, 'বেশিরভাগ কবিতার সাথে পাঠক সহজেই যোগসূত্র তৈরি করতে পারেন। পাঠক ও কবির অন্তর্জগতের সাথে এই সাঁকো খুবই জরুরী। ...ছন্দের শৈল্পিক বিন্যাসে কাজী জহিরুল বিচিত্র নিরীক্ষার অভিযাত্রী। ...শব্দের অর্গলত দ্যোতনার ভেতর শব্দের স্বকীয় স্বাধীনতা থাকে। এটা স্বতঃস্ফূর্ত। খুব কুশলী শিল্পী না হলে শব্দের এই গূঢ় রহস্যের সাথে একাত্ম হওয়া সম্ভব নয়। কাজী জহিরুল ইসলাম সেই কবি যার অন্তঃকরণের সাথে শব্দের গভীর যোগসূত্র রয়েছে।'

এরপর তিনি আলোকপাত করেন কবির ভাবশৈলী নিয়ে, লেখেন গ্রন্থের দ্বিতীয় প্রবন্ধ কাজী জহিরুল ইসলামের কবিতার ভাবশৈলী। মহাকালের ঘড়ি কবিতার ভাবশৈলী বিশ্লেষণ করতে গিয়ে প্রাবন্ধিক লেখেন, 'সন্ধ্যার এই নির্জন সমাধিতে রূপ দেখে কবির হঠাৎ মনে হয় কোথায় যেন ঘণ্টা বাজাচ্ছে মহাকালের এক ঘড়ি। ...এই প্রতীকের আড়ালে মৃত্যুর কথাই বলতে চেয়েছেন কবি।'

এখানে তিনি কবির কবিতায় ব্যবহৃত উপমার সুষমা, চিত্রকল্পের অভিনবত্ব, চিন্তার আন্তর্জাতিকতা, মরমী ও সুফি দর্শন, দেশাত্মবোধ প্রভৃতি বিষয় নিয়ে আলাদা আলাদা প্রবন্ধ লেখেন। একজন দক্ষ গবেষকের মতই তিনি কাজী জহিরুল ইসলামের কবিতার গভীরে ঢুকে তুলে এনেছেন দুর্লভ সব মণি-মানিক্য। সবশেষে বাংলা সাহিত্যে কাজী জহিরুল ইসলামের শিশুতোষ কাজ যেটি, তার উদ্ভাবিত ক্রিয়াপদহীন কবিতা, এই বিষয়টি নিয়ে আলাদা একটি প্রবন্ধ লেখেন।

গ্রন্থটি একদিকে যেমন আকাডেমিক মূল্য ধারণ করে অন্যদিকে প্রাঞ্জল ভাষার কারণে সুখপাঠ্যও।

গ্রন্থটির মোড়ক উন্মোচনে যুক্ত হবার জন্য কবি কাজী জহিরুল ইসলাম বন্ধু, সুধন যারা উপস্থিত ছিলেন সবাইকে ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানান এবং বইটি ঢাকা থেকে বহন করে নিয়ে আসার জন্য উনবাঙালের অন্যতম সদস্য মুন্না চৌধুরীর প্রতি বিশেষ কৃতজ্ঞতা প্রকাশ করেন।

# শবে বরাত উপলক্ষে সোমবার শাহ্ নেওয়াজ গ্রুপের মিলাদ মাহফিল

৬৪ পৃষ্ঠার পর

আয়োজন করা হয়েছে। জ্যাকসন হাইটসের নবান্ন রেস্টুরেন্টে সন্ধ্যা ৬টা থেকে রাত ৯টা পর্যন্ত চলবে এই আয়োজন। পবিত্র শবে বরাতের তাৎপর্য ও করণীয় প্রসঙ্গে আলোচনা সভা হওয়ার কথা রয়েছে।

বাংলাদেশসহ মুসলিম বিশ্বের সকল মুসলমানের অব্যাহত সুখ, শান্তি ও সমৃদ্ধি কামনায় বিশেষ মোনাজাত অনুষ্ঠিত হওয়ার কথা রয়েছে।





# আইস পুলিশ বিলুপ্তের দাবি জানালেন ওকাসিও কর্টেজ



১ পৃষ্ঠার পর

অন্য ব্যবসায়ীদেরও রয়েছে। মনোপলি হোমকেয়ার ব্যবসায় বন্ধের জন্য গভর্নর হোকুলের সাথেও কথা বলবেন বলে তিনি জানান। তিনি বলেন, ইমিগ্রেশন নিয়ে কোন সমস্যা ও আইস পুলিশ গ্রেফতারের উদ্যোগ নিলে সাথে সাথে তার অফিসে যোগাযোগেরও আহবান জানান তিনি।

কংগ্রেসওম্যান তার অফিসের জন্য দক্ষিণ এশীয় এডভাইজরি কমিটি গঠন করবেন বলে ঘোষণা দেন। এ মতবিনিময় সভায় উপস্থিত ছিলেন এমএস মজুমদার, কাজল সোলায়মান, শামসুল হক, জয়নাল আবেদীন, আব্দুল ওয়াহিদ জাকি, মোঃ আলাউদ্দীন, এ ইসলাম মামুন, আহসান হোসেন, ফরিদা ইয়াসমীন ও খলিলুর রহমান।

# স্টেট সিনেটে হাইরাম মুনসেরাতকে সাপ্তাহিক আজকালের এনডোর্সমেন্ট

১ পৃষ্ঠার পর

পেরিয়ে আবারও তিনি নির্বাচনী মাঠে। স্টেট সিনেটর জেসিকা রামোসের বিরুদ্ধে তাকে লড়তে হবে। সিনেটর হিসেবে দায়িত্ব পালনকালে এই জেসিকাই মুনসেরাতের স্টাফ ছিলেন। অভিজ্ঞতা, কমিউনিটির প্রতি তার কমিটমেন্ট ও জনবান্ধব গুণাবলীর বিবেচনায় নিউইয়র্কের জনপ্রিয় পত্রিকা সাপ্তাহিক আজকাল ও শাহ নেওয়াজ গ্রুপ মুনসেরাতের প্রার্থীতাকে এনডোর্সমেন্ট করছে।

গত ডিসেম্বরে মুনসেরাত নিউইয়র্ক স্টেট সিনেট, ডিস্ট্রিক্ট-১৩ আসনে প্রার্থীতার জন্য আবেদন করেন। ২ সপ্তাহ আগে তার পুরনো এই আসনে নির্বাচনের আনুষ্ঠানিক ঘোষণা দেন। অতীতের ভুল স্বীকার করে সামনে এগিয়ে যাবার প্রতিশ্রুতি দিয়েছেন তিনি। ২০২৪ সালে এসেম্বলিতে তিনি নির্বাচন করেন। মাত্র ১ হাজার ভোটের ব্যবধানে হেরে যান। এরপর থেকেই এলাকার উন্নয়ন ও গণসংযোগে লেগে আছেন। রুজভেল্ট এভিনিউ'র উন্নয়ন, জ্যাকসন হাইটস এলাকায় অবৈধ প্রোস্টিটিউশন বন্ধ ও আইনশৃংখলার উন্নয়নে তিনি কাজ করছেন। তার প্রত্যাশা, এবার তিনি নির্বাচনে জিতবেন। বাংলাদেশি কমিউনিটির জনপ্রিয় মুখ শাহ নেওয়াজ ও তার দুটি প্রতিষ্ঠান এসএনজি গ্রুপ ও সাপ্তাহিক আজকাল তার প্রার্থীতায় সমর্থন দিয়েছে।

স্টেট ডিপার্টমেন্ট ৭৫টি দেশের জন্য অভিবাসী ভিসা প্রদান স্থগিত করার ঘোষণা দিয়েছে ওপলেট্রি যারা।

# নিউইয়র্কে গ্যাস ও বিদ্যুতের মূল্য বাড়লো

১ পৃষ্ঠার পর

নিউইয়র্ক সিটি ও স্টেটের প্রায় ৭০ জন নির্বাচিত প্রতিনিধি পাবলিক সার্ভিস কমিশনকে চিঠি দিয়ে রেট বৃদ্ধি না করার অনুরোধ জানান। কন এডিসন জানায়, তাদের প্রাথমিক প্রস্তাবের তুলনায় অনুমোদিত হার অনেক কম এবং তা মুদ্রাস্ফীতির সঙ্গে সামঞ্জস্যপূর্ণ। উল্লেখ্য, আগে প্রস্তাবিত ১১% বিদ্যুৎ ও ১৩% গ্যাস মূল্যবৃদ্ধির বিরুদ্ধে ২০ হাজারের বেশি মানুষ প্রতিবাদ জানালে গভর্নর ক্যাথি হকুল সেই প্রস্তাব প্রত্যাখ্যানের নির্দেশ দেন।





# জামায়াতের আমির হতে পারবেন না মহিলারা

৬৪ পৃষ্ঠার পর

অথচ, আল্লাহ নারীদের 'সেভাবে' সৃষ্টি করেননি এবং এটা 'পরিবর্তনযোগ্য নয়'।

তার দাবি, আসন্ন নির্বাচনে কোনো দলই 'উল্লেখযোগ্য সংখ্যক' নারী প্রার্থীকে মনোনয়ন দেয়নি, কারণ এটা 'বাংলাদেশের একটি সাংস্কৃতিক বাস্তবতা' এবং বেশিরভাগ দেশই নারী নেতৃত্বকে 'বাস্তবসম্মত মনে করে না'।

কাতারভিত্তিক সংবাদমাধ্যম আল জাজিরাকে দেওয়া এক সাক্ষাৎকারে তার এমন বক্তব্য আসে। সাক্ষাৎকারটি বৃহস্পতিবার সম্প্রচার করা হয়।

ঢাকায় জামায়াত আমিরের বাসায় বসে সাক্ষাৎকারটি নিয়েছেন সাংবাদিক শ্রীনিবাসন জৈন। প্রায় আধা ঘণ্টার সাক্ষাৎকারের একটি উল্লেখযোগ্য অংশে জামায়াতের নারী নীতি নিয়ে নানা প্রশ্ন করেন তিনি।

জবাব দিতে গিয়ে নারীদের বিষয়ে তাদের পুরনো অবস্থানই তুলে ধরেন শফিকুর রহমান।

প্রশ্ন করতে গিয়ে শ্রীনিবাসন জৈন বলেন, "আপনি নারীদের কর্মঘণ্টা কমানোর প্রস্তাব দিয়েছিলেন, কারণ কোরআনের নীতিমালা অনুযায়ী তারা সন্তানদের প্রতি দায়িত্ব পালন করতে পারেন। ২১ শতকে কেন আপনি এমন একটি প্রস্তাব দেবেন?

উত্তর দিতে গিয়ে শফিকুর রহমান দাবি করেন, এরকম কোনো কথা তিনি বলেননি।

শ্রীনিবাসন তখন বলেন, জামায়াত আমিরের দেওয়া ওই প্রস্তাব নিয়ে সংবাদমাধ্যমে ব্যাপক আলোচনা হয়েছে।

শফিকুর রহমান তখন বলেন, "আমি বলেছি-একজন মা, একই সঙ্গে যখন তিনি শিশুর দেখভাল করেন, শিশুর যত্ন নেন এবং একই সময়ে যদি তাকে একজন পুরুষের মত একই দায়িত্ব, একই সময় ধরে কাজ করতে হয়, তাহলে সেটা ন্যায়সঙ্গত হয় না।

"অন্তত স্তন্যদানকালীন সময়ের জন্য। যখন তিনি সন্তান ধারণ করছেন বা সন্তানের যত্ন নিচ্ছেন-এই সময়ে তাদের সম্মান দেখানো উচিত। আমরা আসলে দেখেছি, কিছু বোন, কিছু নারী যখন মনে করেন, যে কাজ চালিয়ে যাওয়া সম্ভব নয়, তখন তারা চাকরি ছেড়ে দেন। কিন্তু যদি একটি নির্দিষ্ট সময়ের জন্য কর্মঘণ্টা কমানো হয় এটা সবার জন্য বাধ্যতামূলক নয়। এটা একটি ঐচ্ছিক সুযোগ।"

শ্রীনিবাসন তখন বলেন, "আপনি বলতে চাইছেন, আপনি কেবল স্তন্যদানকালীন সময়ের জন্যই কর্মঘণ্টা কমানোর কথা বলছেন?"

জামায়াত আমির তখন বলেন, "মূলত সেটাই। তবে যদি কোনো নারী সিদ্ধান্ত নেন, 'না, আমি আট ঘণ্টাই কাজ করব', তাহলে কোনো সমস্যা নেই। এটা তার জন্য একটি বিকল্প।"

কিন্তু বাংলাদেশের আইনে ছয় মাতৃত্বকালীন ছুটির সুযোগ যে আগে থেকেই আছে, সে কথা মনে করিয়ে দেওয়া হলে শফিকুর রহমান বলেন, ছয় মাস সময় যথেষ্ট বলে তারা মনে করেন না, কেননা একটি শিশু ছয় মাসে বড় হয়ে যায় না।

শ্রীনিবাসন বলেন, "আপনি নিশ্চয় বুঝতে পারছেন, আপনার এই প্রস্তাবটি মানুষ খুব ভিন্নভাবে নিয়েছে। এ নিয়ে প্রতিবাদও হয়েছে। বাংলাদেশের নারীরা রাস্তায় নেমেছেন। তারা বলছেন, কাজ করবেন নাকি ঘরে থাকবেন-এটা তাদের ব্যক্তিগত সিদ্ধান্ত।"

শফিকুর তখন বলেন, "তারা বিষয়টি ভুল বুঝেছেন। ভাই, আমি আমি তাদের সম্মান করি।"

প্রশ্ন শেষ হয়নি জানিয়ে শ্রীনিবাসন তখন বলেন, "তারা বলছেন, কাজ করবেন নাকি ঘরে থাকবেন-এটা তাদের ব্যক্তিগত পছন্দ। তাদের মতে, আপনার প্রস্তাব নারীদের আবার অন্ধকারের দিকে ঠেলে দেবে এবং তাদের স্বাধীনতা সীমিত করবে।"

জামায়াত আমির উত্তরে বলেন, "না, না, অন্ধকারের কোনো প্রশ্নই নেই। এটা তাদের প্রতি সম্মান দেখানোর বিষয়। অন্ধকারের কোনো প্রশ্ন নেই। আমরা কখনো এমন কথা বলিনি, এমনটা ভাবিও না।

"বিষয়টা কী? হ্যাঁ, কিছু অ্যাক্টিভিস্ট আছেন, যাদের আদর্শ আমাদের সঙ্গে পুরোপুরি সাংঘর্ষিক। তারা রাস্তায় নামতে পারেন। আমরাও তাদের সম্মান করি। মতপ্রকাশের স্বাধীনতাকে আমরা শ্রদ্ধা করি। তারা আসতে পারেন, কিন্তু তারা সমাজের খুবই নগণ্য একটি অংশ।"

বাংলাদেশে তৈরি পোশাক শিল্পে নারীর অবদানের কথা মনে করিয়ে দিয়ে শ্রীনিবাসন জৈন বলেন, "সেখানে ৫০ শতাংশের বেশি নারী। এই জায়গায় পৌঁছাতে তাদের দশকের পর দশক সংগ্রাম করতে হয়েছে। নারীরা কেবল মা হবেন, সন্তান লালন-পালন করবেন-এই ধারণার বিরুদ্ধে তারা লড়েছেন। পুরুষেরাও সেই দায়িত্ব নিতে পারেন। আশঙ্কা হচ্ছে, আপনার এই প্রস্তাব সময়কে পেছনে ঠেলে দিচ্ছে। এখন নিয়োগকর্তারা নারীদের নিয়োগ দিতে চাইবেন না, কারণ তাদের কর্মঘণ্টার ওপর বিধিনিষেধ থাকবে।"

শফিকুর উত্তরে বলেন, "এটা আপনার আশঙ্কা, কিন্তু বাস্তবতা তা নয়। আমার বক্তব্য দেওয়ার পর আমি কয়েকটি পোশাক কারখানা পরিদর্শন করেছি।

"আমি কোথাও এমন কিছু দেখিনি। কোথাও না। বরং তারা স্বস্তি বোধ করছে। তারা বলছে, 'হ্যাঁ, আমরা দুই বছর বা আড়াই বছর পর আবার চাকরিতে ফিরতে পারব।' কিন্তু যখন তারা এখান থেকে বাদ পড়ে যান, তখন আর ফিরে আসতে পারেন না।"

আল জাজিরার সাংবাদিক প্রশ্ন করেন, যারা প্রতিবাদ করেছেন, তারা সংখ্যায় কম বলে তাদের বক্তব্য জামায়াত আমির নাকচ করে দিচ্ছেন কি না।

জবাবে শফিকুর রহমান বলেন, "জি। এটাই গণতন্ত্রের সৌন্দর্য।"

শ্রীনিবাসন জৈন তখন বলেন, "আপনি বললেন, আপনি নারীদের সম্মান করেন। এবং আপনি বিশ্বাস করেন, নারীরা নেতৃত্বের জায়গায় যেতে পারেন। আমি কি জানতে চাইতে পারি, এই সংসদ নির্বাচনে জামায়াতে ইসলামী কতজন নারী প্রার্থী দিয়েছে?"

জামায়াত আমির বলেন, "না। একজনও না। তবে আমরা প্রস্তুতি নিচ্ছি। আমরা ইতোমধ্যে স্থানীয় সরকার নির্বাচনে অংশ নিয়েছি, সেখানে আমাদের বোনেরা প্রার্থী হয়েছেন এবং বিজয়ীও হয়েছেন। ভবিষ্যতে আমরা সংসদ নির্বাচনেও এর জন্য প্রস্তুতি নিচ্ছি।"

তাহলে এই নির্বাচনে একজন নারী প্রার্থীও কেন নেই, সেই প্রশ্ন রাখা হয় শফিকুর রহমানের সামনে।

জবাবে তিনি বলেন, "আপনি দেখবেন, অন্য কোনো দলেও উল্লেখযোগ্য সংখ্যক নারী প্রার্থী নেই। কারণ এটা বাংলাদেশের একটি সাংস্কৃতিক বাস্তবতা। আমরা এর জন্য প্রস্তুতি নিচ্ছি।"

একদিন কোনো নারী জামায়াতের আমির হতে পারেন কি না, সেই প্রশ্ন রাখা হয় শফিকুর রহমানের সামনে।

জবাবে তিনি বলেন, "এটা সম্ভব না। এটা সম্ভব না। কারণ আল্লাহ প্রত্যেককে নিজস্ব সত্তা দিয়ে সৃষ্টি করেছেন। আপনি কখনো সন্তান ধারণ করতে পারবেন না, আর আমরা কখনো শিশুকে বুকের দুধ খাওয়াতে পারব না। এটা সৃষ্টিকর্তার দেওয়া পার্থক্য। নারী ও পুরুষের মধ্যে কিছু পার্থক্য আছে, যা আল্লাহ সৃষ্টি করেছেন। সেগুলো আমরা পরিবর্তন করতে পারি না।"

শ্রীনিবাসন জৈন তখন বলেন, কেউ যদি মা হন, সন্তান লালন-পালন করেন, তবু কেন তিনি জামায়াতের মত একটি সংগঠনের প্রধান হতে পারবেন না, তা তিনি বুঝতে পারছেন না।

শফিকুর রহমান বলেন, "এটা পরিবর্তনযোগ্য নয়। তাদের কিছু সীমাবদ্ধতা আছে। কিছু ক্ষেত্রে তারা দায়িত্ব পালন করতে পারবেন না। শারীরিক অসুবিধা থাকে, আপনি জানেন।"

এ প্রসঙ্গে তিনি আরো বলেন, "বুঝছেন না কেন? একজন মা যখন সন্তান জন্ম দেন, তখন কীভাবে তিনি দায়িত্ব পালন করবেন? এটা কি সম্ভব? কখনোই না। আল্লাহ সবকিছু সবচেয়ে ভালো জানেন।"

আল জাজিরার সাংবাদিক তখন মনে করিয়ে দেন, জামায়াত আমির এমন কথা বলছেন এমন এক দেশে, যেখানে গত তিন দশকে নারী প্রধানমন্ত্রী ছিলেন।

শফিকুর রহমান তখন বলেন, "আমরা তাদের বিরুদ্ধে কোনো প্রতিবাদ করিনি। আগেই বলেছি, আমরা অসম্মান করি না।

"কিন্তু আপনি যদি বিশ্বকে দেখেন, যেসব দেশ উন্নত হয়েছে, সেখানে কতজন নারী সামনে এসেছেন?"

শ্রীনিবাসন তখন প্রশ্ন করেন, "আপনি বলছেন, নারীরা একটি সংগঠনের প্রধান হতে পারবেন না, অথচ তারা ১৬-১৭ কোটি মানুষের দেশের প্রধানমন্ত্রী হতে পারেন? তাহলে স্পষ্টতই নারীরা নেতৃত্ব দেওয়ার সক্ষমতা রাখেন।"

এ প্রশ্নের উত্তরে জামায়াত আমির দাবি করেন, বিশ্বের বেশিরভাগ দেশই নারী নেতৃত্বকে "বাস্তবসম্মত মনে করে না" এবং এটাই "বিশ্বের বাস্তবতা।"

শফিকুর রহমান এও দাবি করেন, নারী নেতা ছিলেন-এমন দেশের সংখ্যা "অল্প"।

শ্রীনিবাসন তখন মনে করিয়ে দেন, এই জামায়াতই ২০০১-২০০৬ মেয়াদে বিএনপির সঙ্গে জোট সরকারে ছিল। একজন নারী, খালেদা জিয়া তখন প্রধানমন্ত্রী ছিলেন।

খালেদা জিয়া প্রধানমন্ত্রী হিসেবে ভালো করেছিলেন কি না, শফিকুর রহমানের কাছে তা জানতে চাওয়া হয়।

জবাবে তিনি বলেন, খালেদা জিয়াকে নেতা বানানো বিএনপির দলীয় সিদ্ধান্ত, জামায়াতের নয়।

"আমাদের দলীয় সিদ্ধান্তকে সম্মান করা উচিত। আমরা কারও ওপর কিছু চাপিয়ে দিতে পারি না।"




এ জমকালো আয়োজনে সঙ্গীতে অংশ নেন তারকা শিল্পী মুমিন, নাজু আখন্দ, মিজে রায়হান, সানী, রিজা, কাজল, আকতার জনি, লাল্টু প্রমুখ। শিল্পীদের অনবদ্য পরিবেশনা দর্শক-শ্রোতারা গভীর রাত পর্যন্ত উপভোগ করেন। একের পর এক সঙ্গীত পরিবেশন করে দর্শকদের মাতিয়ে রাখেন শিল্পীরা। অনেকে শিল্পীদের সাথে নেচে-গেয়ে উল্লাস প্রকাশ করেন। নিউইয়র্কের বিনোদনপ্রিয় দর্শকদের কাছে সন্ধ্যাটি ছিল বেশ উপভোগ্য। দর্শকরা জানান, গভীর রাত অবধি উচ্ছ্বাস-আনন্দ আমেজে প্রতিধ্বনিত হয় বাংলাদেশ আর বাঙালি সংস্কৃতির জয়গান। দর্শকদের মন জয় করে নেয় এসব পরিবেশনা।

## বাপা'র সভাপতি আলম, সম্পাদক জামিল

৩ পৃষ্ঠার পর

ভোটাধিকার প্রয়োগ করেন।

এ ছাড়া এ নির্বাচনে প্রথম সহ-সভাপতি নির্বাচিত হয়েছেন সার্জেন্ট ডিটেকটিভ মোহাম্মদ এনামুল এহসান সিদ্দিকী। দ্বিতীয় সহ-সভাপতি পদে নির্বাচিত হন ট্রাফিক সুপারভাইজার মোহাম্মদ আলী চৌধুরী।

কোষাধ্যক্ষ পদে লেফটেন্যান্ট শেখ মুরাদ আহমেদ, সহ-কোষাধ্যক্ষ পদে সার্জেন্ট সোনিয়া বড়ুয়া, সার্জেন্ট-অ্যাট-আর্মস পদে সার্জেন্ট শিব্বির আহমেদ, মিডিয়া লিয়াজোঁ পদে সার্জেন্ট জসিম মিয়া, ইভেন্ট কো-অর্ডিনেটর পদে পুলিশ অফিসার মোহাম্মদ ইসলাম রিপন, কমিউনিটি আউটরিচ কো-অর্ডিনেটর পদে সার্জেন্ট মো. লতিফ এবং করেসপন্ডিং সেক্রেটারি হিসেবে নির্বাচিত হন ট্রাফিক সুপারভাইজার মহিউদ্দিন আহমেদ।

নির্বাচনটি পরিচালনা করেন বাংলাদেশি আমেরিকান পুলিশ অ্যাসোসিয়েশন নির্বাচন কমিশনের সদস্য লেফটেন্যান্ট মোহাম্মদ এফ. খান, ক্যাপ্টেন হোসেন ইসলাম ও সার্জেন্ট কে. এম. হাসনাত। নির্বাচন কমিশন নবনির্বাচিত প্রার্থীদের অভিনন্দন জানানোর পাশাপাশি নির্বাচনে অংশগ্রহণকারী সকল প্রার্থী, ভোটার ও সংশ্লিষ্ট সবাইকে আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা প্রকাশ করেন। নবনির্বাচিত নেতৃত্ব সংগঠনের ঐক্য সুদৃঢ় করা, পেশাগত উন্নয়ন নিশ্চিত করা এবং কমিউনিটির কল্যাণে আরও কার্যকর ও গতিশীল ভূমিকা পালন করবে-এমন প্রত্যাশা ব্যক্ত করেন তারা। আগামী সোমবার নবনির্বাচিত কমিটির শপথ গ্রহণ অনুষ্ঠিত হওয়ার কথা রয়েছে। উল্লেখ্য, বিশ্বের অন্যতম শক্তিশালী পুলিশ বাহিনী নিউইয়র্ক পুলিশ ডিপার্টমেন্টে (এনওয়াইপিডি) কর্মরত বাংলাদেশি বংশোদ্ভূত আমেরিকান পুলিশ সদস্যদের উদ্যোগে বাংলাদেশি আমেরিকান পুলিশ অ্যাসোসিয়েশন (বাপা) গড়ে ওঠে। পরবর্তীকালে যুক্তরাষ্ট্রের বিভিন্ন স্টেটে কর্মরত বাংলাদেশি আমেরিকান পুলিশ সদস্যরাও এতে যুক্ত হন।




## গ্লোবাল হিউম্যান ফ্রিডমসের 'বাংলা মিউজিক ফ্যাস্টিভল'

১৫ পৃষ্ঠার পর

সভাপতি কাজী তোফায়েল ইসলাম, সাধারণ সম্পাদক শেখ ফারুকুল ইসলাম, কোষাধ্যক্ষ ওয়াহিদ কাজী এলিন, নারীনেত্রী রেজোয়ানা রাজ্জাক সেতু, জ্যাকসন হাইটস ম্যানহাটান বাংলাদেশী বিজনেস এসোসিয়েশনের সাধারণ সম্পাদক মোঃ রিয়াজুল কাদির লস্কর মিঠু সহ কমিউনিটি নেতারা। জাকজমকপূর্ণ এ অনুষ্ঠানে কমিউনিটি নেতৃবৃন্দ, ব্যবসায়ী, সাংস্কৃতিক কর্মীসহ বিপুল সংখ্যক প্রবাসী যোগ দেন।

অনুষ্ঠানে সকলকে স্বাগত জানিয়ে গ্লোবাল হিউম্যান ফ্রিডমস অব ইউএসএ'র চেয়ারম্যান তরিকুল হোসেন বাদল বলেন, প্রবাসে বাংলা সংস্কৃতির বিকাশে আমাদের অব্যাহত প্রচেষ্টার অংশ হিসেবে আজকের এই আয়োজন। তিনি সবার সহযোগিতা কামনা করে বলেন, আমাদের সঙ্গে থাকার জন্য আপনাদের কাছে গভীরভাবে কৃতজ্ঞ।

প্রবাসে বাঙালি সংস্কৃতি পৃষ্ঠপোষকতা ও বিকাশে অবদানের জন্যে বেশ ক'জনকে অ্যাওয়ার্ড প্রদান করা হয়। সম্মাননা প্রাপ্তরা এ সময় নিজের অনুভূতি ব্যক্ত করতে গিয়ে বলেন, যে কোন সম্মাননাই আনন্দের। তারা আয়োজকদের সুন্দর আয়োজনের জন্য ধন্যবাদ জানিয়ে ভবিষ্যতেও বাঙালি সংস্কৃতির পৃষ্ঠপোষকতা অব্যাহত রাখার আহ্বান প্রদান করেন।




## গ্লোবাল হিউম্যান ফ্রিডমসের 'বাংলা মিউজিক ফ্যাস্টিভল'

৩ পৃষ্ঠার পর

চেয়ারম্যান ও জ্যাকসন হাইটস ম্যানহাটান বাংলাদেশী বিজনেস এসোসিয়েশনের সভাপতি তরিকুল হোসেন বাদল, 'বাংলা মিউজিক ফ্যাস্টিভ্যাল'র চীফ এক্সিকিউটিভ ইঞ্জিনিয়ার আব্দুল খালেক, অন্যতম আয়োজক সঙ্গীত শিল্পী রিজা ও চিত্রনায়িকা শাবনূর।

অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন বিশিষ্ট রাজনীতিবিদ নুরুল আমিন বাবু। বিশেষ অতিথি ছিলেন বাংলাদেশ সোসাইটির ট্রাস্টিবোর্ড সদস্য আজিজুর রহমান সেলিম ও কোষাধ্যক্ষ মফিজুল ইসলাম ভূঁইয়া রুমি, কুইন্স বাংলাদেশ সোসাইটির

## সাবেক ছাত্রীকে ১৩ হাজার অশ্লীল মেসেজ দিয়ে গ্রেপ্তার

৩ পৃষ্ঠার পর

বছরের কিশোরী। তদন্তে উঠে এসেছে, দুজনের মধ্যে ১৩ হাজারের বেশি টেক্সট বার্তা আদান-প্রদান হয়েছে, যার একটি বড় অংশ ছিল অশ্লীল প্রকৃতির। এ ছাড়া ২০২৫ সালের জুলাই মাসে অভিযুক্ত শিক্ষক প্রথমবার ওই কিশোরীকে ধর্ষণ করেন বলে অভিযোগ রয়েছে। পেন্টার গাম্বারিতা জুনিয়র-সিনিয়র হাই স্কুলে শিক্ষকতার পাশাপাশি মেয়েদের রেসলিং দলের কোচ হিসেবেও দায়িত্ব পালন করতেন। তবে ভুক্তভোগী শিক্ষার্থী কখনো তার সরাসরি ক্লাসের ছাত্রী ছিলেন কি না, তা এখনও নিশ্চিত হয়নি।

## নিউ জার্সির এগ হারবার টাউনশীপে পিঠা উৎসব

৩ পৃষ্ঠার পর

সাম্প্রতিক এই পিঠা উৎসবের আয়োজনে ছিলেন ফাতিনা সুলতানা,হাসনুর সুলতানা,তাজরিন তাহিন,নাসেরাত লিপি, নাজমুন সুলতানা, রুবি নুরনাহার। পিঠা উৎসবের আয়োজন প্রসঙ্গে আয়োজকরা বলেন, প্রবাসে আমাদের সামাজিক বন্ধন দৃঢ় করা এবং লোকজ ও বাঙালির সংস্কৃতির বহিঃপ্রকাশের লক্ষ্যেই এই আয়োজন। বিশেষ করে প্রবাস প্রজন্মের মনোভূমে লোকজ সংস্কৃতি জাগরুক রাখার লক্ষ্যেই আমাদের এই প্রয়াস। তাঁদের এই কথার প্রমাণ মেলে পিঠা উৎসবে প্রবাস প্রজন্মের ব্যাপক অংশগ্রহণ ও তাদের উৎসাহ উদ্দীপনায়।

পিঠা উৎসবের সঙ্গে বাড়তি পাওনা ছিল জামান রুসু, সোহেল ও আনিক এর মনোজ্ঞ সংগীত পরিবেশনা।

## যুক্তরাষ্ট্রে বাংলাদেশের নির্বাচনে পর্যবেক্ষক পাঠাবে না

৩ পৃষ্ঠার পর

যাবেন। তিনি আরও বলেন, এটা আনুষ্ঠানিক কোনো পরিদর্শন নয়। তারা এমনিতেই দেখতে যাবেন ভোটের অবস্থাটা কী। এ বিষয়ে তাদের ইচ্ছাটা আমাদের জানিয়েছে এবং নির্বাচন কমিশন সাদরে তাদের এ উদ্যোগকে স্বাগত জানিয়েছে। আখতার আহমেদ বলেন, বৈঠকে তারা ইলেকশনের সার্বিক ব্যবস্থাপনা সম্পর্কে জানতে চেয়েছেন। সার্বিক ব্যবস্থাপনার মধ্যে তাদের বেশি কৌতূহল ছিল পোস্টাল ব্যালট নিয়ে।

ইসি সচিব বলেন, আমরা পোস্টাল ব্যালটের বিষয়ে আমাদের সার্বিক প্রস্তুতি নিয়ে তাদেরকে জানিয়েছি, সেই সঙ্গে নমুনা ব্যালট দেখিয়েছি। তারা বলেছেন যে, এটা একটা জটিল ও বেশ কষ্টসাধ্য একটা ব্যাপার। তবে তারা আমাদের উদ্যোগকে সাধুবাদ জানিয়ে নির্বাচন কমিশনের সার্বিক সফলতা কামনা করেছেন। ইসি সচিব বলেন, তারা জানতে চেয়েছিলেন যে কোড অব কন্ডাক্টের বিষয়গুলো সম্পর্কে আমাদের সার্বিক প্রস্তুতি আমরা তাদের জানিয়েছি যে, আমাদের ইলেক্টোরাল ইনকোয়ারি কমিটি আছে, কমপ্লেইন ম্যানেজমেন্ট সেল আছে। এখানে যারা কর্মরত আছেন তাদের সঙ্গে যোগাযোগ করে এই জিনিসগুলোকে সমন্বয় করা হচ্ছে। তিনি আরও বলেন, তারা এটাও জানতে চেয়েছিলেন যে, আমরা আমাদের আইনশৃঙ্খলা ব্যবস্থাপনা কী হতে যাচ্ছে। আমরা বলেছি প্রায় সাড়ে ৯ লাখ আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর কর্মী বিভিন্ন স্তরে কাজ করবেন। এটা শুনে তিনি (মার্কিন রাষ্ট্রদূত) সন্তোষ প্রকাশ করেছেন।

# এই সপ্তাহের কবিতা



## বন্ধুতার সপ্তর্ষি

মনিজা রহমান

যখন সময় হবে সব কিছুই চলে যাবে
হেঁটে হেঁটে উড়ে উড়ে ভেসে ভেসে।
শৈশব চলে গেছে, চলে গেছে কৈশোরও জলাঞ্জিকে
বিদায় জানানোর জন্য প্রস্তুত টান টান তারুণ্য।
স্মৃতিতে জলছবি গোল্লাছুট আর ঘুড়ি-ওড়ার
বেণি দুলিয়ে স্কুলে যাওয়া
প্রাইভেটে স্যারের কাছে অংক
ক্লাস ফাঁকি দিয়ে সিনেমা দেখে
তিনজনে শেয়ারে রিকশায় ফেরা
ক্যাম্পাসে ঘাসের ওপর আড্ডা।
কেবল বন্ধুত্বের সপ্তর্ষি জেগে থাকে
হৃদয়ের বর্ষা-বসন্তে, সূর্য ও চন্দ্রগ্রহণে
শ্বেতপাথরের রাজপ্রাসাদে
ধান-বাতাসি কুঁড়েঘরে।



## নারী শক্তির বিকাশ হোক

সুজন দাশ

উপেক্ষা করে নারী শক্তিকে পুরুষেরা চিরকাল,
ধরতে চেয়েছে আপনাকে মেলে দিয়েছে সে সুরে তাল।
অন্তঃপুরের সীমানার মাঝে রাখতে চেয়েছে বেঁধে,
চেয়েছে রাখবে পদতলে তারে শাস্ত্রের ফাঁদ ফেঁদে!

পেশীর জোরেতে চেয়েছে থামাতে শোনেনি তাদের বাণী,
করেছে হত্যা ধর্ষণ তারে করেছে অসম্মানি!
ভাবেনি পুরুষ নারী ছাড়া কভু পুরুষ থাকে না টিকে,
মুছে যায় তার যশ গৌরব বাঁচা হয়ে ওঠে ফিকে।

প্রকৃতির রূপে নারীই কেবল সৃষ্টিকে ধরে রাখে,
জোগায় শক্তি পুরুষের প্রাণে প্রেরণার ছবি আঁকে!
সৃষ্টির সেই আদিকাল হতে পুরুষের পাশে নারী,
দিয়েছে সঙ্গ কর্ম ও শ্রম তাদের সাগরে পাড়ি।

বেঁধেছে মায়া ও শৃংখলতায় মমতার ঢেলে সুধা,
শিখিয়েছে প্রেম ভালোবাসা প্রীতি মিটিয়েছে দেহ ক্ষুধা।
হেন কাজ নেই পারে না নারীরা পুরুষ করতে পারে,
সামলাতে পারে দশদিক ওরা শান্তিও আনে ঘরে।

মূর্খ পুরুষ এখনো নারীকে ভোগের পণ্য ভাবে,
মনে করে নারী পদানত তার চাইলেই কাছে পাবে!
না বুঝলে এটা নারীরা কখনো আগাবে না সম্মুখে,
পড়ে পড়ে খাবে মার চিরদিন ভাসবে বেদনা দুখে!



## নীরব অপেক্ষা

ইকবাল খান

আমার হৃদয় যদি হতো ফুলের বাগান,
ভোরের আলো সেখানে প্রথম এসে পড়ত।
প্রতিটি পাপড়িতে লিখে দিতাম নীরব প্রার্থনা,
যা উচ্চারণের সাহস আমার কোনোদিন হয়নি।

তুমি এলে-
হাওয়ার মতো, শব্দহীন,
পাতারা কেঁপে উঠত অজান্তে,
ফুলেরা নিজেরাই পাঁপড়ি মেলে ধরতো।

কিছু ফুল ঝরত ধীরে সন্ধ্যার হাতে,
কিছু বেঁচে থাকত ঋতুর পর ঋতু।
আমি আলাদা করতাম না তাদের।

যেগুলো ঝরে-তারা অক্ষয় স্মৃতি,
যেগুলো থাকে-তারা অবিনশ্বর দুঃখ,
আর মাঝখানে যে সুগন্ধ ভাসে-
তার নাম নীরব অপেক্ষা।



## রোদ উঠোনে

সুফিয়ান আহমদ চৌধুরী

শ্যামল গাঁয় শীতের দিনে
খুশির কত ধুম,
পাখির মেলা নীল আকাশে
দেয় তো মিষ্টি চুম।

শ্যামল গাঁয় নতুন চালে
পিঠার স্বাদ টানে,
রোদ উঠোনে সকাল বেলা
মনটা জুড়ে গানে।

নতুন বধূ নোলক নাকে
পিঠায় খুঁজে সুখ,
নূপুর পায়ে ঝুমুর ঝুম
কতই খুশি মুখ।

পিঠার মেলা গাঁয়ের ঘরে
হরেক পিঠে ঘ্রাণ,
অথই হাসি উজালা গাঁয়
আনন্দে ভরে প্রাণ।

শ্যামল গাঁয় শীতের দিনে
পিঠায় যায় বেশ,
হরেক পিঠা মজার স্বাদে
খুশির নেই শেষ।



## অসুস্থ রাজনীতি

হাফিজুর রহমান

ধারনাটি বদলাতে হবে,
শোষিত নেতৃত্বের নেতা
শোষণের রাজনীতি -
তাল্যাগে না আর ভাবতে!
হতে দিতে সুস্থ সংস্কৃতির।

প্রতিস্থাপন করে বিশ্বাস
আস্থার রাজনীতি চাই,
সৎ সকল নেতার
মেনে নিয়ে ঠিক নেতৃত্ব:
দেশের হতে সুনাগরিক।





## রিফিউজি লতার বালা

আনজানা ডালিয়া

হারিয়ে গেছে আমার ঘাঁসফড়িং
খুঁজেছি সারা পাড়াময়
সাথে নিয়ে গেলো আমার উচ্ছলতা
নিয়ে গেলো স্বর্নলতার সাতনরি হার
সোনালুর কানফুলও রেখে গেলোনা
বুনো বেলীর নাকছাবিটা বড্ড আপন ছিলো
রিফিউজি লতার বালা জোড়া তাও নিলো।
কোন তেপান্তরে হারালে তুমি?
আকাশ নীলে লীন হয়ে গেলে তবে।



## অভিমান

লুৎফুর রহমান চৌধুরী

অভিমান করে যদি কেউ চলে যায় বন্ধু
তাকে মায়ার সুঁতো দিয়ে বেঁধে রেখো না
কারণ সেই সুঁতো একদিন কাল হয়ে
দাঁড়াবে,
তোমার নিঃস্বার্থ ভালোবাসার সামনে
তখন তাকিয়ে থাকবে বোকার মত
মুখ থেকে কোন ভাষা বের হবে না
স্তব্ধ হয়ে যাবে কন্ঠস্বর!
ঝরে পড়বে চোখ থেকে অশ্রুজল।

অভিমান করে চলে যাওয়া পাষাণীকে
কখনো মধুর সুরে কাছে ডাকতে যেওনা
নতুবা বারবার তোমাকেই ভুলের মাশুল
গুনতে হবে,
মনে রেখো জীবন একটা লম্বা রশির মত
ভালো কিছুর অপেক্ষায় দাঁড়িয়ে থেকো
ভেঙ্গে পড়লে হবে না,
হয়তো ভালো কিছু তোমার জন্য
ঘোমটা পড়ে দাঁড়িয়ে আছে
অজানা কোন এক শহরের অলিগলিতে।



## বিভূতি বিলাস

আসাদুজ্জামান খান মুকুল

তুচ্ছবোধে অকিঞ্চনে গণে ধূলিকণা,
লভে না লোকেতে কভু সুউচ্চ সম্মান,
নিন্দাজ্ঞানে সর্বক্ষণে ছুড়ে বিষ-বাণ,
অজ্ঞানে দগ্ধে ভষ্ম প্রবঞ্চিত জনা।
যদ্যপি অভাবে সুপ্ত দুর্জয় চেতনা,
দীনতাই অসি-সম ছেদে দ্বৈধজ্ঞান,
তিতিক্ষাতে ক্ষয়ে সর্ব ভব-মুহ্যমান,
তারি মহিমাতে লীন স্থূলতার ফণা।

চিত্তে জাগে অজ্ঞতার তমসা সুদূর,
শ্রেষ্ঠত্বের অর্জনেতে মন্দ্রিত নূপুর।

অহমিকা বিদীর্ণ যে হৃদয়ের-তার,
অকিঞ্চন হবে মাতে ভক্তির উচ্ছ্বাসে,
বিভব যে অনটন প্রান্তে অলঙ্কার,
সত্তোরই সৌরভ জাগে চৈতন্য-আভাসে।



## মৈত্রী

সাঈদুর রহমান লিটন

ঘুটে কুড়ানো কেলানীর হাসি
মন হারানো প্রভা, নিষ্পাপ সরলতা,
হৃদয় বাড়িয়ে দেই তাড়নায়।

পথ হারানো শিশুর, বুক কাঁপানো কান্না,
চষে যায় বুকের এক বিঘত জমি
হাত বাড়িয়ে দেই চেতনায়।

নিঝুম রাতে রাস্তার ধারে ঘুমানো,
গুড়ি গুড়ি বৃষ্টি আর চোখের জলে প্লাবন ,
হাত বাড়িয়ে দেই বেদনায়।

রাস্তায় দাঁড়ানো, পতিতা নারীর আকুতি
খদ্দেরের অভাব, পেটের তাড়না!
চোখে জল আসে করুনায়।

পদ্মাপারে ভাগ্যবিমুখ মানুষের চিৎকার,
দিন কেটে যায় চরের আশায়
কষ্ট ধুয়ে দেই নদীর জলে।


ZILLUR TAX ACCOUNTING
& INSURANCE SERVICES
• Tax Filing & Payroll
• IRS Audit Assistance
• Insurance &
• Real Estate Services
Zillur Rahim
EA, CAA, MBA
IRS Enrolled Agent
• OUR SERVICES
Personal Tax Filing
Business Tax Filing
New Business Setup
Home & Business Insurance
Immigration Services
ITIN Number Application
Notary Services
zillurincometaxnyc@gmail.com
www.zillurtaxandinsurance.com
Cell: 646-322-3254
Office: 718-374-3110
88-11 169 Street, 2nd Floor
Jamaica, NY 11432


IMMIGRATION
ইমিগ্রেশন
TRANSLATION
TAX FILING
Dilli R. Bhatta
Attorney at Law
Shamim Shahed
Certified Paralegal
Legal Investigator
• ইমিগ্রেশন • অ্যাসাইলাম
• অ্যাক্সিডেন্ট • পারসোনাল ইনজুরি
• ডিভোর্স (আনকনটেস্টেড)
631-805-1051
Primavera 37-07 74th Street, Suite #3
Jackson Heights, NY 11372
We Work with
BHATTA LAW & ASSOCIATES


www.careeracademyny.com
CAREER ACADEMY
OF NEW YORK
BECOME A CERTIFIED
HOME HEALTH AIDE
TODAY!
HHA, PCA & PCA TO HHA
CERTIFICATION COURSE
347-425-3878
CALL NOW
A CONCERN OF
SHAH NAWAZ GROUP
SHAH NAWAZ
GROUP
347-425-3878 careeracademyofny@gmail.com
975 Liberty Avenue, Brooklyn, New York-11208

# ICE Shootings Are Freaking Out the GOP. They're Afraid to Tell Trump

Ajkal Desk



To cover the Republican Party in the age of President Donald Trump requires a grasp of cryptology.

Because of the unflinching personal loyalty he demands, and punishment he'll administer on public dissenters, leading GOP officials speak in rhetorical code.

And in the aftermath of the second killing by federal agents of a protester in Minnesota, there's been a stream of statements, comments and sound bites from party lawmakers that beg for translation.

Before we get to the private and public messages being transmitted, however, a word on what top Republicans actually believe about what has become a deepening crisis for the White House, based on my conversations over the last two days.

They are concerned more protests to the bloodshed may beget additional incidents, have little faith in DHS Secretary Kristi Noem and, from a raw political standpoint, worry the party has squandered the best issues it had when voters were otherwise frustrated with the cost of living: the border and public order.

Immigration, broadly, as one veteran senator granted anonymity to speak candidly told me over the weekend, is for the GOP what health care is for Democrats — a "home game." Yet with viral images of Americans being shot in broad daylight replacing migrants stampeding across the country's border, that advantage is quickly dissipating.

So what are Republican elected officials doing to address what could prove calamitous, for the country and their political fortunes?

To date, it's the usual approach.

They plead with Trump and his advisers in private to calm tensions, as a handful did this weekend. However, most officials hope one of their colleagues can do that work so they don't have to play the heavy. "You can talk to them" or "Can you talk to them?" are phrases I don't need access to text chains to know are being relayed between top Republicans.

When lawmakers do reach Trump, the dialogue is similar to those private messages he posted last week from European leaders eager to get him off his Greenland fetish: Start with praise and flattery before moving to the heart of the matter.

And while hope may not be a strategy, as the saying goes, there's a whole lot of hope among Republican officials — mostly that they don't have to go public with their true feelings, because if they wait for a few days the president will consume so much media coverage he'll recognize the depth of the crisis.

The first signs of that shift emerged Sunday night. In an interview with the Wall Street Journal's Josh Dawsey, Trump declined to say the officer who killed Alex Pretti had done the right thing and pronounced that "we're reviewing everything and will come out with a determination." That came, it barely requires noting, all of one day after Trump justified the killing and his lieutenants did as well, in even starker terms.

Monday morning, Trump took concrete steps to marginalize Noem and Border Patrol Chief Gregory Bovino, who have become the face of Continued on page 26



# 'Bangladesh can proudly say that we have a Runa Laila': Alamgir

Anik Raj

Legendary singer Runa Laila's unique approach to practice and her illustrious musical journey have recently come to light, with insights shared by her husband, film actor Alamgir.

Speaking about his wife's achievements, Alamgir said, "Bangladesh can proudly say that we have a Runa Laila of our own." He added that receiving such immense love from people is one of the greatest achievements in an artiste's life. "Many years ago, I heard that an Indian newspaper had written, 'Give us Runa, and we will give you the water of the Farakka.' That is a huge achievement in an artiste's life — a truly great one," Alamgir recalled.

Runa Laila appeared as a guest on a programme aired by a private television channel, where Alamgir shared his thoughts via a video message. He said, "Runa Laila has received immense respect and love in her life. Respect can be earned and is given by the people, but receiving love is a matter of fortune — and that is the greatest achievement of all."

Alamgir also spoke about her unconventional practice routine. He revealed that he has never seen her sit for long periods practicing with a tanpura, nor does she use modern devices to maintain pitch. Instead, he often observes her doing vocal exercises while walking, performing household chores, folding clothes, and even in the bathroom.

"One day I asked her — you never sit down to practice, so is this really practice?" Alamgir said. Runa Laila replied, "What I need is to keep my voice in the right place. By doing these taans, my practice is getting done. And I have practiced so much in my life and learned so much from different ustads that the pitch now lives in my ears." During the programme, Runa Laila also shared anecdotes about her husband's quirks. She said, "Alamgir has a bit of an obsession with his hair — he's always fixing it. Even when we're discussing something important, you'll see him adjusting his hair. Even in the elevator, he keeps tidying it." Continued on page 26



# Trump's cuts may halt $16B Hudson River train tunnel

Shah Nawaz

River train tunnels in more than a century will halt next week if the Trump administration doesn't resume funding mandated by Congress, the project's leaders said Tuesday.

The project, known as the Gateway tunnel, is near the end of its line of credit to keep the work going, officials said. The situation prompted labor unions and Democratic congressmembers to join a growing chorus of construction leaders who are pleading with the president to get the funding flowing again. Project executives warned they'd have to stop construction Feb. 6 if the logjam isn't resolved.

In October, President Donald Trump ordered federal funding for the $16 billion project paused while his administration reviewed whether Gateway officials complied with new rules surrounding contracts for women- and minority-owned businesses. The move came during last fall's federal government shutdown, which Trump blamed on Democrats and Chuck Schumer, the senate minority leader from New York.

The project is funded with 70% federal grants, and the remaining 30% is split between New York and New Jersey.

"This makes absolutely no sense yet here we are. There is only one person who terminated Gateway, and there is only one person who could get it back on track, and that is President Trump," Schumer said Tuesday during a meeting of the Gateway Development Commission, which oversees the project. "It is insane."

White House officials now blame their decision to withhold funding on Democrats' immigration policies, rather than issues with Gateway's contracts.

"It's Chuck Schumer and Democrats who are standing in the way of a deal for the Gateway Tunnel Project by refusing to negotiate with the Trump administration," White House spokesperson Kush Desai wrote in a statement. "There is nothing stopping Democrats from prioritizing the interests of Americans over illegal aliens and getting this project back on track."

Desai's comments came a day after Schumer said he would try to block a funding bill for the U.S. Department of Homeland Security. Schumer announced the move two days after the fatal shooting of Alex Pretti by federal immigration agents in Minneapolis.

This comes as the federal government is heading toward a partial shutdown Friday if Congress can't make a deal.

Gateway CEO Tom Prendergast warned it would be hard to restart the project if it shuts down next week, saying 1,000 workers would be immediately terminated.

"If you suspend a job and have to close it down and secure it to start it up, you not only lose time, but you are spending money on things you didn't anticipate to spend money on," Prendergast said.

The tunnel project is well underway, with tunneling expected Continued on page 26



# Remain alert to to ensure rights are protected, Tarique tells Uttara rally

Ajkal Desk

People should remain alert to ensure that no new fascists can emerge in the future and take away their political and civil rights, said BNP Chairman Tarique Rahman today.

"If the people who believe in democracy in Uttara and across the country stay alert, no one will be able to take our rights away from us," he said at an election rally in Dhaka's Uttara at around 1:15am.

Referring to the election set for February 12, which he said was achieved by people through great hardship, the BNP chief said, "There was a conspiracy against this right before... our rights were taken away. Now again, some people have started hatching conspiracies. If you stay united and alert, we will be able to free ourselves from conspiracies."

He said that in the past, people were told a number of tales, but their problems were never resolved.

"There is a lot of work ahead. Bangladesh faces many challenges. If we remain united and if we can strengthen our democracy, we will slowly overcome these problems," he said.

He said that a change came to the country after August 5, at the cost of many sacrifices and blood.

"So we must protect the flow of this change. What is this change? We must establish democracy in the country. We must establish political rights. We must establish people's right to speak. We must firmly establish the right to vote," he said.

Tarique said, "As the election approaches, we see one party speaking against another in many ways. Even if I speak about other political parties today, it will not bring much benefit to the people."

Highlighting Uttara's gas crisis, Tarique said BNP would work to solve the problem, if voted to power.

"A major problem here is that people do not get gas, but they still pay bills. In the past, we saw that new gas fields were not allowed to be explored. We must solve this," he said. He said that if BNP comes to power, steps would be taken to build a government hospital to meet the demands of low- and middle-income residents of Uttara. Tarique also said canals would be excavated to solve Uttara's water crisis.

"The monsoon season will start soon, and then waterlogging will become the main problem here. If BNP forms the government, this problem will be solved first," he said.

Terming drug abuse a major problem in Uttara, Tarique said, "There is a huge drug problem in this area. Many families have already been destroyed or are on the path of destruction. This must be solved anyhow."

Earlier, at 5:00pm yesterday, Tarique spoke at the Mymensingh rally and later attended the Gazipur rally at 12:00am, accompanied by his wife Zubaida Rahman.



# Trump says Putin agrees to pause Kyiv strikes amid harsh cold

Ajkal Desk

US President Donald Trump said Thursday that Russia's Vladimir Putin agreed to a personal request to halt attacks on Kyiv and other Ukrainian cities, after Moscow's strikes left millions without heating during an "extreme" cold snap.

Trump's claim comes as Russian strikes on Ukraine's power infrastructure have disrupted light, heating and water supplies, with temperatures plummeting and leaving the war-battered country facing a fresh humanitarian crisis.

The Kremlin did not immediately confirm any truce, while Ukrainian President Volodymyr Zelensky thanked Trump and said he was counting on Washington to secure the pause in attacks.

"Because of the cold, extreme cold... I personally asked President Putin not to fire on Kyiv and the cities and towns for a week during this," Trump told a cabinet meeting at the White House. "They've never experienced cold like that. And I personally asked President Putin not to fire into Kyiv and the various towns for a week. And he agreed to do that, and I have to tell you, it was very nice," he added.

Ukraine's state weather agency on Thursday forecast a drastic dip in temperatures to as low as minus 30C in coming days as authorities race to restore services.

Trump, who met Putin in Alaska last year amid great fanfare but without achieving any breakthrough, said he trusted the Russian leader to honor the agreement.

"People said, 'don't waste the call. You're not going to get that.' And he did it," said Trump, without specifying when the conversation took place, or when the Continued on page 26



# UK PM signals China reset in talks with Xi

Ajkal Desk

British Prime Minister Keir Starmer told Chinese President Xi Jinping yesterday that he wanted to build a "sophisticated relationship" with Beijing to bolster security and the economy, signalling a reset after years of strained ties.

On the key day of his four-day visit to China, the first by a British prime minister in eight years, Starmer spent around three hours with Xi during a formal summit and a lunch, during which the pair also chatted about soccer and Shakespeare.

The British leader, whose centre-left Labour government has struggled to deliver the economic growth it promised, has made improving relations with the world's second-largest economy a priority, despite misgivings about espionage and human rights.

"China is a vital player on the global stage, and it's vital that we build a more sophisticated relationship where we can identify opportunities to collaborate, but of course, also allow a meaningful dialogue on areas where we disagree," Starmer told Xi at the start of their meeting.

Xi said ties with Britain had gone Continued on page 26



# গর্ভাবস্থায় উচ্চ রক্তচাপে যা করণীয়

ডা. হাসনা হোসেন আঁখি

গর্ভকালীন সিস্টোলিক রক্তচাপ ১৪০ মিলিমিটার পারদের সমান বা বেশি অথবা ডায়াস্টোলিক রক্তচাপ ৯০-এর সমান বা বেশি হলে তাকে গর্ভকালীন উচ্চ রক্তচাপ বলে। রক্তচাপ ১৬০/১১০-এর সমান বা তার বেশি হলে তাকে মারাত্মক উচ্চ রক্তচাপ বলে। যদি গর্ভাবস্থায় ২০ সপ্তাহের আগে আপনার উচ্চ রক্তচাপ থাকে তবে তা সাধারণত ক্রনিক উচ্চ রক্তচাপ বলে ধরা হয়। এ ধরনের রক্তচাপ সাধারণত দীর্ঘস্থায়ী এবং পাঁচ ভাগের মতো মায়েরা এতে আক্রান্ত হন। গর্ভকালীন উচ্চ রক্তচাপ সাধারণত গর্ভাবস্থায় দেখা দেয়; এ ধরনের রক্তচাপ বেশিরভাগ সময় বাচ্চার জন্মের পরে ঠিক হয়ে যায়।



* ঝুঁকির কারণ

ওজন বেশি থাকা, অলস জীবন-যাপন, ধূমপান, মদ্যপান, প্রথমবারের মতো গর্ভাবস্থা, পারিবারিক ইতিহাস একাধিক শিশু গর্ভে ধারণ করা, ৪০ বছর বয়স বা তার বেশি এবং টেস্টটিউব বেবি ধারণ করা ইত্যাদি।

* লক্ষণ

উচ্চ রক্তচাপের সাধারণত লক্ষণ প্রকাশ পায় না। এ কারণে নিয়মিত রক্তচাপ না মাপলে হয়তো বুঝতেই পারবেন না যে, আপনার উচ্চ রক্তচাপ আছে। তবে কিছু কিছু লক্ষণ মাঝে মাঝে দেখা দিতে পারে, যেমন-প্রচণ্ড মাথাব্যথা, উদ্বিগ্ন থাকা, বমি আসা, চোখে ঝাপসা দেখা, পায়ে পানি আসা এবং ওপরের পেটে ব্যথা করা ইত্যাদি।

* গর্ভাবস্থায় উচ্চ রক্তচাপের প্রভাব

হাই ব্লাডপ্রেসার বা উচ্চ রক্তচাপ আমাদের চোখ, হৃৎপিণ্ড এবং শরীরের প্রতিটি অঙ্গ-প্রত্যঙ্গের জন্য ক্ষতিকর। গর্ভাবস্থায় মায়ের ক্ষেত্রে এ ঝুঁকির মধ্যে আছে তার গর্ভস্থ সন্তানও। টাইপ প্রেগনেন্সিতে উচ্চ রক্তচাপকে একটি ঝুঁকিপূর্ণ অবস্থা হিসাবে বিবেচনা করা হয়। যে সমস্যাগুলো দেখা যায় তার মধ্যে হচ্ছে, ওজন বৃদ্ধি না হওয়া, প্লাসেন্টা অ্যাব্রাপশন, প্রিম্যাচিউরড বার্থ অর্থাৎ সময়ের আগেই প্রসব হয়ে যাওয়া, সিজারিয়ান সেকশনের ঝুঁকি, গর্ভস্থ শিশু পেটের মধ্যেই মারা যাওয়া, প্রসব পরবর্তী রক্তক্ষরণ, কিডনি ফেইলিউর ইত্যাদি।

* প্রতিরোধ

এসব রোগীকে নিবিড় পর্যবেক্ষণে রাখতে হবে। অনেক মহিলাকে উচ্চ রক্তচাপের কারণে নিয়মিত ওষুধ খেতে হয়। এ ওষুধ রক্তচাপকে কমিয়ে স্বাভাবিক অবস্থায় রাখে। গর্ভাবস্থায় উচ্চ রক্তচাপের এরপর ৪৫ পৃষ্ঠায়



## গর্ভকালে যেসব লক্ষণ দেখলে সতর্ক হবেন

ডা. সুমাইয়া আক্তার

গর্ভাবস্থায় বেশ কিছু জটিলতা দেখা দিতে পারে। জটিলতার কিছু চিহ্ন বা লক্ষণ রয়েছে, যা পর্যবেক্ষণ করার সঙ্গে সঙ্গে চিকিৎসকের পরামর্শ নেওয়া বা হাসপাতালে ভর্তি হওয়া জরুরি।

প্রথম তিন মাসে জটিলতার লক্ষণ-

* অস্বাভাবিক বমি, * রক্তক্ষরণ, * প্রচণ্ড পেট ব্যথা।

তৃতীয় থেকে ষষ্ঠ মাসে জটিলতার লক্ষণ-

* রক্তক্ষরণ, * পেট ব্যথা ও বাচ্চার নড়াচড়া টের না পাওয়া।

সপ্তম থেকে নবম মাসে জটিলতার লক্ষণ-

* অতিরিক্ত মাথা ব্যথা।

* চোখে ঝাপসা দেখা।

* সারা শরীর ফুলে যাওয়া।

* পানি ভাঙা।

* মাসিকের রাস্তায় রক্তক্ষরণ।

* সম্ভাব্য ডেলিভারির তারিখের অনেক আগেই লেবার পেইন শুরু হওয়া।

উল্লেখ্য, গর্ভবতী মায়ের জটিলতার মধ্যে অন্যতম হচ্ছে রক্তক্ষরণ। এ ধরনের জটিলতা যে কারো হতে পারে। এর পূর্বপ্রস্তুতি হিসেবে একই গ্রুপের এক বা একাধিক রক্তদাতার মোবাইল নম্বর সংগ্রহে থাকা উচিত।

স্বাভাবিক কিছু সমস্যা

প্রথম তিন মাসে হালকা বমি বমি ভাব অথবা বমি ও মাথা এরপর ৩৬ পৃষ্ঠায়

## কিডনির ক্যান্সারের উপসর্গ

আজকাল স্বাস্থ্য ডেস্ক




কিডনিতে কোনো সমস্যা দেখা দিলে সেটা ধরা পড়তে অনেকটা দেরি হয়ে যায়। একটি কিডনি বিকল হলেও অন্যটি দিয়ে কাজ চলতে থাকায় সহজেই কিডনির সমস্যা ধরা পড়ে না। কিডনিতে ক্যান্সার হলেও তা বুঝতে সময় লাগে। শরীরে কিছু উপসর্গ দেখলেই সতর্ক হতে হবে। চলুন জেনে নিই কোন কোন উপসর্গ দেখা দিলে দেরি না করে চিকিৎসকের কাছে যেতে হবে।

১. প্রস্রাবের সঙ্গে রক্তপাত হলে সতর্ক হতে হবে। প্রস্রাবের সঙ্গে রক্ত, ব্যথা হওয়া কিডনিতে ক্যান্সার হওয়ার লক্ষণ হতে পারে। কারো কারো জ্বর আসে এবং বেশি ঘাম হয়।

২. পিঠের নিচের দিকে তীব্র যন্ত্রণা হলে এবং কোমরে কোথাও শক্ত দেখলে সতর্ক হতে হবে।

৩. কোনো কারণ ছাড়াই ক্ষুধা কমে যাওয়া, খাবার দেখলেই বমি বমি ভাবও কিডনির ক্যান্সারের লক্ষণ হতে পারে।

৪. হঠাৎ করে কোনো কারণ ছাড়াই অস্বাভাবিকভাবে শরীরের ওজন কমে যাওয়া।

৫. অল্প পরিশ্রমে ক্লান্ত হয়ে পড়াও কিডনির ক্যান্সারের লক্ষণ হতে পারে।

এ ছাড়া পায়ের পাতা হঠাৎ ফুলতে শুরু করা, মুখ-চোখ বিবর্ণ হতে শুরু করাও কিডনির ক্যান্সারের লক্ষণ হতে পারে।

সূত্র : মায়ো ক্লিনিক







## চুল রঙ করার সময় খেয়াল রাখতে হবে যেসব বিষয়

শারমিন কোচি



অনেকে ঘরে চুল রঙ করতে চান। তবে এ ক্ষেত্রে অবশ্যই সঠিক পদ্ধতি অনুসরণ করতে হবে। কিছু বিষয় খেয়াল না রাখলে চুলের ক্ষতি হতে পারে।

চুলে কেমন রঙ বসবে তা নির্ভর করে আপনার বর্তমান চুলের রঙের ওপর। চুলে নতুন রঙ করতে চাইলে আগে প্যাচ টেস্ট করে নিতে পারেন।

চুলে রঙ করার আগে যেসব বিষয় খেয়াল রাখবেন- আরও পড়ুন ত্বক পরিষ্কার রাখতে যা করবেন

১. চুলে রঙ করার আগে ভ্রু, কপালের অংশ ও চুলের রেখা বরাবর পেট্রোলিয়াম জেলি ব্যবহার করতে পারেন। ২. চুলে রঙ করার সময় হাতে সবসময় তোয়ালে রাখুন। রঙ ত্বকে কোথাও ছড়িয়ে গেলে সঙ্গে সঙ্গেই মুছে ফেলুন। দাগ তুলতে রাবিং অ্যালকোহল ব্যবহার করতে পারেন। ৩. সব চুল কখনই একসঙ্গে রঙ করবেন না। মাথাজুড়ে চুল রঙ করলে দেখতে ভালো লাগে না। তাই একটু বুঝে চুলে রঙ করা উচিত।

৪. বেশিক্ষণ চুলেল রঙ মাথায় রাখবেন না। এতে মাথার ত্বকে অস্বস্তি ও লালচেভাব সৃষ্টি করে। ৩০ থেকে ৩৫ মিনিটের মধ্যেই সঠিক রঙ চলে আসে। তাই বেশি সময় রাখার প্রয়োজন নেই।

৫. চুলে রঙ করার পর এর যত্ন নেয়া জরুরি। রঙ করার পরেই চুল ধোয়া বা কন্ডিশনার ব্যবহার করবেন না।

লেখক: বিউটি কনসালট্যান্ট শারমিন কোচি, বিন্দিয়া বিউটি পার্লারের স্বত্বাধিকারী।

## ভিটামিন বি কমপ্লেক্সের স্টোরহাউস সয়াবিন

আখতারুন নাহার আলো

সয়াবিনের সঙ্গে পরিচয় নেই এমন লোক খুব কমই আছে। পুষ্টিতে ভরপুর এ উপাদানটি আমাদের দেশে তেমন জনপ্রিয় না হলেও ভারতবর্ষে এর ব্যবহার ব্যাপক। এটি স্বাদযুক্ত না হলেও অন্য খাবারের সঙ্গে মিশিয়ে খেলে কম খরচে আমরা পুষ্টি পেতে পারি। সয়াবিনকে ভিটামিন বি কমপ্লেক্সের স্টোরহাউস বলা হয়। কারণ এতে আছে থ্রায়ামিন, নিয়াসিন, ফলিক এসিড ও রাইবোফ্লাভিন। লিভার ও হৃদযন্ত্র ঠিক রাখতে এটা বেশ কার্যকর।



প্রতি ১০০ গ্রাম সয়াবিনে আছে ৪৩ গ্রাম প্রোটিন। যা ডালের চেয়ে বেশি। সয়াবিনের প্রোটিনে সিস্টাইন ও মেথিওনাইন ছাড়া সব ধরনের অত্যাবশ্যকীয় অ্যামাইনো এসিড আছে। যা শরীরে নিজ থেকে তৈরি হয় না। এই প্রোটিন প্রাণিজ প্রোটিনের বিকল্প হিসাবে কাজ করে। এ জন্য যারা দুধ হজম করতে পারে না তাদের জন্য সয়ামিল্ক খুবই উপকারী। এটা বাচ্চাদের ক্ষেত্রেও জরুরি। সয়াবিনে চর্বি ও শর্করা কম থাকে বলে ওজন কমাতে বেশ ভালো কাজ করে। ১০০ গ্রাম সয়াবিনে ম্যাগনেশিয়াম আছে ২৮০ মিলিগ্রাম, ২৭৭ মিলিগ্রাম ক্যালসিয়াম ও ৭০৪ মিলিগ্রাম ফসফরাস। যা দাঁত ও হাড়ের জন্য কার্যকর। তবে কিডনি রোগীদের সয়াবিন না খাওয়াই ভালো। সয়ামিল্কে প্ল্যান্ট হরমোন আইসোফ্ল্যাবনস শরীরের ইস্ট্রোজেনের কাজ করে বলে অস্টিওপোরোসিস প্রতিরোধ করে। সয়ামিল্ক দিয়ে তৈরি টাফু ক্যালসিয়াম, প্রোটিন, ভিটামিন বি কমপ্লেক্সের ভালো উৎস। গবেষণায় দেখা গেছে, প্রাণিজ প্রোটিনের পরিবর্তে সয়াবিন খেলে প্লাজমা কোলেস্টেরল কম থাকতে দেখা যায়। এদিকে সয়াবিন রক্তে লৌহ শোষণ কমায় বলে প্রতিদিনই ভিটামিন সি সমৃদ্ধ খাবার খাওয়া উচিত। সয়াবিনে আছে ভিটামিন ই ও লেসিথিন নামক অ্যান্টিঅক্সিডেন্ট। যা বার্ধক্যের গতি মন্থর করে। হজমে সাহায্যকারী এনজাইম ট্রিপসিনের কার্যকলাপ কিছুটা ব্যাহত করে বলে সয়াবিন ভালোভাবে সিদ্ধ করে খাওয়া উচিত। সয়াবিন গাঁজিয়ে তৈরি করা হয় সয়াসস। তবে এটাতে লবণ বেশি থাকে বলে উচ্চরক্ত চাপে না খাওয়াই ভালো। এছাড়া সয়াবিন দিয়ে সয়ানাগেট, সয়াবিস্কুট, বেবিফুডও তৈরি করা হয়। আমাদের দেশে এর আরও চাষ হওয়া প্রয়োজন। এর আটা গমের আটার সঙ্গে মিশিয়ে রুটি বানানো যেতে পারে। অথবা সয়া চাল অথবা সয়াবিন দিয়ে খিচুড়ি করেও খাওয়া যায়।

লেখক : চিফ নিউট্রিশন অফিসার ও বিভাগীয় প্রধান (অব.), বারডেম। সভাপতি, ডায়াবেটিস নিউট্রিশনিস্ট সোসাইটি অব বাংলাদেশ, পপুলার ডায়াগনস্টিক সেন্টার, শ্যামলী ও অ্যাডভান্স হাসপাতাল, ঢাকা।



ভালোবাসা সবার তরে, ঘৃণা নয়কো কারো পরে

Love for all, hatred for none

# বাংলাডেস্ক যুক্তরাষ্ট্রের ভূবনে স্বাগতম

**For more information contact:**
Bait-uz-Zafar 188-15 McLaughlin Ave, Hollis NY 11423
(347) 530-5791


بسم الله الرحمن الرحيم

নিখিলবিশ্ব আহমদীয়া মুসলিম জামা'তের বর্তমান ইমাম ও আমীরুল মু'মিনীন হযরত মির্যা মসরূর আহমদ খলীফাতুল মসীহ্ আল্ খামেস (আই.) গত ১৪ই জুন, ২০২৪ তারিখে যুক্তরাজ্যের (ইসলামাবাদস্থ) মসজিদে মুবারকে প্রদত্ত জুমুআর খুতবায় 'বনু নযীর' এর যুদ্ধের ঘটনা বিশদভাবে উল্লেখ করেন এবং দু'জন শহীদের স্মৃতিচারণের পাশাপাশি পাকিস্তানের আহমদীদের জন্য বিশেষভাবে দোয়ার আহ্বান জানান।

তাশাহুদ, তা'ঊয ও সূরা ফাতিহা পাঠের পর হুযূর (আই.) বলেন, আজ বনু নযীরের যুদ্ধের কিছু ঘটনা বর্ণনা করবো। বনু নযীর গোত্রের পরিচিতি হলো, এরা মদীনার ইহুদীদের একটি বংশ ছিল। কোনো কোনো ঐতিহাসিক লিখেছেন, বনু নযীর খয়বরের ইহুদীদের একটি গোত্র ছিল এবং তাদের বসতিকে যাহরা বলা হতো। মহানবী (সা.) যখন মদীনায় আগমন করেন তখন বনু নযীর গোত্রের নেতা ছিল হুয়াই বিন আখতাব। তার পিতৃপুরুষের ষষ্ঠ প্রজন্মে নযীর বিন নাহামের নাম পাওয়া যায়, যার নামে এই গোত্রটি বনু নযীর নামে প্রসিদ্ধি লাভ করে। উম্মুল মু'মিনীন হযরত সাফীয়া (রা.) বনু নযীরের নেতা হুয়াই বিন আখতাবের কন্যা ছিলেন। ইতিহাসের গ্রন্থাবলীতে লেখা আছে, হুয়াই বিন আখতাবের বংশধারা হযরত মূসা (আ.)-এর ভাই হযরত হারূন (আ.)-এর সাথে গিয়ে মিলিত হয়। হুয়াই এর বংশে কতিপয় ব্যক্তি নবুওয়াতের সম্মানে ধন্য হয়েছিলেন, যাদের কারণে সে গর্বিত ছিল। আর এই অহংকারের কারণেই সে বলতো, আল্লাহ্ তা'লা আমাদের প্রতি ইহকালেও দয়ালু এবং পরকালেও আমাদের প্রতি স্নেহ ও অনুগ্রহ করবেন। তিনি আমাদেরকে পাপের কারণে কয়েকদিন শাস্তি দিবেন, অবশেষে জান্নাতই হবে আমাদের স্থায়ী নিবাস। এই বংশীয় আত্মগরিমা ও ঔদ্ধত্যের কারণেই হুয়াই মহানবী (সা.)-এর শিক্ষামালা থেকে মুখ ফিরিয়ে নিয়েছিল। অবস্থানের দিক থেকে বনু নযীর গোত্রটি মসজিদে কুবা থেকে আধা মাইল দূরে উত্তর পূর্ব দিকে (অবস্থিত) ছিল। আর মদীনার মধ্যভাগে এর বসতি প্রান্তে আসতো এবং মসজিদে কুবা এর থেকে কিছুটা দূরত্বে দক্ষিণ পার্শ্বে অবস্থিত ছিল।

চতুর্থ হিজরীর রবিউল আউয়াল (মাসে) বনু নযীরের যুদ্ধ সংঘটিত হয়। এক তথ্য অনুসারে এটি উহুদের যুদ্ধের পূর্বের ঘটনা আর ইমাম বুখারীর তথ্যও এটিই। তবে ইমাম বুখারী (রহ.) এখানে একথাও লিখেছেন যে, ইবনে ইসহাকের মতে এই যুদ্ধ উহুদ ও বি'রে মা'উনার পরে হয়েছিল। যদিও আল্লামা ইবনে কাসীর ছাড়াও অধিকাংশ ঐতিহাসিক এবং জীবনীকার বলেছেন, উহুদের যুদ্ধের পরেই বনু নযীরের যুদ্ধ সংঘটিত হয়েছিল। বনু নযীরের যুদ্ধের প্রেক্ষাপট হলো, মক্কার কুরাইশ কাফিররা বদরের যুদ্ধের পূর্বে আব্দুল্লাহ্ বিন উবাই বিন সলূল এবং আওস ও খাযরাজ গোত্রের অন্যান্য প্রতিমাপূজারীদের লিখেছিল, [তখন মহানবী (সা.) মদীনায় ছিলেন।] তোমরা আমাদের সঙ্গীকে আশ্রয় দিয়েছ। মদীনায় তোমাদের সংখ্যা সবচেয়ে বেশি। আমরা শপথ করে বলছি, হয় (তোমরা) তাদের সাথে যুদ্ধ করো অথবা তাদেরকে নিজেদের শহর থেকে বহিষ্কার করো; নতুবা আমরা গোটা আরবকে ঐক্যবদ্ধ করে তোমাদের ওপর আক্রমণ করবো। তোমাদের যোদ্ধাদের সাথে যুদ্ধ করবো, তোমাদের নারী ও শিশুদের (নির্মমভাবে) হত্যা করবো। যখন ইবনে উবাই এবং অন্য প্রতিমাপূজারীরা এই পত্র পায় তখন তারা একে অপরকে বার্তা পাঠায় এবং মহানবী (সা.) ও তাঁর সাহাবীদের সাথে যুদ্ধ করার জন্য দৃঢ় সংকল্প করে। এই সংবাদ পাওয়ার পর মহানবী (সা.) তাঁর সাহাবীদের একটি দলকে নিয়ে মদীনার নেতাদের সাথে সাক্ষাৎ করেন। তিনি (সা.) বলেন, কুরাইশরা তোমাদেরকে কঠোর হুঁশিয়ারি দিয়ে পত্র লিখেছে। এই পত্র তোমাদেরকে কোনো ধোঁকায় যেন না ফেলে, পাছে তোমরা স্বয়ং ধোঁকা ও প্রতারণার শিকার হয়ে নিজেদেরই ভাই ও পুত্রদের সাথে আবার যুদ্ধ করতে না আরম্ভ করো। মহানবী (সা.)-এর একথা শোনে তারা বিষয়টি অনুধাবন করতে পারে এবং নিজেদের সংকল্প স্থগিত করে আর ছত্রভঙ্গ হয়ে যায়। এভাবে মক্কার কুরাইশের এই হুমকি আর শেষ পর্যন্ত কার্যকর হয়নি।

এরপর কুরাইশরা বদরের যুদ্ধের পর ইহুদীদের কাছে একটি পত্র লিখে যে, তোমাদের কাছে অস্ত্র আছে আর তোমরা দুর্গেরও মালিক। হয় তোমরা আমাদের সহযোগী হয়ে যুদ্ধ করো নতুবা আমরা তোমাদের ওপর আক্রমণ করবো এবং তোমাদের পুরুষদেরকে হত্যা করবো আর তোমাদের নারীদেরকে আমাদের দাসী বানাবো। এই পত্র যখন ইহুদীদের কাছে পৌঁছায় তখন বনু নযীর গোত্র মহানবী (সা.)-কে ধোঁকা দেয়ার জন্য সহমত হয়, কেননা ইহুদী গোত্রগুলো তো আগে থেকেই সুযোগ খুঁজছিল যাতে মুসলমানদের আধিপত্য ও ক্ষমতার যতদ্রুত সম্ভব অবসান করা যায়। এ পর্যায়ে তারা এমন দুরভিসন্ধি করার চিন্তা করে যাতে মহানবী (সা.)-কে নাঊযুবিল্লাহ্ হত্যা করা যায়। অতএব, তারা তাঁর নিকটে সংবাদ প্রেরণ করে যে, আপনি আপনার ত্রিশজন সাহাবীকে নিয়ে আসুন, আমাদের ত্রিশজন আলেমও আপনার সামনে উপস্থিত হবে; এমনকি আমরা এমন এক স্থানে মিলিত হবো যা আমাদের এবং আপনাদের পছন্দের হবে। আমাদের লোকেরা আপনার কথা শুনবে। তারা যদি আপনাকে সত্যায়ন করে অর্থাৎ ইহুদী আলেমরা যদি আপনার প্রতি ঈমান আনয়ন করে তাহলে আমরাও আপনার প্রতি ঈমান আনব। পরের দিন মহানবী (সা.) ত্রিশজন সাহাবীকে সাথে নিয়ে তাদের উদ্দেশ্যে যাত্রা করেন। ত্রিশজন ইহুদী আলেমও তাঁর কাছে আসে। ইহুদীরা যখন খোলা প্রান্তরে আসে তখন তারা পরস্পরকে বলে, তোমরা তাঁর ওপর কীভাবে আক্রমণ করবে? কেননা তাঁর সাথে ত্রিশজন সঙ্গী রয়েছেন। ত্রিশজন সঙ্গীর উপস্থিতিতে আক্রমণ করা তো কঠিন আর তারা এমন সঙ্গী, যারা তাঁর জন্য প্রাণ বিসর্জন দিতেও কুণ্ঠাবোধ করবে না। তখন ইহুদীরা তাঁর কাছে পুনরায় এই সংবাদ প্রেরণ করে যে, আমরা ষাটজন পরস্পর কীভাবে প্রজ্ঞাপূর্ণ আলোচনা করবো? আপনি এক কাজ করুন, তিনজন সঙ্গীকে নিয়ে আসুন আর আমরাও আমাদের তিনজন আলেমকে নিয়ে আসবো, তারা আপনার আলোচনা শুনবে। তখন তিনি (সা.) তিনজন সাহাবীকে সাথে নিয়ে অপর প্রস্তাবটি গ্রহণ করেন। তিনজন ইহুদী আলেমও রওয়ানা হয় আর ঐ ইহুদীদের কাছে খঞ্জর বা ধারালো ছুরি ছিল। তারা মহানবী (সা.)-এর ওপর আক্রমণ করতে চাচ্ছিল। যাহোক, মহানবী (সা.) যাত্রার জন্য প্রস্তুত ছিলেন, পথিমধ্যেই বনু নযীরের একজন হিতাকাঙ্ক্ষী নারী একজন আনসারী মুসলমানকে এবং পরে মহানবী (সা.)-কে বনু নযীরের সকল চক্রান্তের কথা বলে দেয়। তাই মহানবী (সা.) ইহুদীদের কাছে না গিয়ে মদীনায় ফেরত চলে আসেন।

এই যুদ্ধের আরেকটি কারণ বর্ণনা করতে গিয়ে একজন রচয়িতা লিখেছেন, বনু নযীর গোত্র সংগোপনে কুরাইশের কাছে বার্তা পাঠায় আর তাদেরকে মহানবী (সা.)-এর বিরুদ্ধে যুদ্ধ করতে প্ররোচিত করে বরং তাদেরকে মুসলমানদের প্রতিরক্ষা-খাতের কিছু দুর্বলতার কথাও জানিয়ে দেয়। কোনো কোনো বর্ণনা অনুযায়ী উহুদের যুদ্ধের পূর্বে ইহুদীরাও মক্কার কুরাইশকে ক্রমাগতভাবে উত্তেজিত করেছিল যার ফলশ্রুতিতে উহুদের যুদ্ধ সংঘটিত হয়েছিল।

এ যুদ্ধের একটি গুরুত্বপূর্ণ ও তাৎক্ষণিক কারণ এটিও বর্ণনা করা হয় যে, বি'রে মা'উনা থেকে প্রত্যাবর্তনের সময় যখন হযরত আমর বিন উমাইয়া যামরী (রা.) বনু আমেরের দু'জনকে হত্যা করেছিলেন যাদের সাথে মুসলমানদের সন্ধিচুক্তি ছিল, তাই তাদেরকে রক্তপণ প্রদান আবশ্যক ছিল। এ উদ্দেশ্যে মহানবী (সা.) বনু নযীরের কাছে গিয়েছিলেন, কেননা মহানবী (সা.) ইহুদীদের সাথে যে সন্ধিচুক্তি করেছিলেন এর একটি ধারায় ছিল, 'আইয়া'ওয়ানুহু ফীদ্ দিয়াত' অর্থাৎ তারা রক্তপণের ব্যাপারে মুসলমানদের সাথে সহযোগিতা করবে। এই ঘটনার বিশদ বিবরণ হলো, হযরত আমর বিন উমাইয়া যামরী (রা.) যখন মহানবী (সা.)-এর নিকট এসে পুরো বৃত্তান্ত বর্ণনা করেন তখন তিনি (সা.) বলেন, তুমি খুবই অন্যায় কাজ করেছ। তাদের সাথে আমাদের চুক্তি এবং নিরাপত্তার শর্ত ছিল। হযরত আমর বিন উমাইয়া যামরী (রা.) বলেন, আমি এই সন্ধিচুক্তির বিষয়টি জানতাম না। আমি তাদেরকে মুশরিক মনে করতাম আর তাদের গোত্র আমাদের সাথে প্রতারণাও করেছে। হযরত আমর (রা.) তাদের মালপত্র এবং কাপড়-চোপড় সাথে করে নিয়ে এসেছিলেন। মহানবী (সা.) তাকে নির্দেশ দেন তাদের মালপত্র এবং কাপড়-চোপড় যেন তাদের শোকসন্তপ্ত পরিবারের কাছে ফেরত পাঠানো হয়। মহানবী (সা.) রক্তপণ সহ সেগুলো পাঠিয়ে দেন। মহানবী (সা.) শনিবার দিন বনু নযীর গোত্রের উদ্দেশ্যে রওয়ানা হন, মসজিদে কুবায় নামায পড়েন। প্রায় দশজনের মতো মুহাজির ও আনসার সাহাবী মহানবী (সা.)-এর সাথে ছিলেন। তিনি (সা.) বনু নযীরকে তাদের বৈঠকে উপবিষ্ট দেখতে পান। তিনিও তখন সেখানে আসন গ্রহণ করেন যাতে করে মৃত দুই ব্যক্তির রক্তপণ আদায়ের ব্যাপারে তাদের সাথে শলাপরামর্শ করতে পারেন, যেন তারা দু'জন নিহত ব্যক্তির রক্তপণ পরিশোধে তাঁকে সহযোগিতা করে।

এই দুরভিসন্ধির কারণ কি ছিল এ ব্যাপারে হযরত মির্যা বশীর আহমদ সাহেব এম, এ (রা.)'র একটি তথ্য পাওয়া যায় যা থেকে বিষয়টি আরও সুস্পষ্ট হয়। তিনি (রা.) লিখেন, এই যুদ্ধের কারণ বর্ণনা করতে গিয়ে প্রসিদ্ধ হাদীসবেত্তাগণ বিভিন্ন আঙ্গিক তুলে ধরেছেন আর এ কারণেই এই যুদ্ধ ঠিক কখন আরম্ভ হয়েছিল সে ব্যাপারেও বিমত রয়েছে। বনু নযীরের পক্ষ থেকে বিভিন্ন সময়ে বিভিন্ন যুদ্ধের সূচনা হয়েছে। সকল ঘটনাই নিজ নিজ সময় ও স্থান সাপেক্ষে সঠিক। কিন্তু সর্বশেষ যুদ্ধ সেটি ছিল যা বনু আমেরের দু'জন ব্যক্তির রক্তপণ আদায়ের সময় আরম্ভ হয়েছিল, বাকি আল্লাহ্ই ভালো জানেন। রক্তপণ আদায়ের ব্যাপারে মহানবী (সা.) একদল সাহাবীকে নিয়ে বনু নযীরের নিকট উপস্থিত হন এবং চুক্তি অনুসারে রক্তপণ আদায়ের বিষয়টি তাদের কাছে উত্থাপন করেন। তারা বলে, হ্যাঁ, আবুল কাসেম! আপনি খাবার খেয়ে নিন এরপর আমরা এ ব্যাপারে কথা বলছি। এভাবে বাহ্যিকভাবে ইহুদীরা খুবই হাস্যোজ্জ্বলভাবে মহানবী (সা.)-এর সাথে কথা বলে। কিন্তু ভেতরে ভেতরে তারা মহানবী (সা.)-কে হত্যার ষড়যন্ত্র করতে থাকে। তখন তিনি (সা.) তাদের বাড়ির এক দেয়ালের পাশে উপবিষ্ট ছিলেন। একজন বর্ণনাকারী ইহুদীদের মহানবী (সা.)-কে হত্যার ঘৃণ্য ষড়যন্ত্রের কথা উল্লেখ করতে গিয়ে লিখেন, বনু নযীরের সর্দার হুয়াই বলে, "হে ইহুদীর দল! মুহাম্মদ (সা.) তাঁর কতিপয় সাথীকে নিয়ে তোমাদের কাছে উপস্থিত হয়েছে, তাদের সংখ্যা দশজনেরও কম। এই বাড়ির ছাদে উঠে বড় একটি পাথর ফেলে মুহাম্মদকে (সা.)-কে হত্যা করো, তোমরা এর চেয়ে উত্তম সুযোগ আর কখনো পাবে না। যদি তাকে মেরে ফেলতে পারো তাহলে তার সঙ্গীরা ছত্রভঙ্গ হয়ে যাবে। মক্কা থেকে আসা তোমাদের সাথীরা মক্কায় ফিরে যাবে এবং এখানে শুধু আওস ও খাযরাজ থাকবে, যারা তোমাদেরই মিত্র। তাই তোমরা যা করতে চাও, এখনই করো"। একথা শুনে এক দুর্ভাগা ইহুদী আমর বিন জাহাশ বলে, "আমি বাড়ির ছাদে উঠে পাথর ফেলে মুহাম্মদ (সা.)-কে (নাঊযুবিল্লাহ্) হত্যা করবো"। যখন এসব শলাপরামর্শ করা হচ্ছিল তখন বনু নযীরের এক নেতা সালাম বিন মিশকাম বলে, "হে ইহুদীর দল! তোমরা চাইলে সারাজীবন আমার বিরোধিতা কোরো, কিন্তু আজ আমার কথা মেনে নাও। আল্লাহর কসম! মুহাম্মদ (সা.)-কে তোমাদের এই ষড়যন্ত্রের ব্যাপারে অবগত করা হবে। আর এটি আমাদের এবং তাদের মাঝে বিদ্যমান সন্ধিচুক্তির লঙ্ঘনও বটে।" কিন্তু ইহুদীরা তার কথায় কর্ণপাত না করে নিজেদের সিদ্ধান্তে অটল থাকে। হুযূর (আই.) বলেন, 'ইনশাআল্লাহ্ আগামীতে বর্ণনা করা হবে যে, তারা কি পরিকল্পনা করেছিল এবং কীভাবে আল্লাহ্ তা'লা মহানবী (সা.)-কে রক্ষা করে তাদের ষড়যন্ত্রকে ব্যর্থ করে দিয়েছিলেন।'

পরিশেষে হুযূর (আই.) পাকিস্তানের আহমদীদের জন্য দোয়ার আহ্বান জানিয়ে বলেন, 'পাকিস্তানের আহমদীদের জন্য বিশেষ দোয়ার আহ্বান করতে চাই। সম্প্রতি তাদের ওপর পুনরায় নির্যাতন শুরু হয়েছে। আল্লাহ্ তা'লা শীঘ্র পাকিস্তানের আহমদীদেরকে অত্যাচারের কবল থেকে মুক্তি দিন আর সেখানেও আমাদের পরিস্থিতি অনুকূল করে দিন। কেননা কুরবানির বিষয়কে কেন্দ্র করে তাদের বিরুদ্ধে মামলা-মোকদ্দমা ও নির্যাতনের চেষ্টা করা হচ্ছে।' এরপর হুযূর (আই.) পাকিস্তানের দু'জন শহীদ ও একজন মরহুমের স্মৃতিচারণ করেন এবং নামাযের পর তাদের গায়েবানা জানাযা পড়ান। শহীদদের একজন হলেন, ৬৪ বছর বয়স্ক মুকাররম গোলাম সারোয়ার সাহেব আর অপরজন হলেন ৩২ বছর বয়স্ক শহীদ মুকাররম রাহাত আহমদ বাজওয়া সাহেব। মণ্ডী বাহাউদ্দিন জেলার সাদুল্লাহপুরে গত ৮ই জুন, ২০২৪ তারিখে একজন মাদ্রাসা ছাত্র সৈয়দ আলী রেযার গুলিতে তারা উভয়েই ঘটনাস্থলে শাহাদত বরণ করেন, ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন। হুযূর (আই.) তাদের সংক্ষিপ্ত স্মৃতিচারণ করার পর মুকাররম মালেক মুজাফফর খান সাহেবেরও স্মৃতিচারণ করেন এবং তাদের তিনজনের আত্মার মাগফিরাত ও শান্তি কামনা করে দোয়া করেন, 'আল্লাহ্ তা'লা তাদের সাথে প্রতি দয়া ও ক্ষমাসুলভ আচরণ করুন এবং তাদের শোকসন্তপ্ত পরিবারকে ধৈর্য ধারণের তৌফিক দিন' আমীন।

[প্রিয় পাঠকবৃন্দ! হুযূরের খুতবা সম্পূর্ণ শোনার কোনোই বিকল্প নেই, আমরা সময়ের প্রতি লক্ষ্য রেখে খুতবার সারমর্ম উপস্থাপন করছি মাত্র। আপনাদেরকে হুযূরের পুরো খুতবাটি শোনার অনুরোধ রইল। হুযূরের খুতবাটি পুরো শুনতে পাবেন আমাদের এমটিএ'র নিয়মিত ওয়েবসাইট অর্থাৎ, **www.mta.tv** এবং আমাদের কেন্দ্রীয় বাংলা ওয়েবসাইট **www.ahmadiyyabangla.org** -এ]

(সূত্র: কেন্দ্রীয় বাংলাডেস্ক লন্ডনের তত্ত্বাবধানে প্রস্তুতকৃত)

# MONIR SECURITY TRAINING SCHOOL

**37-22 73 Street Suite # 1C**
**Jackson Heights, NY 11372**

# 347-659-8842

## 7 DAYS OPEN

আমাদের আছে ঃ

1. 8 Hours Pre-Assingnment Class (for New License)
2. 8 Hours Annual Class (Every Year)
3. 16 Hours OJT Class (for New License)



# আমেরিকায় স্থায়ীভাবে বসবাসের ব্যাপারে ফ্রি পরামর্শ

B1/B2 সহ অন্য যে-কোন নন-ইমিগ্রান্ট ভিসায় আগতদের স্বপরিবারে আমেরিকায় বসবাসের জন্য রয়েছে অনেক সূযোগ

- ব্যাবসায়ী ও কর্পোরেট প্রফেশনালদের জন্য আছে L1A বা E2 ভিসা নিয়ে স্বপরিবারে আমেরিকায় বসবাস ও ভবিষ্যতে গ্রীনকার্ডের সূযোগ

- Small ইনভেস্টরদের জন্য আছে সহজেই অল্প বিনিয়োগে আমেরিকান franchise ক্রয়ের মাধ্যমে E2 ভিসা নিয়ে স্বপরিবারে আমেরিকায় বসবাস ও ভবিষ্যতে গ্রীনকার্ডের সূযোগ

- বিপদগ্রস্থ পলিটিশিয়ান ও এন.জি.ও কর্মীদের জন্য পলিটিকাল এসাইলামের আবেদন করে ৬ থেকে ৮ মাসের মধ্যে সোশাল সিকিউরিটি ও ওয়ার্ক পারমিট সহ বসবাসের সূযোগ

স্বনামধন্য আমেরিকান Lawyer এর মাধ্যমে VISA/Case প্রসেস করে থাকি



Member of FRANCHISE BROKER ACADEMY

FRANCHISE | L1A VISA | E2 VISA | POLITICAL ASYLUM

**Captor USA, Inc.**
Franchise & Business Consulting Firm
37 16 73rd street, Suite: 402, Jackson Heights, NY 11372.
Phone: +1 (718) 433 9001, +1 (718) 433 9002; Fax: +1 (718) 744 9590
Cell: (201) 456-3103, Email: captor.usa@gmail.com, iftekhar.cml@gmail.com

হটলাইন : +১ ৭১৮ ৪৩৩ ৯০০১
সপ্তাহে ৭ দিনই খোলা



# রেনোভেশন/রিপিয়ার/কনস্ট্রাকশন

## আপনি কি বাসা-বাড়ির কাজের জন্য লোক খুঁজছেন? আমরা আপনাকে সহযোগিতা করতে পারি।



আমরা Binghamton এ কাজ করে থাকি

**আমাদের কাজসমূহ:**

* গরম পানির ট্যাঙ্ক ইনস্টলেশন/ মেরামত
* যে কোন প্রকার পাম্বিলিংয়ের কাজ/বাথরুম/কিচেন/অন্যান্য
* যে কোন প্রকার টাইলসের কাজ/নতুন ইনস্টলেশন/রিপ্লেস/ রেনোভেশন
* নতুন বাথরুম ইনস্টলেশন/রিপিয়ার
* কার্পেটিং/নতুন রুম/এক্সটেনশন
* ড্রাই ওয়াল/পেইন্ট/রি-পেইন্ট
* ব্যাকইয়ার্ড/ডক/বারান্দা/ছাদ
* উড ফ্লোর/পলিশ/নতুন ইনস্টলেশন/ক্লিনিং
* অয়েল হিটিং সিস্টেম পুরনোটি রিপ্লেস এবং নতুন থার্মাল ইনস্টলেশন।

Free ইস্টিমেট করা হয়ে থাকে

**যোগাযোগ:**

**WOVENA CONSTRUCTION INC**
172-11, 93 Ave, Jamaica, NY 114333
**Phone: 347-822-9052, 716-828-6677**
wovenatexusa@gmail.com

## ডিমই যখন ইতিহাসের চালিকাশক্তি, নির্বাচনই শেষ কথা নয়

১০ পৃষ্ঠার পর

প্রার্থীর দলের প্রধান নেতা সংবাদ সম্মেলনে হাজির হইয়া সাধুভাষার সর্বোচ্চ ব্যবহার করিয়া এক দীর্ঘ ও আবেগপূর্ণ বক্তব্য প্রদান করিলেন। তিনি বলিলেন, 'আজ যাহা ঘটিয়াছে, তাহা নিঃসন্দেহে অত্যন্ত দুঃখজনক। কিন্তু তাহার চেয়েও লজ্জাজনক হইতেছে এই ঘটনার অবিচার। চিহ্নিত সন্ত্রাসীরা পরিকল্পিতভাবে এই ডিম-হামলা সংঘটিত করিয়াছে। একদিকে মঞ্চে উঠিয়া নীতি ও আদর্শের কথা বলিবেন, অন্যদিকে বিরোধীদের উপর ডিম নিক্ষেপ করিয়া দমন করিবেন-ইহা আমরা কখনোই মেনে লইব না।'

এদিকে নাগরিক সমাজ পরিস্থিতির গুরুত্ব অনুধাবন করিয়া এক অভিনব প্রস্তাব উত্থাপন করিল। তাহাদের মতে, নির্বাচনকালীন সহিংসতা প্রতিরোধের স্বার্থে দেশীয় অস্ত্র উদ্ধারের পাশাপাশি ডিমের দোকান, পাইকারি আড়ত এবং খান মুরগির খামার নির্বাচন শেষ না হওয়া পর্যন্ত সিলগালা করা উচিত। কারণ যেখানে ডিম আছে, সেখানে সহিংসতার সম্ভাবনা উড়িয়ে দেওয়া যায় না।

এই প্রস্তাবের পর হইতেই ডিমের বাজারে শুরু হইল তীব্র অস্থিরতা। নিম্নবিত্ত মানুষের হাঁড়ি শূন্য হইতে লাগিল, শহরে ব্যাচেলরদের প্রোটিনযন্ত্র ভাঙিয়া পড়িল। ডিম আর কেবল খাদ্য নহে, ইহা হইয়া উঠিল নিরাপত্তা ঝুঁকি, নির্বাচনী আতঙ্ক এবং রাষ্ট্রীয় উদ্বেগের বিষয়।

এইভাবে ইতিহাসের এক নির্মম ও উপহাসপূর্ণ পরিহাসে আমরা এক বিস্ময়কর দৃশ্যের সম্মুখীন হইতেছি যে বিবর্তনের আদিম কোনো পর্যায়ে ডিম যেরূপ মানবজীবনের জন্য অমূল্য ছিল, মূল্যস্ফীতির দুর্ভিক্ষ ও নির্বাচনী উত্তাপের যুগে ডিম পুনরায় সেই অমূল্য মর্যাদাই ধারণ করিয়াছে। তবে এই অমূল্যতার প্রকৃতি সম্পূর্ণ ভিন্ন। সেই যুগে ডিম ছিল জীবনের ধারাবাহিকতার প্রতীক, অবিচ্ছিন্ন সন্তানের নীরব আশ্বাস এবং ক্ষুধার বিরুদ্ধে মানুষের ক্ষুদ্র কিন্তু দৃঢ় বিজয়। আর এই যুগে ডিম হইয়াছে ক্ষমতার হিসাব, সহিংসতার ভাষা এবং রাজনৈতিক নাটকের প্রধান চরিত্র।

তখন ডিম ভাঙিলে জন্ম নিত প্রাণ অথবা মিটিত ক্ষুধা, আর এখন ডিম ভাঙিলে জন্ম নেয় সংবাদ সম্মেলন, পাল্টা বিবৃতি এবং টেলিভিশনের ব্রেকিং নিউজ। সেই ডিম মানুষকে বাঁচাইত, এই ডিম মানুষের রাজনৈতিক ক্যারিয়ার বাঁচাইবার অথবা ধ্বংস করিবার উপকরণে পরিণত হইয়াছে। তখন ডিম ছিল নীরব, বিনয়ী ও প্রয়োজনীয়। এখন ডিম উচ্চকণ্ঠ, দামি ও অহংকারী। তখন ডিম সংগ্রহ করিতে মানুষ গাছে উঠিত, এখন ডিম নিক্ষেপ করিলে উঠে আসে গোয়েন্দা সংস্থা, নাগরিক সমাজ এবং নির্বাচনী কমিশনের উদ্বেগ।

ইতিহাসের এই বিদ্রূপ এখানেই শেষ নহে। যে ডিম একদিন দরিদ্রের শেষ ভরসা ছিল, আজ সেই ডিম দরিদ্রের নাগালের বাহিরে। যে ডিম একদিন ব্যাচেলরের নির্ভরযোগ্য বন্ধু ছিল, আজ সেই ডিম ব্যাচেলরের কাছে বিলাসিতা ও অপরাধের মাঝামাঝি কোনো অস্পষ্ট অঞ্চলে অবস্থান করিতেছে। অথচ রাজনীতির মঞ্চে সেই ডিমই এখন ছোঁড়া হয় অবলীলায়, যেন ইহা কোনো প্রাচীন গণতান্ত্রিক অধিকার, যার উপর বাজারদর বা নৈতিকতার কোনো বিধিনিষেধ নাই।

অতএব বলা যায়, সভ্যতা যত অগ্রসর হইয়াছে, ডিম ততই পুনরায় আদিম হইয়াছে। খাদ্য হইতে ইহা অস্ত্র হইয়াছে, পুষ্টি হইতে ইহা প্রতীক হইয়াছে, আর জীবনের সম্ভাবনা হইতে ইহা হইয়াছে রাজনৈতিক কাঁপুনির উৎস।

সেই ডিম জীবন রক্ষা করিত বলিয়াই অমূল্য ছিল। আর এই ডিম রাজনীতিকে কাঁপাইতেছে বলিয়াই অমূল্য। সভ্যতার এই উন্নত পর্যায়ে দাঁড়াইয়া মানুষ শেষ পর্যন্ত আবিষ্কার করিল যে, প্রযুক্তি, আদর্শ ও আইন নয়, ডিমই এখন ইতিহাসের অন্যতম কার্যকর চালিকাশক্তি।

সৈকত আমীন: প্রথম আলোর জ্যেষ্ঠ সহসম্পাদক।

## হলিউডের নতুন তারা সিডনি সুইনি

৪৬ পৃষ্ঠার পর

গতিপথ বদলে দেয়। একই প্ল্যাটফর্মের আরেক সিরিজ 'দ্য হোয়াইট লোটাস' তার পরিচিতি আরও বাড়িয়ে দেয়। তবে সিরিজে অভিনীত চরিত্র, সামাজিক যোগাযোগমাধ্যমে পোস্ট করা ছবি, বিভিন্ন সাক্ষাৎকারে করা মন্তব্য নিয়ে বরাবরই সমালোচনা ও বিদ্রূপের শিকার হন অভিনেত্রী। তবে এসব বিতর্ক, সমালোচনাকে ফিকে করে দিয়ে অভিনেত্রীর নতুন চলচ্চিত্র 'দ্য হাউজমেইড' প্রেক্ষাগৃহে রীতিমতো ঝড় তুলেছে। মাত্র ৪৫ মিলিয়ন ডলার বা প্রায় ৫৫০ কোটি টাকা বাজেটে নির্মিত এই মনস্তাত্ত্বিক থ্রিলারটি ব্যবসায়িক দিক দিয়ে অনন্য এক রেকর্ড গড়েছে। এই সাফল্যের মাধ্যমে ছবিটি নির্মাতা পল ফিগের ক্যারিয়ারের আগের সব রেকর্ড ভেঙে দিয়েছে। দীর্ঘ ১৫ বছর আগে পল ফিগ পরিচালিত 'ব্রাইডসমেইডস' ছবিটি ২৮৯.৬ মিলিয়ন ডলার আয় করে রেকর্ড গড়েছিল। এবার সেই রেকর্ড ভেঙে 'দ্য হাউজমেইড' নির্মাতার ক্যারিয়ারের সর্বোচ্চ আয় করা সিনেমায় পরিণত হয়েছে। শুধু তাই নয়, ২০২৪ সালের আলোচিত বই থেকে নির্মিত সিনেমা 'ইট এন্ডস উইথ আস' এবং সিডনি সুইনির আগের হিট ছবি 'এনিওয়ান বাট ইউ'-কেও আয়ের দিক থেকে পেছনে ফেলেছে এই নারীকেন্দ্রিক থ্রিলারটি। সিডনি সুইনির ক্যারিয়ারের জন্য এই সাফল্য বিশেষ তাৎপর্যপূর্ণ, কারণ এর মাধ্যমে তিনি প্রমাণ করেছেন যে মূল চরিত্রে থেকে বড় বাজেটের সিনেমা টেনে নেওয়ার ক্ষমতা তার রয়েছে। পরিচালক পল ফিগ এই অভাবনীয় সাফল্যে উচ্ছ্বাস প্রকাশ করে জানিয়েছেন, হলিউডের প্রচলিত একটি ধারণা আছে যে নারীকেন্দ্রিক বা মাঝারি বাজেটের ছবিগুলো প্রেক্ষাগৃহের চেয়ে স্ট্রিমিং প্ল্যাটফর্মের জন্য বেশি উপযোগী। কিন্তু 'দ্য হাউজমেইড' সেই ধারণাকে ভুল প্রমাণ করেছে। ফিগ বলেন, 'হলিউড বারবার অবাক হয় যে নারীরা প্রেক্ষাগৃহে সিনেমা দেখতে আসেন। অথচ সত্য হলো, তাদের যদি ভালো কনটেন্ট দেওয়া হয়, তবে তারা অবশ্যই থিয়েটারে ভিড় করবেন।' তিনি আরও যোগ করেন, এই সিনেমাটি তিনি দর্শকদের দলগত অভিজ্ঞতার কথা মাথায় রেখে বানিয়েছিলেন, যার ফল এখন হাতেনাতে পাওয়া যাচ্ছে।

## দ্বৈত নাগরিকদের অংশগ্রহণ নির্বাচনকে প্রশ্নবিদ্ধ করবে

১২ পৃষ্ঠার পর

আমাদের মনে রাখতে হবে, কোনো আইনই চিরস্থায়ী নয়। আর আইন মানুষের কল্যাণ ও অধিকার নিশ্চিত করার জন্যই তৈরি হয়, মানুষ আইনের জন্য তৈরি হয় না। ইসি যদি ঋণখেলাপি ও দ্বৈত নাগরিকদের নির্বাচনে অংশগ্রহণ করা থেকে বাদ রাখতে চাইত, তাহলে সে ব্যবস্থাও ছিল। তারা নিজেরা অথবা উপযুক্ত কর্তৃপক্ষের মাধ্যমে প্রশাসনিক অধ্যাদেশ জারি করাতে পারতেন। কিছুদিন আগে বাংলাদেশ ব্যাংক ২ শতাংশ নগদ ডাউন পেমেন্ট জমাদানসাপেক্ষে ঋণখেলাপিদের দুই বছর গ্রেস পিরিয়ডসহ ১০ বছরের জন্য খেলাপি ঋণ পুনঃতফসিলিকরণের সুবিধা দিয়েছে।

বিগত সরকারামলে আ হ ম মোস্তফা কামাল অর্থমন্ত্রী থাকাকালীন ঋণখেলাপিদের এ ধরনের সুযোগ দেওয়া হয়েছিল, যা নিয়ে সেই সময় প্রচুর সমালোচনা হয়েছিল। তখন গ্রেস পিরিয়ড দেওয়া হয়েছিল এক বছর, আর এখন গ্রেস পিরিয়ড দেওয়া হয়েছে দুই বছর। প্রশ্ন হলো, নির্বাচনের ঠিক আগমুহূর্তে ঋণখেলাপিদের এমন আপত্তিকর সুবিধা কেন দেওয়া হলো? ইসি হয়তো বলবে, বাংলাদেশ ব্যাংক খেলাপি ঋণ পুনঃতফসিলিকরণের সুযোগ দিয়েছে, এক্ষেত্রে আমাদের কী করণীয় থাকতে পারে? তাদের করার অনেক কিছুই ছিল। নির্বাচন কমিশন নিজেরা অথবা উপযুক্ত কর্তৃপক্ষের মাধ্যমে এমন একটি অধ্যাদেশ জারি করতে অথবা করাতে পারতেন যে, কোনো ব্যক্তিকে নির্বাচনে অংশগ্রহণ করতে হলে তাকে অন্তত এক বছর আগে থেকে ঋণখেলাপিমুক্ত থাকতে হবে। কোনো বিশেষ সুবিধার আওতায় নয়, কিস্তি পরিশোধের মাধ্যমে এক বছর আগেই নিজেকে ঋণখেলাপি 'তকমা' মুক্ত করতে হবে।

নির্বাচন কমিশন কি সত্যি ঋণখেলাপিদের নির্বাচন থেকে দূরে রাখার জন্য আন্তরিক? নাকি তারা লোকদেখানোর চেষ্টা করছেন? একজন নির্বাচন কমিশনার বলেছেন, মনে কষ্ট নিয়ে ঋণখেলাপিদের নির্বাচনে অংশগ্রহণের সুযোগ দিয়েছি। তার এ বক্তব্যের মধ্যে ইসির অসহায়ত্ব ফুটে উঠেছে। তারা কি কোনো বিশেষ মহলের চাপের কাছে নতি স্বীকার করলেন? অন্তর্বর্তী সরকার স্বচ্ছ ও জবাবদিহিমূলক নির্বাচন অনুষ্ঠানে অঙ্গীকারবদ্ধ। কিন্তু কোনো কোনো উপদেষ্টার কার্যকলাপে তাদের নিরপেক্ষতা নিয়ে সংশয় দেখা দিয়েছে।

নির্বাচন কোন ধরনের সরকারের অধীনে অনুষ্ঠিত হলো, তা যতটা না গুরুত্বপূর্ণ, তার চেয়ে বেশি তাৎপর্যপূর্ণ হচ্ছে, যারা মাঠ পর্যায়ে নির্বাচন পরিচালনা করবেন, তাদের ব্যক্তিগত আচার-আচরণ কেমন, তার ওপর। নির্বাচন পরিচালনাকারী কর্মকর্তা; যেমন-রিটার্নিং কর্মকর্তা, প্রিসাইডিং অফিসার এবং পোলিং অফিসাররা নির্বাচনকালে অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে থাকেন। তারা চাইলে যে কোনো সময় নির্বাচনকে প্রশ্নবিদ্ধ করে ফেলতে পারেন। বাংলাদেশের মতো একটি উন্নয়নশীল দেশ, যেখানে রাষ্ট্রীয় ক্ষমতার প্রতি দলবিশেষের লিপ্সা বেশি থাকে, সেখানে দলীয় সরকারের অধীনে সুষ্ঠু ও গ্রহণযোগ্য নির্বাচন অনুষ্ঠান করা সত্যিই খুব কঠিন। অন্তর্বর্তী অথবা তত্ত্বাবধায়ক সরকারের অধীনে নির্বাচন অনুষ্ঠিত হলেই তা সর্বাংশে সুন্দর ও গ্রহণযোগ্য হবে, তার কোনো নিশ্চয়তা নেই। ২০০৮ সালে সেনাশাসিত তত্ত্বাবধায়ক সরকারের অধীনে যে নির্বাচন অনুষ্ঠিত হয়েছিল, তাতে একটি বিশেষ রাজনৈতিক দলকে নির্বাচনে জেতানোর জন্য পরিকল্পিতভাবে চেষ্টা চালানো হয়েছিল। ফলে যে সরকার নির্বাচিত হয়, তারা পরবর্তীকালে গণতান্ত্রিক আচরণ করতে পারেনি।এমন ব্যবস্থার অধীনে নির্বাচন অনুষ্ঠিত হতে হবে, যেখানে একজন মানুষ চাইলেই নির্বাচনে দাঁড়াতে পারবে। আর ভোটাররা তাদের ইচ্ছামতো পছন্দনীয় প্রার্থীকে ভোট দিতে পারবে। নির্বাচনে সমঅধিকার নিশ্চিত করতে হবে। নির্বাচনকে যদি ব্যাপকভাবে গ্রহণযোগ্য ও বিতর্কমুক্ত করতে হয়, তাহলে অন্তত চারটি প্রতিবন্ধকতা থেকে নির্বাচনকে মুক্ত রাখতে হবে। অন্যথায় নির্বাচন কোনোভাবেই গ্রহণযোগ্য হবে না। এর মধ্যে প্রথমেই উল্লেখ করতে হয় টাকার খেলার কথা। আমাদের দেশে নির্বাচন মানেই টাকার খেলা।

নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করতে হলে বিপুল পরিমাণ টাকা থাকতে হয়। ভোটারদের সন্তুষ্ট করার জন্য টাকা ব্যয় করতে হয়। এ অবস্থায় যারা দরিদ্র বা স্বল্প সম্পদের মালিক, তাদের পক্ষে নির্বাচনে অংশগ্রহণ ও জয়লাভ করা সম্ভব হয় না। সুষ্ঠু নির্বাচন অনুষ্ঠানের ক্ষেত্রে দ্বিতীয় প্রতিবন্ধকতা হচ্ছে পেশিশক্তির ব্যবহার। নির্বাচনের সময় রাজনৈতিক দলগুলো তাদের পেশিশক্তি প্রদর্শন করার মাধ্যমে ভোটারদের মাঝে ভীতি সৃষ্টি করে থাকে। তৃতীয় প্রতিবন্ধকতা হচ্ছে সাম্প্রদায়িকতা এবং আঞ্চলিকতার প্রচার-প্রচারণা। চতুর্থ প্রতিবন্ধকতা হচ্ছে প্রশাসনিক দুর্নীতি এবং কারসাজি বন্ধ করা। আমাদের দেশে দীর্ঘদিন ধরে এসব সমস্যার কারণে নির্বাচনব্যবস্থাটিই ধ্বংস হয়ে গেছে। যতক্ষণ পর্যন্ত নির্বাচনব্যবস্থার আমূল সংস্কার করা না যাবে এবং বিদ্যমান সমাজব্যবস্থার কিছুটা পরিবর্তন করা না যাবে, ততক্ষণ পর্যন্ত আমরা নির্বাচনব্যবস্থাকে পুরোপুরি সুষ্ঠু ও গ্রহণযোগ্য করতে পারব না। নির্বাচনে দায়িত্ব পালনকারীদের মধ্যে অনেকেই আছেন, যারা সরকার বিরোধী দলের পক্ষে কাজ করেন। এটি সম্পূর্ণ নৈতিকতাবিরোধী এবং কোনোভাবেই গ্রহণীয় হতে পারে না।

অন্তর্বর্তী সরকার যতই চাক না কেন, মাঠ পর্যায়ে নির্বাচন পরিচালনাকারী কর্মকর্তারা যদি সঠিক এবং সর্বোচ্চ নিরপেক্ষতার সঙ্গে তাদের দায়িত্ব পালন না করেন, তাহলে কোনোভাবেই নির্বাচন গ্রহণযোগ্য হতে পারে না। নির্বাচনকে বিতর্কিত করার জন্য একটি বিশেষ মহল তৎপর রয়েছে। অন্তর্বর্তী সরকার যদি গণপ্রত্যাশা অনুযায়ী সুষ্ঠু এবং জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে গ্রহণযোগ্য নির্বাচন উপহার দিতে পারে, তাহলে তাদের অবদান ইতিহাসে স্বর্ণাক্ষরে লেখা থাকবে। আর যদি তা করতে ব্যর্থ হয় এবং কোনো কারণে নির্বাচন বিতর্কিত হয়, তার 'দায়ভার' সম্পূর্ণরূপেই তাদের ওপর বর্তাবে এবং তারা ইতিহাসের আস্তাকুঁড়ে নিক্ষিপ্ত হবেন। ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন জাতির ভবিষ্যৎ নির্ধারণকারী একটি নির্বাচন হতে যাচ্ছে। নির্বাচনের সঙ্গে যুক্ত কোনো পক্ষেরই দায়িত্ব পালনে গাফিলতির সুযোগ নেই। তাহলে জাতি তাদের ক্ষমা করবে না।

ড. আনোয়ারউল্লাহ চৌধুরী : অবসরপ্রাপ্ত উপাচার্য, ঢাকা বিশ্ববিদ্যালয়; বাহরাইনে নিযুক্ত বাংলাদেশের সাবেক রাষ্ট্রদূত।


জ্যামাইকায় বাংলাদেশী আমেরিকান অভিজ্ঞ ও বিশেষজ্ঞ ডাক্তার দ্বারা পরিচালিত মেডিকেল ও ডেন্টাল অফিস



মেডিসিন বিশেষজ্ঞ

এখানে ল্যাব, সনোগ্রাম, ইকেজি, ফ্লু, হজ্ব ভ্যাকসিন দেয়া হয়।

Cell: 718-864-8882

আমরা প্রায় সব ধরনের ইন্সিওরেন্স গ্রহণ করি।

Dr. Mohammad M. Rahman, MD
Attending Physician, NYU School of Medicine

Board Certified in Internal Medicine, Geriatrics, Hospice & Palliative Care Medicine



Astoria Office
30-04 36th Avenue
LIC, NY 11106
Tel: 718-383-4500
www.drmrahman.com 718-526-0700

অভিজ্ঞ ডেন্টিষ্ট

Digital Xray সহ সর্বাধুনিক প্রযুক্তিতে অত্যন্ত যত্নসহকারে শিশু, বয়োজেষ্ঠ সহ সবার দাঁতের সকল প্রকার চিকিৎসা করা হয়।



We Do Implant



Dr. Siddiqur Rahman D.D.S.

We accept Medicaid, Metro Plus, Health Plus, Wellcare, Fidelis, Health First, United Health Care, Affinity & Other PVT. INS.

Dental Office

Jamaica Office
170-12, Highland Ave,
Jamaica NY 11432
Tel: 718-526-0700

Mon-Tue-Thu-Fri (2Pm to 7 Pm)

Wednesday (12 Pm to 5 Pm)
Saturday (12pm to 5 Pm)

MEDICAL & DENTAL OFFICE
170-12, HIGHLAND AVE, JAMAICA, NY 11432



# শবেবরাত রাতের কয়েকটি সুন্নত

মুফতি ইবরাহিম সুলতান



শবেবরাত শব্দ দুটি হাদিসে নেই। হাদিসের ভাষায় এ রাতকে 'লাইলাতুন নিসফি মিন শাবান' তথা ১৫ শাবানের রাত বলা হয়। শবেবরাত ফারসি শব্দ। শব শব্দের অর্থ রাত, বরাত অর্থ নাজাত বা মুক্তি। এই দুই শব্দ মিলে অর্থ হয় মুক্তির রজনী।

যে রাতে আল্লাহর অপার অনুগ্রহ : মধ্য শাবানের রাতের ফজিলত সম্পর্কে হাদিস শরিফে নির্ভরযোগ্য সনদ বা বর্ণনাসূত্রে একাধিক হাদিস বর্ণিত হয়েছে। বিখ্যাত সাহাবি হজরত মুয়াজ বিন জাবাল (রা.) থেকে বর্ণিত, নবী করিম (সা.) ইরশাদ করেছেন, আল্লাহতায়ালা অর্ধ শাবানের রাতে অর্থাৎ শাবানের ১৪ তারিখ দিবাগত রাতে তার সৃষ্টির দিকে রহমতের দৃষ্টি দেন এবং মুশরিক ও বিদ্বেষ পোষণকারী ছাড়া সবাইকে ক্ষমা করে দেন। -ইবনে হিব্বান : ৫৬৬৫

হাদিস বিশারদদের ভাষ্যমতে, হাদিসটির মান সহিহ তথা বিশুদ্ধ। এ জন্যই ইমাম ইবনে হিব্বান (রহ.) তার প্রসিদ্ধ হাদিসে রচিত কিতাব 'কিতাবুস সহিহ'-এ হাদিসটি উল্লেখ করেছেন।

ভিত্তিহীন কাজ পরিহার : বিভিন্ন হাদিস থেকে এ বিষয়টি স্পষ্ট হয়, এই রাতে হজরত রাসুলুল্লাহ (সা.) বিশেষ পদ্ধতিতে কোনো ইবাদত করেননি এবং সাহাবায়ে কেরামকেও তা করার নির্দেশ দেননি। সুতরাং আমাদের সমাজে প্রচলিত শবেবরাতের বিশেষ পদ্ধতির যে নামাজের কথা বলা হয় তা সম্পূর্ণ ভিত্তিহীন, বানোয়াট। এগুলো বিশ্বাস করা এবং এগুলোর ওপর আমল করা কোনোভাবেই জায়েজ নেই; বরং ফজিলতপূর্ণ এই রাতের আমলের ব্যাপারে হাদিসের যেসব নির্দেশনা-ইঙ্গিত পাওয়া যায় তা সবই ব্যক্তিগত নফল ইবাদত। তাই আমাদের উচিত মনগড়া ইবাদত-আমল পরিহার করে যথাসম্ভব রাত্রি এরপর ৪০ পৃষ্ঠায়

## শাবান মাসে রোজা রাখার ফজিলত

আরাফাত রহমান

মুসলিম উম্মাহর মাঝে চলছে সাজসাজ রব, কারণ আর কিছুদিন পরেই রমজান মাস। রমজান মুসলমানদের জন্য এক মহা মূল্যবান মাস। রমজান মাস যেমন ফজিলতপূর্ণ, ঠিক তেমনি রমজানের আগের মাস, অর্থাৎ শাবান মাসও অনেক গুরুত্বপূর্ণ।

শাবান মাসে বেশি বেশি রোজা রাখার বিষয়ে রয়েছে একাধিক সহিহ হাদিস ও আলেমদের স্পষ্ট দিকনির্দেশনা। একজন মুসলমানের মাঝেমধ্যেই নফল রোজা রাখা উচিত। এতে দুনিয়ামুখী আসক্তি কমে, মনোবল দৃঢ় হয় এবং আত্মিক শক্তি বৃদ্ধি পায়।

শাবান মাসে রোজার ফজিলত সম্পর্কে একাধিক সহিহ হাদিস রয়েছে। সহিহ মুসলিমে হজরত আয়েশা (রা.) থেকে বর্ণিত, তিনি বলেন, আমি রাসুলুল্লাহ (সা.)-কে কখনো রমজান ছাড়া পুরো এক মাস রোজা রাখতে দেখিনি। আর শা'বান মাস ছাড়া অন্য কোনো মাসে তাকে এতো বেশি রোজা রাখতে দেখিনি। আরেক বর্ণনায় তিনি বলেন, রাসুলুল্লাহ (সা.) শাবান মাসে অল্প কয়েক দিন ছাড়া প্রায় পুরো মাস রোজা রাখতেন। এ হাদিসদ্বয় বলছে, রোজা রাখার জন্য নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের কাছে শাবান মাস সর্বাধিক প্রিয় ছিল, তাই তিনি রমজান মাস ব্যতীত এ মাসেই সবচেয়ে বেশি রোজা রাখতেন। কিন্তু এরপর ৪০ পৃষ্ঠায়



## কুরআন ব্যাখ্যায় এআই ব্যবহার করা যাবে?

জাহেদুল ইসলাম আল রাইয়ান



মিশরের গ্র্যান্ড মুফতি শাইখ ড. নাজির আয়াদ

মিশরের গ্র্যান্ড মুফতি শাইখ ড. নাজির আয়াদ মুসলিম সমাজকে সতর্ক করে বলেছেন, পবিত্র কুরআনের ব্যাখ্যায় (তাফসির) কৃত্রিম বুদ্ধিমত্তার উপর নির্ভরতা গ্রহণযোগ্য বা অনুমোদিত নয়।

দারুল ইফতা আল মিসরিয়্যাহর অফিসিয়াল ওয়েবসাইটে প্রকাশিত এক বিবৃতিতে তিনি বলেন, কুরআন এমন এক পবিত্র গ্রন্থ যাকে স্বয়ংক্রিয় প্রযুক্তির মাধ্যমে ব্যাখ্যা করা হলে তা অসত্য ব্যাখ্যা, ভুল ধারণা ও বিভ্রান্তি ছড়ানোর ঝুঁকি তৈরি করতে পারে।

গ্র্যান্ড মুফতি ড. আয়াদের বক্তব্যে স্পষ্ট বলা হয়েছে, কুরআনের ব্যাখ্যা করা কোনো সাধারণ প্রক্রিয়া নয়; এটি গভীর জ্ঞান, ভাষাগত দক্ষতা এবং ইসলামী ঐতিহ্য-ভিত্তিক শিক্ষা চায়। শুধু কৃত্রিম বুদ্ধিমত্তায় বা স্বয়ংক্রিয় সফটওয়্যারের দিকে তাকালে পবিত্র কুরআনের অর্থের সঠিকতা নষ্ট হতে পারে, কারণ

এই প্রযুক্তিগুলোতে ইসলামী ব্যাখ্যার মৌলিক স্তর যেমন আরবি ব্যাকরণ, নাজিলের প্রেক্ষাপট এবং শরীয়াহ-ভিত্তিক বিশ্লেষণ অনুধাবনের ক্ষমতা নেই।

গ্র্যান্ড মুফতি আরও বলেন, কুরআনের ব্যাখ্যার দায়িত্ব শুধুমাত্র যোগ্য ও প্রশিক্ষিত আলেমদের হাতেই থাকা উচিত, যারা দীর্ঘকাল ধরে প্রমাণিত তাফসির গ্রন্থ এবং ইসলামী শিক্ষার নিয়ম-নীতি অনুসরণ করে আসছেন। কৃত্রিম বুদ্ধিমত্তার মতো স্বয়ংক্রিয় পদ্ধতি ইসলামী জ্ঞানের ঐতিহ্য ও পদ্ধতিকে বদলে দিয়ে ভুল ব্যাখ্যা তৈরি করতে পারে, যা মুসলমানদের জন্য বিপজ্জনক হতে পারে।

ড. আয়াদ মুসলমানদের প্রতি আহ্বান জানিয়েছেন যে, যারা কুরআনের অর্থ ও ব্যাখ্যা জানতে চান, তারা যেন বিশুদ্ধ তাফসির গ্রন্থ, প্রমাণিত ইসলামী স্কলার বা স্বীকৃত ধর্মীয় প্রতিষ্ঠানের কাছে যান। তিনি বলেন, এটি বিশুদ্ধ ও নির্ভরযোগ্য ব্যাখ্যা নিশ্চিত করবে এবং মুসলিম সমাজকে বিভ্রান্তি থেকে রক্ষা করবে। এরপর ৪০ পৃষ্ঠায়



## সুস্থতা আল্লাহর নেয়ামত

মাওলানা কেফায়াতুল্লাহ

মানুষের শরীর ও সুস্থতা রবের পক্ষ থেকে প্রদত্ত নেয়ামত। প্রত্যেকটি অঙ্গপ্রত্যঙ্গের হক ও অধিকার রয়েছে। এসব হক ও অধিকার আদায় করা বান্দার জন্য জরুরি। হজরত ওয়াহাব ইবনে আবদুল্লাহ (রা.) থেকে বর্ণিত, রাসুল (সা.) বলেছেন, 'নিশ্চয় তোমার ওপর তোমার শরীরের হক আছে।' (তিরমিজি : ২৩৫০)। শরীরকে সুস্থ-সবল রাখা, অতিরিক্ত কষ্ট না দেওয়া, প্রয়োজনে বিশ্রাম দেওয়া, পরিমিত খাবার খাওয়া, অসুস্থ হলে চিকিৎসা করা এসব শরীরের হক। মানুষ যখন শরীরের প্রতি যত্নবান হবে তখন ইবাদত-বন্দেগি করা অনেক সহজ হবে।

ইবাদতের জন্য কায়িক ও শারীরিক শক্তি-সামর্থ্য প্রয়োজন। হজরত আবু হুরায়রা (রা.) থেকে বর্ণিত, রাসুল (সা.) বলেছেন, 'দুর্বল মোমিনের তুলনায় সবল মুমিন অধিক কল্যাণকর এবং আল্লাহর কাছে অধিক প্রিয়। তবে উভয়ের মধ্যেই কল্যাণ রয়েছে। আর যা তোমাকে উপকৃত করবে, সেটিই কামনা এরপর ৫৩ পৃষ্ঠায়

## নামাজের সময় সূচি Prayer Times For New York City জানু-ফেব্রু ২০২৬

| তারিখ | ফজর | সূর্য | জোহর | আছর | মাগরিব | এশা |
|---|---|---|---|---|---|---|
| 30 | 5:50 | 7:08 | 12:09 | 2:49 | 5:11 | 6:29 |
| 31 | 5:49 | 7:07 | 12:09 | 2:50 | 5:13 | 6:30 |
| 1 | 5:48 | 7:06 | 12:10 | 2:51 | 5:14 | 6:32 |
| 2 | 5:47 | 7:05 | 12:10 | 2:52 | 5:15 | 6:33 |
| 3 | 5:46 | 7:04 | 12:10 | 2:54 | 5:16 | 6:34 |
| 4 | 5:46 | 7:03 | 12:10 | 2:55 | 5:17 | 6:35 |
| 5 | 5:45 | 7:02 | 12:10 | 2:56 | 5:19 | 6:36 |

source: salahtimes.com

## Trump's cuts may halt $16B Hudson River train tunnel

Continued on page 18

under the riverbed soon. A custom-built tunnel-boring machine is onsite in New Jersey and ready to be assembled. A second machine is expected to be shipped in February. Several labor leaders appeared at the Gateway board meeting, imploring Trump to save their jobs. Richard Sirois, a Local 282 Teamsters member who helps run deliveries at the Gateway sites, said he voted for Trump twice, and was disappointed by the president's move to cut funding for the project.
"I'm not happy about it, 'cause I'm employed there," he said. John Mooney, an Ironworker Local 580 member from Queens, also pleaded for the president to save his job. "President Donald Trump, you said you want to make America great. Union workers go home and they can afford to make their communities better," he said. "Money talks, bulls--- walks. ... So free up the money, get this tube flowing underneath the Hudson," Mooney said.
Gateway officials said $1 billion has already been spent on the project so far, which Democratic Rep. Josh Gottheimer said would be a shame to toss away.
"If we stop now, we'll have wasted $1 billion in taxpayer dollars, and residents will be left with a huge half-finished pit in their backyard," he said.
The entire project wouldn't be necessary if former New Jersey Gov. Chris Christie in 2010 hadn't pulled funding for the ARC Project, which also aimed to build a new set of train tunnels beneath the Hudson River. *(Source-Gotham)*

## ICE Shootings Are Freaking Out the GOP. They're Afraid to Tell Trump

Continued on page 18

the feds in Minnesota, appointing a new point person in the state and new chain of command.
"I am sending Tom Homan to Minnesota tonight," the president announced about his border czar. "He has not been involved in that area, but knows and likes many of the people there. Tom is tough but fair, and will report directly to me." The sound you hear is the president, once again, sawing off the limb after his loyalists climbed out on it with what credibility they have in tow.
This all begs the question of why, if the president is so responsive to the press narrative, more in his party don't speak out in ways that will shape the story. They are, but you have to know how to decipher their language.
First, there's the method of: "The president can't fail, he can only be failed." Which means, Republicans blame Trump's advisers rather than risk angering the president by assigning the most powerful leader in the world agency of his own. "He is a dealmaker, and he's getting bad advice right now," Oklahoma Gov. Kevin Stitt said on CNN Sunday.
Stretching even further was Sen. Thom Tillis (R-N.C.), a master student of the blame-advisers-not-Trump school: "Any administration official who rushes to judgment and tries to shut down an investigation before it begins are doing an incredible disservice to the nation and to President Trump's legacy."
Tillis is only looking to help the president and secure his legacy, you see.
In another television interview, Rep. James Comer (R-Ky.) deployed the "I'm-only-thinking-out-loud-here" approach of trying to get through to Trump and his aides. Rather than say: Hell yes, we should yank federal immigration officials from Minnesota and end this fiasco, Comer tried to say it this way on Fox: "If I were President Trump, I would almost think about, OK, if the mayor and the governor are going to put our ICE officials in harm's way and there's a chance of losing more, you know, innocent lives or whatever, then maybe go to another city and let the people of Minneapolis decide, 'Do we want to continue to have all of these illegals?'"
Just asking questions, you know. Then there's the Senate sandwich.
Deliver the meat of the message, or at least a palatable version of it, but between to-be-sure paragraphs. "As I have often said, I support the Border Patrol, ICE and the critical work they do to enforce our laws," Sen. David McCormick (R-Pa.) began. "Irresponsible rhetoric and a lack of cooperation from Minnesota's politicians are fueling a dangerous situation."
Then came the news, delivered with the perfuming cover of a right-coded affinity group: "I also agree with the NRA and others — we need a full investigation into the tragedy in Minneapolis. We need all the facts."
The conclusion: "We must enforce our laws in a way that protects the public while maintaining its trust. This gives our law enforcement officers the best chance to succeed in their difficult mission." Lastly, there's that old reliable for politicians of all stripes: calls for hearings and an independent investigation. Not coincidentally, one of the first Republicans to take this tack was Sen. Bill Cassidy (R-La.), who's been somewhat liberated thanks to Trump's decision to exact revenge on Cassidy for his 2021 impeachment vote by backing a primary challenger to the senator this year.
To Cassidy's credit, he went further than most of his colleagues by saying what's manifestly obvious: "The credibility of ICE and DHS are at stake."
Beating Cassidy to the punch, and in a sign of how the politics of immigration have shifted because of the killings, the House Homeland Security Committee Chair Andrew Garbarino requested ICE officials testify before his panel.
"Congress has an important responsibility to ensure the safety of law enforcement and the people they serve and protect," said Garbarino, by way of announcing his turn toward oversight. There was no mention of Pretti or Renee Good, who were neither served nor protected, but the message was there if you knew where to look.*(Source-Politico)*

## Trump says Putin agrees to pause Kyiv strikes amid harsh cold

Continued on page 19

purported truce would start.
'Make this happen'
Zelensky, who met Trump in Davos last week despite patchy relations since their Oval Office bust-up nearly a year ago, thanked the US president for his "important statement." "We hope the United States can make this happen," the Ukrainian leader said. The pause had initially been discussed last weekend during three-way talks in Abu Dhabi between Russia, Ukraine and the United States, Zelensky said. German Chancellor Friedrich Merz also welcomed what he termed "efforts in favour of a truce". Merz at the same time stressed that "the systematic and brutal destruction of Ukraine's civilian infrastructure by Russian attacks" was "still ongoing", which he condemned "in the strongest terms", his spokesman, Stefan Kornelius, said. A second round of trilateral negotiations in Abu Dhabi is scheduled to begin on Sunday as Trump pushes his plan to end the nearly four-year-old invasion by Russia. Putin met Emirati counterpart Mohamed bin Zayed Al Nahyan in Moscow on Thursday ahead of those talks. The UAE has emerged as a key mediator in the war. The talks come as Ukraine faces one of its most difficult periods since Russia's February 2022 invasion, with Moscow's forces grinding slowly on in the east and bitter cold closing in. Zelensky warned in an evening address on Wednesday of fresh Russian attacks on energy facilities.

## 'Bangladesh can proudly say that we have a Runa Laila': Alamgir

Continued on page 18

The legendary singer also recalled her Guinness World Records achievement from the 1990s, when she recorded 10 songs a day over three days, totaling 30 songs. "We started at 9 in the morning, and by 6 o'clock we had finished 10 songs. The tracks were ready — one after another — and over three days we recorded 30 songs," she said.
Although Runa Laila spent her childhood and early career years in Pakistan, she returned to Bangladesh after independence. While her music has been celebrated internationally, it is in Bangladesh that she has found her true sense of belonging. Born on November 17, 1952, in Sylhet, then part of East Pakistan, Runa Laila is the daughter of Syed Mohammad Emdad Ali, a government official, and Amena Laila, a singer. Her maternal uncle, Subir Sen, is also a renowned artist in India. Due to her father's transferable job, Runa Laila moved with her family from Rajshahi to Multan in Pakistan at the age of two and a half, and spent her childhood in Lahore. There, she received formal training in classical music under Ustad Habib Uddin Khan and Abdul Qader Piarang, and trained in ghazal singing under Pandit Ghulam Qadir, the brother of Mehdi Hassan.
Runa began her playback singing career in films as a teenager, singing alongside some of the biggest names in Urdu music. Her career started in 1965 with the film "Jugnu", and she later entered Bengali cinema with the movie "Shorolipi", composed by Subal Das. Within five years, she had recorded nearly a thousand songs. In 1974, Runa arrived in Bangladesh. Around that time, she performed at three major concerts in India, earning acclaim from Indian audiences as well, particularly for the song "Dama Dam Mast Qalandar". She also developed close associations with legendary Indian singers Lata Mangeshkar and Asha Bhosle.
Runa Laila has won the Best Female Playback Singer award at the National Film Awards eight times. The Government of Bangladesh has also honored her with the country's highest civilian award, the Independence Award. In addition, she received the Saigal Award in India, and from Pakistan, she has been awarded the Nigar, Critics, and Graduates Awards. Not limited to singing, she has also acted in the film "Shilpi," directed by Chashi Nazrul Islam.*( Source-Daily Star)*

## UK PM signals China reset in talks with Xi

Continued on page 19

through "twists and turns" that did not serve the interests of either country and that China was ready to develop a long-term partnership.
"We can deliver a result that can withstand the test of history," the Chinese leader told Starmer, flanked by his top ministers, at their summit at the Great Hall of the People. Starmer is the latest Western leader to engage in a flurry of diplomacy with China, as nations hedge against unpredictability from the United States under President Donald Trump. Trump's on-off threats of trade tariffs and pledges to grab control of Greenland, an autonomous territory of Denmark, have rankled long-standing allies like Britain. Starmer's visit immediately follows that of Canadian Prime Minister Mark Carney, who signed an economic deal with Beijing to tear down trade barriers, drawing Trump's ire.
The British leader told reporters he had made progress in discussions with Beijing to reduce tariffs on whisky, while Xi said China would consider waiving visas for British nationals.

## 'আইস পুলিশ' অর্থায়নে বিল সিনেটে বাধাগ্রস্ত

১ পৃষ্ঠার পর

জোরপূর্বক পরিবর্তন আনার জন্য ডেমোক্র্যাটরা হয় বিলের তহবিল প্যাকেজকে এগিয়ে না নেওয়ার পক্ষে ভোট দিয়েছেন। তারা দাবি করছেন যে রিপাবলিকান এবং হোয়াইট হাউস হোমল্যান্ড সিকিউরিটি বিভাগের জন্য তহবিল আলাদা করতে সম্মত হয়। যেখানে আইস রয়েছে। যাতে এটি প্যাকেজের বাকি অংশ থেকে পুনরায় আলোচনা করা যায়। প্যাকেজটিকে ৪৫-৫৫ ভোটে এগিয়ে যাওয়া থেকে বিরত রাখতে সাতজন রক্ষণশীল ডেমোক্র্যাট যোগ দিয়েছিলেন। সিনেটের সংখ্যাগরিষ্ঠ নেতা জন থুন তার ভোট পরিবর্তন করে 'না' করেন, যাতে প্যাকেজটি পরবর্তী ভোটের জন্য সামনে আনা যায়।
বুধবার, ডেমোক্র্যাটিক নেতা চাক শুমার আইস কৌশল এবং প্রোটোকলের পরিবর্তনের জন্য তাঁর ককাসের দাবিগুলি তুলে ধরেছিলেন যা তারা ডিপার্টমেন্ট অব হোমল্যান্ড সিকিউরিটি (ডিএইচএস)-এর জন্য যে কোনও তহবিল প্যাকেজের অন্তর্ভুক্ত দেখতে চান; পরোয়ানার ব্যবহার কঠোর করা এবং রোভিং টহল শেষ করা, রাষ্ট্র ও স্থানীয় আইন প্রয়োগের জন্য বল প্রয়োগের নীতিগুলির সাথে তুলনীয় আচরণবিধি প্রয়োগ করা এবং আইস এজেন্টদের তাদের মুখোশ অপসারণ এবং বডি ক্যামেরা পরা। যদি সেনেট ১০০ জন সিনেটরকে প্যাকেজের বাকি অংশ থেকে ডিএইচএস তহবিল বিলটি বিভক্ত করার জন্য সম্মতি দিতে না পারে। যেমন ডেমোক্র্যাটরা দাবি করছেন, তবে প্রতিরক্ষা, স্বাস্থ্য ও মানব পরিষেবা, শ্রম, শিক্ষা, পরিবহন এবং আবাসন ও নগর উন্নয়নসহ বেশ কয়েকটি উল্লেখযোগ্য সংস্থা তহবিলের ক্ষতির মুখোমুখি হবে। যদি কোনও চুক্তি হয়, তবে বিলটি উভয় কক্ষের দ্বারা অনুমোদিত হতে হবে। যার অর্থ সংকীর্ণভাবে বিভক্ত হাউসকে ওয়াশিংটনে ফিরে আসতে হবে এবং চূড়ান্ত অনুমোদন আগামী সোমবার পর্যন্ত বিলম্বিত হতে পারে। গতকাল বৃহস্পতিবার সকাল পর্যন্ত, উভয় পক্ষের এবং হোয়াইট হাউসের নেতারা একটি চুক্তির দিকে এগিয়ে যাচ্ছিলেন। সেনেট সংখ্যালঘু নেতা চাক শুমার ২৮ জানুয়ারী, ২০২৬-এ ওয়াশিংটন, ডিসিতে মার্কিন ক্যাপিটলে সিনেট ডেমোক্র্যাটদের সাপ্তাহিক নীতি মধ্যাহ্নভোজের পরে বক্তব্য রাখেন। কাজের মধ্যে, একটি প্রস্তাব ছিল যা সেপ্টেম্বরের শেষের মধ্যে প্যাকেজের বাকি সংস্থাগুলির জন্য তহবিল সরবরাহ করবে। তবে কেবলমাত্র অস্থায়ীভাবে ডিএইচএস-এর জন্য তহবিল প্রসারিত করবে, যার ফলে পক্ষগুলি আলোচনা চালিয়ে যেতে পারবে। সিনেটের সংখ্যাগরিষ্ঠ নেতা জন থুনকে পদ্ধতিগত ভোটের আগে আশাবাদী বলে মনে হয়েছিল, যদিও তিনি ডেমোক্র্যাটদের কিছু প্রস্তাবকে সমর্থন করবেন কিনা তা জানাননি। 'আমার আশা এবং প্রত্যাশা হল যে হোয়াইট হাউস এবং সিনেটের ডেমোক্র্যাটরা যদি এটি কার্যকর করে তবে তারা এটি পাস করার জন্য প্রয়োজনীয় ভোট তৈরি করতে সক্ষম হবে'।

## ভোটের উত্তাপে কাঁপছে বাংলাদেশ

১ পৃষ্ঠার পর

মাধ্যমে শেখ হাসিনার সরকারের পতনের পর। শেখ হাসিনার সরকার রীতিমত স্বৈরাচার হয়ে উঠেছিল। স্বৈরাচার সৃষ্টির পথ চিরতরে বন্ধ করতে বিভিন্ন প্রতিষ্ঠানে সংস্কার করা প্রয়োজন। রাষ্ট্রের কী কী সংস্কার হবে তা নির্ধারণের লক্ষ্যে দীর্ঘদিন বিভিন্ন রাজনৈতিক দলের সঙ্গে জাতীয় সংস্কার কমিশনের বৈঠক হয়েছে। এসব বৈঠক পরিচালনা করেছেন যুক্তরাষ্ট্র প্রবাসী অধ্যাপক আলী রিয়াজ। দ্বিকক্ষ বিশিষ্ট পার্লামেন্টসহ সংবিধানের মৌলিক সংস্কারের নানা বুদ্ধিদীপ্ত আলোচনায় উঠে আসলেও সকল দল সকল বিষয়ে একমত হয়নি। বিশেষ করে বড় দল বিএনপি অনেক বিষয়ে নোট অব ডিসেন্ট দিয়েছে।
সংস্কার প্রস্তাবগুলোকে চারটি প্রশ্নের মধ্যে এনে তার প্রতি হ্যাঁ কিংবা না উত্তর দেবার বিধান দিয়ে গণভোট হচ্ছে। অর্ন্তবর্তি সরকারের কর্মকর্তারা বলছেন, 'হ্যাঁ' জয়যুক্ত হলে নির্বাচিত সংসদ শপথ নেবার ১৮০ দিন পর্যন্ত সংসদ সদস্যরা 'সংবিধান সংস্কার পরিষদ' হিসাবে কাজ করবেন। তারা সংস্কারের বিভিন্ন বিষয় নির্ধারণ করে তা দুই-তৃতীয়াংশ সংখ্যাগরিষ্ঠতার মাধ্যমে জাতীয় সংসদে পাস করালে সংবিধান সংশোধন হবে। এছাড়াও, অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূসের নেতৃত্বাধীন অর্ন্তবর্তি সরকার যেসব সংস্কার অধ্যাদেশের মাধ্যমে পাস করেছেন; ওই সকল সংস্কার সংসদ গঠিত হওয়ার ৩০ দিনের মধ্যে জাতীয় সংসদে পাস না হলে তা স্বয়ংক্রিয়ভাবে বাতিল হয়ে যাবে। ফলে আগামী জাতীয় সংসদ নির্বাচনকে খুবই গুরুত্বপূর্ণ বলে মনে করা হচ্ছে। আগামী জাতীয় সংসদই নির্ধারণ করবে যে সংসদ সংস্কারের প্রশ্নে কতটা কী ভূমিকা পালন করবে। তবে গণভোটে 'না' জয়যুক্ত হলে কোনও সংস্কার হবে না। অনেকে মনে করেন, রাজনৈতিক দলগুলোর মধ্যে সমঝোতার পর আর গণভোটের কোনও প্রয়োজনীয়তা ছিল না। একই দিনে ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন এবং গণভোট নির্বাচনী প্রক্রিয়াকে ব্যাহত করতে পারে বলেও তাদের অভিমত। বরং জাতীয় সংসদ নির্বাচন সুচারুভাবে পরিচালনা করে নির্বাচিত সংসদের মাধ্যমে প্রয়োজনীয় সংস্কার সাধন সম্ভব। তবে অর্ন্তবর্তি সরকারের প্রতিনিধিরা বলছেন, রাজনৈতিক দলগুলোই শেষ কথা নয়। জনগণের সম্মতিরও প্রয়োজন আছে। তাছাড়া, গণভোটে 'হ্যাঁ' জয়ী হলে নির্বাচিত সংসদ সদস্যদের ওপরও একটা নৈতিক চাপ সৃষ্টি হবে সংবিধান সংশোধনের জন্যে। গণভোটের একটা বড় ঝুঁকি হলো এতে 'না' জয়ী হলে সকল সংস্কার ভেস্তে যাবে। আওয়ামী লীগ ও বিএনপি নেতা-কর্মীরা না ভোট দিলে সংস্কার প্রস্তাব পাস করানো সম্ভব হবে না। যদিও বিএনপি 'হ্যাঁ' ভোট দেবার পক্ষে তাদের দলের অবস্থান জানিয়ে দিয়েছে। তবে অজানা আশঙ্কায় রাষ্ট্রযন্ত্রের পুরোটাই 'হ্যাঁ' ভোট দেবার পক্ষে প্রচারে নেমেছে। সংস্কার প্রস্তাবগুলো এতটাই জটিল যে সাধারণ মানুষের বোধগম্য হচ্ছে না। অনেকে এবারের গণভোটকে জিয়াউর রহমান কিংবা এরশাদের আমলের 'হ্যাঁ' কিংবা 'না' ভোটের সঙ্গে তুলনা করছেন। অর্থাৎ ওই সময়ে সামরিক শাসকেরা নিজেদের ক্ষমতাকে বৈধ করার লক্ষ্যে গণভোট দিয়েছিলেন। এবারের গণভোটকেও কেউ কেউ অর্ন্তবর্তি সরকারের প্রধানের পক্ষে বৈধতা দেবার ভোট হিসাবে মনে করছেন। ফলে গণভোটের বিপদটা এখানেই। কেউ কেউ আবার মনে করছেন, গণভোটের নামে বাংলাদেশের মুক্তিযুদ্ধের চেতনাকে নস্যাৎ করার চেষ্টা হতে পারে। এসব বিষয়ে বিএনপি কিংবা জামায়াতের মতো বড় দলগুলো খুব বেশি মুখ খুলছে না। তারা গণভোটের চেয়ে নিজেদের নির্বাচন নিয়ে ব্যস্ত। ফলে অর্ন্তবর্তি সরকারের প্রচার মানুষের কাছে মোটেও বিশ্বাসযোগ্য মনে হচ্ছে না। আগামী নির্বাচনে বিএনপি'র বিপুল বিজয়ের সম্ভাবনা দেখা গেলেও কিছু ঝুঁকির দিকও রয়েছে। বিশেষ করে বিএনপি'তে ৯১টি আসনে বিদ্রোহী প্রার্থী থাকায় এটা বিএনপি'র জন্যে খুবই দুশ্চিন্তার বিষয়। জামায়াতে ইসলামী ধর্মীয় বিষয়কে ভোটের প্রচারে খুব বেশি করে সামনে আনছে। কেউ কেউ এটিও বলছেন যে, দাড়িপাল্লায় ভোট দিলে পরকালে জান্নাতে যাওয়ার পথ সুগম হবে। নির্বাচন একটি ইহ জাগতিক বিষয়। এখানে পরকালের বিষয় টেনে আনায় শিক্ষিত সমাজ জামায়াতের সমালোচনা করছেন। যদিও এই প্রচারের মাধ্যমে অনেককে বিভ্রান্ত করা হচ্ছে। জামায়াতে ইসলামী অবশ্য বলছে, জান্নাতের টিকিট দেবার কথা তাদের দলের যারা বলছেন সেটা তাদের ব্যক্তিগত কথা। জামায়াতে ইসলামী দলীয়ভাবে এই বক্তব্যকে সমর্থন করে না। তারেক রহমান অবশ্য জামায়াতে এমন প্রচারকে শিরক হিসাবে অভিহিত করছেন।

## সুষ্ঠুভাবে নির্বাচন হতে দেওয়ার বিকল্প নেই

১০ পৃষ্ঠার পর

হবে, সেটা বহুলাংশে নির্ভর করে সরকার ও মাঠে থাকা দলগুলোর ওপর। বাংলাদেশের গণতন্ত্রে উত্তরণ বিষয়ে আগ্রহী পশ্চিমাদের সমর্থনও বড় বিষয়। ইতিবাচক দিক হলো, সেনাবাহিনী শুরু থেকেই গ্রহণযোগ্য নির্বাচনের পক্ষে। এ কাজে সহায়তা করে দ্রুত ব্যারাকে ফেরার বিষয়ে আগ্রহের কথা তারা জানিয়েছে বারবার। দেশরক্ষা বাহিনীকে দীর্ঘদিন ব্যারাকের বাইরে রাখাটা নিরাপত্তা বিশেষজ্ঞরাও ইতিবাচকভাবে দেখছেন না।

কলাফলের কিছুটা হলেও অনিশ্চয়তা যে কোনো নির্বাচনের বড় আকর্ষণ। এবারের নির্বাচনে সেটা থাকছে। যাদের ক্ষমতায় যাওয়ার সম্ভাবনা কম, তাদের কিন্তু সম্ভাবনা রয়েছে বড় বিরোধী দল হিসেবে আত্মপ্রকাশের। প্রথমবারের মতো তারা এ সুযোগ লাভ করেছে গণঅভ্যুত্থানের বদৌলতে। স্বাধীনতা পরবর্তীকালে তারা এবার রয়েছে সবচেয়ে সুবিধাজনক অবস্থায়। কিছু কৌশলের আশ্রয় নিয়ে গ্রহণযোগ্যতা বাড়ানোর সুযোগও পেয়েছে তারা। নির্বাচন বিলম্বিত হওয়াও তাদের জন্য ইতিবাচক হয়েছে। এর সুফল পেতে হলে তাদের কিন্তু শান্তিপূর্ণ নির্বাচনের পথেই থাকতে হবে। গোলযোগপূর্ণ নির্বাচন বরং অধিকতর শক্তিশালী দলের পক্ষে চলে যেতে পারে। এতে অবশ্য গণতন্ত্রে উত্তরণটাই কলুষিত হবে। আর মাঠে থাকা দুই প্রতিদ্বন্দ্বীর সম্পর্কের অধিকতর অবনতি ঘটবে এতে। রাজনীতিতে হাজির হবে নতুন মেরুকরণ, যাতে ক্ষমতাচ্যুত পক্ষও ভূমিকা গ্রহণের সুযোগ পাবে। এটা সম্ভাব্য বিরোধী দলটির জন্য ইতিবাচক কিছু না হয়ে বরং স্থায়ী ক্ষতির কারণ হতে পারে। নির্বাচনে প্রতিদ্বন্দ্বী হিসেবে হাজির উভয় পক্ষেরই উচিত হবে নিজেদের জন্য অসাধারণ এ সুযোগ কাজে লাগানো। সামনে তো আরও নির্বাচন হবে। ১২ ফেব্রুয়ারির নির্বাচন রাষ্ট্র সংস্কারের মাধ্যমে দেশ পরিচালনায় বিরোধী দলের অংশগ্রহণের সুযোগও করে দিচ্ছে। এ অবস্থায় পরাজয়কে সহজভাবে গ্রহণের মানসিকতা প্রদর্শনও কঠিন কিছু নয়।

হাসান মামুন: সাংবাদিক, কলাম লেখক।

## মিথ্যাচারের রাজনীতি ষড়যন্ত্র, গুজব ও ইতিহাস-বিকৃতিকে আলিঙ্গন করে

৫ পৃষ্ঠার পর

করেছে। কিন্তু ধর্মীয় নৈতিকতা রাজনীতিকে উন্নত করবে, অবনমিত নয়। যখন ধর্মকে ভ্রান্ত তথ্য ঢাকার ঢাল হিসেবে বা জাতীয় প্রতিষ্ঠানকে অবৈধ প্রমাণের হাতিয়ার হিসেবে ব্যবহার করা হয়, তখন ধর্ম নিজেই তার নৈতিক শক্তি ও জনআস্থা হারায়।

অতএব, বাংলাদেশের সামনে যে নির্বাচন, তা কেবল দল বাছাইয়ের বিষয় নয়: এটি রাজনৈতিক সংস্কৃতির মধ্যকার একটি নির্বাচন। একটি সংস্কৃতি প্রতিষ্ঠানকে সম্মান করে, নীতিনির্ভর বিতর্কে অংশ নেয় এবং ভোটারদের সত্য জানার অধিকারকে শ্রদ্ধা করে। অন্যটি গুজব, উসকানি ও নির্বাচিত স্মৃতিভ্রংশের ওপর নির্ভরশীল। একটি সংস্কৃতি অন্তর্ভুক্তিমূলক ও সুযোগভিত্তিক বাংলাদেশের দিকে তাকিয়ে থাকে: অন্যটি আমাদের রাজনৈতিক জীবনের পুরোনো ও অন্ধকার অধ্যায়ের কৌশলেই আটকে থাকে।

বাংলাদেশের নাগরিকরা, বিশেষ করে তরুণ প্রজন্ম পরিবর্তিত হয়েছে। তারা এখন বেশি সচেতন, বিশ্বসংযুক্ত এবং ফাঁপা বক্তব্যে কম সহনশীল। তারা এমন রাজনীতি চায়, যা তাদের ভবিষ্যৎ নিয়ে কথা বলে: অতীতকে অস্ত্র বানিয়ে বা জাতি-গঠনের প্রতিষ্ঠানগুলোকে হেয় করে যে রাজনীতি চলে, তা তারা আর গ্রহণ করতে চায় না।

এই নির্বাচনে, সত্য নিজেই একটি ব্যালট। আর ইতিহাস বারবার দেখিয়েছে, যখন বাংলাদেশিদের সামনে ভয় ও আশার মধ্যে, গুজব ও যুক্তির মধ্যে স্পষ্ট নির্বাচন থাকে, তখন তারা মর্যাদা, গণতন্ত্র ও অগ্রগতির পক্ষেই রায় দেয়।

লেখক: চেয়ারম্যানের উপদেষ্টা, বাংলাদেশ জাতীয়তাবাদী দল এবং বিশ্বব্যাংকের সাবেক সিনিয়র হেলথ স্পেশালিস্ট।






## এই শিশুর অভিশাপ থেকে কীভাবে রেহাই পাবে বাংলাদেশ?

৬ পৃষ্ঠার পর

একেবারে কাছের পরিসরে। যশোর কারাগারের সেই কারাফটকই ছিল মানবাধিকারের এমন এক পরীক্ষাকেন্দ্র। সেখানে দাঁড়িয়ে ছিল একজন বাবা, একজন স্বামী, একজন মানুষ। সেই পরীক্ষায় আমরা ব্যর্থ হয়েছি। রাত ১১টায় কানিজ সুবর্ণা ও তাঁর শিশুপুত্রকে দাফন করা হয় বাবার বাড়ির পারিবারিক কবরস্থানে। সেই কবরে মাটি দেওয়ার সময় সেখানে ছিলেন না জুয়েল হাসান। তিনি তখনও কারাগারের ভেতর-বসে একটি দেয়ালের দিকে তাকিয়ে ভাবছিলেন, জীবনটা ঠিক কোথায় ভেঙে পড়ল। যে শিশুটি জীবিত বাবার সঙ্গে দেখা করতে পারেনি, সে মৃত অবস্থায় বাবার কাছে গিয়েছিল। সেই দৃশ্য কি আমাদের তাড়া করবে না? এই শিশুর অভিশাপ থেকে কীভাবে রেহাই পাবে বাংলাদেশ? পরের বার যখন এমন কোনো অ্যাম্বুলেন্স কারাফটকের সামনে থামবে, তখন কি রাষ্ট্র একটু বেশি মানুষ হবে? নাকি তখনও লোহার গেটের ওপারে দাঁড়িয়ে থাকবে মানবিকতার লাশ?

লেখক: সিনিয়র সাংবাদিক ও কলামিস্ট।

## 'অভিনয়ে আসাটা ছিল দুর্ঘটনার মতো'

৪৬ পৃষ্ঠার পর

ক্যারিয়ারে প্রথমবার জাতীয় চলচ্চিত্র পুরস্কার পেয়েছিলেন রানী। সেই সাফল্যের মধ্যেই আরও এক গৌরবময় স্বীকৃতি যোগ হলো তার ক্যারিয়ারে। এই স্বীকৃতি পেয়ে আবেগাপ্লুত রানী বলেন, 'এটি আমার কাছে স্বদেশে প্রত্যাবর্তনের মতো। পশ্চিমবঙ্গ থেকে পাওয়া এই সম্মান আমার শিকড়ের উষ্ণ আলিঙ্গনের মতো। যদিও একজন অভিনেত্রী হিসেবে আমার যাত্রা মূলত হিন্দি ছবির মাধ্যমে শুরু তবে আমার শিকড় গভীরভাবে বাংলার মাটিতেই ছিল।' বাঙালি সংস্কৃতিতে বেড়ে ওঠা নিয়ে রানী জানান, 'বাবা-মা এবং বাঙালি সংস্কৃতিই তাকে শিখিয়েছে যে সত্য প্রকাশে উচ্চস্বরে কথা বলার প্রয়োজন নেই। তারা আমাকে অনুগ্রহ, আত্মসম্মান ও মর্যাদার সঙ্গে নিজের অবস্থানে দাঁড়াতে শিখিয়েছেন।

## বাংলাদেশের টি-টোয়েন্টি বিশ্বকাপ থেকে বিদায়ের নেপথ্যে

৫২ পৃষ্ঠার পর

হিসেবে বাংলাদেশ ছিল তৃতীয়। টি-টোয়েন্টির মতো অনিশ্চিত ফরম্যাটে একদিনের ভালো ক্রিকেটই তাদের সুপার এইটে তুলে দিতে পারত। এরপর কী হতে পারত, তা কে জানে। এখন সবই কেবল অনুমান-যা নিঃসন্দেহে খুবই দুর্ভাগ্যজনক। আইসিসির ২০২৪-২০৩১ মেয়াদের পুরুষদের টুর্নামেন্ট সূচির অংশ হিসেবে ভারত ও শ্রীলঙ্কাকে সহ-আয়োজক ঘোষণা করা হয়েছিল ২০২১ সালের নভেম্বরেই। ২০২৪ সালের আগস্ট থেকে বাংলাদেশে হিন্দু সম্প্রদায়ের ওপর হামলার বিশ্বাসযোগ্য অভিযোগও উঠে আসে। এই প্রেক্ষাপটে কয়েকটি বড় প্রশ্ন ওঠে-

১. বাংলাদেশ ক্রিকেট বোর্ড (বিসিবি) ও বাংলাদেশ সরকার যদি সত্যিই মনে করে থাকত যে ভারতে তাদের খেলোয়াড়দের জন্য নিরাপত্তা ঝুঁকি আছে, তাহলে বিষয়টি আগেই তোলা হয়নি কেন?

২. কেন অন্তর্বর্তী সরকার ঠিক সেই দিনই বিসিবিকে আইসিসির কাছে ভেন্যু পরিবর্তনের অনুরোধ জানাতে নির্দেশ দিল, যেদিন কলকাতা নাইট রাইডার্স আইপিএল ২০২৬ স্কোয়াড থেকে বাংলাদেশের ফাস্ট বোলার মুস্তাফিজুর রহমানকে ছেড়ে দেয়? (মুস্তাফিজকে ৩ জানুয়ারি ২০২৬ মুক্ত করা হয়, আর ভেন্যু পরিবর্তনের আবেদন করা হয় ৪ জানুয়ারি)।

৩. এ বিষয়ে বিসিবি কি সরাসরি বিসিসিআইয়ের সঙ্গে কথা বলেছিল?

৪. আর কেন অন্তর্বর্তী সরকার অনির্দিষ্টকালের জন্য আইপিএলের সব সম্প্রচার ও প্রচার নিষিদ্ধ করল? এর সঙ্গে ভারতে খেলোয়াড়দের নিরাপত্তারই বা কী সম্পর্ক? সরকার বলেছিল এটি 'জনস্বার্থে', কিন্তু ব্যাপকভাবে এটিকে দেখা হয়েছে মুস্তাফিজকে আইপিএলে খেলতে না দেওয়ার পাল্টা প্রতিক্রিয়া হিসেবে। কারণ আইপিএল ২০২৬-এ তিনিই ছিলেন একমাত্র বাংলাদেশি খেলোয়াড়। এই দিক থেকে দেখলে, পুরো মুস্তাফিজ অধ্যায়টি কি আরও ভালোভাবে সামলানো যেত? অবশ্যই। ২০২৪ সালের জুলাইয়ে শেখ হাসিনা সরকারের বিরুদ্ধে প্রথম দফার সরকারবিরোধী আন্দোলন শুরু হওয়ার পর থেকেই বাংলাদেশে পরিস্থিতি কতটা অস্থির ছিল, তা সবারই জানা। শান্তিপূর্ণ দাবিদাওয়া খুব দ্রুত সহিংস সংঘাতে রূপ নেয়।

এই পরিস্থিতিতে ভারতের মাটিতে বাংলাদেশি খেলোয়াড়দের বিরুদ্ধে জনরোষ এড়ানোর সবচেয়ে নিরাপদ উপায় হতে পারত-মুস্তাফিজকে নিলামে না তোলা। কিন্তু তা করা হয়নি। বরং কলকাতা নাইট রাইডার্স তাকে ৯ কোটি রুপিতে কিনল, তারপর ফ্র্যাঞ্চাইজিকে তাকে ছেড়ে দিতে বলা হল। বাংলাদেশ একে চরম অপমান হিসেবে দেখেছে, যা কূটনৈতিক অচলাবস্থাকে আরও জটিল করে তোলে। এই সংকট এড়ানো যেত কি? মুস্তাফিজের প্রতি সেটা অন্যায় হত ঠিকই, কিন্তু নিলামের আগেই তাকে বিষয়টি পরিষ্কারভাবে জানানো অনেক ভালো হত-চুক্তি ও বড় অঙ্কের অর্থ পাওয়ার পর তাকে না খেলার কথা জানানোর চেয়ে। তবে বাংলাদেশের শাসকদের এটাও বোঝা দরকার ছিল যে, দেশের ক্রিকেটের ভবিষ্যৎকে বাজি রেখে এটিকে অহংয়ের লড়াইয়ে পরিণত করা যায় না। ঝুঁকি ছিল অত্যন্ত বড়। আইসিসি ভারতে অবস্থানকালে খেলোয়াড় ও স্টাফদের জন্য বাড়তি নিরাপত্তার আশ্বাস দিয়েছিল। এমনকি আইসিসির অভ্যন্তরীণ নিরাপত্তা মূল্যায়নেও বাংলাদেশের দলের জন্য কোনো নির্দিষ্ট হুমকি পাওয়া যায়নি। তবুও ভেন্যু পরিবর্তনের দাবিতে অনড় থেকে বিশ্বকাপ বর্জনের হুমকি দিয়ে বাংলাদেশ অত্যন্ত বড় ঝুঁকি নিয়েছে। পরিণতি হয়েছে উল্টো। হারানো সম্মান উদ্ধারের চেষ্টা অন্যায়ভাবে ব্যর্থ হয়েছে। আইসিসি দ্রুতই বাংলাদেশকে সরিয়ে স্কটল্যান্ডকে টুর্নামেন্টে অন্তর্ভুক্ত করেছে। যারা এই সিদ্ধান্তগুলো নিয়েছেন, তাদের বর্তমান বাস্তবতা বোঝা দরকার। আর্থিকসহ এর ক্ষেত্রের প্রভাব হবে ব্যাপক।

খবরে বলা হচ্ছে, বিশ্বকাপে অংশগ্রহণের জন্য যে ৩০ লাখ ডলার (প্রায় ৩৬ কোটি ৩৩ লাখ টাকা) ফি পাওয়ার কথা ছিল, তা বাংলাদেশ পাবে না। সঙ্গে যোগ হবে সম্ভাব্য পুরস্কারমূল্যের ক্ষতি। সবচেয়ে বড় ধাক্কা আসবে আইসিসির কেন্দ্রীয় আয়ের অংশে। সাম্প্রতিক হিসাব অনুযায়ী, আইসিসির বার্ষিক আয়ের ৪.৪৬ শতাংশ পায় বাংলাদেশ-যার পরিমাণ প্রায় ২৭ থেকে ৩০ মিলিয়ন ডলার। এটি বিসিবির বার্ষিক আয়ের প্রায় ৬০ শতাংশ। সেটিই এখন ঝুঁকির মুখে।

এর সঙ্গে যোগ হবে বিশ্বকাপ থেকে সরে দাঁড়ানোর কারণে আইসিসির আরোপিত ২০ লাখ ডলারের জরিমানা। আইসিসির মেম্বার পার্টিসিপেশন এগ্রিমেন্ট অনুযায়ী, যুক্তিসংগত কারণ ছাড়া কোনও সদস্য দেশ টুর্নামেন্ট থেকে সরে দাঁড়ালে এই জরিমানা দিতে হয়। এছাড়া দেশের সম্প্রচারকারী সংস্থার প্রায় ৩০০ কোটি টাকার ক্ষতি, বিজ্ঞাপন আয়ের লোকসান, আর বাংলাদেশি খেলোয়াড়দের সম্ভাব্য স্পনসরশিপ হারানোর ঝুঁকিও রয়েছে। আধুনিক ক্রিকেটে দৃশ্যমানতাই স্পনসরদের কাছে সবচেয়ে বড় সম্পদ। সময় অনেক কিছুই সারিয়ে তোলে। হয়তো বিসিবি কোনওভাবে আর্থিক ক্ষতি সামাল দেবে। কিন্তু ভারতের সঙ্গে ভবিষ্যতের দ্বিপাক্ষিক ক্রিকেট সম্পর্ক-অর্থাৎ আরও কোটি কোটি টাকার ক্রিকেট ও সম্প্রচার আয়ের সম্ভাবনাও তারা বড় ঝুঁকিতে ফেলেছে। কূটনৈতিক সম্পর্ক যে দিকেই যাক না কেন, ক্রিকেটীয় সম্পর্ক যে চাপের মুখে পড়বে, তা স্পষ্ট। চলতি বছরই ভারতের বাংলাদেশ সফরের কথা রয়েছে। (সাদা বলের সেই সফরটি ২০২৫ সালের আগস্ট থেকে পিছিয়ে ২০২৬ সালের সেপ্টেম্বরে নেওয়া হয়েছিল)। সেই সফর কি আদৌ পরিকল্পনা অনুযায়ী হবে?

ঢাকায় সংবাদ সম্মেলনে বাংলাদেশ সরকারের ক্রীড়া উপদেষ্টা আসিফ নজরুল দাবি করেন, আইসিসি নাকি তিনটি সম্ভাব্য নিরাপত্তা ঝুঁকির কথা বলেছিল-মুস্তাফিজুর রহমানের অংশগ্রহণ, বাংলাদেশি সমর্থকদের জাতীয় জার্সি পরে মাঠে আসা, এবং ১২ ফেব্রুয়ারির আসন্ন জাতীয় নির্বাচনের কারণে বাড়তি নিরাপত্তা ঝুঁকি। তবে আইসিসির একটি সূত্র এই দাবি সরাসরি অস্বীকার করেছে। পিটিআইকে ওই সূত্র জানায়, 'আসিফ নজরুল যা বলেছেন তা সম্পূর্ণ মিথ্যা। আইসিসির কোনো যোগাযোগেই মুস্তাফিজের নির্বাচনের বিষয়টি উল্লেখ করা হয়নি। এমন কোনো পরামর্শ ছিল না।' তাহলে প্রশ্ন থেকে যায়-আইসিসির পক্ষ থেকে যদি এমন কোনো বার্তা না এসে থাকে, অন্তত মুস্তাফিজের ব্যাপারে, তাহলে এই অসত্য বলা কেন প্রয়োজন হল? এত আশ্বাস আর এত কিছুর ঝুঁকি সত্ত্বেও নিজের অবস্থানে অনড় থাকাই কি এতটা জরুরি ছিল?

লেখক : সাবেক ক্রীড়া সম্পাদক ও প্রাইমটাইম ক্রীড়া সংবাদ উপস্থাপক। বর্তমানে তিনি কলাম লেখক, ফিচার রাইটার ও মঞ্চ অভিনেতা। সূত্র: এনডিটিভি

## ছাত্র সংসদ নির্বাচনের কতটুকু প্রভাব জাতীয় নির্বাচনে

৬ পৃষ্ঠার পর

পরোক্ষভাবে জামায়াত-শিবিরের প্রতিও নতুন করে ভাবতে শুরু করতে পারেন।

তবে বাংলাদেশের সামাজিক বাস্তবতা এতটা সরল নয়। দেশে উল্লেখযোগ্যসংখ্যক সংখ্যালঘু জনগোষ্ঠী রয়েছে, যারা ধর্মীয় অবস্থানের কারণে জামায়াতের রাজনীতি থেকে দূরে থাকতে পারে। পাশাপাশি নিম্নবিত্ত ও প্রান্তিক জনগোষ্ঠীর সংখ্যাও কম নয়। যদি বিএনপি তাদের অর্থনৈতিক দুর্ভোগ ও জীবনসংগ্রামের প্রশ্নে কার্যকরভাবে আস্থা অর্জন করতে পারে, তবে সেখানে জামায়াতের জন্য প্রতিযোগিতা কঠিন হয়ে উঠতে পারে।

এ ছাড়া দেশে একটি বড় অংশের 'সিদ্ধান্তহীন ভোটার' রয়েছে, যাঁরা কোনো নির্দিষ্ট দলীয় আদর্শে আবদ্ধ নন। পরিস্থিতি, নেতৃত্ব ও সময়ের বাস্তবতার ওপর নির্ভর করে তাঁদের ভোটের সিদ্ধান্ত বদলায়। জুলাই বিপ্লবের পর জনগণের মধ্যে পথঘাট রাজনীতির বাইরে নতুন নেতৃত্বের প্রত্যাশাও তৈরি হয়েছে, যা পুরোনো রাজনৈতিক মুখগুলোর প্রতি একধরনের সংশয় সৃষ্টি করেছে।

বিএনপি বর্তমানে সরকারবিরোধী আবেগ ও গ্রামাঞ্চলে বিস্তৃত সমর্থনের কারণে একটি শক্ত অবস্থানে রয়েছে। ফলে আসন্ন জাতীয় সংসদ নির্বাচনে তারা নিঃসন্দেহে একটি প্রধান প্রতিদ্বন্দ্বী শক্তি। একই সঙ্গে জাতীয় পার্টির সম্ভাবনাও পুরোপুরি উড়িয়ে দেওয়া যায় না। জনগণ যেহেতু তুলনামূলকভাবে মধ্যপন্থী ও গ্রহণযোগ্য নেতৃত্ব খুঁজছে, সে ক্ষেত্রে তারা অনেক ভোটারের কাছে একটি বিকল্প হয়ে উঠতে পারে।

সবশেষে বলা যায়, জনগণের প্রধান প্রত্যাশা একটাই-ভোটের অধিকার ও বাকস্বাধীনতা। এমন একটি নির্বাচন, যেখানে ভোট নিজের ইচ্ছেমতো দেওয়া যাবে এবং যার ফলাফল পূর্বনির্ধারিত নয়। নিত্যপ্রয়োজনীয় দ্রব্যের মূল্য নিয়ন্ত্রণ, বাসাভাড়া ও জ্বালানি ব্যয়ের চাপ কমানো, শিক্ষিত বেকারত্ব দূর করা, মেধার যথাযথ মূল্যায়ন এবং আইনের শাসনের বাস্তব প্রয়োগ-এসব বিষয়ই ভোটারদের সিদ্ধান্তে মুখ্য হয়ে উঠছে।

মানুষ এখন স্লোগানে নয়, কাজে বিশ্বাস করে। তাই আগামীর নেতৃত্বে যাঁদের নির্বাচিত করা হবে, তাঁদের সততা, ন্যায়পরায়ণতা ও কার্যকর নেতৃত্বই হবে জনগণের কাছে সবচেয়ে বড় বিবেচ্য বিষয়।

এই বাস্তবতায় বলা যায়, ছাত্র সংসদ নির্বাচন এককভাবে কখনোই জাতীয় সংসদ নির্বাচনের ফল নির্ধারণ করতে পারে না। তবে এটি ভবিষ্যৎ রাজনীতির দিকনির্দেশনা দেয় এবং সমাজের রাজনৈতিক মানসিকতা গঠনে একটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে, যা কোনোভাবেই উপেক্ষা করার সুযোগ নেই।

লেখক: শিক্ষার্থী, জগন্নাথ বিশ্ববিদ্যালয়।

## টি-টোয়েন্টি বিশ্বকাপের সময় বিসিবির অন্য আয়োজন

৫২ পৃষ্ঠার পর

টোয়েন্টির সর্বোচ্চ আসরে বাংলাদেশের খেলা হবে না বলে হতাশ বিসিবি আর দেশের ক্রিকেটপ্রেমীরাও।

ফেব্রুয়ারিতে বিশ্বকাপের সময়টাতে তাই বিসিবি এমন কিছু করতে চাচ্ছে, যাতে দেশের ক্রিকেটে কিছুটা হলেও প্রাণ থাকে। আর এ চিন্তা থেকেই টি-টোয়েন্টি বিশ্বকাপ খেলতে না যাওয়া জাতীয় দলের ক্রিকেটারদের সঙ্গে জাতীয় দলের আশপাশে থাকাদের নিয়ে চার দলের ওয়ানডে সংস্করণের একটি টুর্নামেন্ট আয়োজনের পরিকল্পনা করেছে বিসিবি। টুর্নামেন্টে খেলা ক্রিকেটারদের ভালো পরিমাণে আর্থিক সুযোগসুবিধাও নাকি দেবে বোর্ড।

গত বৃহস্পতিবার রাতে ক্রীড়া উপদেষ্টা অধ্যাপক আসিফ নজরুলের সঙ্গে এ নিয়ে বিসিবি সভাপতি আমিনুল ইসলাম ও কয়েকজন শীর্ষ কর্মকর্তা বৈঠকে বসেছিলেন। জানা গেছে, বিশ্বকাপের সময়ে এমন একটি টুর্নামেন্ট আয়োজনের পরামর্শ আছে সরকারের দিক থেকেও। আজ সন্ধ্যায় এক অনুষ্ঠানে জাতীয় ক্রীড়া পরিষদ সচিব মো. মাহবুব-উল-আলম জানিয়েছেন, বিসিবির পক্ষ থেকে শিগগিরই সেই টুর্নামেন্টের ঘোষণা দেওয়া হবে।

বিসিবির ক্রিকেট পরিচালনা বিভাগের ম্যানেজার শাহরিয়ার নাফীস জানিয়েছেন, টুর্নামেন্ট কমিটির সঙ্গে সমন্বয় করে কয়েক দিনের মধ্যে এই আয়োজনের সবকিছু চূড়ান্ত হবে। টুর্নামেন্ট কমিটির দেওয়া পরিকল্পনায় বিসিবি সভাপতির সম্মতি মিললেই শুরু হয়ে যাবে টুর্নামেন্ট আয়োজনের প্রস্তুতি।

ঘরোয়া ক্রিকেটের আগের সূচি অনুযায়ী, ফেব্রুয়ারিতে প্রথম শ্রেণির ক্রিকেটের আসর বাংলাদেশ ক্রিকেট লিগ (বিসিএল) আয়োজনের পরিকল্পনা ছিল বিসিবির। তবে ক্রিকেট পরিচালনা বিভাগ আগে থেকেই চাইছে, মার্চে যেহেতু পাকিস্তানের বিপক্ষে তিন ম্যাচের ওয়ানডে সিরিজ, ওয়ানডে সংস্করণের টুর্নামেন্টটাই আগে হোক। চার দিনের আসর পাকিস্তানের বিপক্ষে মে মাসে দুই টেস্টের আগে করার পরিকল্পনা এখন।

## ভারতের হুমকি এবং বাংলাদেশের অবস্থান

১২ পৃষ্ঠার পর

চাপ ও প্রভাব বিস্তারের নীতি অবলম্বন করে-তাহলে সে শুধু অঞ্চলে বন্ধু হারাবে না, বরং নিজের দীর্ঘমেয়াদি কৌশলগত অবস্থানও দুর্বল করবে। সম্পর্ক পুনর্গঠনের জন্য ভারতের প্রয়োজন হেজেমনিক মনোভাব ত্যাগ করা, বাংলাদেশের গণতান্ত্রিক প্রক্রিয়াকে সম্মান করা এবং সমান প্রতিবেশী হিসাবে সংলাপে ফিরে আসা। এ পরিবর্তন ছাড়া দ্বিপাক্ষিক সম্পর্ক-সহযোগিতা ও পারস্পরিক শ্রদ্ধার বদলে উত্তেজনা ও প্রতিরোধের দ্বারাই চিহ্নিত হয়ে থাকবে।

বাংলাদেশ একটি শান্তিপ্রিয় রাষ্ট্র। আমাদের জাতীয় নীতির মূল ভিত্তি হলো শান্তি, সহাবস্থান ও পারস্পরিক সম্মান। আমরা কারও সঙ্গে সংঘাত বা যুদ্ধ চাই না, চাই না কোনো দেশের অভ্যন্তরীণ বিষয়ে হস্তক্ষেপ করতে। আন্তর্জাতিক অঙ্গনে বাংলাদেশ শান্তি প্রতিষ্ঠার পক্ষেই অবস্থান নিয়েছে-জাতিসংঘ শান্তিরক্ষা মিশনে আমাদের সক্রিয় অংশগ্রহণ, কূটনৈতিক সমাধানের প্রতি অঙ্গীকার এবং বৈশ্বিক স্থিতিশীলতার পক্ষে অবস্থান তারই প্রমাণ। তবে শান্তিপ্রিয় হওয়া মানে দুর্বল থাকা নয়। ইতিহাস আমাদের শিখিয়েছে, শান্তি কেবল সদিচ্ছা দিয়ে টিকে থাকে না; শান্তি রক্ষার জন্য শক্তি, প্রস্তুতি ও আত্মরক্ষার সক্ষমতা অপরিহার্য। বাংলাদেশ কারও সঙ্গে যুদ্ধ চায় না, কিন্তু যদি কোনো রাষ্ট্র আমাদের ওপর সংঘাত চাপিয়ে দেয়, হুমকি দেয় বা আগ্রাসনে লিপ্ত হয়, তাহলে মাতৃভূমি রক্ষার জন্য লড়াই করা আমাদের জাতীয় দায়িত্ব। সার্বভৌমত্ব, ভূখণ্ডের অখণ্ডতা এবং জনগণের নিরাপত্তা রক্ষা কোনো বিকল্প বিষয় নয়। সে কারণেই প্রতিরক্ষা প্রস্তুতি নেওয়া শান্তিনীতির পরিপন্থি নয়; বরং এটি টেকসই শান্তিরই একটি মৌলিক শর্ত। যে রাষ্ট্র আত্মরক্ষা করতে পারে না, সে রাষ্ট্র চাপ ও হস্তক্ষেপের শিকার হয়; আর যে রাষ্ট্র প্রস্তুত থাকে, তার বিরুদ্ধে আগ্রাসনের সাহস কেউ সহজে দেখায় না। এ প্রস্তুতির কেন্দ্রে রয়েছে সশস্ত্র বাহিনীর আধুনিকায়ন। আধুনিক যুদ্ধ আর শুধু স্থলযুদ্ধের মধ্যে সীমাবদ্ধ নয়; আকাশ, সমুদ্র, সাইবার জগৎ, গোয়েন্দা ও তথ্যযুদ্ধ-সব মিলিয়েই আজকের যুদ্ধক্ষেত্র। বাংলাদেশ সেনাবাহিনী, নৌবাহিনী ও বিমানবাহিনীকে সময়োপযোগী অস্ত্র, প্রযুক্তি ও সমন্বিত কমান্ড ব্যবস্থার মাধ্যমে আরও সক্ষম করে তুলতে হবে। বিশেষ করে আকাশ প্রতিরক্ষা ব্যবস্থা, আগাম সতর্কীকরণ রাডার, ড্রোন প্রযুক্তি, সাইবার প্রতিরক্ষা ও গোয়েন্দা সক্ষমতা জোরদার করা অত্যন্ত জরুরি, যাতে যে কোনো হুমকি শুরুতেই শনাক্ত ও প্রতিহত করা যায়। একইসঙ্গে স্থলসীমান্ত ও সমুদ্রসীমা সুরক্ষায় আধুনিক নজরদারি ব্যবস্থা, দ্রুত প্রতিক্রিয়াশীল বাহিনী এবং সমন্বিত নিরাপত্তা কাঠামো অপরিহার্য।

আকাশসীমা সুরক্ষার বিষয়টি বিশেষ গুরুত্বের দাবি রাখে, কারণ আধুনিক যুদ্ধে আকাশের নিয়ন্ত্রণ প্রায়ই বিজয় নির্ধারণ করে। শক্তিশালী বিমানবাহিনী, কার্যকর আকাশ প্রতিরক্ষা ক্ষেপণাস্ত্র ব্যবস্থা এবং রিয়েল টাইম গোয়েন্দা তথ্য বিনিময়ের মাধ্যমে একটি বিশ্বাসযোগ্য প্রতিরোধ ক্ষমতা গড়ে তোলা জরুরি। একইভাবে বঙ্গোপসাগর ও গুরুত্বপূর্ণ নৌপথের নিরাপত্তা নিশ্চিত করা বাংলাদেশের অর্থনীতি, বাণিজ্য ও জ্বালানি নিরাপত্তার জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ। একটি সক্ষম ও আধুনিক নৌবাহিনী সমুদ্র নজরদারি, সমুদ্রপৃষ্ঠ ও পানির নিচের হুমকি মোকাবিলায় দেশের কৌশলগত অবস্থানকে শক্তিশালী করে। কৌশলগত অংশীদারত্ব ও সামরিক সহযোগিতাও জাতীয় নিরাপত্তার একটি গুরুত্বপূর্ণ উপাদান। বাংলাদেশ সংঘাতমুখী কোনো জোটে যেতে চায় না; কিন্তু প্রশিক্ষণ, প্রযুক্তি হস্তান্তর, গোয়েন্দা তথ্য বিনিময় ও যৌথ মহড়ার জন্য নির্ভরযোগ্য অংশীদার থাকা জরুরি। প্রতিরক্ষা ক্ষেত্রে বহুমুখী সম্পর্ক গড়ে তোলা একক কোনো শক্তির ওপর অতিনির্ভরতা কমায় এবং কৌশলগত স্বায়ত্তশাসন বাড়ায়। এতে বাংলাদেশ একদিকে নিজের সক্ষমতা বাড়াতে পারে, অন্যদিকে আন্তর্জাতিক অঙ্গনে দায়িত্বশীল ও ভারসাম্যপূর্ণ রাষ্ট্র হিসাবে নিজের অবস্থান সুদৃঢ় করতে পারে। এর পাশাপাশি জাতীয় প্রতিরক্ষাকে একটি সামষ্টিক দায়িত্ব হিসাবে গড়ে তোলাও অত্যন্ত গুরুত্বপূর্ণ।

যুবসমাজের জন্য কাঠামোবদ্ধ ও বাধ্যতামূলক সামরিক বা জাতীয় প্রশিক্ষণ ব্যবস্থা চালু করা যেতে পারে-যার উদ্দেশ্য সমাজকে সামরিকীকরণ নয়, বরং শৃঙ্খলা, সহনশীলতা, মৌলিক আত্মরক্ষা দক্ষতা ও নাগরিক দায়িত্ববোধ গড়ে তোলা। এ ধরনের প্রশিক্ষণ দুর্যোগ মোকাবিলা সক্ষমতা বাড়াবে, শারীরিক ও মানসিক সক্ষমতা উন্নত করবে এবং প্রয়োজনে একটি প্রশিক্ষিত রিজার্ভ শক্তি তৈরি করবে। যখন জনগণ প্রশিক্ষিত ও সচেতন থাকে, তখন প্রতিরোধ শক্তি বহুগুণে বেড়ে যায়, কারণ জাতীয় প্রতিরক্ষা কেবল সশস্ত্র বাহিনীর একক দায়িত্বে সীমাবদ্ধ থাকে না।

পরিশেষে বলা যায়, বাংলাদেশের শান্তির পথ একটি ভারসাম্যপূর্ণ নীতির ওপর দাঁড়িয়ে-একদিকে কূটনীতি, আন্তর্জাতিক সহযোগিতা ও শান্তির প্রতি অঙ্গীকার; অন্যদিকে আত্মরক্ষার জন্য দৃঢ় প্রস্তুতি। প্রস্তুতিকে কখনোই আগ্রাসন হিসাবে দেখা উচিত নয়, যেমন শান্তিপ্রিয়তাকেও দুর্বলতা হিসাবে ব্যাখ্যা করা যায় না। সশস্ত্র বাহিনীর আধুনিকায়ন, সীমান্ত ও আকাশসীমা সুরক্ষা, কৌশলগত অংশীদারত্ব এবং যুবসমাজকে জাতীয় প্রতিরক্ষায় প্রস্তুত করার মাধ্যমে বাংলাদেশ এমন একটি অবস্থানে পৌঁছাতে পারে, যেখানে শান্তি থাকবে শক্তির ওপর প্রতিষ্ঠিত, দুর্বলতার ওপর চাপিয়ে দেওয়া কোনো শর্ত হিসাবে নয়।

এইচ আর এম রোকন উদ্দিন : অবসরপ্রাপ্ত ব্রিগেডিয়ার জেনারেল, ভূ-রাজনৈতিক ও নিরাপত্তা বিশ্লেষক।

LAW OFFICE OF ALBERT GHUNNEY
ATTORNEY AT LAW
ACCIDENT / IMMIGRATION / DIVORCE
ইমিগ্রেশনঃ ফ্যামিলি পিটিশন, গ্রীনকার্ড, সিটিজেনশীপ, এসাইলাম ও ওয়ার্ক পারমিট রিনিউ।
ডিভোর্স, চাইল্ড সাপোর্ট, কাস্টডি, এলিমনি। ইনকর্পোরেশন এন্ড বিজনেস ট্যাক্স
বাংলাদেশ থেকে B1/B2/F1/M1/J1 ভিসা প্রসেস
সহযোগিতার জন্য যোগাযোগ করুনঃ
ইমিগ্রেশন সার্ভিসে ১২ বছরের অভিজ্ঞ নিউইয়র্ক স্টেট লাইসেন্সড ল'ইয়ার
MURAD HOSSAIN MSS, LLB (DU), LLM USA, DTL UK
347-891-8958, h_m_murad@yahoo.com
37-22 73rd Street, (1F), Jackson Heights, NY 11372



KARNAFULLY
TRAVEL INC.

**বিশেষ সুবিধা:**
মহিলাদের জন্য আলাদা মহিলা গাইডের সুব্যবস্থা রয়েছে।

# এক্সক্লুসিভ ওমরাহ প্যাকেজ
## নভেম্বর ২০২৬

### ভ্রমণ তারিখ

| জেএফকে - জেদ্দা | মদিনা - জেএফকে | মোট দিন |
|---|---|---|
| ৪ নভেম্বর | ১৪ নভেম্বর | ৯ দিন (২টি জুম্মা - মক্কা ও মদিনায়) |

### প্যাকেজে অন্তর্ভুক্ত:

- বিমান টিকিট (যাতায়াত)
- ভিসা
- ৫-তারকা হোটেল হারাম শরীফের কাছে (ক্লক টাওয়ারে) ভিআইপি নাস্তার ব্যবস্থা।
- লাক্সারি বাসে সম্পূর্ণ স্থল পরিবহন (বিমানবন্দর থেকে বিমানবন্দর)
- গাইডের সাথে উমরাহ পালন
- মক্কা ও মদিনার ঐতিহাসিক ও ধর্মীয় স্থান ভ্রমণ (গাইড সহ)।
- মক্কা তায়েফ এবং মদিনা ওয়াদি-ই-জ্বিন অতিরিক্ত ভ্রমণ।
- মহিলাদের জন্য আলাদা মহিলা গাইডের সুব্যবস্থা আছে।
- রাওদার পারমিট পেতে সহায়তা করা হয়।

প্রতি রুমে ৪ জন

**KARNAFULLY TRAVEL INC.**
37-16 73rd St. Suite #201 FR, Jackson Heights, NY 11372

facebook: Karnafully Hajj & Umrah service

Office : 718-205-6050
Celll & WhatsUp : 917 691 7721
Celll & WhatsUp : 646 724 5933 (MINU)

karnafullytravel@yahoo.com | www.karnafullytravel.com


NY INSURANCE
BROKEAGE INC.
TLC INSURANCE SPECIALIST
718 476-2025
NYI
NY INSURANCE BROKERAGE


NY CAR & LIMO
SERVICES INC
BLACK & GREEN CAR BASE
718 727 4444
NY
CAR & LIMO
SERVICES INC
BO2902


BEGINNER'S
DRIVING ACADEMY
YOUR DRIVER LICENSE IS OUR RESPONSIBILITY
929 244-7730


DMV EXPRESS
ABC-1234
PLATES
NEW, SURRENDER & TRANSFER
TITLE
NEW & DUPLICATE TITLE REQUEST
REGISTRATION
NEW, REPLACE, RENEWAL & TRANSFER
929-244-7730
EXCELSIOR


Vote! Democratic Primary
HIRAM MONSERRATE
FOR STATE SENATE, DISTICT-13
For Senator
DON'T MISS THE DAY!
JUNE 23, 2026
Endorsed By:
SNG
SHAH NAWAZ GROUP
WEEKLY AJKAL
সাপ্তাহিক আজকাল
Design By: ihopeprint.com, 929-538-7903

GOLDEN AGE HOME CARE

GOLDEN A
HOME CA

PCA HOME CARE সেবা
আমাদের স

আমরা শীর্ষস্থানীয় PCA HOME CARE সেবা
আমরা HHA/PCA সার্টিফিকেট প্রদান করে,
সার্ভিস -এ এনরোল করে নেব এবং সব সধরনে

Please Contact

Shah Nawaz MBA
President & CEO
GOLDEN AGE HOME CARE INC.

Tel: 718-775-
Cell: 646-591-83
Email: shah@gol

আমাদের নিজস্ব PCA ও HHA ট্রেনি

JACKSON HTS OFFICE
71-24 35th Avenue
Jackson Heights, NY 11372
Ph: 718-775-7852, Fax: 917-396-4115

BRONX OFFICE
3789 East Tremont Ave
Bronx, NY 10465
Ph: 347-449-5983, Fax: 347-275-9834

HILLSIDE AVE. O
170-18A Hillsid
Jamaica, NY 1
Ph: 718-530-1
Fax: 917-396-

Email: info@goldenagehomecare.c


AGE
R E
HHA/PCA SERVICE
SKILLED NURSING
নিতে চান?
াথে যোগাযোগ করুন
প্রদানকারী প্রতিষ্ঠান
আপনাকে HOME CARE
নর সেবা প্রদান করবো
7852
96 Text: 646-591-8396
denagehomecare.com
Design by: ihopeprint.com, 929-538-7903
স্কুল আছে
FFICE
e Ave
432
820
115
BROOKLYN OFFICE
516 McDonald Ave
Brooklyn, NY 11218
Ph: 718-540-8870
Fax: 917-396-4115
We Hire And Train HHA/PCA Certificate Holder AIDES
আমরা HHA/PCA সার্টিফিকেট সহ এইডস প্রশিক্ষণ ও নিয়োগ দিচ্ছি
om | www.goldenagehomecare.com

নিউইয়র্ক বাংলাদেশ প্রেসক্লাব
NEW YORK BANGLADESH PRESS CLUB

অফিস উদ্বোধন

Febuary 1, 2026, Sunday@3:00PM

সম্মানিত সদস্যবৃন্দ ও শুভানুধ্যায়ী।
আসসালামু আলাইকুম।
আগামী ১ ফেব্রুয়ারী ২০২৬ রবিবার, বিকেল ৩:০০ টায় নিউইয়র্ক বাংলাদেশ প্রেসক্লাবের নতুন অফিসের শুভ উদ্বোধন। আনন্দঘন অনুষ্ঠানে ক্লাবের সম্মানিত সদস্যসহ কমিউনিটির সকলকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য বিনীত অনুরোধ জানানো যাচ্ছে।

আমন্ত্রণে
মনোয়ারুল ইসলাম
সভাপতি
মমিনুল ইসলাম মজুমদার
সাধারণ সম্পাদক

37-55, 72nd St, Jackson Heights, NY-11372
Email:nybdpressclub@gmail.com
Tel: 845-392-8419, 646-645-6904
www. nybdpressclub.org





HP
HAVEN POINT
HOME CARE INC.
*A Home Health Care Consultant*

PCA HOME CARE SERVICE
আমরা সর্বোচ্চ রেট পেতে সহযোগিতা করছি

আপনি কি PCA HOME CARE সেবা নিতে চান?
আমরা HHA/PCA সার্টিফিকেট প্রদানে সহায়তাসহ হোম কেয়ার সংক্রান্ত সকল প্রকার সহযোগিতা করে থাকি।

ডে কেয়ারের
সেবা নিলে পাচ্ছেন
সর্বোচ্চ সুযোগ সুবিধা

আমাদের সাথে যোগাযোগ করুন:
470 447 8625
917 519 1151
ডে কেয়ার ও হোম কেয়ার সেবা নিতে আজই যোগাযোগ করুন
1088 Liberty Ave. Brooklyn, NY 11208


নারায়ে তাকবীর
আল্লাহু আকবর
بسم الله الرحمن الرحيم
নারায়ে রিসালাত
ইয়া রাসূল আল্লাহ
শবে বরাত
উপলক্ষ্যে
আলোচনা সভা
ও মিলাদ
মাহফিল
স্থান ও সময়ঃ
২ ফেব্রুয়ারী, সোমবার, সন্ধ্যা ৬ থেকে রাত ৯ টা
নবান্ন রেষ্টুরেন্ট, জ্যাকসন হাইটস, নিউ ইয়র্ক
SNG
SHAH NAWAZ GROUP
www.shahnawazgroup.us

## রাশিয়া-ভারতের সামরিক মহড়া বঙ্গোপসাগরে

৬২ পৃষ্ঠার পর

অনুষ্ঠিত রাশিয়া-ভারত মিলান ২০২৬ মহড়ায় অংশ নেবে। মহড়ার অংশ হিসেবে ফ্রিগেট 'মার্শাল শাপোশনিকভ' আগামী ১৮ থেকে ২৫ ফেব্রুয়ারি ২০২৬ পর্যন্ত ভারতের বিশাখাপত্তনম বন্দরে একটি অনানুষ্ঠানিক সফর করবে।এর আগে, ২০২৫ সালের অক্টোবরে ভারতের নৌবাহিনীর ভাইস চিফ ভাইস অ্যাডমিরাল সঞ্জয় বাৎসায়ন ঘোষণা করেন, ফেব্রুয়ারি ২০২৬-এ ভারতীয় নৌবাহিনী আন্তর্জাতিক ফ্লিট রিভিউ ও মিলান মহড়ার আয়োজন করবে। এতে রাশিয়া ও যুক্তরাষ্ট্রসহ ৫০টিরও বেশি দেশ অংশ নেবে। আন্তর্জাতিক ফ্লিট রিভিউ অনুষ্ঠানটি ১৮ ফেব্রুয়ারি ভারতের দক্ষিণ-পূর্বাঞ্চলীয় শহর বিশাখাপত্তনমে অনুষ্ঠিত হওয়ার কথা রয়েছে। এই আন্তর্জাতিক নৌ পর্যালোচনার পাশাপাশি অনুষ্ঠিত হবে মিলান বহুপক্ষীয় নৌ মহড়া, যা ভারতীয় নৌবাহিনীর ইস্টার্ন নেভাল কমান্ডের উদ্যোগে দুই বছর পরপর আয়োজন করা হয়ে থাকে।

## গর্ভকালে যেসব লক্ষণ দেখলে সতর্ক হবেন

২০ পৃষ্ঠার পর

ঘোরানো থাকতে পারে। গর্ভকালীন কোমরে ব্যথা হতে পারে এবং তা শেষ দিকে বেড়ে যেতে পারে। হাতে-পায়ে ব্যথা ও অন্যান্য অঙ্গে ব্যথা হতে পারে। সপ্তম মাসের পর থেকে সামান্য পা ফোলা হতে পারে। এসব বিষয়ের জন্য মাকে আশ্বস্ত করতে হবে। কারণ এগুলো মায়ের স্বাভাবিক কারণেই হতে পারে। এতে চিন্তিত হওয়ার কিছু নেই।

**প্রয়োজন নিয়মিত চেকআপ**

ঝুঁকিমুক্ত থাকতে গর্ভবতী মাকে সর্বনিম্ন তিনটি চেকআপ করাতে হবে। প্রথমটি তৃতীয় মাসে, দ্বিতীয়টি ষষ্ঠ মাসে এবং সর্বশেষটি নবম মাসে। তবে সম্ভব হলে বা স্বাস্থ্যকেন্দ্র কাছে থাকলে প্রতি মাসে চেকআপ করানো ভালো।

**চেকআপের সময় যেসব বিষয় পরীক্ষা করা হয়**

গর্ভবতী মায়ের প্রথম তিন মাসে যে চেকআপ করা হয় তখন গর্ভবতী মায়ের ওজন, রক্তের প্রেসার ও রক্তশূন্যতার জন্য পরীক্ষা (সিবিসি) করা হয়।

চতুর্থ মাস থেকে পূর্ববর্তী তিনটি বিষয়ের পরীক্ষাসহ আলট্রাসনোগ্রামের পরীক্ষা করা হয়, যার মাধ্যমে পেটে জরায়ুর উচ্চতা, বাচ্চার নড়াচড়া, বাচ্চার হার্টবিট-এগুলো পর্যবেক্ষণ করা হয়।

পরিশেষে মনে রাখবেন, গর্ভধারণের পর থেকেই গর্ভবতী মায়ের শারীরিক ও মানসিক বিশেষ যত্নের প্রয়োজন।

লেখক: প্রসূতি, স্ত্রীরোগ, হরমোনজনিত রোগ ও বন্ধ্যাত্ব রোগ বিশেষজ্ঞ এবং ল্যাপারোসকোপিক সার্জন, বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়, ঢাকা।


বিশ্বের যেকোন দেশে ভ্রমণের জন্য
একমাত্র আমরাই দিচ্ছি সর্বনিম্ন মূল্যের নিশ্চয়তা।
আমরা ওমরার প্যাকেজ করে থাকি
আমাদের প্যাকেজ বিবরণ
- ওমরা ভিসা
- এয়ার টিকেট
- ১ দিন মক্কায় ট্যুর
- ১ দিন মদিনা ট্যুর
- মক্কা থেকে মদিনা গাড়িতে
- এয়ারপোর্ট থেকে হোটেল (4 Star Hotel with Breakfast.)
- মদিনার হোটেল থেকে এয়ারপোর্ট ড্রপ অফ (একজন বাংলাদেশী মোয়াল্লেম মক্কা ও মদিনা)

* হজের পর পরই ওমরাহ পুরোদমে শুরু হয়ে যাবে ইনশাআল্লাহ
* শুধুমাত্র গ্রুপ প্যাকেজের জন্য প্রযোজ্য।

NAFS TRAVEL INC.
SANU SHEAK (SANA)
Cell: 347-537-7657
Email: nafstravel@gmail.com
www.nafstravel.com





NAFS TRAVEL
37-59 74th Street, Jackson Heights, NY 11372
(Inside Mollika electronics next to CITI Bank)





MD Golam Mostofa, ESQ.
NY State Attorney
LL. B Honors (1st Class) & LL.M (1st Class), Bangladesh.
Barrister-At-Law, London.
Attorney-At-Law, NY.

- Personal Injuries & Death Claims
- Car Accidents and Medical Mal Practice
- Divorce, Family Matters and Domestic Violence
- Real Estate and Business Closing
- Foreclosure proceedings
- Bankruptcy
- All Civil Matters
- Wills, Trust and Estate Planning
- All Criminal Matters
- All Immigration Matters

Address:
Queens: 148-45 Hillside Ave
Jamaica, NY 11435

Phone# 718-487-4873, Cell: 917-285-6247(Text) Email: abmostofa1@gmail.com


## ছোট পর্দার বড় তারকা

৪৬ পৃষ্ঠার পর

নীহার কথায়, 'কাজের প্রতি গভীর একাগ্রতা, নিষ্ঠা ও পেশাগত মনোভাবের কারণেই হয়তো দ্রুত দর্শক হৃদয়ে স্থান করে নিতে পেরেছি। তবে আমি ভিউ নিয়ে ভাবি না কখনোই। তা ছাড়া খুব বেশি কাজ করতে চাই না। বেছে বেছে ভালো মানের কাজগুলোই করতে চাই। যেহেতু এই জায়গাটা আমার ভালোবাসার জায়গায় পরিণত হয়েছে, এ কারণে মানসম্মত কাজ দিয়ে দর্শকের আরও ভালোবাসা অর্জন করতে চাই। তাদের মনে স্থায়ী জায়গা করে নিতে চাই।'

নতুন বছরের শুরুতেই নীহা বেশ কয়েকটি নাটকে অভিনয় করেছেন সময়ের আলোচিত ও নির্মাতাদের। ভ্রমণপিয়াসী নাজনীন নীহা বিশ্বাস করেন যে ভ্রমণ মানুষকে নতুন কিছু শেখায় এবং জ্ঞান বৃদ্ধি করে। প্রকৃতির নির্জনতা, সমুদ্রের ঢেউ এবং পাহাড় তার পছন্দের গন্তব্য। এ কারণেই সময় সুযোগ পেলেই পরিবারের সঙ্গে বেরিয়ে পড়েন অবকাশ যাপনে। কয়েক দিন আগেই ইন্দোনেশিয়ায় গিয়েছিলেন তিনি। সামাজিক যোগাযোগমাধ্যমে বেশ কয়েকটি স্থিরচিত্র শেয়ার করেছেন হাস্যোজ্জ্বল এই অভিনেত্রী। বর্তমানে ঈদের একগুচ্ছ নাটক-টেলিফিল্ম হাতে রয়েছে তার। এরই মধ্যে কয়েকটি নাটকের কাজও করেছেন। সদ্য শেষ করেছেন 'জনম জনমে' শিরোনামের একটি নাটকের শুটিং। এতে নীহা অভিনয় করেছেন ইয়াশ রোহানের সঙ্গে। পলিটিক্যাল থ্রিলার ঘরানার এই নাটকটি লিখেছেন রায়হান মাহমুদ এবং পরিচালনা করেছেন মো. তৌফিকুল ইসলাম। সিএমভির ব্যানারের নাটকের গল্পটা মূলত দুই উপজেলা চেয়ারম্যানের দলীয় রাজনীতি নিয়ে। একজন বর্তমান, অন্যজন প্রাক্তন। দুজনের লড়াইটা মূলত আসন্ন ইলেকশনে নমিনেশন পাওয়া নিয়ে। তাদের এই রাজনৈতিক প্রতিযোগিতায় জড়িয়ে পড়েন দুই সন্তান। একজনের ছেলে, অন্যজনের মেয়ে। এই দুই ছেলেমেয়ের চরিত্রে অভিনয় করেছেন ইয়াশ রোহান ও নাজনীন নীহা। দর্শকপ্রত্যাশা পূরণে তরুণ এই অভিনেত্রী চেষ্টা করে যাচ্ছেন নতুন নব গল্প ও চরিত্র পর্দায় তুলে ধরতে। সেই ভাবনা থেকে তিনি জনম জনমে নাটকটি। এর আগের এই ইয়াশের সঙ্গে 'অবুঝ পাখি' ও 'উইশ কার্ড' নাটকে জুটি বেঁধে দর্শক প্রশংসা কুড়িয়েছিলেন।

নাজনীন নীহার কথায়, 'ভালোবাসার গল্প নিয়েও অনেক নিরীক্ষা চালানো যায়। আবেগ-অনুভূতি কতভাবে, কত ঘটনা প্রকাশিত হয়, তার কিছুটা আভাস পাওয়া যাবে "জনম জনমে" নাটকে। ভালোবাসার গল্প নিয়ে নির্মিত অনেক নাটকেই অভিনয় করার সুযোগ হয়েছে। তারপরও বলব, সেসব নাটক থেকে এবারের গল্পটি অনেকটা আলাদা; যা দর্শকমনে দারুণভাবে ছাপ ফেলবে। এটি শিগগিরই প্রযোজনা প্রতিষ্ঠান সিএমভির ইউটিউব চ্যানেলে দর্শকের জন্য উন্মুক্ত করা হবে।' সিনিয়র তারকাশিল্পীদের বিপরীতেও কাজ করছেন নীহা। অভিনেতা শাহেদ শরীফ খানের সঙ্গে জুটি বেঁধে সদ্য তিনি শেষ করলেন 'মায়া পাখি' নাটকের কাজ। জাকারিয়া সৌখিন পরিচালিত নাটকটিতে দেখা যাবে শাহেদ ও নীহা একই অফিসে চাকরি করেন। একসময় তাদের দুজনের মধ্যে একটা সম্পর্কের সৃষ্টি হয়। শাহেদ শরীফ খান বলেন, 'জাকারিয়া সৌখিনের মায়া পাখি নাটকটির গল্প খুব সুন্দর। কাজটি করে খুব ভালো লেগেছে আমার। নীহা এই প্রজন্মের শিল্পী, বেশ ভালো অভিনয় করে।' গত বছর 'মেঘবালিকা', 'চুপকথা', 'উইশ কার্ড', 'মিথ্যা প্রেমের গল্প', 'সহযাত্রী'সহ বেশ কিছু নাটকে ভিন্ন ধাঁচের গল্প ও চরিত্রে অভিনয় করে দর্শকের মধ্যে আলোচনায় ছিলেন। সর্বশেষ 'অ্যারেঞ্জ ম্যারিজ' নাটকে অভিনয় করে দর্শক প্রশংসা কুড়িয়েছেন নীহা। উদীয়মান এই তারকার জন্ম জন্ম ২০০৫ সালের ১৫ মে, গাজীপুরে। নাটকের পাশাপাশি নিয়া মডেলিং এও বেশ আলো ছড়িয়েছেন। সংগীতশিল্পী ইমরান মাহমুদুলের 'ওরে জান' গানটিতে অভিনয় করেছেন তিনি। অভিনয়ের আগে দু-তিন বছর মডেলিংয়ের সঙ্গে জড়িত ছিলেন তিনি। নীহা বলেন, '২০২০ সালে ফটোশুটের মাধ্যমে শোবিজে আমার যাত্রা শুরু। তিনটি ফটোশুটের পর এসএসসি পরীক্ষা দিই। পরে আলোকচিত্রী রফিকুল ইসলাম রাফ ভাইয়া আমার পোর্টফোলিও করেন। নির্মাতা অমিতাভ রেজার একটি বিজ্ঞাপনচিত্রে প্রথমবার কাজ করি। এরপর বেশ কয়েকটি বিজ্ঞাপনচিত্র করি, ফ্যাশন ব্র্যান্ডের ফটোশুট করি।' এভাবে দর্শককে আনন্দ দিতে ভালো ভালো গল্পে অভিনয় করে যেতে চান নিয়া। সবার ভালোবাসা নিয়ে অভিনয়ের আঙিনায় অনেক দূরের পথ পাড়ি দিতে চান। যেতে চান আরও বহুদূরে।

## আমরা কি সম্পর্ককে গুরুত্ব দিচ্ছি

৫ পৃষ্ঠার পর

দেখলে বোঝা যায়-এগুলো একটি বড় সামাজিক প্রশ্নের দিকে ইঙ্গিত করছে।

সিজিএসের একাধিক আলোচনায় বলা হয়েছে, সংখ্যালঘু অধিকার নিশ্চিত না হলে টেকসই গণতন্ত্র সম্ভব নয়। কথাটা শুনতে নীতিকথার মতো হলেও বাস্তবতা অনেক কঠিন। কারণ গণতন্ত্র শুধু সংখ্যাগরিষ্ঠের ক্ষমতা নয়, এটি সংখ্যালঘুর নিরাপত্তার পরীক্ষাও। বাংলাদেশে সামষ্টিক পরিচয় অনেক সময় বিচ্ছিন্ন শক্তিগুলোর সংগ্রামের মাধ্যমে সামনে আসে-ধর্ম, ভাষা, রাজনৈতিক পরিচয় কিংবা সামাজিক শ্রেণি। এসব পরিচয় যখন সঠিকভাবে বোঝাপড়া করতে শেখে না, তখন সহাবস্থান দুর্বল হয়। যেসব ঘটনা ঘটে-সেগুলো বিচ্ছিন্নভাবে খবর হয়। কিন্তু ভিতরে ঘরোয়া বাস্তবতা হিসেবে একটি পারস্পরিক সহাবস্থানের সংকট উঁকি দেয়।

বাংলাদেশের সমাজ ঐতিহ্যিকভাবে বহুত্ববাদী। কিন্তু বহুত্ববাদ টিকে থাকে শুধু ইতিহাসে নয়, দৈনন্দিন চর্চায়। যখন সংখ্যালঘু নাগরিকরা নিজেদের অনিরাপদ মনে করেন, তখন সেটা শুধু তাদের সমস্যা থাকে না, সমগ্র সমাজের আস্থার ভিত নড়ে যায়। এ জায়গায় সমস্যাটা কেবল আইনশৃঙ্খলার নয়। সমস্যাটা রাষ্ট্রের প্রতিক্রিয়ার ভাষা নিয়ে। কোনো ঘটনার পর রাষ্ট্র যদি দেরিতে কথা বলে, অস্পষ্ট ভাষায় কথা বলে বা বিষয়টি এড়িয়ে যেতে চায়-তাহলে গুজব শক্তিশালী হয়, ভয় ছড়ায়। সংখ্যালঘু অধিকার শুধু একটি নীতিগত নির্দেশনা কিংবা রাষ্ট্রীয় প্রতিশ্রুতি নয়-এটা একটি সমাজের মানসিক অস্তিত্বের অংশ। যখন সমাজ একটি ছোট অংশকে নিরাপত্তাহীন বোধ করাতে শুরু করে, তখন সেটাই বড় অংশের জন্যও ভয়, অনিশ্চয়তা আর দেয়ালের মতো বাধা হয়ে দাঁড়ায়। আর যখন সেই অনুভূতি রাষ্ট্রীয় পর্যায়ে আলোচিত হয়-সেটা কেবল সংখ্যা বা নীতির প্রশ্ন নয়; সেটা মূল্যবোধ, ন্যায়ের ধারণা, সহানুভূতিরও জায়গা। এটি আমাদের সমাজের 'মানসিক নিরাপত্তা'।

আমরা অনেক সময় বলে থাকি-ধর্মীয় সহাবস্থান বাংলাদেশে দীর্ঘদিন ধরে আছে। এটা সত্য। কিন্তু স্থিতিশীল সহাবস্থান শুধু ইতিহাস নয়; এটা কার্যকর ন্যায়ের মাধ্যমে, বাস্তব নিরাপত্তার অনুভূতির মাধ্যমে তৈরি হয়। আর সেই অনুভূতিটি তৈরি করতে হলে রাষ্ট্রের কঠোর, নিরপেক্ষ এবং মানবিক প্রতিশ্রুতি দরকার-যা শুধু কাগজে নয়, বাস্তবে দেখার মতো হয়।

সংখ্যালঘু অধিকার নিয়ে কথা বলা অনেকের কাছে অস্বস্তিকর, সংবেদনশীল বা রাজনৈতিকভাবে ঝুঁকিপূর্ণ মনে হতে পারে। কিন্তু গণতন্ত্রে সংবেদনশীলতা মানে এড়িয়ে যাওয়া নয়। বরং এ বিষয়গুলোতেই রাষ্ট্রের সবচেয়ে স্পষ্ট, দৃঢ় ও মানবিক অবস্থান প্রয়োজন। সংখ্যালঘু নিরাপত্তা আসলে রাষ্ট্রের শক্তির সূচক। যে রাষ্ট্র তার দুর্বলতম নাগরিককে নিরাপত্তা দিতে পারে, সেই রাষ্ট্রই সত্যিকারের শক্তিশালী।

৩. ক্রিকেট, বিশ্বকাপ আর একটি অপ্রয়োজনীয় আত্মসংকোচন : বাংলাদেশ ক্রিকেট খেললে দেশ এক হয়-এটা বহুবার প্রমাণিত। জয় বা হার বড় কথা নয়; মাঠে নামাটাই মানুষের জন্য গুরুত্বপূর্ণ। সেই জায়গা থেকে ভারতের মাটিতে টি-টোয়েন্টি বিশ্বকাপে না খেলার সিদ্ধান্তটি আমার কাছে ভালো সিদ্ধান্ত মনে হয়নি। খেলাধুলা কেবল বিনোদন নয়, আবার কেবল কূটনীতিও নয়। এটি মানুষের আবেগ, পরিচয় ও আত্মবিশ্বাসের জায়গা। সরকার যখন এমন সিদ্ধান্ত নেয়, তখন তারা হয়তো নিরাপত্তা বা পরিস্থিতির কথা ভাবে। কিন্তু তারা কি ভেবেছে-মানুষ কী হারাচ্ছে?

বাংলাদেশ ক্রিকেট দল মাঠে থাকলে মানুষ কিছু সময়ের জন্য হলেও রাজনৈতিক বিভাজন ভুলে যায়। খেলা মানুষকে একত্র করে, আশা দেয়, একটি সামষ্টিক অনুভূতি তৈরি করে। সেই জায়গা থেকে নিজেকে সরিয়ে নেওয়া মানে শুধু একটি টুর্নামেন্ট মিস করা নয়-এটা মানুষের সঙ্গে রাষ্ট্রীয় প্রতিষ্ঠানের একটি মানসিক সংযোগ দুর্বল করা।

আন্তর্জাতিক খেলাধুলায় অংশগ্রহণ কেবল জয়ের প্রশ্ন নয়, উপস্থিতির প্রশ্ন। আমরা জিতি বা হারি-দুটোই আমাদের গল্পের অংশ। কিন্তু না খেললে গল্পটাই অনুপস্থিত থাকে। এই সময়ে বাংলাদেশের প্রয়োজন আরও দৃশ্যমান হওয়া, আরও আত্মবিশ্বাসী হওয়া-নিজেকে গুটিয়ে নেওয়া নয়। ক্রিকেট মাঠে না নামার সিদ্ধান্ত হয়তো তাৎক্ষণিকভাবে নিরাপদ মনে হতে পারে, কিন্তু দীর্ঘমেয়াদে এটি আমাদের মনস্তত্ত্বে একটি সংকোচন তৈরি করে-যা কোনো দেশের জন্য ভালো লক্ষণ নয়।

৪. ভালোবাসা, পথচলা আর সম্পর্কের নীরব যত্ন : দুই দিন আগে আমাদের বিয়ের ২৪ বছর পূর্ণ হয়েছে। এই সময়টা কোনো আনুষ্ঠানিক উদ্‌যাপনের সংখ্যা নয়-এটা একসঙ্গে বড় হয়ে ওঠার গল্প। মানুষ সম্পর্ককে প্রায়ই রোমান্টিক মুহূর্তে আটকে রাখে। বাস্তবে সম্পর্ক গড়ে ওঠে দৈনন্দিন জীবনের ছোট ছোট সিদ্ধান্তে-কে কাকে মন দিয়ে শুনছে, কে কখন চুপ থাকছে, কে কখন পাশে দাঁড়াচ্ছে। একজন একবার বলেছিলেন-মানুষ শুধু একে অপরকে চায় না; মানুষ চায় বোঝা ও বোঝাপড়ার নিশ্চয়তা। সম্পর্কের এই বোঝাপড়া কখনই একবারে আসে না; এটা সময়, আস্থা, ধৈর্যের সমন্বয়ে তৈরি হয়।

আমরা বিশেষ গানগুলো শুনি-যেমন 'Stand by Me"-এটা শুধু একটি গানের কথা নয়; এটি সম্পর্কের এক অনন্য প্রতিশ্রুতি:

'When the night has come
And the land is dark
And the moon is the only light we'll see
No, I won't be afraid
Oh, I won't be afraid
Just as long as you stand, stand by me'

এটা একটা প্রেমের গান নয়; এটা একটা সম্পর্ক-দর্শন।

দাম্পত্য মানে সব সময় একমত থাকা নয়। বরং মতভেদের মধ্যেও থাকা। সময়ের সঙ্গে মানুষ বদলায়, অগ্রাধিকার বদলায়, সম্পর্কও বদলায়। টিকে থাকে তখনই, যখন দুজনেই সেই পরিবর্তনকে জায়গা দেয়।

সম্পর্কের সবচেয়ে বড় শত্রু রাগ নয়, বরং অবহেলা। কথা বলা বন্ধ হয়ে গেলে দূরত্ব তৈরি হয়। আর সেই দূরত্ব খুব নিঃশব্দে বাড়ে। দীর্ঘ সম্পর্ক টিকে থাকে বড় প্রতিশ্রুতি দিয়ে নয়, ছোট ছোট যত্ন দিয়ে। নিয়মিত উপস্থিত থাকা, পরস্পরের ক্লান্তি বোঝা, একে অপরকে সময় দেওয়া-এসবই সম্পর্কের নীরব ভিত্তি।

শেষ কথা : এ সপ্তাহের চতুর্মাত্রার চারটি প্রসঙ্গ-কূটনীতি, সংখ্যালঘু অধিকার, ক্রিকেট আর দাম্পত্য-আলাদা মনে হলেও আসলে একই জায়গায় এসে মিলে যায়।

সবখানেই প্রশ্ন একটাই : আমরা কি সম্পর্ককে গুরুত্ব দিচ্ছি? রাষ্ট্রের সঙ্গে নাগরিকের সম্পর্ক, সংখ্যাগরিষ্ঠের সঙ্গে সংখ্যালঘুর সম্পর্ক, প্রতিষ্ঠানের সঙ্গে মানুষের সম্পর্ক, আর মানুষের সঙ্গে মানুষের সম্পর্ক-সবখানেই যত্ন দরকার। যত্ন না থাকলে সম্পর্ক ভাঙে। আর ভাঙা সম্পর্ক নিয়ে কোনো রাষ্ট্র, কোনো সমাজ, কোনো পরিবার টেকে না।

লেখক : প্রেসিডেন্ট, সেন্টার ফর গভর্ন্যান্স স্টাডিজ।


আমরাই একমাত্র
যারা সর্বোচ্চ সুবিধার
নির্ভরযোগ্য
নিশ্চয়তা
প্রদান করি
ZAM ZAM
TRAVEL US
আমাদের সার্ভিস সমূহ
এয়ার টিকেটিং
হজ্ প্যাকেজ
সার্ভিস প্রোভাইডার
HOTEL
হোটেল বুকিং
ভিসা প্রোসেসিং
ওমরাহ্ প্যাকেজ
সার্ভিস প্রোভাইডার
কেন আমাদের সার্ভিস নিবেন ?
বিশেষজ্ঞ দল
যাচাইকৃত ভিসা চেকলিস্ট
প্রিমিয়াম সহায়তা
নিখুঁত ভিসা আবেদন পরিষেবা
ZAM ZAM TRAVEL US
in a Partnership with
إثراء الخير
ITHRAA ALKHAIR
এয়ার লাইন সমূহ
السعودية SAUDIA
QATAR AIRWAYS القطرية
Emirates
TURKISH AIRLINES
ঢাকা অফিস
+88 017 1133 6292
Tropical Mollah Tower
Shop no: 08 (4th Floor), Progoti Sharoni
Middle Badda, Dhaka 1212, Bangladesh
নিউইয়র্ক অফিস
+1 718 395 9697
37-15 73 Street (Suite-207),
Jackson Heights, NY-11372
zamzamtravelus
www.zamzamtravelus.com
zamzamtravelus@gmail.com

## ঢাকা-৯ আসনের নির্বাচনী বিশ্লেষণ

৭ পৃষ্ঠার পর

স্বতন্ত্র প্রার্থী ডা. তাসনিম জারা বলেন, এটি রাজধানীর একটি ঘনবসতিপূর্ণ ও গুরুত্বপূর্ণ এলাকা। এখানকার মানুষ নিয়মিত কর ও বিভিন্ন বিল পরিশোধ করলেও কাঙ্ক্ষিত নাগরিক সুবিধা থেকে বঞ্চিত। গ্যাসের সমস্যা এখানে সবচেয়ে বড়। বিল দেয়ার পরও দিনের বেশির ভাগ সময় গ্যাস থাকে না। রাস্তাঘাটের অবস্থা বেহাল, জলাবদ্ধতা এবং ডেঙ্গু ও চিকুনগুনিয়ার মতো রোগের উপদ্রব নিত্যদিনের সমস্যা। তিনি আরও বলেন, 'ঢাকা-৯ এলাকার বিপুল জনসংখ্যার জন্য একমাত্র সরকারি হাসপাতাল মুগদা মেডিকেল কলেজ হাসপাতাল। কিন্তু সেখানে অব্যবস্থাপনা ও সেবার ঘাটতি রয়েছে। এসব সমস্যা সমাধানে সুনির্দিষ্ট পরিকল্পনা নির্বাচনী ইশতেহারে রাখা হয়েছে। মানুষ আমাদের এসব প্রস্তাবকে ইতিবাচকভাবে দেখছে এবং সাধুবাদ জানাচ্ছে।' ঢাকা-৯ আসনটি ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের ১, ২, ৩, ৪, ৫, ৬, ৭, ৭১, ৭২, ৭৩, ৭৪ ও ৭৫ নম্বর ওয়ার্ড নিয়ে গঠিত। এই আসনে মোট ভোটার সংখ্যা ৪ লাখ ৪৯ হাজার ৯৫২ জন। এর মধ্যে পুরুষ ভোটার ২ লাখ ২৮ হাজার ৩৬৪ জন এবং নারী ভোটার ২ লাখ ২১ হাজার ৫৮৭ জন।

## আইসিসির দোষেই বিপন্ন হতে চলেছে ক্রিকেট

৫২ পৃষ্ঠার পর

বাংলাদেশকে বিশ্বকাপ থেকে বাদ দেওয়ার প্রক্রিয়া নিয়ে ভারত ও আইসিসির সমালোচনা করে মানি বলেন, 'বাংলাদেশকে নিয়ে পরিস্থিতি এতদূর গড়াতে দেওয়া উচিত হয়নি। নিলামে নাম তোলার পর মোস্তাফিজুর রহমানকে আইপিএল থেকে বাদ দেওয়া একদমই উচিত হয়নি বিসিসিআইয়ের।'

**ভারত-পাকিস্তান-বাংলাদেশ বিরোধে শ্রীলঙ্কা 'নিরপেক্ষ' :** আঞ্চলিক রাজনৈতিক টানাপোড়েনের মাঝেও নিরপেক্ষ অবস্থান বজায় রাখার বার্তা দিয়েছে শ্রীলঙ্কা। ভারত, পাকিস্তান ও বাংলাদেশের মধ্যে চলমান বিরোধে জড়াতে চায় না কলম্বো-এ কথা স্পষ্ট করে জানিয়েছেন দেশটির ক্রিকেট সেক্রেটারি বান্দুলা দিসানায়েকে। এএফপিকে তিনি বলেন, "ভারত, পাকিস্তান ও বাংলাদেশের মধ্যে যে বিরোধ রয়েছে, সেখানে আমরা নিরপেক্ষ থাকতে চাই। তিনটিই আমাদের বন্ধুপ্রতিম দেশ।"

এই অবস্থানের মধ্যেই আগামী মাসে অনুষ্ঠিতব্য টি-টোয়েন্টি বিশ্বকাপের আয়োজনে সর্বোচ্চ নিরাপত্তা নিশ্চিত করতে যাচ্ছে শ্রীলঙ্কা। দ্বিবার্ষিক এই টুর্নামেন্টটি শ্রীলঙ্কা ও ভারত যৌথভাবে আয়োজন করছে। ৭ ফেব্রুয়ারি থেকে ৮ মার্চ পর্যন্ত শ্রীলঙ্কায় হবে মোট ২০টি ম্যাচ। এর মধ্যে ১৫ ফেব্রুয়ারি কলম্বোতে গ্রুপ 'এ'-তে মুখোমুখি হবে চিরপ্রতিদ্বন্দ্বী ভারত ও পাকিস্তান-যে ম্যাচকে ঘিরে বিশেষ সতর্কতা নেওয়া হচ্ছে।

শ্রীলঙ্কার ক্রীড়ামন্ত্রী সুনীল কুমারা গামাগে জানান, টুর্নামেন্ট সুষ্ঠুভাবে আয়োজন করাকে "সর্বোচ্চ অগ্রাধিকার" দেওয়া হয়েছে এবং ভারত-পাকিস্তান ম্যাচে বিশেষ নজর রাখা হচ্ছে। পুলিশ ও নিরাপত্তা কর্মকর্তাদের মতে, অংশগ্রহণকারী সব দলের নিরাপত্তায় এলিট সশস্ত্র কমান্ডো ইউনিট মোতায়েন করা হবে-যারা সাধারণত বিদেশি রাষ্ট্রপ্রধানদের নিরাপত্তায় নিয়োজিত থাকেন। এক কর্মকর্তা বলেন, দলগুলো বিমানবন্দর থেকে বের হওয়ার মুহূর্ত থেকে শুরু করে বিমানে ওঠা পর্যন্ত সশস্ত্র প্রহরায় থাকবে। রাজনৈতিক বৈরিতার কারণে পাকিস্তান ভারতে খেলতে অস্বীকৃতি জানালে আইসিসি তাদের ম্যাচগুলো নিরপেক্ষ ভেন্যু হিসেবে শ্রীলঙ্কায় সরিয়ে আনে। নিরাপত্তা শঙ্কায় বাংলাদেশও ভারতের বাইরে ম্যাচ আয়োজনের অনুরোধ জানিয়েছিল, তবে আইসিসি তা প্রত্যাখ্যান করে। এরপর বাংলাদেশ টুর্নামেন্ট থেকে সরে দাঁড়ায় এবং তাদের জায়গায় স্কটল্যান্ডকে অন্তর্ভুক্ত করা হয়। বাংলাদেশকে সমর্থন জানিয়ে পাকিস্তানও টুর্নামেন্ট বয়কটের সম্ভাবনা উড়িয়ে দেয়নি।

এই প্রেক্ষাপটে শ্রীলঙ্কা স্পষ্ট করেছে-আঞ্চলিক বিরোধে পক্ষ নেওয়া নয়, বরং ক্রীড়া আয়োজন নির্বিঘ্ন করাই তাদের লক্ষ্য। দিসানায়েকে আরও বলেন, ভবিষ্যতে কোনো দেশ চাইলে শ্রীলঙ্কা তাদের টুর্নামেন্ট আয়োজনে প্রস্তুত থাকবে।

এদিকে বিশ্বকাপকে সামনে রেখে অবকাঠামো উন্নয়নও এগিয়ে নিয়েছে শ্রীলঙ্কা। কলম্বোর সিংহলিজ স্পোর্টস ক্লাবে নতুন ফ্লাডলাইট বসানো হয়েছে। ক্যান্ডির পাল্লেকেলে স্টেডিয়ামও নভেম্বরের ঘূর্ণিঝড়ে অক্ষত থাকায় সেখানে শুক্রবার থেকে শ্রীলঙ্কা-ইংল্যান্ড টি-টোয়েন্টি আন্তর্জাতিক ম্যাচ অনুষ্ঠিত হবে।

**পাকিস্তান বয়কট করলে বিশ্বকাপ খেলতে চায় আইসল্যান্ড :** এর মধ্যেই সামাজিক যোগাযোগমাধ্যমে আলোচনায় উঠে এসেছে আইসল্যান্ড ক্রিকেটের একটি মজার প্রস্তাব। পাকিস্তান যদি বিশ্বকাপ থেকে সরে দাঁড়ায়, তাহলে তাদের জায়গায় খেলতে প্রস্তুত আইসল্যান্ড। এই মন্তব্য দ্রুত ভাইরাল হয়েছে। আগামী ৭ ফেব্রুয়ারি শুরু হচ্ছে টি-টোয়েন্টি বিশ্বকাপ। পাকিস্তান অংশ নেবে কি না, সে সিদ্ধান্ত আসতে পারে শুক্রবার অথবা আগামী সোমবার। পাকিস্তান ক্রিকেট বোর্ড প্রধান মহসিন নকভির সঙ্গে প্রধানমন্ত্রী শাহবাজ শরিফের বৈঠকের পর বিষয়টি পরিষ্কার হবে বলে জানা গেছে।

এই অনিশ্চয়তার মধ্যেই বুধবার এক্সে একটি পোস্ট দেয় আইসল্যান্ড ক্রিকেট। সেখানে তারা রসিকতার সুরে লেখে, 'টি-টোয়েন্টি বিশ্বকাপে পাকিস্তান খেলবে কি না, সেটা তারা দ্রুত জানাক। তারা যদি ২ ফেব্রুয়ারি সরে দাঁড়ায়, আমরা সঙ্গে সঙ্গে রওনা দিতে প্রস্তুত। কিন্তু ৭ ফেব্রুয়ারির আগে কলম্বো পৌঁছাতে ফ্লাইটের সময়সূচি বড় ঝামেলার। আমাদের ওপেনার আবার ঘুমাতে পারে না।'

পোস্টটিকে আরও মজার করতে আইসল্যান্ড ক্রিকেট কেফলাভিক থেকে কলম্বো যাওয়ার একটি ভ্রমণ পরিকল্পনার স্ক্রিনশটও শেয়ার করে। শেষ মুহূর্তে ডাক পেলে কী ধরনের ঝামেলা হতে পারে, সেটাই তারা ব্যঙ্গ করে তুলে ধরেছে।

এর আগে আইসিসি বাংলাদেশকে বিশ্বকাপ থেকে বাদ দিয়ে স্কটল্যান্ডকে অন্তর্ভুক্ত করে। নিরাপত্তার কারণ দেখিয়ে ভারতে খেলতে রাজি না হওয়ায় বাংলাদেশ এই সিদ্ধান্তের মুখে পড়ে। এ সিদ্ধান্তের প্রতিবাদ শুরু থেকেই করে আসছে পাকিস্তান ক্রিকেট বোর্ড। এদিকে পাকিস্তান ইতোমধ্যে ২০ দলের এই বিশ্বকাপের জন্য স্কোয়াড ঘোষণা করেছে। অস্ট্রেলিয়ার বিপক্ষে সিরিজে যে দল খেলবে, প্রায় একই দল রাখা হয়েছে বিশ্বকাপেও। তবে শেষ পর্যন্ত পাকিস্তান খেলবে কি না, সে সিদ্ধান্ত এখন সরকারের হাতেই।

## মোদির বিরুদ্ধে বাঁশি নিয়ে নামলেন থালাপতি বিজয়

৪৬ পৃষ্ঠার পর

হাইকোর্টের একটি ডিভিশন বেঞ্চ রায় দিয়ে বিষয়টি আবার একক বিচারকের বেঞ্চে ফেরত পাঠিয়েছে। ফলে আপাতত কোনো স্বস্তি পায়নি ছবিটির প্রযোজনা সংস্থা কেভিএন প্রোডাকশনস। মাদ্রাজ হাইকোর্টের প্রধান বিচারপতি এম এম শ্রীবাস্তব ও বিচারপতি জি অরুল মুরুগনের নেতৃত্বাধীন বেঞ্চ এ আদেশ দেন। কেন্দ্রীয় চলচ্চিত্র সার্টিফিকেশন বোর্ডের (কেন্দ্রীয় চলচ্চিত্র সার্টিফিকেশন বোর্ড) সঙ্গে প্রযোজকদের আইনি বিরোধের কারণেই ছবিটির মুক্তি আটকে রয়েছে।

**কেন আটকে গেল মুক্তি :** বিজয়ের শেষ ছবি হিসেবে আলোচিত 'জন নায়াগান' গত ৯ জানুয়ারি মুক্তির কথা ছিল। তবে নির্ধারিত সময়ের মধ্যে সেন্সর ছাড়পত্র না পাওয়ায় মুক্তি পিছিয়ে যায়। এরপর কয়েক সপ্তাহ ধরে একের পর এক আইনি পদক্ষেপ নেন নির্মাতা ও প্রযোজকেরা। তবু এখনো ছবিটি সেন্সর সার্টিফিকেট পায়নি।

**হাইকোর্টের পর্যবেক্ষণ :** সোমবার শুনানিতে ডিভিশন বেঞ্চ সিবিএফসিতে জমা পড়া একটি অভিযোগ পাঠ করে শোনান। অভিযোগটি করেছিলেন সেন্সর বোর্ডের পরীক্ষা কমিটির এক সদস্য। আদালতের পর্যবেক্ষণ ছিল, আগের একক বিচারকের আদেশে সিবিএফসিকে তাদের অবস্থান বিস্তারিতভাবে তুলে ধরার পর্যাপ্ত সুযোগ দেওয়া হয়নি।

আদালত আরও লক্ষ করেন, সিবিএফসির চেয়ারম্যান প্রসূন জোশীর আদেশকে চ্যালেঞ্জ করে কোনো নির্দিষ্ট আবেদন করা হয়নি। সে কারণে প্রযোজনা সংস্থাকে আগে সেই আদেশ চ্যালেঞ্জ করার নির্দেশ দেওয়া হয়। এসব কারণ দেখিয়ে ডিভিশন বেঞ্চ একক বিচারকের আগের আদেশ বাতিল করে নতুন করে শুনানির জন্য মামলাটি আবার একক বেঞ্চে পাঠান।

**মামলার পেছনের ঘটনা :** প্রযোজনা সংস্থার পক্ষ থেকে আদালতে জানানো হয়, গত ডিসেম্বরে সিবিএফসির পরীক্ষা কমিটি ছবিটি দেখে ১৪টি কাটের শর্তে 'ইউএ ১৬+' সার্টিফিকেট দেওয়ার কথা জানিয়েছিল। নির্মাতারা সেই কাটগুলো মেনে নিলেও দীর্ঘ সময় কোনো চূড়ান্ত সিদ্ধান্ত জানানো হয়নি। ৫ জানুয়ারি বাধ্য হয়ে তাঁরা হাইকোর্টে যান। সিবিএফসির দাবি ছিল, একটি অভিযোগ পাওয়ার পর তারা সার্টিফিকেশন প্রক্রিয়া স্থগিত রেখেছে, কারণ ছবির কিছু অংশ ধর্মীয় অনুভূতিতে আঘাত করতে পারে। একক বিচারক তখন সিবিএফসিকে ছবি সার্টিফাই করার নির্দেশ দিয়েছিলেন। কিন্তু সেই আদেশের বিরুদ্ধে আপিল করে সিবিএফসি স্থগিতাদেশ নেয়। পরবর্তী সময়ে প্রযোজকেরা সুপ্রিম কোর্টে গেলেও সেখান থেকে কোনো তাৎক্ষণিক স্বস্তি মেলেনি। শীর্ষ আদালত বিষয়টি হাইকোর্টেই নিষ্পত্তির নির্দেশ দেয়। ২০ জানুয়ারি শুনানি শেষে রায় সংরক্ষণ করা হয়, যা ২৭ জানুয়ারি ঘোষণা করা হয়।

'জন নায়াগান'-এর মাধ্যমে অভিনয়জগৎকে বিদায় জানাতে চলেছেন বিজয়। এরপর তিনি পুরোপুরি রাজনীতিতে সক্রিয় হবেন বলে আগেই জানিয়েছেন। তাঁর দল তামিলাগা ভেট্রি কাজাগাম (টিভিকে) থেকে আসন্ন তামিলনাড়ু বিধানসভা নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করার কথা রয়েছে। এইচ বিনোথ পরিচালিত ছবিটি মূলত তেলেগু পরিচালক অনিল রবিপুডির বালাকৃষ্ণ অভিনীত 'ভগবন্ত কেশরী' ছবির রিমেক। এতে বিজয়ের সঙ্গে অভিনয় করেছেন ববি দেওল, মমিতা বাইজু ও পূজা হেগড়ে। সূত্র: হিন্দুস্তান টাইমস

## ভারত-পাকিস্তান ম্যাচই নিশ্চিত নয়

৫২ পৃষ্ঠার পর

সংঘর্ষে জড়িয়ে পড়েছিল। রাজনৈতিক বিরোধের কারণে পাকিস্তান এবার টি-টোয়েন্টি বিশ্বকাপে ভারতে নিজেদের ম্যাচ খেলতে অস্বীকৃতি জানায়। এরপর আন্তর্জাতিক ক্রিকেট কাউন্সিল (আইসিসি) তাদের ম্যাচগুলো নিরপেক্ষ ভেন্যু হিসেবে শ্রীলঙ্কায় সরিয়ে নেয়। নিরাপত্তা আশঙ্কার কারণে বাংলাদেশও ভারতে ম্যাচ না খেলার অনুরোধ জানিয়েছিল, তবে আইসিসি সেই অনুরোধ প্রত্যাখ্যান করে। শেষ পর্যন্ত বাংলাদেশের পরিবর্তে টি-টোয়েন্টি বিশ্বকাপে স্কটল্যান্ডকে অন্তর্ভুক্ত করে আইসিসি। পাকিস্তানের এই টুর্নামেন্ট বয়কট করার গুজন ওঠার কারণও বাংলাদেশ ইস্যু। বাংলাদেশের প্রতি সংহতি জানিয়ে পাকিস্তানও টুর্নামেন্ট বয়কট করবে কি না তা জানা যাবে আগামীকাল অথবা আগামী সোমবার। ২৬ জানুয়ারি এ তথ্য জানিয়েছেন পিসিবির প্রধান মহসিন নাকভি। টি-টোয়েন্টি বিশ্বকাপে ভারত-বাংলাদেশ বিরোধে শ্রীলঙ্কা নীরব ছিল। শ্রীলঙ্কা ক্রিকেটের সচিব বান্দুলা দিসানায়েকে এএফপিকে বলেছেন, কলম্বো চায় না আঞ্চলিক বিরোধে জড়াতে।

## স্কোয়াড ঘোষণার পর বিমানের টিকিটও বুক করল পাকিস্তান

৫২ পৃষ্ঠার পর

নওয়াজ, মোহাম্মদ সালমান মির্জা, নাসিম শাহ, সাহিবজাদা ফারহান (উইকেটকিপার), সাইম আইয়ুব, শাহিন শাহ আফ্রিদি, শাদাব খান, উসমান খান (উইকেটকিপার) ও উসমান তারিক।

**বিশ্বকাপ বয়কটের সাহস নেই পাকিস্তানের :** আসন্ন টি-টোয়েন্টি বিশ্বকাপ থেকে পাকিস্তান সরে দাঁড়াবে না বলে মন্তব্য করেছেন ভারতের ব্যাটার অজিঙ্কা রাহানে। তার মতে, এমন সিদ্ধান্ত নেওয়ার সাহস পাকিস্তানের নেই। শ্রীলঙ্কা ও ভারতে অনুষ্ঠিত হতে যাওয়া টি-টোয়েন্টি বিশ্বকাপ প্রসঙ্গে ক্রিকবাজে কথা বলতে গিয়ে রাহানে বলেন, 'আমি মনে করি না তারা এটা করতে পারবে। আমার মনে হয় না তাদের সেই সাহস আছে।' একই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ভারতের ক্রিকেট বিশ্লেষক হার্শা ভোগলেও। তিনি বলেন, পাকিস্তান এই বিষয়টি নিয়ে অকারণে আলোচনা বাড়াচ্ছে। তার ভাষায়, পাকিস্তান শুধু 'অপ্রয়োজনীয় আওয়াজ' করছে এবং তারা 'নিশ্চিতভাবেই' বিশ্বকাপে অংশ নেবে। এদিকে পাকিস্তানের অংশগ্রহণ নিয়ে এখনো চূড়ান্ত সিদ্ধান্ত হয়নি। পাকিস্তানের প্রধানমন্ত্রী শেহবাজ শরিফের সঙ্গে বৈঠকের পর দেশটির স্বরাষ্ট্রমন্ত্রী ও পাকিস্তান ক্রিকেট বোর্ডের সভাপতি মহসিন নাকভি জানান, বিশ্বকাপে খেলবে কি না সে বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত নেওয়া হবে হয় আগামীকাল, নয়তো আগামী সোমবার। এর আগে নাকভি আন্তর্জাতিক ক্রিকেট কাউন্সিলের কড়া সমালোচনা করেন। তিনি আইসিসির বিরুদ্ধে 'দ্বৈত নীতি'র অভিযোগ তোলেন। তিনি বলেন, বাংলাদেশকে বিশ্বকাপ থেকে বাদ দিয়ে আইসিসি তাদের সঙ্গে 'অন্যায়' করেছে। বাংলাদেশ নিরাপত্তাজনিত কারণে ভারতে ম্যাচ খেলতে না চাওয়ায় আইসিসি তাদের অনুরোধ প্রত্যাখ্যান করে। এরপর টি-টোয়েন্টি বিশ্বকাপে বাংলাদেশের জায়গায় স্কটল্যান্ডকে অন্তর্ভুক্ত করা হয়।


হ্যান্ডস অন
ফিসিক্যাল থেরাপি
রিহাবিলেইশন
এ. ভূঁইয়া
এলআইসি. ফিসিক্যাল থেরাপিস্ট
আপনি কি নিম্নে উল্লেখিত যে কোন ব্যথায় ভুগছেন?
তাহলে আজই যোগাযোগ করুন।
আমাদের আছে ২০ বছরের অভিজ্ঞতা।
* পিঠ ব্যথা
* ঘাড় ব্যথা
* বাহু ব্যথা
* কব্জি ব্যথা
* হাঁটু ব্যথা
* পায়ের পাতা ব্যথা
* পায়ের আঙ্গুল ব্যথা
ক্লিনিক খোলা থাকার সময়
সোমবার থেকে শুক্রবার
সকাল ১০.০০-সন্ধ্যা-৭টা
শনিবার
সকাল ১০.০০-বিকাল-৪টা
রবিবার বন্ধ
আমরা প্রায় সব ইন্স্যুরেন্স গ্রহণ করি
আমরা ইংলিশ, স্প্যানিশ, হিন্দি, বাংলা ও আরবীতে কথা বলি
75-17 41 Ave. Elmhurst, NY 11373
(Corner of 76th St & Broadway
170-08 Hillside Ave, Jamaica, NY 11432
Tel : 917-832-7824, Cell : 718-696-7002
Fax : 917-832-6100





হোমিও চিকিৎসা
জ্যাকসন হাইটস এর বাংলাদেশ প্লাজার নীচ তলায়





ব্যথা, পাইলস, গ্যাস্টিক, কিডনি ও প্রস্রাবের সমস্যা, যৌন ও চর্মরোগ সহ সব ধরনের জটিল রোগ।
ডাঃ এফ হক
হোমিওপ্যাথিক কনসালট্যান্ট
DI. Hom (USA)
(Diploma in Homeopathy)
হোমিও ভিটামিন সেলিং সেন্টার
Homeo & Vitamin Selling Center
এপয়েন্টমেন্ট এর জন্য কল করুন
347-596-3111, 347-485-8020
জ্যাকসন হাইটস অফিস: (বাংলাদেশ প্লাজা) (দুপুর ২টা থেকে রাত ৯টা পর্যন্ত)
৩৭-১৫ ৭৩ স্ট্রিট (Lower Level), জ্যাকসন হাইটস, নিউ ইয়র্ক।
ব্রুকলিন অফিস: (সকাল ১০টা থেকে দুপুর ২টা পর্যন্ত)
৪৭৫ ম্যাকডোনালস্ এভিনিউ, (৩য় তলা), ব্রুকলিন, নিউ ইয়র্ক।


PR Driving School
নিয়োগ বিজ্ঞপ্তি
ড্রাইভিং প্রশিক্ষক
প্রতি মাসে
$৮,০০০-$১০,০০০
ডলার
আয় করার সুযোগ..!
যোগ্যতা ও শর্তাবলী
বৈধ ড্রাইভিং লাইসেন্স (ন্যূনতম ২ বছরের অভিজ্ঞতা)
সাবলীলভাবে ইংরেজী বলতে পারদর্শী হতে হবে
হিন্দী ও স্প্যানিশ জানা থাকলে অগ্রাধিকার দেয়া হবে
APPLY NOW
-:Location:-
153-27 Hillside Ave
Jamaica, NY 11432
Call Now:
(631) 944-8334


ড্রাইভিং স্কুল বিক্রয়
:হিলসাইড এভিনিউতে অবস্থিত
একটি
স্বনামধণ্য এবং প্রতিষ্ঠিত
ড্রাইভিং স্কুল বিক্রয় হবে:
:বিস্তারিত:
মাসিক ভাড়া: ২০০০ ডলার
লিজের মেয়াদকাল: ১০ বছর
ব্যবসা চলমান এবং প্রতিষ্ঠিত
মূল্যঃ
$35,000
(ফিক্সড)
শুধুমাত্র আগ্রহী ক্রেতাদের যোগাযোগ করার জন্য অনুরোধ করা হচ্ছে।
(917) 264-6008


E-2 VISA
INVESTMENT OPPORTUNITY
Live, Work, and Invest in the United States
Are you a foreign entrepreneur or investor looking to start or expand a business in the U.S.?
The E-2 Treaty Investor Visa allows eligible investors and their families to:
✓ Live and work legally in the United States
✓ Operate and manage a U.S-based business
✓ Renew indefinitely as long as the business remains active
✓ Bring spouse and children under 21
✓ Spouses may apply for work authorization
Who Qualifies?
✓ Citizens of E-2 treaty countries
✓ Substantial investment in a U.S. business
✓ Active role in business operations
We Provide:
✓ Business Setup Guidance
✓ Investment Structure Support
✓ Visa Application Assistance
Attention: Attorney Pema Lhamu Bhutia PC

## শবেবরাত রাতের কয়েকটি সুন্নত

২৫ পৃষ্ঠার পর

জাগরণের মাধ্যমে বেশি বেশি নফল নামাজ, কোরআন তেলাওয়াত, তওবা-ইস্তিগফার ও জিকির-আজকারে মশগুল থাকা।

দীর্ঘ নফল নামাজ আদায় : বেশি বেশি নফল নামাজ ও দীর্ঘ ইবাদত প্রসঙ্গে হজরত আয়েশা (রা.) থেকে একটি হাদিস বর্ণিত হয়েছে, তিনি বলেন, একবার হজরত রাসুলুল্লাহ (সা.) রাতে নামাজে দাঁড়ান এবং এত দীর্ঘ সেজদা করেন যে আমার ধারণা হলো তিনি হয়তো মৃত্যুবরণ করেছেন। আমি তখন উঠে তার বৃদ্ধাঙ্গুলি নাড়া দিলাম। তার বৃদ্ধাঙ্গুলি নড়ল। যখন তিনি সেজদা থেকে উঠলেন এবং নামাজ শেষ করলেন তখন আমাকে লক্ষ্য করে বললেন, হে আয়েশা, তোমার কি এই আশঙ্কা হয়েছে যে আল্লাহর রাসুল তোমার হক নষ্ট করবেন? আমি জবাবে বললাম, না, হে আল্লাহর রাসুল, আপনার দীর্ঘ সেজদা থেকে আমার এই আশঙ্কা হয়েছিল, আপনি মৃত্যুবরণ করেছেন! নবীজি জিজ্ঞেস করলেন, তুমি কি জানো এটা কোন রাত? আমি বললাম, আল্লাহ ও তার রাসুল ভালো জানেন। হজরত রাসুলুল্লাহ (সা.) ইরশাদ করলেন, 'এটা হলো অর্ধ শাবানের রাত (শাবানের ১৪ তারিখের দিবাগত রাত)। আল্লাহতায়ালা অর্ধ শাবানের রাতে তার বান্দার প্রতি মনোযোগ দেন এবং ক্ষমাপ্রার্থনাকারীদের ক্ষমা করেন এবং অনুগ্রহপ্রার্থীদের অনুগ্রহ করেন আর বিদ্বেষ পোষণকারীদের ছেড়ে দেন তাদের অবস্থায়।' -শুআবুল ঈমান : ৩৫৫৪

এই হাদিস দ্বারা প্রমাণিত হয়, নফল নামাজে দীর্ঘ কিরাত পড়া এবং লম্বা সেজদা করা এ রাতের বিশেষ একটি আমল।

আল্লাহর কাছে ক্ষমা প্রার্থনা : এই রাতের আরেকটি গুরুত্বপূর্ণ আমল হচ্ছে বেশি বেশি তওবা-ইস্তিগফার করা। কারণ বরকতময় এই রাতে আল্লাহতায়ালা প্রথম আকাশে নেমে বান্দাদের প্রতি রহমতের দৃষ্টি দেন। তাদের গোনাহ মাফ করেন। এই মর্মে হজরত রাসুলুল্লাহ (সা.) বলেছেন, 'যখন অর্ধ শাবানের রাত আগমন করে তখন আল্লাহতায়ালা প্রথম আকাশে অবস্থান করেন এবং মুশরিক ও বিদ্বেষ পোষণকারী ছাড়া অন্যদের ক্ষমা করে দেন।' -মুসনাদে বাজ্জার : ৮০

শবেবরাতের পরদিন রোজা রাখা : এ প্রসঙ্গে হজরত আলী (রা.) থেকে একটি হাদিস বর্ণিত হয়েছে, হজরত রাসুলুল্লাহ (সা.) বলেছেন, '১৫ শাবানের রাত (১৪ তারিখ দিবাগত রাত) যখন আসে তখন তোমরা এ রাতটি ইবাদত-বন্দেগিতে কাটাও এবং দিনের বেলা রোজা রাখো।' -ইবনে মাজাহ : ১৩৮৮

এই বর্ণনাটির সনদ দুর্বল হলেও তা গ্রহণযোগ্য। হাদিস বিশারদদের মতে, ফজিলতপূর্ণ বিষয়ে জয়িফ হাদিস আমলযোগ্য। তা ছাড়া শাবান মাসে বেশি বেশি নফল রোজা রাখার কথা সহিহ হাদিসে এসেছে এবং আইয়ামে বিজ অর্থাৎ প্রতি চন্দ্র মাসের ১৩, ১৪ ও ১৫ তারিখে রোজা রাখার বিষয়টিও সহিহ হাদিস দ্বারা প্রমাণিত। তাই আসুন, বিশুদ্ধ আমলের মাধ্যমে এ রাতের ফজিলত, বরকত ও মাগফিরাত অর্জনে সচেষ্ট হই। সব ধরনের বিদআত বর্জন করি।

## কুরআন ব্যাখ্যায় এআই ব্যবহার করা যাবে?

২৫ পৃষ্ঠার পর

প্রান্ত মুফতির এই সতর্কতা এমন এক সময় এসেছে, যখন কৃত্রিম প্রযুক্তি চরম দ্রুততায় জীবনের বিভিন্ন ক্ষেত্রে ব্যবহার হচ্ছে এবং বিশেষ করে ধর্মীয় বিষয়ে প্রযুক্তি-ভিত্তিক ব্যাখ্যার প্রলোভন দিন দিন বাড়ছে।

তার বক্তব্য মুসলিম সমাজকে স্মরণ করিয়ে দেয় যে, প্রযুক্তি সহায়ক হিসেবে থাকতে পারে, কিন্তু পবিত্র কুরআনের ব্যাখ্যা করা বাইরের কোনো স্বয়ংক্রিয় ব্যবস্থার হাতে ছেড়ে দেওয়া উচিত নয়।

লেখক: শিক্ষার্থী, আল-আজহার বিশ্ববিদ্যালয়, কায়রো, মিশর।

## শাবান মাসে রোজা রাখার ফজিলত

২৫ পৃষ্ঠার পর

কেন তিনি শাবান মাসে এত বেশি রোজা রাখতেন?

এর উত্তর পাওয়া যাবে হযরত উসামা বিন যায়েদ রা. থেকে বর্ণিত একটি হাদিসে। ওই হাদিস থেকে শাবান মাসের গুরুত্ব ও তাৎপর্যের বিষয়টিও পরিষ্কার হয়ে যাবে। আর তা হলো উসামা বিন যায়েদ রা. বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম (রমজান ছাড়া) শাবান মাসে বেশি রোজা রাখতেন অন্য কোনো মাসেই এত রোজা রাখতেন না। উসামা বিন যায়েদ রা. বলেন, আমি (একবার) বললাম আমি আপনাকে কোনো মাসেই এত রোজা রাখতে দেখিনি, শাবান মাসে আপনি যত রাখেন, (এর রহস্য কি)?

এ প্রশ্নের উত্তরে নবীজী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন- শাবান হল রজব ও রমযানের মধ্যবর্তী মাস। এ মাস সম্পর্কে (অর্থাৎ এর গুরুত্ব ও তাৎপর্য সম্পর্কে) মানুষ গাফেল থাকে। শাবান হল এমন মাস, যে মাসে রব্বুল আলামিনের কাছে (বান্দার) আমল পেশ করা হয়। আমি চাই, রোজাদার অবস্থায় আমার আমল (আল্লাহর দরবারে) পেশ হোক। সুতরাং একাধিক ফজিলতের কারণে যেভাবে রমজান মাসকে গুরুত্ব প্রদান করা হয়, তেমনি সারা বছরের আমলনামা পেশ হওয়ার মাস হিসেবে শাবান মাসকেও যথাযথ গুরুত্ব প্রদান করা কর্তব্য। আর এই গুরুত্ব প্রদান করার উপায় হল, সব ধরনের গুনাহ থেকে বেঁচে থেকে নেক আমলের প্রতি যত্নবান হওয়া। শাবান মাসের অধিকাংশ দিন রোজা রেখে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম উম্মতকে এই নির্দেশনাই দিয়ে গেছেন।


বাড়ি ক্রয়-বিক্রয় ও ভাড়া

kw LANDMARK II
KELLERWILLIAMS. REALTY

লাইসেন্স বিহীন কোন ব্যক্তির সহযোগিতায় বাড়ি ক্রয়, বিক্রয় করে প্রতারিত হবেন না, আমরা বিনামূল্যে বাড়ি সংক্রান্ত যেকোন বিষয়ে পরামর্শ দিয়ে থাকি।



বিঃদ্রঃ আপনি যদি রিয়েল এস্টেট জব করতে চান আপনাকে ১০০% সহযোগিতা করা হবে।

Md. Alamgir Hossain
Associate Broker
75-35 31st Ave, Suite 202
East Elmhurst, NY 11370
Cell : 347-774-6432
Office : 347-846-1200
Email: mdahossain@kw.com

মোঃ আলমগীর হোসেন
লাইসেন্স এসোসিয়েট ব্রোকার
যোগাযোগ:৩৪৭-৭৭৪-৬৪৩২



REAL ESTATE, DIVORCE,
IMMIGRATION & SMALL BUSINESS



বাড়ি ঘর বা ব্যবসা কেনা/বেচা, তালাকের মামলা,
ইমিগ্রেশন, দুর্ঘটনা বা পিছলে পড়া, এবং যাবতীয়
অন্যান্য আইনগত সহায়তার জন্য, অভিজ্ঞ কার্যোপযোগী
বাংলাদেশী এটর্নির সাথে যুগাযুগ করুন

নিউ ইয়র্কের লাইসেন্সধারী অভিজ্ঞ এটর্নি

Hasan Malik, Esq.
718-433-9243

37-13 74TH ST, FLOOR 2
JACKSON HEIGHTS, NY 11372

ATTORNEY ADVERTISING



জ্যাকসন হাইটস ও জ্যামাইকায় দুই যুগেরও বেশি সময় ধরে প্রবাসিদের নিম্নবর্ণিত সার্ভিস গুলি সাফল্যের সাথে সেবা দিয়ে আসছে

TRANS GLOBAL REAL ESTATE & GLOBAL TAX AND FINANCIAL SERVICES

রিয়েল স্টেট ট্যাক্স ও ইমিগ্রেশন সার্ভিসেস

FLORIDA- ফ্লোরিডায়
জমি ও বাড়ীর মালিক হওয়ার অপূর্ব সুযোগ
Please Call: 929-391-6274
For further inquiry
Jackson Height Office:
37-18-74th Street, 2nd Floor,
Jackson Height, NY 11372
Phone: 718-779-7600
Jamaica, Hollis Office:
184-02 Hillside Ave, 1st Floor,
Jamaica, NY 11432
Phone: 718-779-7600

TAX Services
ট্যাক্স সার্ভিসেস
25 YEARS EXPERIENCED
Please Call:
718 581 6081
347 392 4312
718 779 7600
AUTHORIZED IRS e-file PROVIDER
TAX FILING, FAST REFUND
REASONABLE FEES!

REAL ESTATE Services
রিয়েল স্টেট সার্ভিসেস
Global Tax and Financial Services
Year round Tax, Immigration, Real Estate & Multi Services



Cell: 718-581-6081, 718-779-7600
Email: rahmangfs@yahoo.com
Maksudur Rahman
I.R.S Registered Tax Preparer

আপনি জানেন কি?
পরীক্ষা ও আবেদন ফি ছাড়া আমেরিকার নাগরিকত্ব লাভের সুযোগ রয়েছে। এছাড়া অন্যান্য ইমিগ্রেশন ফরম ও আবেদন ফি ছাড়া আবেদন করার সুযোগ আছে। বিস্তারিত তথ্যের জন্য যোগাযোগ করুন।

বিস্‌মিল্লাহির রাহমানির রাহিম

নারায়ে তাকবির-আল্লাহ আকবার

নারায়ে রিসালাত-ইয়া রাসুলুল্লাহ (সাঃ)

# পবিত্র শবে বরাত উপলক্ষে রাতব্যাপী ওয়াজ ও মিলাদ মাহফিল

## স্থান : আল আমিন জামে মসজিদ
৩৫-১৯ ৩৬ এভিনিউ, এস্টোরিয়া

## ০২ফেব্রুয়ারি ২০২৬, ১৪ শাবান, ১৪৪৭ হিজরি
সোমবার (দিবাগত রাত)

**কর্মসূচি**

১. আছর জামাত ———— ৪.০০ মিনিট
২. কোরআনে খতম ———— বাদ আসর থেকে মাগরিব পর্যন্ত
৩. মাগরিব জামাত ———— ৫.১৭ মিনিট
৪. খতমে কোরআনের দোয়া ———— বাদ মাগরিব
৫. ওয়াজ মাহফিল ———— বাদ মাগরিব থেকে এশা পর্যন্ত
৬. সালাতুল এশা ———— ০৯:৩০ মিনিট
৭. মিলাদ মাহফিল, দোয়া ও তাবারুক বিতরণ:—— ১০.০০ মিনিট
৮. ব্যক্তিগত ইবাদত ———— ১২.০০-৩.০০ টা পর্যন্ত
৯. জিকির ও বিশেষ মোনাজাত ———— ৩.০০-৪.০০ মিনিট
১০. সাহরি ———— ৪.০০-৫.৩০ মিনিট
১১. সালাতুল ফজর ———— ৬.০০ মিনিট



ওয়াজ ফরমাইবেন:

## হাফেজ মাওলানা লুৎফুর রহমান চৌধুরী
ইমাম ও খতিব, আল আমিন জামে মসজিদ, এস্টোরিয়া।

উক্ত মহিমান্বিত রজনীতে মসজিদে সপরিবারে হাজির হয়ে দুনিয়া ও আখেরাতের অশেষ ছওয়াব হাসিল করুন।

-দাওয়াতক্রমে আহলে শুরা

**Program of the Nisfe-Min Saaban (Lailatur Barat) 02 February, 2026, Monday**

- Asar Prayer: ———— 4.00
- Recitation of Quran: After Asar to Magrib
- Magrib Prayer: ———— 5.17
- Dua : After Magrib
- Religious Speech: After Magrib to Esha
- Esha Prayer: ———— 9.30
- Distribution of Tabaruq after Milad & DUA : 10.00
- Individual Ebadot: ———— 12.00-3.00
- Dhikir & Special Devotion: ———— 3.00-4.00
- Sehri: ———— 4.00-5.30
- Fazar Prayer: ———— 6.00

### Hon'ble Speaker:

## Hafiz Moulana Lutfur Rahman Chowdhury

*Imam & Khatib Al-Amin Jame Masjid, Astoria*

You all are kindly requested to attend with the members of family in the Mosque & Participate to all religious activities & seek the forgiveness & mercy of Almighty Allah.

ON BEHALF OF AHLE-SURAH

# AL-AMIN JAME MASJID & ISLAMIC CENTER, INC.

35-19 36 Ave., Astoria, NY 11106, TEl: 917-915-8023, 917-587-5757, 718-715-9245

জ্যাকসন হাইটস, উডসাইড এ নিরিবিলি পরিবেশে

# বাংলাদেশী ডাক্তার

## মেডিসিন বিশেষজ্ঞ

## Internal Medicine

### Geriatric Medicine

## শামীম আহমেদ এম, ডি

- আপনার কোলেস্টেরল, ব্লাড প্রেসার, ডায়াবেটিস, হার্টের অসুখসহ যাবতীয় মেডিকেল সমস্যার জন্য সুলভে পরীক্ষা এবং চিকিৎসা করিয়ে নিন।
- নিয়মিত শারিরিক পরীক্ষা ও বয়স অনুযায়ী নির্ধারিত SCREEN করিয়ে ভবিষ্যৎ রোগের সম্ভাবনা সম্পর্কে জেনে নিন।
- ভবিষ্যৎ রোগের সম্ভাবনা সম্পর্কে জেনে নিন।

আমরা প্রায় সব ধরণের ইন্স্যুরেন্স গ্রহণ করে থাকি। অফিসে আসার পূর্বে অনুগ্রহ করে ফোন করুন।

35-30 , 64th Street, Woodside NY 11377 (Subway E, F, R, N, V, G, 7)

**TEL: 718-205-6561**

# Starling Car Service LLC

*Best Choice for your trip*



একটি বাংলাদেশী প্রতিষ্ঠান

- 24 Hours Service
- Experienced & Professional Driver
- Affordable Price
- Airport Service
- Long Distance - Short Distance Hourly Service
- Special Occasions Service
- Wheelchair Available
- Corporate Transporation



Please Contact:
**Md. Kamroul Hasan**
President & CEO
718-612-8825

2115 Starling Ave
2nd Fl, Bronx
NY 10462
Tel: 718-612-8825
914-294-1845
Email: starlingcarservice@gmail.com

We arrange
**Base Letter & Base Affiliate**

# Amader Service.com

Your Trusted Service Partner

## আমাদের সেবাসমূহ

**ইভেন্ট ম্যানেজমেন্ট**

১. ইভেন্ট ডেকোরেশন
২. ফুড সাপ্লাই
৩. ফটোগ্রাফী
৪. ভিডিওগ্রাফী

**হোম সার্ভিস**

১. ফার্নিচার সেটআপ
২. ইলেট্রিক্যাল
৩. প্লাম্বিং
৪. রিপিয়ারিং (কনস্ট্রাকশন)
৫. সার্ভিলেন্স ক্যামেরা

**অফিস এ্যাডভাইজারী**

১. ভিসা প্রসেসিং
২. পাসপোর্ট রিনুয়াল
৩. যেকোন ধরণের ইমিগ্রেশন ফরম
৪. ডিএমভি সার্ভিস
৫. ইবিটি, ফুড ষ্ট্যাম্প, রেন্টাল এসিস্ট্যান্ট
৬. হোম কেয়ার

এছাড়াও আমরা বাংলাদেশে বাড়ি, প্লট, জমি ক্রয়-বিক্রয় করে থাকি এবং আপনার বিল্ডিং ম্যানেজমেন্ট এর দায়িত্ব নিয়ে থাকি।

Get all services you need in one place from professional expart, at home!

এ্যাপসটি ডাইনলোড করে আপনার মোবাইল থেকে সরাসরি অর্ডার করুন।

GET IT ON Google Play | GET IN ON App Store

CONTACT

**+1 917 519 1151, +1 929 569 9350, +1 347 659 8410**

**www.amaderservice.com**

প্রফেশনাল ভিডিওগ্রাফি ও ফটোগ্রাফির জন্য আজই আসুন



# STAR Photography

শহরের সেরা ফটোগ্রাফার এবং ভিডিওগ্রাফার

হাই ডেফিনেশন কোয়ালিটি
কম দাম, দ্রুত ডেলিভারী
বিয়ে, জন্মদিন, বিজনেস পার্টি
কালচারাল প্রোগ্রামসহ সব অনুষ্ঠান

Please contact for all Your Professional Photography Like events News Conference Wedding Reception & Modelling

**NEHER SIDDIQUEE**
MBPS, MIFPO

**917-476-6628, 718-371-8334**

www.neherphotography.weebly.com

দীর্ঘ দেড় যুগের বেশী
আপনাদের সেবায় নিয়োজিত

KARNAFULLY
TRAVEL INC.
(Approved Travel Agent)

IATA arc
Approved



# কর্ণফুলি ট্রাভেল
আই এন সি.

**Airlines Partners : ALL MAJOR AIRLINES Including Local Domestic Tickets**

## সৌদি হজ্ব মন্ত্রণালয় অনুমোদিত
## উমরাহ্ ট্রাভেল এজেন্ট

## প্যাকেজঃ হজ্ব ভিসা ও উমরাহ্ ভিসা

### আমাদের সুবিধা

নিজস্ব অফিস থেকে সরাসরি ARC এর মাধ্যমে যেকোন এয়ারলাইন্স এর টিকেট ইস্যু করে থাকি। অফিস সপ্তাহে ৭ দিন খোলা সকাল ১০:০০টা – রাত ১০:০০টা। তুলনামূলকভাবে বছরের যেকোনো সময় অত্যন্ত কমমূল্যে টিকেট প্রাপ্তির নিশ্চয়তা প্রদান করা হয়।

উমরাহ ভিসা আমাদের অফিস থেকে সরাসরি প্রসেস করা হয়। নিজস্ব হোটেলের মাধ্যমে প্রতি বছর দুই থেকে আড়াই হাজার ওমরা হাজীদের যাবতীয় সেবা দিয়ে থাকি।

**718 205 6050, 718 205 6055, 917 691 7721**

371673 Street. Suite 201 FR. Jackson Heights NY 11372

E-mail : karnafullytravel@yahoo.com, msalim@karnafullytravel.com

**Web: www.karnafullytravel.com**

# পায়ের বিশেষজ্ঞ চিকিৎসক

## Bangladeshi Foot Specialist

## Dr. Sadi Alam



পায়ের কোন সমস্যায় ভুগছেন ?

নিউইয়র্কে বাংলাদেশী চিকিৎসকের পরামর্শ নিন

ডায়াবেটিক রোগীদের ইন্স্যুরেন্সের মাধ্যমে ডায়াবেটিক জুতা দেওয়া হয়।

**We Accept Wellcare, Fidelis, Medicare, Metroplus, Healthfirst and other private insurances.**

Our Office Locations

01 16605 Highland Ave, Suite L-1, Jamaica, NY 11432
02 264-02 Hillside Ave, Floral Park, NY 11004
03 486 McDonald Ave, Brooklyn, NY 11218
04 7017 37th Ave, Jackson Heights, NY 11372
05 7721 101th Ave, Ozone Park, NY 11416
06 1381 Castle Hill Ave, Bronx, NY 10462

Phone: 347-509-4470, Fax: (646) 845-1861

আজই আপনার ডাক্তারকে রেফারেলের জন্য জিজ্ঞাসা করুন।

**Call for Appointment**



ESTD 2017

## Tribune Training Academy

Workplace Safety Training School

40-38 75th Street,
Jackson Heights, NY 11373
(718) 790-2664
tribunest@gmail.com
www.tribunest.com



# 40-HR OSHA/SST: $400

Tribune Training Academy is an outstanding institution with a proven track record of excellence that has made it a top player in the field of safety and technical training. Based in New York City, our esteemed organization has continuously set the standard for quality education through our unwavering commitment to providing the very best in certification training. Below are a list of some of the courses we offer:

- 30 Hour OSHA Training
- 40 Hour OSHA/SST
- 62 Hour Supervisor SST
- 4,16 & 32 Hour Scaffold
- 8-Hour EPA Lead Renovator
- NYS Security Guard License
- Fire Guard/FSD Training
- Work-zone Flagger
- Forklift/Scissor Lift Operator
- Defensive Driving Course

**40-HR OSHA/SST: $400 (LIMITED TIME OFFER)**

Get your 40-Hour OSHA/SST Training for only $400. This is a limited time offer only and this rate will not be honored once this promotional rate ends.



# আমেরিকা তথা নিউইয়র্ক এ একটি গর্বিত বাড়ির মালিক হতে চান?

আমরা স্বাচ্ছন্দ্য মুল্যে বাড়ি ক্রয় বিক্রয়ে নিশ্চয়তা দিয়ে থাকি।

REALTOR® MLS EQUAL HOUSING LENDER





**KAZI N JALAL**
Licensed Sale Agent

## ARA REALTY SERVICES INC

*A full Service Real Estate Brokerage of Professional Company*

158-10 84th Drive Jamaica, NY 11432
Email: realtornykazi@gmail.com
Office: 917-417-6766
Cell: 516-439-0156



# CHAUDRI CPA P.C.

FINANCE, ACCOUNTING, TAX, AUDIT & CONSULTING

## Sarwar Chaudri, CPA, MBA



ট্যাক্স একটি গুরুত্বপূর্ণ বিষয়
অহেতুক ঝামেলা এড়াতে
অভিজ্ঞ সিপিএ'র তত্ত্বাবধানে
ট্যাক্স ফাইলিং করুন

ব্যক্তিগত এবং বিজনেস ট্যাক্স ফাইলিং
অডিট, ফাইন্যানশিয়াল স্টেটমেন্ট, বুককিপিং
অ-লাভজনক ব্যবসা প্রতিষ্ঠা, লাইসেন্স ও পে-রোল
আইআরএস এবং নিউইয়র্ক স্টেট ট্যাক্স সমস্যা সমাধানে অভিজ্ঞ

AUTHORIZED IRS e-file PROVIDER

tax refund

Individual and Business Tax
Audit, Financial Statement
Bookkeeping, Non-Profit
Business Setup, Licensing & Payroll
Specialized in IRS &
NYS Tax problem resolution

*Finance, Accounting, Tax Filing, Audit & Consulting*
*(Business & Not for Profit)*

**JACKSON HEIGHT OFFICE:**
74-09 37th Ave, Bruson Building, Suite # 203
Jackson Height, NY 11372, Tel: 718-429-0011
Fax: 718-865-0874, Cell: 347-415-4546
E-mail: chaudricpa@gmail.com

**BRONX OFFICE:**
1595 Westchester Avenue
Bronx, NY 10472
Cell: 347-415-4546 / 347-771-5041
E-mail: chaudricpa@gmail.com

## 'বাংলাদেশের প্রোডিগাল সন'

৬২ পৃষ্ঠার পর

মহিলা প্রধানমন্ত্রী খালেদা জিয়া দীর্ঘ অসুস্থতার পর মারা যান এবং আরও বেশি সংখ্যক মানুষ তাঁদের শ্রদ্ধা জানাতে রাজধানীতে ভিড় করেন। 'এতে আমার হৃদয়ে খুব অহংকার' এ কথা বলে তারেক রহমানের চোখ অশ্রুসজল হয়ে উঠে। 'কিন্তু তার কাছ থেকে আমি যে শিক্ষা পেয়েছি তা হল, যখন আপনার কোনও দায়িত্ব থাকে, তখন আপনাকে অবশ্যই তা পালন করতে হবে।' সেই দায়িত্ব তাঁর পদাঙ্ক অনুসরণ করার চেয়ে কম কিছু হতে পারে না। তারেক রহমান ১২ই ফেব্রুয়ারির নির্বাচনে স্পষ্টভাবে প্রথম সারির প্রার্থী। যা ১৮ মাস আগে ছাত্র জনতার নেতৃত্বাধীন জনপ্রিয় বিদ্রোহে শেখ হাসিনাকে ক্ষমতাচ্যুত করা হয়েছিল। তারেক রহমান নিজেকে বাংলাদেশের স্বাধীনতা সংগ্রামের সময়কার রাজনৈতিক অভিজাতদের এবং তরুণ বিপ্লবীদের আকাঙ্ক্ষার মধ্যে একটি সেতু হিসাবে প্রতিষ্ঠিত করছেন।

কতগুলো সমস্যার দ্রুত সমাধান প্রয়োজন। বাংলাদেশ উচ্চ মূল্যস্ফীতি এবং টাকা দুর্বল মুদ্রায় ভুগছে, যা সাধারণ পরিবারের প্রকৃত আয়কে হ্রাস করে। বৈদেশিক মজুদ হ্রাস পাওয়ায় আমদানি বিধিনিষেধ আরোপ করা হয়েছে। যা উৎপাদন ও জ্বালানি সরবরাহকে দুর্বল করে দিয়েছে। পোশাক রপ্তানি এবং বিদেশে প্রেরিত অর্থের ওপর এখনও নির্ভরশীল জাতীয় অর্থনীতিকে বৈচিত্র্যময় করার প্রচেষ্টাকে এই প্রতিকূলতা বাধাগ্রস্ত করে। যুব বেকারত্বের হার ১৩.৫% এবং প্রতি বছর ২ মিলিয়ন তরুণ বাংলাদেশি কর্মক্ষেত্রে প্রবেশ করে। পরবর্তী প্রজন্মের জন্য সুযোগ তৈরি করার তীব্র প্রয়োজন রয়েছে।

তাঁর প্রধান পরিচয়গুলি বংশগত। জিয়া এবং স্বাধীনতার বীর জিয়াউর রহমানের পুত্র হিসাবে, ৬০ বছর বয়সী এই তারেক রহমান হস্তপূর্ণ দ্বৈত আধিপত্যের বিপরীত শাখার প্রতিনিধিত্ব করেন যা প্রতিষ্ঠার পর থেকে বাংলাদেশের রাজনীতিতে আধিপত্য বিস্তার করেছে (হাসিনা প্রতিষ্ঠাতা রাষ্ট্রপতি শেখ মুজিবের কন্যা)।

তাঁর সমর্থকদের কাছে, তারেক রহমান একজন নির্যাতিত মুক্তিদাতা। যিনি তাঁর দুর্দশাগ্রস্ত স্বদেশ বাঁচাতে ফিরে আসছেন। তার বিরোধীদের কাছে, সে একজন কালো রাজপুত্র, একজন প্রতারক এবং যোগ্য বিশ্ববিদ্যালয় ড্রপ আউট। যার একমাত্র নেতৃত্বের যোগ্যতা জন্মের দুর্ঘটনা। রহমান জোর দিয়ে বলেন যে, তিনি তাঁর ক্ষতিগ্রস্ত জাতিকে সুস্থ করার জন্য সঠিক ব্যক্তি। তিনি বলেন, 'এটা এই কারণে নয় যে আমি আমার বাবা এবং মায়ের ছেলে। আমার দলের সমর্থকদের কারণেই আমি আজ এখানে এসেছি।' গত ডিসেম্বরের শেষের দিকের জনমত জরিপে দেখা গেছে যে তার বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বি এন পি) প্রায় ৭০% সমর্থন পেয়েছে। তার নিকটতম প্রতিদ্বন্দ্বী প্রধান ইসলামপন্থী দল জামায়াতে ইসলামী ১৯% সমর্থন করেছে। তবুও উদ্বেগ স্পষ্ট। ২০০১ থেকে ২০০৬ সাল পর্যন্ত ক্ষমতায় থাকা শেষ মেয়াদে, ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল পরপর চার বছর ধরে বাংলাদেশকে বিশ্বের সবচেয়ে দুর্নীতিগ্রস্ত দেশে স্থান দিয়েছে। সংস্কারবাদীরা আশঙ্কা করছেন যে, শেখ হাসিনাকে ক্ষমতাচ্যুত করতে নিহত ১,৪০০ জন তরুণ বিক্ষোভকারীর রক্ত আরেকটি স্বনির্ভর বংশধর তৈরি করতে পারে। তারেক রহমান সমস্ত দুর্নীতির অভিযোগ অস্বীকার করেছেন এবং অন্তর্বর্তীকালীন সরকার তাঁর পূর্বের দোষী সাব্যস্তকরণ বাতিল করে দিয়েছে। তিনি তাঁর অভিযুক্তদের সম্পর্কে বলেন, 'তারা কিছুই প্রমাণ করতে ব্যর্থ হয়েছে।' এটা অবশ্যই সত্য যে, শেখ হাসিনার আওয়ামী লীগকে সাহায্য করেছিল একটি অনুগত সংবাদ মাধ্যম। যারা তাঁর বিরুদ্ধে অন্যায়ভাবে অভিযোগ তুলেছিল। কিন্তু এটাও সমানভাবে সত্য যে রহমান একই বংশগত সুযোগ-সুবিধার মধ্যে ডুবে আছেন যার বিরুদ্ধে জুলাই বিপ্লব নিন্দা করেছিল। দক্ষিণ এশিয়ার দ্বিতীয় বৃহত্তম অর্থনীতি নিয়মিতভাবে জাতিসংঘ শান্তিরক্ষীদের শীর্ষ একক অবদানকারী দেশটি এবং ইউএস ইন্দো-প্যাসিফিক কমান্ডের সাথে অনুশীলনে যোগ দেয়। বিশ্বের অন্যতম ঘনবসতিপূর্ণ এই দেশটি যুদ্ধবিধ্বস্ত প্রতিবেশী মায়ানমারে গণহত্যা থেকে পালিয়ে আসা ১০ লক্ষেরও বেশি রোহিঙ্গা শরণার্থীকে আশ্রয় দিয়েছে।

## গর্ভাবস্থায় উচ্চ রক্তচাপে যা করণীয়

২০ পৃষ্ঠার পর

কিছু কিছু ওষুধ খাওয়া বারণ। যেমন-লোসারটেন, ভালসারটান ইত্যাদি। এক্ষেত্রে অবশ্যই আগে ডাক্তারের সঙ্গে পরামর্শ করে নিতে হবে। গর্ভাবস্থা উচ্চ রক্তচাপের জন্য অনেক সময় মায়ের সঙ্গে বাচ্চার রক্তপ্রবাহ কমে যায় এবং যার ফলে বাচ্চার নিয়মিত বৃদ্ধি ব্যাহত হয়। এ কারণে নিয়মিত চেকআপ খুবই জরুরি। এ সময় শুয়ে বসে কাটানো যাবে না, হালকা শারীরিক কাজকর্ম করতে হবে এবং দুশ্চিন্তামুক্ত থাকতে হবে।

## যুক্তরাষ্ট্রজুড়ে 'আইস আউট' ধর্মঘট ৩০-৩১ জানুয়ারি

১ পৃষ্ঠার পর

গুলি করে হত্যার প্রতিবাদে সারা যুক্তরাষ্ট্রজুড়ে ৩০-৩১ জানুয়ারি ২০২৬ 'আইস আউট' ধর্মঘটের ডাক দেওয়া হয়েছে। এই দুদিন শহরে শহরে ব্যাপক বিক্ষোভ অনুষ্ঠিত হবে বলে জানানো হয়েছে। তৃণমূল আয়োজকরা বছরের শুরুতে আইস সম্পর্কিত কমপক্ষে আটজনের মৃত্যুর পরে, আইস, কাস্টমস এবং বর্ডার প্রোটেকশন (সিবিপি) স্থায়ীভাবে অপসারণের দাবি করছে। শুক্রবারের প্রথম পদক্ষেপের জন্য, মিনেসোটা বিশ্ববিদ্যালয়ের বেশ কয়েকটি ছাত্র গোষ্ঠীর নেতৃত্বে আয়োজকরা একটি 'জাতীয় বন্ধ'-এর আহ্বান জানিয়েছে। যার অর্থ হচ্ছে 'কোনও কাজ নেই। স্কুল নেই। কেনাকাটা নেই। আইস-এর অর্থায়ন বন্ধ করুন।' আয়োজকরা বলছেন, 'ব্ল্যাকআউট' দিবস, যা অনেকে অনলাইনে 'সাধারণ ধর্মঘট' হিসাবে উল্লেখ করছেন, 'অর্থনীতি বন্ধ করার' একটি প্রচেষ্টা। মিনিয়াপোলিসে গুড এবং প্রেটির আইসিই হত্যাকাণ্ড নিয়ে ক্রমবর্ধমান জাতীয় ক্ষোভের মধ্যে শনিবারের বিক্ষোভ ঘোষণা হলো। জরিপে দেখা গেছে যে, এই মাসের শুরু থেকে আইস-এর বিরোধিতা বৃদ্ধি পেয়েছে, যেখানে আইস বিলুপ্তির বিরোধিতা করার চেয়ে বেশি আমেরিকান সমর্থন করছে।

'আমরা মানুষের ক্ষোভের জবাব দিচ্ছি। আমরা ওভারটন উইন্ডো পরিবর্তন হতে দেখেছি। আমরা দেখছি যে সাধারণত অরাজনৈতিক বর্ণালীর লোকেরা এই কথোপকথনে জড়িত হয় এবং বলে এটি আমেরিকার মতো মনে হয় না।'

## নিউইয়র্কে ছুরি হাতে বাংলাদেশি বংশোদ্ভূত যুবক গুলিবিদ্ধ

৬২ পৃষ্ঠার পর

কক্ষের মাঝখানে দরজা বন্ধ করে যুবকটিকে আলাদা রাখার চেষ্টা করেন। এনওয়াইপিডির প্যাট্রোল বোরো কুইন্স সাউথের কমান্ডিং অফিসার সহকারী প্রধান ক্রিস্টোফার ম্যাকিনটশ বলেন, যুবক দরজাটি ধাক্কা দিয়ে খুলে ফেলেন এবং ছুরি হাতে নিয়ে আবারও কর্মকর্তাদের দিকে এগিয়ে আসেন। এই পরিস্থিতিতে অফিসাররা তাদের অস্ত্র ব্যবহার করতে বাধ্য হন। জানা গেছে, গুলিতে ওই যুবক আহত হন। পরে তাকে জ্যামাইকা হাসপাতালে নেওয়া হয়। চিকিৎসকদের বরাতে জানানো হয়েছে, তার অবস্থা গুরুতর নয়। এদিকে, ঘটনায় জড়িত পুলিশ সদস্যদেরও সামান্য আঘাতের জন্য চিকিৎসা পরীক্ষা করা হচ্ছে। সহকারী প্রধান ম্যাকিনটশ আরও জানান, পুরো ঘটনাটি পুলিশের বডি-ওর্ন ক্যামেরায় ধারণ করা হয়েছে। অফিসাররা সঙ্গে সঙ্গে ইএমএস ডাকেন এবং আহত যুবককে প্রাথমিক চিকিৎসা দেন।

তবে ঠিক কত রাউন্ড গুলি ছোড়া হয়েছে বা আহত যুবকের মানসিক স্বাস্থ্য সংক্রান্ত কোনো পূর্ব ইতিহাস আছে কি না-এ বিষয়ে তিনি মন্তব্য করতে অস্বীকৃতি জানান। তিনি বলেন, বিষয়টি বর্তমানে তদন্তাধীন। ঘটনাটি এনওয়াইপিডির ফোর্স ইনভেস্টিগেশন ডিভিশন তদন্ত করছে। এদিকে, নিউইয়র্ক সিটির মেয়র জোহরান মামদানি সামাজিক যোগাযোগমাধ্যমে এ ঘটনার বিষয়ে একটি পোস্ট দেন। তিনি বলেন, তদন্ত থেকে নতুন তথ্য পাওয়া গেলে নিউইয়র্কবাসীকে জানানো হবে এবং বিষয়টি স্বচ্ছতার সঙ্গে উপস্থাপনে তিনি প্রতিশ্রুতিবদ্ধ।

## ডলারের দাম পড়ে যাওয়ার কারণ অনুসন্ধান

৬২ পৃষ্ঠার পর

যাচ্ছে তা নিয়ে চলছে নানা অনুসন্ধান।

বিশ্বব্যাপী রাজনৈতিক অনিশ্চয়তা ও অর্থনৈতিক সংকটের জেরে মানুষ এখন ধীরে ধীরে এই মূল্যবান ধাতুটির দিকে এগুচ্ছে। বিনিয়োগ করছে স্বর্ণে। বাড়ছে স্বর্ণের দাম। অন্যদিকে কমছে বিশ্বব্যাপী রাজত্ব করা ডলারের মূল্য। গত বুধবার স্বর্ণের দাম প্রথমবার রেকর্ড সর্বোচ্চ পর্যায়ে পৌঁছে প্রতি আউন্স ছাড়ায় ৫ হাজার ২শ। বছরের শুরু থেকে ২০ শতাংশের বেশি বৃদ্ধি পেয়ে প্রতি আউন্স স্বর্ণ দাঁড়ায় ৫ হাজার ২শ ২৪ দশমিক নয় পাঁচে। গত এক সপ্তাহে স্বর্ণের দাম প্রায় ৯ শতাংশ বৃদ্ধি পেয়েছে। ডলারের মূল্য যথেষ্ট কমেছে কি-না এমন প্রশ্নের জবাবে মঙ্গলবার প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প জানান, ডলারের অবস্থান এখনো চমৎকার পর্যায়ে আছে। ব্যবসায়ীরা তার এই মন্তব্যে ধরে নেন ডলারের বিক্রি বৃদ্ধি পাবে। তবে হয়েছে উল্টো। চার বছরের ইতিহাসে এখন সর্বনিম্নের কাছাকাছি নেমেছে ডলারের দাম। ডলার সূচক বলছে, এর আগে বিশ্বের সমজাতীয় ছয়টি মুদ্রার বিপরীতে ডলারের মূল্য ছিলো শূন্য দশমিক দুই দুই শতাংশ বেশি, ৯৬ দশমিক এক এক চার। যা এক শতাংশেরও বেশি কমে গেল চার বছরে এখন সর্বনিম্নে। বুধবার এটি দাঁড়ায় ৯৫ দশমিক পাঁচ ছয় ছয়ে। এর আগে ২০২২ সালের ফেব্রুয়ারিতে সর্বনিম্নে নামে। সেই ধাক্কা ৪ বছরের মাথে সর্বনিম্নে ডলার, স্বর্ণের দামেও রেকর্ড গড়েছে। বাংলাদেশ সময় বুধবার সকাল ৭টা পর্যন্ত স্পট স্বর্ণের দাম প্রায় ১.৬ শতাংশ বেড়ে প্রতি আউন্স ৫,২৬৪.২০ ডলারে দাঁড়ায়। এর আগে লেনদেনের এক পর্যায়ে সোনার দাম সর্বকালের সর্বোচ্চ ৫,২৭১.৪৫ ডলার ছুঁয়েছিল।

## জুনায়েদ আল হাবিবের পক্ষে নিউইয়র্কে মতবিনিময় সভা

৬২ পৃষ্ঠার পর

তাঁর সমর্থনে আয়োজিত এক মতবিনিময় সভায় প্রধান অতিথি হিসেবে অনলাইনে বক্তব্য রাখেন জুনায়েদ আল হাবিব। ব্রুকলিনের সিরাজ পার্টি সেন্টারে কমিউনিটি লিডার ইকবাল আহমেদ মাহবুবের সভাপতিত্বে এবং কমিউনিটি এক্টিভিস্ট জিয়াউল আহমেদ জামিলের পরিচালনায় এ সভায় বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন নিউইয়র্ক মহানগর বিএনপির (উত্তর) সাবেক নির্বাচন কমিশনার জাফর তালুকদার, নিউইয়র্ক মহানগর বিএনপির (উত্তর) ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক আনোয়ার জাহিদ, মাওলানা রফিক আহমেদ, মাওলানা আজির উদ্দিন, মাওলানা জামিল রশিদ, বিএনপি নেতা লিয়াকত আলী, মানিক আহমেদ, সুলতান মাহমুদ সিদ্দিকী, ফেরদৌস আহমেদ, কবির আহমেদ ফারুক, মো: হুসাইন ইসলাম মিন্টু, মাহবুবুল আলম, আশফাক চৌধুরী, নাজের চৌধুরী প্রমুখ।

এ সময় স্বতন্ত্র প্রার্থী ব্যারিস্টার রুমিন ফারহানা দিকে ইঙ্গিত করে জুনায়েদ আল হাবিব বলেন, মিডিয়ার মাধ্যমে একজন মহিলার নাম বার বার প্রচারিত হচ্ছে। এটা শুধু মিডিয়ার মাধ্যমেই প্রচার হচ্ছে বাস্তবে ফিল্ডে তার কোন অবস্থান নেই। তার কারণ হল তিনি নিজের দল থেকে বহিষ্কৃত। বিএনপি ও তার সহযোগী অঙ্গ সংগঠনগুলোর কেউ তার সাথে নেই এবং তাকে সবাই প্রত্যাখ্যান করেছেন। যাদেরকে নিয়ে তিনি ঘোরা-ফেরা করছেন, তাদের বেশিরভাগই আওয়ামীলীগের লোকজন। তিনি বলেন, আমার অবস্থান সবদিক থেকে অগ্রগামী এবং সবদিক থেকে অবস্থান খুবই ভালো। ওখানে আমার প্রতিদ্বন্দ্বী যারা রয়েছেন সেখানে বড় ধরনের তেমন কোন প্রতিদ্বন্দ্বী আমি হিসাব-নিকাশ করে দেখছি না। যাকী মিডিয়ার মাধ্যমে একজন মহিলার নাম বার বার প্রচারিত হচ্ছে। এটা শুধু মিডিয়ার মাধ্যমেই প্রচার হচ্ছে বাস্তবে ফিল্ডে তার কোন অবস্থান নেই। সভাপতির বক্তব্যে ইকবাল আহমেদ মাহবুব যুক্তরাষ্ট্রে আল্লামা জুনায়েদ আল হাবিবের ইসলামী কর্মকাণ্ডে তার অবদানের কথা তুলে ধরেন। তিনি সবাইকে ঐক্যবদ্ধ হয়ে দেশের উন্নয়নে আরো ভূমিকা রাখার জন্য আসন্ন নির্বাচনে তাকে বিজয়ী করার আহ্বান জানান।

আগামী ১২ ফেব্রুয়ারি অনুষ্ঠিতব্য ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে দলের সিদ্ধান্ত অমান্য করে ব্রাহ্মণবাড়িয়া - ২ (সরাইল-আশুগঞ্জ-বিজয়নগর আংশিক) আসনে প্রার্থী হওয়ায় ব্যারিস্টার রুমিন ফারহানাকে দলের সহ আন্তর্জাতিকবিষয়ক সম্পাদক পদ থেকে বহিষ্কার করা হয়। এ আসনে স্বতন্ত্র প্রার্থী হিসেবে ব্যারিস্টার রুমিন ফারহানাকে প্রতিদ্বন্দ্বিতা করতে হচ্ছে বিএনপি জোটের প্রার্থী ও জমিয়তে উলামায়ে ইসলামের কেন্দ্রীয় সহ সভাপতি মাওলানা জুনায়েদ আল হাবিবের সঙ্গে।


LIBERTY REAL ESTATE SCHOOL
NYS Approved Real Estate School
রিয়েলএস্টেটের লাইসেন্স করুন
বছরে লক্ষ ডলার আয় করুন
বিস্তারিত তথ্য এবং ক্লাসের সময় সুচি জানতে
কল করুন +1 (929) 393-8620
- SALESPERSON COURSE : 75 HOURS
- CONTINUING EDUCATION : 22.5 HOURS
- BROKER COURSE : 45 HOURS
YOU LEARN :
The easiest way to buy and sell a home
Learn for Being a professional Realtor or for knowledge
Buying and selling a home as an investment
The market price of house goes up and down
Buy for profit, sell for profit (fix-flip)
What to do to buy your own house
Rules of buying and selling properties
Different types of mortgage loans
Jackson Heights Office: 37-22 73rd Street, Suite 2A
Jamaica Office: 167-16 Hillside Avenue
917 781 0647, 929 399 9352
libertyrealestateschool@gmail.com



জব জব হেল্প জব
Job Help Application Processing Service
917-500-3937
* পোষ্টাল জব
* ফেডারেল জব
* স্টেট জব
* এম. টি. এ জব
* সিটি জব
* রেজুমী তৈরী
* কভার লেটার
* সিটিজেনশীপ এপ্লিঃ প্রঃ
* নিউ পাসপোর্ট/রিনুয়েল
* ডুয়েল সিটিজেনশীপ
* ফুড স্ট্যাম্প
* ডিজএবিলিটি (SSI)
* সসিয়াল সিকিউরিটি (SS)
* রিটারম্যান্ট বেনিফিড

Md. Ali
B.Sc. LLB
Chittagong University
Retired Govt. Officer
Bangladesh
148-45, Hillside Ave, 2nd Fl, Suite 204
Jamica, NY 11435
Phone/Fax: 917-300-6160

# সেরা সিনেমা 'সাঁতাও'

## জাতীয় চলচ্চিত্র পুরস্কার ২০২৩

### সেরা অভিনেতা আফরান নিশো, অভিনেত্রী পুতুল

আজকাল বিনোদন



চূড়ান্ত বিচার কাজ শেষে ঘোষণা করা হয়েছে ২০২৩ সালের জাতীয় চলচ্চিত্র পুরস্কার। বৃহস্পতিবার সন্ধ্যায় তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের জারি করা এক প্রজ্ঞাপনের মাধ্যমে ২৮টি বিভাগে শিল্পী, কলাকুশলী, প্রতিষ্ঠান ও চলচ্চিত্রের নাম প্রকাশ করা হয়।

এবার 'সুরঙ্গ' সিনেমায় অভিনয়ের জন্য সেরা অভিনেতা নির্বাচিত হয়েছেন আফরান নিশো এবং 'সাঁতাও' সিনেমার জন্য সেরা অভিনেত্রী হয়েছেন আইনুন পুতুল। একই সিনেমা 'সাঁতাও' জিতে নিয়েছে সেরা চলচ্চিত্র পুরস্কার।

চলচ্চিত্রে বিশেষ অবদানের জন্য যৌথভাবে আজীবন সম্মাননা পেয়েছেন প্রয়াত চলচ্চিত্রকার তারেক মাসুদ এবং চিত্রগ্রাহক ও নির্মাতা আব্দুল লতিফ বাচ্চু।

গুরুত্বপূর্ণ পুরস্কারপ্রাপ্তরা

শ্রেষ্ঠ পরিচালক: খন্দকার সুমন (সাঁতাও)

শ্রেষ্ঠ স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র: মরিয়ম-চৈত্রালী সমদ্দার

শ্রেষ্ঠ প্রামাণ্য চলচ্চিত্র: লীলাবতী নাগ: দ্য রেবেল -এলিজা বিনতে এলাহী

অভিনয় বিভাগ

শ্রেষ্ঠ পার্শ্ব অভিনেতা: মনির আহাম্মেদ (সুরঙ্গ)

শ্রেষ্ঠ পার্শ্ব অভিনেত্রী: নাজিয়া হক অর্ষা (ওরা সাত জন)

শ্রেষ্ঠ খলঅভিনেতা: আশীষ খন্দকার (অ্যাভেঞ্জার অব সুন্দরবন)

শ্রেষ্ঠ কৌতুক অভিনেতা: শহীদুজ্জামান সেলিম (সুরঙ্গ)

শ্রেষ্ঠ শিশু শিল্পী: মো. লিয়ন (আম কাঁঠালের ছুটি)

শিশু শিল্পী শাখায় বিশেষ পুরস্কার: আরিফ হাসান, আনাইরা খান (আম কাঁঠালের ছুটি)

সংগীত ও গান

শ্রেষ্ঠ সংগীত পরিচালক: ইমন চৌধুরী (অ্যাভেঞ্জার এরপর ৫৩ পৃষ্ঠায়



## হলিউডের নতুন তারা সিডনি সুইনি

আজকাল বিনোদন

হলিউডের নতুন তারকা সিডনি সুইনি। অন্তরঙ্গ দৃশ্যে অভিনয়, বিজ্ঞাপনচিত্রে অভিনয় করে সমালোচিত সব মিলিয়ে সিডনি সুইনিকে নিয়ে বিতর্কের অন্ত নেই। প্রায় এক যুগের ক্যারিয়ার হলেও সিডনি সুইনি আলোচনায় এসেছেন বছর পাঁচেক হলো। এইচবিওর সিরিজ 'ইউফোরিয়া' তার ক্যারিয়ারের এরপর ২৪ পৃষ্ঠায়



## মোদির বিরুদ্ধে বাঁশি নিয়ে নামলেন থালাপতি বিজয়

আজকাল বিনোদন

তামিলাগা ভেত্রি কাজাগাম (টিভিকে) নামে রাজনৈতিক দল তৈরি করেছেন থালাপতি। দলের প্রতীক হিসেবে পেয়েছেন বাঁশি। এককভাবে ২০২৬ সালের বিধানসভা নির্বাচনে লড়াই করার ঘোষণার মধ্য দিয়ে বিজয় এখন পরিণত হয়েছেন তামিলনাড়ুর সবচেয়ে বড় চ্যালেঞ্জের মুখোমুখি। মোদির বিজেপি দল মূলত হিন্দুত্ববাদ ও কেন্দ্রীকরণের রাজনীতি করে। কিন্তু বিজয়ের দল ধর্মনিরপেক্ষতা, সামাজিক ন্যায় ও বামপন্থার আদর্শের ওপর দাঁড়িয়ে। তামিলনাড়ুর মাটির রাজনৈতিক বাস্তবতায় এই আদর্শগুলো মোদীর কেন্দ্রীয় নীতির জন্য বিপজ্জনক হয়ে উঠেছে। বিশেষ করে, টিভিকের শক্তিশালী সাংগঠনিক কাঠামো এবং লাখো মানুষের সমর্থন মোদীর রাজনীতির বিরুদ্ধে নতুন শক্তি। রাজনীতির ময়দানে নেমে বিজয়ও মুখোমুখি হচ্ছেন অনেক জটিলতা আর কূটচালের। এমনকি তার সিনেমা নিয়েও মোদি ও তার জোটের অংশ ক্ষমতাসীন দলের নিয়ন্ত্রিত প্রশাসনের হেনস্তার শিকার হচ্ছেন নায়ক। তবে বিজয় তাতে দমে যাওয়ার পাত্র নন বলে জানিয়েছেন।

শেষ ছবির মুক্তি নিয়ে অনিশ্চয়তা, মামলা চলছে : তামিল তারকা থালাপতি বিজয়এর বহুল আলোচিত শেষ ছবি জন নায়াগানএর মুক্তি নিয়ে অনিশ্চয়তা আরও বেড়েছে। সেন্সরসংক্রান্ত মামলায় মাদ্রাজ এরপর ৩৮ পৃষ্ঠায়



## বিচ্ছেদের গুঞ্জন উড়িয়ে দিলেন ওমর সানী



আজকাল বিনোদন

ঢালিউডের জনপ্রিয় নায়িকা মৌসুমী। ২০২৩ সালের অক্টোবরে যুক্তরাষ্ট্রে যাওয়ার পর আর দেশে ফেরেননি এ অভিনেত্রী। এদিকে মৌসুমীর স্বামী জনপ্রিয় নায়ক ওমর সানীও এই আড়াই বছর মধ্যে যুক্তরাষ্ট্রমুখী হননি। ফলে স্বাভাবিকভাবেই গুঞ্জন তৈরি হয়, ওমর সানী-মৌসুমীর তিন দশকের দাম্পত্যজীবনে ফাটল ধরেছে। তবে বারবার গুঞ্জনটি উড়িয়ে দিয়েছেন ওমর সানী। অনেক সময় বিরক্ত হয়ে আক্রমণাত্মক উত্তরও দিয়েছেন। এবার মৌসুমীর যুক্তরাষ্ট্রে যাওয়ার কারণ বিস্তারিতভাবে তুলে ধরলেন সানী।

সম্প্রতি এক পডকাস্টে হাজির হলে দাম্পত্যজীবনের এই গুঞ্জন নিয়ে প্রশ্নের সম্মুখীন হতে হয় ওমর সানীকে। এবারও উড়িয়ে দেন তিনি। এসব কথা যারা ছড়ায় তাদের পাগল বলেও উল্লেখ এরপর ৫৩ পৃষ্ঠায়



## 'অভিনয়ে আসাটা ছিল দুর্ঘটনার মতো'

আজকাল বিনোদন

বলিউডের প্রথম সারির অভিনেত্রীদের মধ্যে রানী মুখার্জি এক অনন্য নাম। সফল অভিনেত্রী রানী মুখার্জি সাফল্যের তিন দশক পূর্ণ করলেন। ১৯৯৬ সালে বাংলা সিনেমা 'বিয়ের ফুল' দিয়ে যাত্রা শুরু করা এই অভিনেত্রী একই বছর হিন্দি সিনেমাতেও অভিনয়ের সুযোগ পান। সিনেমাটির নাম ছিল 'রাজা কি আয়েগি বারাত'। যে ছবি দিয়েই শুরু হয়েছিল এক অনিশ্চিত, অথচ ঐতিহাসিক যাত্রা, এ বছর সেটিও স্পর্শ করল তিন দশক। এরপর সময়ের সঙ্গে সঙ্গে রানী হয়ে উঠেছেন নিজের প্রজন্মের অন্যতম সম্মানিত ও প্রশংসিত অভিনেত্রী। অথচ সম্প্রতি তিনি নিজেই জানালেন, তার অভিনয়জীবনের শুরুটা ছিল একেবারেই পরিকল্পনাহীন। একপ্রকার দুর্ঘটনার মতো। চলচ্চিত্রে অসামান্য অবদানের স্বীকৃতি হিসেবে এবার পশ্চিমবঙ্গ গভর্নর্স অ্যাওয়ার্ড 'বন্দে মাতরম' সম্মানে ভূষিত হচ্ছে তিনি। রাজ্যের সর্বোচ্চ নাগরিক সম্মানগুলোর মধ্যে অন্যতম এই পুরস্কার। গত বছর 'মিসেস চ্যাটার্জি ভার্সেস নরওয়ে' ছবিতে অভিনয়ের জন্য এরপর ২৮ পৃষ্ঠায়



## ছোট পর্দার বড় তারকা

আজকাল বিনোদন

স্নিগ্ধ হাসির মিষ্টি মেয়ে নাজনীন নাহার নীহা। লাস্যময়ী এই মডেল-অভিনেত্রীকে এখন বলা হচ্ছে ছোট পর্দার বড় তারকা। ট্রেন্ডিংয়ের শীর্ষে থাকা এই তরুণীর অভিনয়ের ক্যারিয়ার তিন বছরও পূর্ণ হয়নি এখনো। আর এই অল্প সময়েই নাম, যশ ও খ্যাতি সবই যেন পেয়ে যান তিনি। দর্শক তাকে জাতীয় ক্রাশ বলেও মন্তব্য করেন।

২০২৩ সালের সালের ঈদুল ফিতরে প্রবীর রায় চৌধুরীর লাভ সেমিস্টার নাটকের মাধ্যমে অভিনয়ের যাত্রা শুরু করেন তিনি। নাটকটি ইউটিউবে প্রচার হওয়ার পর থেকেই হু হু করে বাড়তে থাকে ভিউয়ের সংখ্যা। এরই মধ্যে এর ভিউ ছাড়িয়েছে আট মিলিয়নেরও বেশি। এর পরের গল্পটা শুধুই সাফল্যের। এরপর ৩৬ পৃষ্ঠায়



## আটলান্টিক সিটির মেয়র মার্টি স্মলের ‘স্টেট অব দ্য সিটি’ ভাষণ

৬২ পৃষ্ঠার পর

আয়োজিত অনুষ্ঠানে ‘স্টেট অব দ্য সিটি’ ভাষণে মেয়র মার্টি স্মল চলতি বছর আটলান্টিক সিটির অগ্রযাত্রা অব্যাহত রাখার লক্ষ্যে তাঁর বিভিন্ন পরিকল্পনা, নগর কর্তৃপক্ষের বিভিন্ন বিভাগের লক্ষ্য ও বিভিন্ন উন্নয়ন প্রকল্প সম্পর্কে বিস্তারিত তুলে ধরেন। এছাড়া বিগত বছরগুলোতে তাঁর বলিষ্ঠ নেতৃত্বে আটলান্টিক সিটির বিভিন্ন ক্ষেত্রে যে অগ্রগতি সাধিত হয়েছে তার বিস্তারিত বিবরণও তুলে ধরেন। অনুষ্ঠানে ব্যবসায়ী, শিক্ষাবিদ, রাজনৈতিক ও সামাজিক নেতৃবৃন্দ, সিটি কাউন্সিলরগণ, নগর কর্তৃপক্ষের ঊর্ধ্বতন কর্মকর্তারাসহ বিভিন্ন কমিউনিটির গণ্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন। মেয়রের "স্টেট অব দ্য সিটি" ভাষণ সম্পর্কে প্রবাসী বাংলাদেশী নেতৃবৃন্দ বলেন, মেয়র মার্টি স্মলের বার্ষিক ‘স্টেট অব দ্য সিটি’ ভাষণ আটলান্টিক সিটির অগ্রযাত্রায় একটি মাইলফলক। তাঁরা আরো বলেন, মেয়রের বলিষ্ঠ ও যোগ্য নেতৃত্বে আটলান্টিক সিটি তার অভীষ্ট লক্ষ্যের পানে এগিয়ে যাচ্ছে। বাংলাদেশ এসোসিয়েশন অব সাউথ জার্সির সভাপতি জহিরুল ইসলাম বাবুল, সাধারণ সম্পাদক জাকিরুল ইসলাম খোকন, মো. আইউব, বেলাল হোসেন, বেলাল উদ্দিন,মোঃ মামুন,মাহমুদ শাহ, মোঃ জাকির, মোঃ রফিকুল ইসলাম প্রমুখ উপস্থিত ছিলেন।

## ভয়াবহ তুষারঝড়ে যুক্তরাষ্ট্রে ৩০ জনের মর্মান্তিক মৃত্যু

৬২ পৃষ্ঠার পর

পূর্বাঞ্চলে নিউইয়র্ক ও ম্যাসাচুসেটস অঙ্গরাজ্য থেকে দক্ষিণের টেক্সাস ও নর্থ ক্যারোলাইনা পর্যন্ত। এসব অঞ্চলে ১৮ ইঞ্চি পর্যন্ত তুষারপাত হয়েছে। তাপমাত্রা নেমে গেছে মাইনাস ১৮ ডিগ্রি সেলসিয়াস পর্যন্ত। তুষারঝড়ের কবলে পড়েছেন ১১ কোটি ৮০ লাখ মানুষ। পরিস্থিতি মোকাবিলায় প্রস্তুত থাকতে বলা হয়েছে ১৫ কোটির বেশি মানুষকে।

দুর্যোগে সবচেয়ে বেশি মৃত্যু হয়েছে নিউইয়র্ক অঙ্গরাজ্যে। সেখানে আটজন মারা গেছেন। পরিস্থিতি সামাল দিতে অঙ্গরাজ্যের গভর্নর ক্যাথি হোকুল নিউইয়র্ক শহরে ন্যাশনাল গার্ড মোতায়েন করেছেন। শহরের কোনো বাসিন্দার সাহায্য প্রয়োজন হলে জানাতে বলেছেন মেয়র জোহরান মামদানি। টেনেসি, লুইজিয়ানা, টেক্সাস, ম্যাসাচুসেটস ও কানসাস থেকেও মৃত্যুর খবর পাওয়া গেছে।

তুষারঝড়ের কারণে গত রোববার যুক্তরাষ্ট্রজুড়ে ১১ হাজারের বেশি ফ্লাইট বাতিল করা হয়েছিল। গত সোমবার এ সংখ্যা আরও বাড়তে পারে বলে জানিয়েছিল উড়োজাহাজ চলাচল পর্যবেক্ষণকারী ওয়েবসাইট ফ্লাইটঅ্যাওয়ার ডটকম। এ ছাড়া গতকাল স্থানীয় সময় ভোর চারটা পর্যন্ত বিদ্যুৎবিচ্ছিন্ন হয়ে ছিলেন টেক্সাস থেকে ভার্জিনিয়া পর্যন্ত ৮ লাখ ২০ হাজারের বেশি গ্রাহক। যুক্তরাষ্ট্রের জাতীয় আবহাওয়া বিভাগের দেওয়া তথ্য অনুযায়ী, গতকাল তুষারঝড়ের কারণে দেশের উত্তরপূর্বাঞ্চল থেকে আটলান্টিক মহাসাগরের দিকে সরে যাওয়ার কথা ছিল। তবে একই সঙ্গে এ অঞ্চলে আর্কটিক থেকে আর বায়ু প্রবেশ করতে পারে। ফলে এদিন উত্তরপূর্বাঞ্চলে আরও ভারী তুষারপাত ও বৃষ্টির আশঙ্কা রয়েছে। সব মিলিয়ে তীব্র শীত আরও কয়েক দিন থাকতে পারে বলে পূর্বাভাস দিয়েছে আবহাওয়া বিভাগ।

## ইমিগ্রেশন ভিসা স্থগিতাদেশ প্রত্যাহারে ৭৫ কংগ্রেসম্যানের চিঠি

৬৪ পৃষ্ঠার পর

পোস্টে বলেছিল, যেসব দেশের অভিবাসীরা যুক্তরাষ্ট্রের জনগণের কল্যাণভাতা অগ্রহণযোগ্য হারে নিয়ে থাকে, এমন ৭৫টি দেশের অভিবাসী ভিসার প্রক্রিয়া পররাষ্ট্র দপ্তর স্থগিত রাখবে। নতুন অভিবাসীরা মার্কিন জনগণের সম্পদে ভাগ বসাবে না-যতক্ষণ না যুক্তরাষ্ট্র এটা নিশ্চিত হতে পারছে ততদিন স্থগিতের এ আদেশ কার্যকর থাকবে।

মার্কিন পররাষ্ট্র দপ্তর কনস্যুলার কর্মকর্তাদের নির্দেশ দেয়, ‘পাবলিক চার্জ’ নিয়মের অধীনে তারা ভিসার আবেদন বাতিল করতে পারবেন। ‘পাবলিক চার্জ’ নিয়মে সাধারণত দেখা হয়, কোনো ভিসা আবেদনকারী যুক্তরাষ্ট্রে নিজের খরচে জীবনযাপন করতে পারবেন কিনা।

মার্কিন প্রশাসন যদি মনে করে, আবেদনকারী ব্যক্তি সরকারি কল্যাণভাতা বা অন্যান্য সরকারি সাহায্যের ওপর নির্ভরশীল হয়ে উঠতে পারেন, তাহলে তার ভিসা প্রত্যাখ্যান করবে।

গত বছরের নভেম্বরে যুক্তরাষ্ট্রের পররাষ্ট্র দপ্তর থেকে সব মার্কিন দূতাবাসকে ‘পাবলিক চার্জ’ বিধানটি কঠোরভাবে প্রয়োগ করার নির্দেশ দেওয়া হয়।

ট্রাম্প দ্বিতীয় দফায় ক্ষমতায় আসার পর থেকেই যুক্তরাষ্ট্রে অভিবাসনের বিষয়ে খড়গহস্ত হয়েছেন। একের পর এক বিভিন্ন পদক্ষেপ নিচ্ছেন। এর অংশ হিসেবে ব্যাপক আকারে ভিসা দেওয়া বন্ধের সিদ্ধান্ত নেয়।

## ওয়াশিংটনের রায়ে বাংলাদেশ পাচ্ছে ৫১৬ কোটি টাকা

৬৪ পৃষ্ঠার পর

নির্দেশ দিয়েছে ওয়াশিংটনভিত্তিক আন্তর্জাতিক ট্রাইব্যুনাল ইন্টারন্যাশনাল সেন্টার ফর সেটেলমেন্ট অব ইনভেস্টমেন্ট ডিসপিউটস (ইকসিড)। পেট্রোবাংলার একটি সূত্র জানায়, সম্প্রতি দেওয়া রায়ে ইকসিড গ্যাসক্ষেত্রে প্রায় ৮ বিলিয়ন ঘনফুট গ্যাস পুড়ে যাওয়ার ক্ষতিপূরণ হিসেবে ৪০ মিলিয়ন ডলার এবং পরিবেশসহ অন্যান্য ক্ষতির জন্য আরও ২ মিলিয়ন ডলার ক্ষতিপূরণ দিতে বলেছে।

সুনামগঞ্জের ছাতকে টেংরাটিলা গ্যাসক্ষেত্রটি ১৯৫৯ সালে আবিষ্কৃত হয়। পরের বছর কূপ খননের মাধ্যমে ১ হাজার ৯০ মিটার থেকে ১ হাজার ৯৭৫ মিটারের মধ্যে নয়টি গ্যাস স্তর শনাক্ত করা হয়। এখান থেকে উত্তোলিত গ্যাস ছাতক সিমেন্ট ও পেপার মিলে সরবরাহ করা হতো। প্রায় ২৬ দশমিক ৪৬ বিলিয়ন ঘনফুট গ্যাস উত্তোলনের পর পানি উঠে আসায় কূপটি বন্ধ করে দেওয়া হয়। দীর্ঘদিন বন্ধ থাকার পর ২০০৩ সালে গ্যাস অনুসন্ধানের জন্য গ্যাসক্ষেত্রটি নাইকোর কাছে হস্তান্তর করা হয়। খনন কাজ শুরুর পর ২০০৫ সালের ৭ জানুয়ারি ও ২৪ জুন গ্যাসক্ষেত্রে পরপর দুটি মারাত্মক বিস্ফোরণ ঘটে। বিস্ফোরণের ফলে গ্যাসক্ষেত্রের মজুদ গ্যাস পুড়ে যায় এবং আশপাশের স্থাপনা ও সম্পদের ব্যাপক ক্ষতি হয়। এ জন্য নাইকোর কাছে ৭৪৬ কোটি টাকা ক্ষতিপূরণ দাবি করে পেট্রোবাংলা। তা দিতে অস্বীকৃতি জানায় প্রতিষ্ঠানটি। পরবর্তী সময়ে ২০০৭ সালে স্থানীয় নিম্ন আদালতে মামলা করে পেট্রোবাংলা এবং নাইকোর ফেনী গ্যাসক্ষেত্রের গ্যাস বিল পরিশোধ বন্ধ করে দেওয়া হয়। হাইকোর্ট বাংলাদেশে থাকা নাইকোর সব সম্পদ বাজেয়াপ্ত এবং সম্পাদিত চুক্তি বাতিলের নির্দেশ দেন। পরে বিষয়টি সুপ্রিম কোর্টে গেলে সেখানেও বাংলাদেশের পক্ষেই রায় আসে। তবে আটকে রাখা গ্যাস বিল এবং ক্ষতিপূরণ না দেওয়ার অভিযোগে নাইকো ২০১০ সালে ইকসিডে দুটি মামলা করে। এর মধ্যে ২০১৪ সালের এক রায়ে ইকসিড পেট্রোবাংলাকে ফেনী গ্যাসক্ষেত্রের পাওনা পরিশোধের নির্দেশ দেয়। ফের ২০১৬ সালে নাইকোর বিরুদ্ধে প্রায় ৯ হাজার ২৫০ কোটি টাকা (প্রায় ১১৭ কোটি মার্কিন ডলার) ক্ষতিপূরণ দাবি করে ইকসিডে মামলা করে বাপেক্স।

সেই মামলার চূড়ান্ত আদেশে ক্ষতিপূরণের নির্দেশ এলো। আন্তর্জাতিক ট্রাইব্যুনাল রায়ে উল্লেখ করেছে, নাইকোর তত্ত্বাবধান ও ব্যবস্থাপনাতেই খননকাজ পরিচালিত হচ্ছিল। আন্তর্জাতিক পেট্রোলিয়াম শিল্পের মানদণ্ড অনুসরণে ব্যর্থ হওয়ায় এবং প্রয়োজনীয় সতর্কতা না নেওয়ার কারণে বিস্ফোরণ ঘটে। ফলে নাইকো সরাসরি এসব ঘটনার জন্য দায়ী।

## মেরী, ডিয়ানা ও রানা প্রার্থী

৬৪ পৃষ্ঠার পর

পদটি খালি হয়েছে। যার প্রেক্ষিতে এই শূন্য পদে বিশেষ নির্বাচন হচ্ছে। নানা কারণে নির্বাচনটি পুরো কমিউনিটিতে আলোচনার কেন্দ্রবিন্দুতে পরিণত হয়েছে। নির্বাচনে লড়ছে ৩জন প্রার্থী যথাক্রমে বাংলাদেশী আমেরিকান মেরী জোবাইদা, ইকুয়েডোরিয়ান ডায়ান মরেনো ও মিশরীয় রানা আবদেলহামিদ। বিশেষ করে এই প্রথমবারের মতো বাংলাদেশী-আমেরিকান প্রার্থী হিসেবে মেরী জুবাইদার জয়ের সম্ভাবনায় বাংলাদেশী কমিউনিটি ঐক্যবদ্ধ হয়েছেন। মেরী জোবাইদাকে সমর্থন জানাচ্ছেন অন্যান্য কমিউনিটিও।

নির্বাচনে আগাম ভোট শুরু হয় গত ২৪ জানুয়ারী শনিবার, চলবে ১ ফেব্রুয়ারী রোববার পর্যন্ত। তবে প্রাকৃতিক দুর্যোগের ফলে আগাম ভোট প্রদানের হার খুবই কম পরিলক্ষিত হয়েছে। প্রাকৃতিক দুর্যোগের কারণে মাঝে ২৫ ও ২৬ জানুয়ারী আগাম ভোট গ্রহণ বন্ধ ছিলো। এই আসনে ভোটার প্রায় ৮০ হাজার। সবমিলিয়ে জমে উঠেছে অ্যাসেম্বলী ডিস্ট্রিক্ট-৩৬ এর বিশেষ নির্বাচন। খবর ইউএনএ’র।

মূলতঃ নিউইয়র্ক সিটির মেয়র নির্বাচনের প্রাইমারীতে জোহরান মামদানীর বিজয়ের পর থেকেই আসনটির নির্বাচন কমিউনিটির আলোচনায় উঠে আসে। সেই সাথে প্রার্থী হিসেবে উঠে আসে বাংলাদেশী আমেরিকান মেরী জোবাইদার নাম। গত জুলাই মাসে সম্ভাব্য শূন্য আসনে নির্বাচনের ঘোষণা দিয়ে মাঠে নামেন তিনি। শুরু হয় আগাম গণসংযোগ ও ফান্ড রেইজিং। বাংলাদেশী কমিউনিটি সহ বিভিন্ন কমিউনিটির সমর্থনে তার প্রার্থীতা নিয়ে শুরু হয় চাঞ্চল্য। একক প্রার্থী হিসেবে নভেম্বর পর্যন্ত নির্বাচনী প্রচারণা চালান তিনি। কিন্তু গত ৪ নভেম্বরের ঐতিহাসিক নির্বাচনে জোহরান মামদানীর বিজয়ের পর পরবর্তী পর্যায়ে একই আসনে প্রতিদ্বন্দ্বীতার ঘোষণা দেন ইকুয়েডোরিয়ান ডায়ান মরেনো, মিশরীয় রানা আবদেলহামিদ ও ভারতীয় বংশোদ্ভূত শিবানী দীর। নিজেকে সাউথ এশিয়ান মুসলিম হিসেবে দাবী করার কারণে এই আসনে সাউথ এশিয়ান এবং মুসলিম হিসেবে মেরী জোবাইদাকে সমর্থন করবেন মেয়র মামদানী এই প্রত্যাশা ছিল সবার। কিন্তু শেষ পর্যন্ত সেই আশাকে গুড়ে বালি দিয়ে মামদানী সমর্থন ঘোষণা করেন ইকুয়েডোরিয়ান প্রার্থীর প্রতি। এর প্রেক্ষিতে এটাকে চ্যালেঞ্জ হিসেবে নিয়ে বাংলাদেশী কমিউনিটি ঐক্যবদ্ধভাবে সমর্থন করছে মেরী জোবাইদাকে। অপরদিকে নির্বাচন থেকে সরে যান শিবানী দীর।

এদিকে ডেমোক্রেটিক পার্টির আনুষ্ঠানিক সমর্থন না পেলেও মেরী জোবাইদা থার্ড পার্টি প্রতিদ্বন্দ্বী হিসেবে প্রচারণা চালান। তাকে এনডোর্স করেছে অ্যালায়েন্স অব সাউথ এশিয়ান আমেরিকান লেবার-অ্যাসাল, বাংলাদেশী আমেরিকান এডভোকেসী গ্রুপ (বাগ), নিউ আমেরিকান ডেমোক্র্যাটিক ক্লাব সহ বিভিন্ন সংগঠন। তিনি ৩ হাজার ভোটারের স্বাক্ষর সংগ্রহ করে রীতিমত চমক সৃষ্টি করে ভোটার তালিকায় নিজের প্রার্থীতা নিশ্চিত করেন। মাঠের রাজনীতি, ভোটার সংযোগ এবং কমিউনিটি সংগঠনে অন্য প্রার্থীদের তুলনায় তার অবস্থান অত্যন্ত শক্ত বলেই মনে করছেন রাজনীতি বিশ্লেষকরা।

নিউইয়র্কে দক্ষিণ এশীয় ও বাংলাদেশী কমিউনিটির সামাজিক ও রাজনৈতিক অধিকার রক্ষার সোচ্চার কণ্ঠস্বর হিসেবে মেরী জোবাইদা ব্যাপকভাবে পরিচিতি। শিক্ষা, স্বাস্থ্যসেবা, আবাসন, নারী ও শিশু সুরক্ষা এবং কমিউনিটিকে আইনি সহায়তা বিষয়ক কার্যক্রমই তার জনপ্রিয়তার মূল ভিত্তি। তার নির্বাচনী সফলতা আর শক্ত প্রার্থী হিসেবে কমিউনিটির সমর্থন তাকে অনুপ্রাণীত করেছে। এজন্য সংশ্লিষ্ট সবার প্রতি তিনি কৃতজ্ঞ।

অ্যাসেম্বলি ডিস্ট্রিক্ট-৩৬ এর নির্বাচন ঘিরে মেরী জোবাইদার পক্ষে সমর্থন জানিয়ে এগিয়ে এসেছেন কমিউনিটির বিশিষ্ট ব্যক্তিবর্গ ও বিভিন্ন সংগঠন। তার জন্য ফান্ড রেইজিং হয়েছে কুইন্স, ওজনপার্ক, ব্রুকলীন, ব্রঙ্কসে। ব্যক্তিগতভাবেও অনেকেই ফান্ড রেইজ করে মেরী জোবাইদার হাত শক্তিশালী করার পাশাপাশি নির্বাচনী প্রচারণায় অংশ নিচ্ছেন। সার্বিক সমর্থন জানিয়েছে জালালাবাদ এসোসিয়েশন অব আমেরিকা, বাংলাদেশী-আমেরিকান কালচারাল এসোসিয়েশন (বাকা), এস্টোরিয়া ওয়েলফেয়ার সোসাইটি, নিউইয়র্ক প্রভৃতি সংগঠন।

অপরদিকে কুইন্স ডেমোক্রেটিক পার্টি সমর্থন জানিয়েছে ডায়ানা মরেনোকে। তবে মাঠ পর্যায়ের ভোটার সংযোগ, কমিউনিটি উপস্থিতি এবং সরাসরি প্রচারনায় তিনি অনেকটাই পিছিয়ে বলে জানা গেছে। এস্টোরিয়া লং আইল্যান্ড সিটির বাসিন্দাদের কাছে ডায়ানা তেমন পরিচিত নন। এছাড়াও মাত্র কয়েকদিন আগে প্রভাবশালী পলিটিকো পত্রিকায় ডায়ানা মরেনো ও রানা আবদেলহামিদের বিরুদ্ধে তাদের স্টাফদের সাথে প্রতারনামূলক আচরণের খবর প্রকাশিত হয়েছে। যা নেতিবাচক প্রভাব ফেলেছে দুজনের প্রচারনাতেই। রাজনীতি বিশ্লেষকরা মনে করছেন, অ্যাসেম্বলি ডিস্ট্রিক্ট-৩৬ এর এই নির্বাচন কেবল একটি আসনের জন্য নয়, বরং কমিউনিটি ভিত্তিক নেতৃত্ব এবং অভিবাসী ও সংখ্যালঘু সম্প্রদায়ের রাজনৈতিক দৃশ্যমানতার প্রার্থীদের জন্য এক বড় পরীক্ষা।

## আইস নিষিদ্ধের দাবিতে ড্রামের বিশাল মিছিল

১ পৃষ্ঠার পর

হয়েছেন। এমনকি জানুয়ারিতে আইসের গুলিতে মিনিয়াপলিসে দুই সিটিজেনের নিহত হওয়ার ঘটনাও ঘটেছে। এ অবস্থায় অভিবাসী সমাজে আতংক ছড়িয়ে পড়েছে। ব্যবসা-বাণিজ্যে অচলাবস্থা তৈরী হয়েছে। নিউইয়র্কসহ ওয়াশিংটন ডিসি, পেনসিলভেনিয়া, বস্টন, লসএঞ্জেলেসে গত কয়েকদিন ধরেই মিনিয়াপলিসে আইসের আচরণের নিন্দা-প্রতিবাদ এবং অবিলম্বে আইস বিলুপ্তির শ্লোগান উঠেছে।

দেশ থেকে আইস বিলুপ্ত করার জাতীয় আহবানে সাড়া দিয়ে নিউইয়র্ক সিটির ইউনিয়ন স্কোয়ারেও ২৩ জানুয়ারি হাড় কাঁপানো শীত উপেক্ষা করে হাজারো মানুষ বিক্ষোভ-সমাবেশ করেছেন। এতে ছিলেন অভিবাসী সমাজের অধিকার ও মর্যাদা নিয়ে কর্মরত ‘দেশিজ রাইজিং আপ অ্যান্ড মুভিংয়ের (ড্রাম) শতাধিক সদস্য। আন্দোলনকর্মী এবং মিনিয়াপলিসের যে সব সংগঠক ট্রাম্প প্রশাসনের প্রতিনিধিদের সহিংসতা সত্ত্বেও টিকে থাকার সংগ্রাম করছেন তাদের ডাকে সাড়া দিয়ে ও তাদের প্রতি একাত্মতা প্রকাশ করেন সবাই। সারা দেশে আইসের সহিংসতা, অগ্রাসন এবং মিনিয়াপলিসে ৩৭ বছর বয়স্ক রেনী নিকোল গুডকে ঠান্ডা মাথায় খুন, ঘাতকের দৃষ্টান্তমূলক শাস্তির দাবিতে এম এস, শ্রমিক ইউনিয়ন, ছাত্র, অভিবাসী অধিকার গোষ্ঠী, ধর্মীয় বিশ্বাসী নেতা এবং কমিউনিটি সংগঠন যোগ দেয়।

আইস যে মানুষগুলোর জীবন ধ্বংস করেছে এবং পরিবার থেকে বিচ্ছিন্ন করেছে তাদের প্রতি সম্মান প্রদর্শন এবং সহমর্মিতা প্রকাশের জন্য সারা দেশে জনগণ সমবেত হচ্ছে। সেইসঙ্গে তারা আইসের ক্রমাগত সহিংসতার জবাবদিহি দাবি করছে। আইস এজেন্টরা নিকোল গুডকে হত্যার কয়েক দিনের মধ্যেই অ্যালেক্স প্রেটি নামে ৩৭ বছর বয়সী আরেকজনকে খুন করলো, এসব কিছুর হিসাব চাইতেই জনগণ রাস্তায় নেমে এসেছে।

নিউইয়র্কের মেয়র জোহরান মামদানি আইসের সমালোচনায় বলেন, আমরা লক্ষ্য করছি সরকারের একটা এজেন্সি অভিবাসন আইনের সদ্ব্যবহার করার বদলে সাধারণ জনগণকে তাদের অবস্থান, আইনের সঠিক ব্যাখ্যা, কেসের বাস্তবতা এসব কোনো কিছুই বিবেচনা না করে সকলকে হয়রানি এবং আতঙ্কিত করছে। মামদানি ওই এজেন্সি বিলুপ্তির পক্ষে জোর দাবি তোলেন। তিনি বলেন, ‘আমি আইসের বিলুপ্তির সমর্থন করি কারণ আমরা দেখতে পাচ্ছি যে উদ্দেশ্যে আইস গঠিত হয়েছিল সেটার আর কোনো প্রয়োজন নেই।’ গত শুক্রবার মিনেসোটায় উদারবাদি ধর্মীয় নেতারা, ডেমোক্রেটিক আইন প্রণেতা এবং কমিউনিটি আন্দোলনকারীরা একটা সাধারণ ধর্মঘট করেছিল, জনগণ বাসায় বসে থেকেছে, তারা কাজে যায়নি, স্কুলে যায়নি, এমনকি কোনো কিছু কিনেনি। নিউইয়র্ক সিটিতে সংগঠকরা সিটি থেকে স্থায়ীভাবে আইসকে চলে যাওয়ার দাবি জানিয়েছে এবং হোম ডিপো, প্যালানটি ও আমাজনের মতো লোভী মুনাফাখোরদেরকে প্রকাশ্যে আনার দাবি তুলেছে যারা আইসকে সহযোগিতা করে আমাদের কমিউনিটিকে বিভাজন করছে ও ক্ষত-বিক্ষত করছে। নিউইয়র্কবাসী তাদের নির্বাচিত প্রতিনিধি এবং কংগ্রেস সদস্যদের আহবান জানিয়েছে তারা যেন আইসের সহিংসতা প্রদর্শনের বিরুদ্ধে জবাবদিহিতায় আনার জন্য তাদের বাজেট বন্ধ করে দেয়। ড্রামের কমিউনিটি অ্যান্ড হাউজিং অর্গানাইজার রূপসা আরা দীপা বলেন, ‘কোনো পদক্ষেপ গ্রহণের জন্য এটা একটি কঠিন সময়। সারা দেশে এবং নিউইয়র্ক সিটিতে যা কিছু ঘটছে তা দেখে আমরা অনেক ভীত শঙ্কিত। লোকজন কাজে যাচ্ছে না, বাচ্চাদের স্কুলে পাঠাচ্ছে না এবং এমনকি গ্রোসারিতে বাজার করতেও ভয় পাচ্ছে। এত কিছু সত্ত্বেও আমাদের শ্রমজীবী অভিবাসীদের ঐক্যবদ্ধ হতে হবে এবং ওদেরকে বুঝিয়ে দিতে হবে যে আমরা সবাই মিলে কমিউনিটি রক্ষার জন্য প্রস্তুত।’




First Time in NY

COMMUNITY CONNECT

Scan to Register

Tuesday June 17th, 2025
5.00 PM - 7.30 PM

150 State Street 4 FL
Albany 12207 NY

Speakers

The Next Bangladesh:
Powered by its Global Citizens (NRBs)
Quazi M. Ahmed
LLB, MBA (IBA), MA (Japan), IMP (NYU, USA), CISS (Norway)
Global Leadership Trainer & Coach
Founder & President, BOND
CEO, Global Center of Excellence, LLC

Cybersecurity Awarness:
Protecting Ourselves and Our Community
Mahbub Rahman
IT Professional & Career Coach
Founder & CEO at Sustain Secure and The Triple Zero LLC

Refreshments will be served

Hosted by
MAJESTIC TOUCH

Organizing Partners
BOND
SUSTAIN SECURE
QUAZI consultants
GLOBAL
EAGLES BOOST
triplezero
CXO GLOBAL ALLIANCE
America TECH

পূর্বাচল মেরিন সিটিতে সাশ্রয়ী মূল্যে
প্লট ক্রয় করে বাড়ী নির্মাণের সুবর্ণ সুযোগ

মানচিত্রে প্রকল্পের অবস্থান







যোগাযোগঃ ATM Salah Uddin, Cell: 929-462-2170, Md Mofizur Rahman, Cell: 929-395-3945
Address : 37-18-73rd st. Suite 501, Jackson Heights, NY 11372

PEOPLE N TECH
A Global Leader in IT Training, Consulting, and Job Placement Since 2005

EARN 100K TO 200K PER YEAR

- Selenium Automation Testing
- SQL Server Database Administration
- Business Analyst

PROVIDED JOBS TO 7000+ STUDENTS.
100% JOB PLACEMENT
RECORD FOR THE LAST 17 YEARS.

Opportunity to get up to 50% scholarship for Bachelor's and Master's Degree as PeopleNTech Alumni from Partner University: www.wust.edu

Washington University of Science and Technology

Authorized Employment Agency by: NYC Consumer and Worker Protection

Certified Training Institute by:

If you are making less than 80k/yr, contact now for two weeks free sessions:
info@piit.us 1-855-JOB-PIIT(1-855-562-7448) www.piit.us

US BANGLA TAX & MULTISERVICES INC.
US BANGLA TECHNOLOGY & SUPPLIES INC.
US BANGLA DEVELOPER & PROPERTY INC.

Chandan Gupta
President
347-239-3408

Mostafezur Rahman
Vice President
646-361-0250

Authorized e-file Provider

One Stop Services
37-47 73rd Street, Suite #217
Jackson Heights, NY-11372
Tel :718-255-6783
Fax:718-255-6783
usbanglagroup@yahoo.com

Services : Individual & Business Tax Services, Immigration Services, Loan Modification, Real Estate Property Investment.

আপনার স্বপ্নের বাড়ীটি বেছে নিন

Dream Cottage Realty Inc

আমরাই আপনার এটর্নি, প্রি-অ্যাপ্রুভড
লোন সহ সকল ব্যাবস্থা করে থাকি।

শত ভাগ গ্যারান্টি
সবচেয়ে কম রেটের মর্টগেজে
সহযোগীতা প্রদান করা হয়

Fazle Shohag Khan
Licensed Real Estate Sales

Cell: 1-917 770 1341
Office: 1-516 800 5160
e-mail: shohag.khan@hotmail.com



Video & Photo
PRODUCTION SERVICES
DC TV
DREAM FRAME CREATIVE
• Brand Videos
• Event Coverage
• Product Demos
• Corporate Videos
• Video Editing
সোশ্যাল মিডিয়ার জন্য কনটেন্ট দরকার? আমাদের হাতে তৈরি করুন ফাস্ট ও স্মার্টলি!
আমাদের সেবাসমূহ: ইভেন্ট ফিল্মিং (বিয়ে, গায়ে হলুদ, জন্মদিন) কর্পোরেট ও প্রোমোশনাল ভিডিও সোশ্যাল মিডিয়া ও ইউটিউব কনটেন্ট লাইভস্ট্রিমিং (Facebook, YouTube) ডকুমেন্টারি
ইভেন্ট কভারেজ থেকে কর্পোরেট ভিডিও –সবকিছু এক ছাতার নিচে!
Phone
(646) 457-6732
(929) 498-0979
Website
www.dfcreative.org
Location
Jamaica, NY 11432




We Speak বাংলা, English, हिन्दी العربية
ALAM MEDICAL
লং আইল্যান্ডে ডিয়ার পার্কে
আপনার পরিবারের স্বাস্থ্যসেবা এখন হাতের নাগালে।
Dr. Rehana Alam
DO, DPM
Board certified family medicine physician
আমাদের সেবাসমূহ :
• হেলথ চেকআপ।
• দীর্ঘস্থায়ী (ক্রনিক) রোগ নির্ণয় ও ব্যবস্থাপনা (ডায়াবেটিস, উচ্চ রক্তচাপ ও অন্যান্য)।
• রোগ প্রতিষেধক টিকা প্রদান।
• শিশু ও কিশোর-কিশোরীদের স্বাস্থ্যসেবা।
• নারীদের স্বাস্থ্য পরীক্ষা ও সেবা, যার মধ্যে রয়েছে জরায়ুর ক্যান্সার নির্ণয়ের জন্য প্যাপ স্মিয়ার, গর্ভধারণ পরামর্শ ও মেনোপজ ব্যবস্থাপনা সহায়তা।
আমাদের সাথে যোগাযোগ করুন
Contact us 631-778-4048
1755 Deer Park Ave, Deer Park, NY 11729
www.alammedical.com




WIN ZONE Realty Inc.
WIN ZONE REALTY INC.
Licensed Real Estate Broker
Specialist on Residential & Commercial, Bank Own Properties, Short Sale, REO and Loan Modification.
Hard Money Loan Available.
রিয়েল স্টেট লাইসেন্স প্রাপ্ত আমেরিকাতে বাড়ি বেচা-কেনা ও লোন সংক্রান্ত বিষয়ে বহু বছরের অভিজ্ঞতা সম্পন্ন বিশিষ্ট রিয়েল্টর
Somnath Ghosh ( SAM)
Licensed Real Estate Agent
Tel: ( Direct)
646-597-1760
Office : 81-15 Queens Blvd
2nd FL, Elmhurst, NY 11373
Tel: 718-899-7000
Fax: 516-407-5615
Email:sstreamline@ gmail.com




মর্টগেজ নিয়ে আপনি কি বাড়ী কিনতে চান?
Low Income, No Problem
MEADOWBROOK
FINANCIAL MORTGAGE BANKERS CORP.
Direct Lender
আমরা ফ্রি পরামর্শ দিয়ে থাকি
★ ট্যাক্সী ক্যাব এবং বিজনেস ওনারদের জন্য বিশেষ প্রোগ্রাম
★ এক বছরের ট্যাক্স ফাইল (১০৯৯) দিয়ে বাড়ী কিনতে পারেন মাত্র ৫% ডাউন পেমেন্ট
646-920-4799
আপনাদের সেবাই আমাদের লক্ষ্য
● ব্যক্তিগত পরামর্শ
● ইন্টারেষ্ট রেট কম
● ইনভেষ্টমেন্ট
● ফ্রি এপ্রোভাল
● ফাষ্ট ক্লোজিং
● দ্রুত এবং বিশ্বস্ত
139-27 Queens Blvd, Jamaica, NY 11435
Akib Hussain




## আজকাল সম্পাদকের জন্মদিন পালিত

৬৪ পৃষ্ঠার পর

একে একে ফুলের তোড়া তুলে দিয়ে শুভ কামনা জানান। এ সময় শাহ নেওয়াজের পরিবারের সদস্যরা উপস্থিত ছিলেন। সহকর্মীদের আনন্দ উল্লাসের মধ্যে কেক কাটার পর কমিউনিটির সবার উন্নতি ও মঙ্গল কামনা করেন শাহ নেওয়াজ । তিনি তার প্রতিষ্ঠানগুলোর অগ্রযাত্রা জন্য সবার প্রতি কৃতজ্ঞতা জানান। তিনি বলেন, " আমরা সবাই মিলে-মিশে চললে নিজের, পরিবারের এবং কমিউনিটির উন্নয়নে ভূমিকা রাখা সহজ হবে। এ সময় তার সহধর্মিণী আজকাল পত্রিকার ব্যবস্থাপনা সম্পাদক রানো নেওয়াজ তাদের পরিবারের সবার জন্য দোয়া প্রার্থনা করেন। তিনি শাহ নেওয়াজ গ্রুপের সবাইকে তাদের পরিবারের সদস্য বলে উল্লেখ করেন।















## হৃদয়ে একুশ : সম্মিলিত একুশ উদযাপন জুইস সেন্টারে

৬৪ পৃষ্ঠার পর

ইউনুস আলী, ইকবাল মোর্শেদ,মনোয়ারুল ইসলাম, মীর কাদের রাসেল,উত্তম কুমার সাহা, অন্তরা সাহা ও মাকসুদুল হক চৌধুরী।

ঢাকা বিশ্ববিদ্যালয় এলামনাই এসোসিয়েশন অব ইউ এস এ ইনক এর উদ্যোগে সম্মিলিত মহান একুশ উদযাপন-২০২৬ অনুষ্ঠিত হবে আগামী ২০শে ফেব্রুয়ারি। অন্যান্য বিশ্ববিদ্যালয় এলামনাই এসোসিয়েশন এবং বিভিন্ন সাংস্কৃতিক ও সামাজিক সংগঠনের সহযোগিতায় উক্ত অনুষ্ঠানকে সফলভাবে সম্পন্ন করার লক্ষ্যে বিভিন্ন কর্মসূচি গ্রহণ করা হয়েছে। আয়োজনের অংশ হিসেবে আগামী ১৫ ফেব্রুয়ারি, রবিবার দুপুর ২টা থেকে সন্ধ্যা ৫টা পর্যন্ত উডসাইডের জুইস স্যালেসে শিশু-কিশোর লেখা প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। একুশের মূল অনুষ্ঠান আগামী ২০শে ফেব্রুয়ারি জ্যাকসন হাইটসের জুইস অনুষ্ঠিত হবে। রাত ৮টায় শুরু হয়ে একুশের প্রথম প্রহরে শহীদ মিনারে পুষ্পস্তবক অর্পণের মধ্য দিয়ে অনুষ্ঠানের সমাপ্তি ঘটবে। প্রবাসী সকল সামাজিক, সাংস্কৃতিক, পেশাজীবি সংগঠন সহ সবাইকে বিশাল এই আয়োজনে অংশগ্রহনের আহবান জানানো হয়েছে।




## ম্যানহাটনে আইস বিরোধী বিক্ষোভকারীদের গ্রেপ্তার

৬৪ পৃষ্ঠার পর

ইমিগ্রেশন এবং কাস্টমস এনফোর্সমেন্ট 'আইস' এজেন্টরা বসবাস করে বলে তারা অভিযোগ করতে থাকে। একাধিক প্রতিবেদনে বলা হয়েছে, নিউইয়র্কের ট্রিবেকা পাড়ায় হিল্টন গার্ডেন ইন-এর লবি দখল করার পর মঙ্গলবার রাতে কয়েক ডজন বিক্ষোভকারীকে গ্রেপ্তার করেছে আইন সদস্যরা। বিক্ষোভকারীরা ইমিগ্রেশন এবং কাস্টমস এনফোর্সমেন্ট এজেন্টদের এখানে থাকার জন্য অভিযুক্ত করতে থাকেন। কেউ কেউ 'হিল্টন হাউস আইস' লেখা টি-শার্ট পরেছিলেন। যদিও ফেডারেল ইমিগ্রেশন অফিসাররা সেই স্থানে অবস্থান করছিলেন কি-না তা নিশ্চিত করা হয়নি।

হ্যাম্পটন ইন সম্পত্তি হোমল্যান্ড সিকিউরিটি আইন প্রয়োগকারী বিভাগকে স্থান দিতে অস্বীকার করার অভিযোগের পরে হিল্টন মিনেসোটার একটি স্বাধীন মালিকানাধীন ফ্র্যাঞ্চাইজি হোটেলের সাথে সম্পর্ক ছিন্ন করার প্রায় এক মাস পরে এই প্রতিবাদ হয়েছে।

বুধবার এক সংবাদ সম্মেলনে নিউইয়র্কের মেয়র জোহরান মামদানি বলেন যে, তিনি নিউইয়র্কবাসীদের প্রশংসা করেছেন 'যারা প্রতিবাদ করার সাংবিধানিক অধিকার প্রয়োগ করে। বিশেষ করে এই দেশজুড়ে আইস-এর ভয়ানক অপব্যবহারের প্রতি দৃষ্টি আকর্ষণ করে এবং আমি মনে করি এই মুহূর্তে বিশেষ করে মিনিয়াপোলিসে।'

এদিকে, সেন্ট পল, মিনেসোটার দুটি হোটেল, মধ্য মিনেসোটার একটি উপজাতীয় দেশ এজিনওয়ের মিলে ল্যাক্স ব্যান্ডের মালিকানাধীন আন্তঃমহাদেশীয় সেন্ট পল রিভারফ্রন্ট এবং ক্যানট্রি সেন্ট পল ডাউনটাউন, আইএইচজি হোটেলস অ্যান্ড রিসর্টস এবং হিল্টন সম্পত্তি যথাক্রমে সংস্থার একটি ফেসবুক পোস্টে বলা হয়েছে, 'উচ্চতর সুরক্ষা এবং সুরক্ষার উদ্বেগের প্রতিক্রিয়ায়' সাময়িকভাবে কার্যক্রম স্থগিত করা হয়েছে।


Empire Care Agency
LHCSA Licensed Home Health Care
PCA / HHA SERVICE
WHY CHOOSE US?
We Pay The Highest Rate
Our Experienced Nurse Will Advocate for your more Hours
হোম কেয়ার সেবা দিয়ে অর্থ উপার্জন করুন
আমরা সর্বোচ্চ পেমেন্ট দিয়ে থাকি
OUR SERVICES
Skilled Nursing
Home Health Aides
Medicaiton Remindrs
Meal Preparation
Personal Care
Light Housekeeping
$23
Per Hour Giver to PCA & HHA Care Giver
WE SPEAK BANGLA, HINDI, URDU, PUNJABI, SPANISH
NURUL AZIM
CEO
516-451-3748
119-40 Metropolitan Ave Suite 101C, Kew Gardens NY 11415
516-900-7860
Fax: 212-381-0649
Empirehcam@gmail.com


DUO NEST
REAL ESTATE TUTORING CENTER
ঈদ উপলক্ষে 10% DISCOUNT
নিউ ইয়র্কে আপনার রিয়েল এস্টেট ক্যারিয়ার শুরু করুন
কোন অভিজ্ঞতার প্রয়োজন নেই!
DUO NEST REAL ESTATE TUTORING- এ, আমরা আপনার লাইসেন্স পাওয়ার প্রক্রিয়া সহজ এবং ঝামেলামুক্ত করে তুলি
কেন রিয়েল এস্টেট লাইসেন্স নেবেন?
দ্রুত একটি নির্ভরযোগ্য আয় উপার্জন করুন।
নিউ ইয়র্কের ক্রমবর্ধমান রিয়েল এস্টেট বাজারে একটি সম্মানিত ক্যারিয়ার তৈরি করুন।
স্বাধীনভাবে বা নেতৃস্থানীয় রিয়েল এস্টেট সংস্থাগুলির সাথে কাজ করুন।
ধাপে ধাপে আর্থিক প্রবৃদ্ধি অর্জন করুন।
আপনার সাফল্যের মাধ্যমে আপনার পরিবারকে গর্বিত করুন।
শক্তিশালী ইংরেজি দক্ষতা নেই? কাজের অভিজ্ঞতা নেই?
কোন চিন্তা নেই আমরা আপনাকে প্রতিটি ধাপে গাইড করার জন্য এখানে আছি।
আমাদের সুযোগ ও সুবিধা
এককালীন পেমেন্ট, কোন এক্সট্রা ফি নেই।
আপনি পাশ করে লাইসেন্স পাওয়া না পর্যন্ত অগণিত ক্লাস।
দ্রুত শেখার জন্য ব্যক্তিগত ১-অন-১ কোচিং
পরীক্ষায় আত্মবিশ্বাস বাড়াতে প্র্যাকটিস এক্সাম
সময় অনুযায়ী অনলাইন বা সরাসরি ক্লাস আপনার সুবিধামতো সময়ে
পরিষ্কার, সহজবোধ্য ইংরেজি ব্যাখ্যা
রিয়েল এস্টেট সম্পর্কিত শব্দ ও নিয়মাবলী সহজ বাংলায় ব্যাখ্যা
Design by: ihopeprint.com, 929-538-7903
CALL US TODAY TO START YOUR REAL ESTATE CAREER
929-414-7746
929-608-6206
646-508-2434
duonest03@gmail.com
169-24 Hillside Ave, FL 2
Jamaica, NY 11432
www.duonest.us

# ভারত-পাকিস্তান ম্যাচই নিশ্চিত নয়

## ওদিকে এলিট নিরাপত্তা বাহিনী নিয়ে প্রস্তুত শ্রীলঙ্কা

আজকাল স্পোর্টস

পাকিস্তান টি-টোয়েন্টি বিশ্বকাপে খেলবে কি না, তা এখনো নিশ্চিত নয়। বিশ্বকাপে খেললেও দলটি শুধু ভারত ম্যাচ বয়কট করতে পারে, এমন গুঞ্জনও আছে। তবে এসব গুঞ্জনের মধ্যেই টি-টোয়েন্টি বিশ্বকাপের সহ-আয়োজক দেশ শ্রীলঙ্কা ভারত-পাকিস্তানের ম্যাচ ঘিরে সর্বোচ্চ প্রস্তুতি নিচ্ছে।



টি-টোয়েন্টি বিশ্বকাপের সূচি অনুযায়ী আগামী ১৫ ফেব্রুয়ারি কলম্বোয় ম্যাচটি অনুষ্ঠিত হওয়ার কথা। এই ম্যাচে নিরাপত্তা জোরদার করতে এলিট সশস্ত্র বাহিনী মোতায়েন করবে শ্রীলঙ্কা। শ্রীলঙ্কায় অনুষ্ঠিত হতে যাওয়া বিশ্বকাপের অন্য ম্যাচগুলো ঘিরেও এলিট সশস্ত্র বাহিনী মোতায়েন করা হবে। তবে ভারত ও পাকিস্তানের ম্যাচগুলোর ওপর আলাদা গুরুত্ব দেওয়া হচ্ছে বলে কর্মকর্তারা বার্তা সংস্থা এএফপিকে জানিয়েছেন।

শ্রীলঙ্কার পাশাপাশি এবার বিশ্বকাপের সহ-আয়োজক দেশ ভারত। শ্রীলঙ্কায় ৭ ফেব্রুয়ারি থেকে ৮ মার্চ পর্যন্ত মোট ২০টি ম্যাচ অনুষ্ঠিত হবে। 'এ' গ্রুপ থেকে মুখোমুখি হবে ভারত ও পাকিস্তান।

শ্রীলঙ্কার ক্রীড়ামন্ত্রী সুনিল কুমারা গামাগে বুধবার রাতে এএফপিকে বলেছেন, 'টুর্নামেন্টটি সুষ্ঠুভাবে আয়োজন করার ওপর শ্রীলঙ্কা সর্বোচ্চ অগ্রাধিকার দিচ্ছে এবং ভারত-পাকিস্তানের ম্যাচগুলোর দিকে বিশেষ নজর রাখা হচ্ছে।'

পুলিশ ও নিরাপত্তা কর্মকর্তারা জানান, সাধারণত বিদেশি রাষ্ট্রপ্রধানদের নিরাপত্তায় নিয়োজিত এলিট কমান্ডো ইউনিটগুলোকে সব অংশগ্রহণকারী দলের নিরাপত্তায় ব্যবহার করা হবে।

নাম প্রকাশ না করার শর্তে এক কর্মকর্তা এএফপিকে বলেছেন, 'বিমানবন্দর থেকে বের হওয়ার পর আবার বিমানে ওঠা পর্যন্ত সশস্ত্র নিরাপত্তার আওতায় থাকবে তারা।'

ভারত ও পাকিস্তানের মধ্যে রাজনৈতিক উত্তেজনা দীর্ঘদিন ধরেই ক্রিকেট মাঠে প্রভাব ফেলেছে। পারমাণবিক শক্তিধর এই দুই প্রতিবেশী দেশ গত বছর চার দিনের সীমান্ত এরপর ৩৮ পৃষ্ঠায়




## টি-টোয়েন্টি বিশ্বকাপের সময় বিসিবির অন্য আয়োজন

আজকাল স্পোর্টস

বিপিএলের পর ক্রিকেটারদের সময় কাটছে এখন অবসরে। নিরাপত্তার কারণে ভারতে খেলবে না বলে টি-টোয়েন্টি বিশ্বকাপটাই এবার খেলা হচ্ছে না বাংলাদেশের, ক্রিকেটারদের হচ্ছে আর্থিক ক্ষতিও। বিসিবির ভেন্যু পরিবর্তনের প্রস্তাবে আইসিসি সাড়া না দেওয়াতেই এ পরিস্থিতিতে পড়তে হয়েছে বাংলাদেশের। টি- এরপর ২৮ পৃষ্ঠায়




অভিযোগ সাবেক চেয়ারম্যানের

## আইসিসির দোষেই বিপন্ন হতে চলেছে ক্রিকেট

### ভারত-পাকিস্তান-বাংলাদেশ বিরোধে শ্রীলঙ্কা 'নিরপেক্ষ'

আজকাল স্পোর্টস

নিরাপত্তাশঙ্কায় ভেন্যু বদলের আবেদনে সাড়া না দিয়ে উলটো ২০২৬ টি-টোয়েন্টি বিশ্বকাপ থেকে বাংলাদেশকে বাদ দিয়েছে আইসিসি। এর প্রতিবাদে বিশ্বকাপ বর্জনের হুমকি দিয়েছে পাকিস্তান। ক্রিকেট বিশ্বের এই বিতর্ক ও অস্থিরতা নিয়ে এবার মুখ খুললেন আইসিসির সাবেক চেয়ারম্যান এহসান মানি। ক্রিকেটে রাজনীতির নগ্ন হস্তক্ষেপ ও আইসিসির প্রশাসনিক ব্যর্থতাকে দায়ী করে তিনি বলেছেন, বর্তমান কাঠামোর কারণে সঠিক পথ হারিয়ে রসাতলে যাচ্ছে ক্রিকেট।

টেলিকম এশিয়াকে দেওয়া এক সাক্ষাৎকারে পাকিস্তানের এই অভিজ্ঞ ক্রিকেট প্রশাসক বলেন, 'আইসিসিকে বাঁচাতে হলে এখনই এর শাসন কাঠামো পর্যালোচনা করা উচিত।'

পাকিস্তান ক্রিকেট বোর্ডের (পিসিবি) সাবেক প্রধান এহসান মানি ২০০৩ থেকে ২০০৬ সাল পর্যন্ত আইসিসির চেয়ারম্যান ছিলেন। বিশ্ব ক্রিকেটের অভিভাবক সংস্থা এখন যেভাবে পরিচালিত হচ্ছে, সেখানেই বড় গলদ দেখছেন মানি, 'বর্তমানে আইসিসি যেভাবে চলছে, তাতে ক্রিকেট দিশেহারা। খেলাটি পথ হারিয়েছে। যত দ্রুত সম্ভব আইসিসির শাসন কাঠামো পর্যালোচনা করা উচিত। একমাত্র সমাধান হতে পারে সংবিধানে পরিবর্তন এনে বোর্ডের অধিকাংশ পরিচালককে নিরপেক্ষ করা।' এরপর ৩৮ পৃষ্ঠায়



ভারতীয় ক্রীড়া বিশ্লেষকের বিশ্লেষণ

## বাংলাদেশের টি-টোয়েন্টি বিশ্বকাপ থেকে বিদায়ের নেপথ্যে

আকাশ দাসগুপ্ত

সময় বদলেছে, বদলেছে বৈশ্বিক ক্রিকেটের চেহারাও। আধুনিক জীবনের প্রায় সব কিছুর মতোই এই পরিবর্তনের সঙ্গে এসেছে বিশাল মাত্রার বিশৃঙ্খলা, উৎকণ্ঠা আর তিক্ততা। এক সময় ক্রিকেটীয় প্রতিদ্বন্দ্বিতা মানে ছিল মাঠে দুই প্রতিভাবান দলের ব্যাট-বল আর স্নায়ুর লড়াই। মানুষ বসত ঘরে, ক্লাবে, রাস্তার চায়ের দোকানে, কলেজ মাঠে জড়ো হয়ে আলোচনা করত-কোন ব্যাটার দুর্দান্ত ফর্মে আছে, কোন বোলার প্রতিপক্ষ ব্যাটিং লাইনআপকে নাস্তানাবুদ করতে পারে, কিংবা কোন অধিনায়কের ঝুলিতে বেশি কৌশল।

এখন সেই জায়গা দখল করেছে মাঠের বাইরের সংঘাত-দেশে দেশে, ক্রিকেট বোর্ডে বোর্ডে, কর্মকর্তাদের মধ্যে। টুর্নামেন্ট শুরু হওয়ার অনেক আগেই এসব 'রাইভ্যালরি' শিরোনাম হয়ে ওঠে। উগ্রজাতীয়তাবাদীরা এখনও আছেন, কিন্তু তারা সংখ্যায় কম। খেলাকে রাজনীতি থেকে আলাদা রাখার চেষ্টা এখন প্রায় অর্থহীন।

আসন্ন আইসিসি পুরুষ টি-টোয়েন্টি বিশ্বকাপে এমনই এক প্রতিভাবান দল, যারা আনুষ্ঠানিকভাবে যোগ্যতা অর্জন করেছিল, তাদের সবচেয়ে বড় মঞ্চে খেলার সুযোগ থেকে বঞ্চিত করা হয়েছে। এর সঙ্গে সঙ্গে প্রায় ১৮ কোটি মানুষের একটি দেশ-যেখানে ক্রিকেট জাতীয় পরিচয়ের অবিচ্ছেদ্য অংশ-তারা তাদের প্রিয় খেলোয়াড়দের বিশ্বমঞ্চে দেখতে পাবে না।

ভারত ও শ্রীলঙ্কায় অনুষ্ঠেয় এই বিশ্বকাপের গ্রুপ সিতে বাংলাদেশের সঙ্গে ছিল ইংল্যান্ড, ওয়েস্ট ইন্ডিজ, নেপাল ও ইতালি। ওই গ্রুপে র‌্যাংকিংয়ের এরপর ২৮ পৃষ্ঠায়

## স্কোয়াড ঘোষণার পর বিমানের টিকিটও বুক করল পাকিস্তান

আজকাল স্পোর্টস

বিশ্বকাপ বয়কটের সম্ভাবনা নিয়ে আলোচনা চললেও পাকিস্তান ক্রিকেট দল প্রস্তুতির পথে এগোচ্ছে। স্কোয়াড ঘোষণার পর এবার দলের জন্য বিমানের টিকিটও বুক করা হয়েছে। আগামী সোমবার পাকিস্তান দল কলম্বোর উদ্দেশে রওনা দেওয়ার কথা রয়েছে। এর আগেই পাকিস্তান ক্রিকেট বোর্ডের (পিসিবি) সভাপতি মহসিন নাকভির পক্ষ থেকে চূড়ান্ত সিদ্ধান্ত আসবে বলে ধারণা করা হচ্ছে।



টেলিকম এশিয়া স্পোর্টস সূত্রে জানা গেছে, বিশ্বকাপে অংশগ্রহণ নিয়ে অনিশ্চয়তা থাকলেও অস্ট্রেলিয়া দলের সঙ্গে একই ফ্লাইটে লাহোর থেকে কলম্বো যাওয়ার টিকিট নিশ্চিত করেছে পাকিস্তান দল। একই সূত্র জানিয়েছে, শুক্রবারের মধ্যেই বিশ্বকাপে অংশ নেওয়া বা না নেওয়ার বিষয়ে নাকভির সিদ্ধান্ত ঘোষণা করা হতে পারে।

আগামী ৭ ফেব্রুয়ারি থেকে ৮ মার্চ পর্যন্ত ভারত ও শ্রীলঙ্কায় অনুষ্ঠিত হতে যাওয়া টি-টোয়েন্টি বিশ্বকাপে পাকিস্তানের অংশগ্রহণ নিয়ে সংশয় প্রকাশ করেছিলেন পিসিবি প্রধান। বাংলাদেশের টুর্নামেন্ট থেকে বাদ পড়ার ঘটনায় প্রতিবাদ জানিয়ে সংহতির অংশ হিসেবেই এমন অবস্থান নিয়েছে পাকিস্তান বোর্ড।

উল্লেখ্য, নিরাপত্তা শঙ্কার কথা তুলে ধরে বাংলাদেশ ক্রিকেট বোর্ড (বিসিবি) ভারতে না খেলে শ্রীলঙ্কায় ম্যাচ আয়োজনের আবেদন করেছিল। তবে আইসিসি সেই প্রস্তাব নাকচ করে দেয়। পরবর্তীতে স্বাধীন নিরাপত্তা মূল্যায়নের মাধ্যমে আশ্বাস দেওয়া হলেও বিসিবি ভারতে খেলতে অস্বীকৃতি জানালে শেষ পর্যন্ত আইসিসি বাংলাদেশকে এই গুরুত্বপূর্ণ টুর্নামেন্ট থেকে বাদ দেয়।

টি-টোয়েন্টি বিশ্বকাপে পাকিস্তানের ১৫ সদস্যের স্কোয়াড

সালমান আলী আগা (অধিনায়ক), আবরার আহমেদ, বাবর আজম, ফাহিম আশরাফ, ফখর জামান, খাজা মোহাম্মদ নাফায় (উইকেটকিপার), মোহাম্মদ এরপর ৩৮ পৃষ্ঠায়




## সেরাদের মুকুট নিয়ে ফিরেছেন সাবিনারা

আজকাল স্পোর্টস

প্রথমবারের মতো আয়োজিত সাফ নারী ফুটসাল টুর্নামেন্টে বাংলাদেশের নারী দল ইতিহাস সৃষ্টি করে অপরাজিত চ্যাম্পিয়ন হয়। সাবিনা খাতুনের নেতৃত্বে দলটি দক্ষিণ এশিয়ার সেরাদের মুকুট মাথায় নিয়ে বৃহস্পতিবার দেশে ফিরেছে। বাংলাদেশ ফুটবল ফেডারেশন (বাফুফে) ও ক্রীড়া মন্ত্রণালয় ইতোমধ্যেই তাদের সংবর্ধনার জন্য ব্যাপক প্রস্তুতি গ্রহণ করেছে। এরপর ৫৩ পৃষ্ঠায়

# Urgent sell

1. One king size bed with mattress
2. One queen size bed with mattress
3. One twin size bed with mattress and storage drawers
4. Wooden dining table with 6 chairs+cushions
5. Wooden coffee table
6. Wooden TV stand with drawers
7. One 3 seater Sofa couch cum bed
8. 2 display tables/racks
9. Two chairs
10. Humidifier - 3
11. Study desk (White) for kids
12. Shelf
13. Floor lamps

Electronics:
1. Coffee maker
2. Air fryer oven (has several functions including rotisserie chicken)
3. Braun hand held blender
4. Three set blender
5. Bullet blender
6. Mini waffle maker
7. Hamilton Beach confectionary mixer
8. 17" Monitor for computer with key board (cord less) not used

PICK UP LOCATION:
Roosevelt island New York City

CONTACT:
CELL: +1 (347) 294-9697


## সুস্থতা আল্লাহর নেয়ামত

২৫ পৃষ্ঠার পর

করো।' (মুসলিম : ২৬৬৪)।

শরীরের সুস্থতা ও সক্ষমতা এমন এক নেয়ামত যা বিশেষভাবে কদর করতে বলা হয়েছে হাদিসে। হজরত ইবনে আব্বাস (রা.) থেকে বর্ণিত, রাসুল (সা.) বলেছেন, 'পাঁচটি জিনিসকে পাঁচটি জিনিস আসার আগে গনিমতের অমূল্য সম্পদ হিসেবে মূল্যায়ন করো ১. জীবনকে মৃত্যু আসার আগে। ২. সুস্থতাকে অসুস্থ হওয়ার আগে। ৩. অবসর সময়কে ব্যস্ততা আসার আগে। ৪. যৌবনকে বার্ধক্য আসার আগে এবং ৫. সচ্ছলতাকে দারিদ্র্য আসার আগে।' (মুসান্নাফ ইবনে আবি শায়বা : ৮/১২৭)। নবীজি (সা.) নিয়মিত হাঁটতেন, মাঝেমধ্যে দৌড় প্রতিযোগিতা করতেন, সাহাবাদের সঙ্গে কুস্তি লড়তেন। হাদিসে এরকম অসংখ্য ঘটনা বর্ণিত হয়েছে। এমনকি মাঝেমধ্যে পূর্ণিমার রাতে প্রিয়তম স্ত্রীদের সঙ্গেও দৌড় প্রতিযোগিতা করতেন। নবীজি (সা.)-এর হাঁটার ক্ষেত্রেও সবসময় স্বতঃস্ফূর্ততা বিরাজ করত। হজরত আবু হুরায়রা (রা.) বলেছেন, 'আমি নবীজির চেয়ে দ্রুতগতিতে কাউকে হাঁটতে দেখিনি।' (তিরমিজি : ৩৬৪৮)।

মানুষের শরীরে খাবারের বড় একটা প্রভাব রয়েছে। তাই সাবধানে ও সতর্কতার সঙ্গে পরিমিত খাবার গ্রহণ করা। অতিরিক্ত খাবার যেমন শরীরের জন্য ক্ষতিকর, তেমনি একেবারে কম খাওয়াও শরীরের জন্য ক্ষতিকর। হাদিসে এসেছে, নবীজি (সা.) খুব পরিমিত আহার করতেন এবং সাহাবিদের পেটের এক ভাগ খাদ্য, এক ভাগ পানীয়, আর এক ভাগ শ্বাস-প্রশ্বাসের জন্য ফাঁকা রাখতে বলতেন। (তিরমিজি : ১৩৮১)।

অপরিচ্ছন্নতা ও এলোমেলো পরিবেশ শরীরে রোগব্যাধি ছড়ায়। আর ধীরে ধীরে এর প্রভাব মন ও মস্তিষ্ককে আচ্ছন্ন করে ফেলে। তাই মহানবী (সা.) এ বিষয়ে বিশেষ সতর্ক করেছেন। আবু হুরায়রা (রা.) থেকে বর্ণিত, রাসুল (সা.) বলেছেন, 'পাঁচটি বিষয় মানুষের স্বভাবজাত ১. খতনা করা। ২. নাভির নিচের অবাঞ্ছিত লোম পরিষ্কার করা। ৩. গোঁফ কাটা। ৪. নখ কাটা এবং ৫. বগলের লোম উপড়ে ফেলা।' (বোখারি : ৫৮৮৯)। শরীরের সুস্থতা ও সক্ষমতা ধরে রাখা এবং এর উন্নতি সাধন আল্লাহর ইবাদত পালনের স্বার্থেই জরুরি। এ ব্যাপারে অবহেলা কাম্য নয়।


# BECOME A REALTOR
রিয়েল এস্টেট পেশায় আসুন

Make SIX-FIGURE ($$$$$$) or more income/ year !

মাত্র ১ মাসেই লাইসেন্স করা সম্ভব
বছরে লক্ষ লক্ষ ডলার ($$$$$$) আয় করুন

YES, Sky is the Limit! NO MORE ODD JOB!
No Bossing! Work Independently
Work Part-time/ Full-time, We Help You:

Pass Real Estate Exam
[ Salesperson in New York State ]
মাতৃভাষায় ব্যাখ্যা করা হয়

Unlimited Package Deal- Flat Fee - Until You Pass
পাশ-চুক্তি পড়ানো- পাশের নিশ্চয়তা ১০০%

Real Estate Productivity Coaching



Azizul Hoque
[Realtor Hoque]
Consultant, Coach & Licensed Realtor
148-45 Hillside Avenue, Suite 201B
Jamaica, NY 11435
Phone: 347 451 7307
Email: realtorhoque64@gmail.com



kw LANDMARK II
KELLERWILLIAMS. REALTY




•Residential •Commercial • Investment
•Foreclosures •Auctions • Co-Op & Condo
•Short Sale •Hud • Rentals
•Bank Owned/ REO Properties

List Your Property Faster with TOP $$$
Free Market Analysis
Consultation



Azizul Hoque
[Realtor Hoque]
Licensed Realtor

realtorhoque64@gmail.com
azizul.hoque@kw.com
www.azizul-hoque.kw.com
347-451-7307
347-846-1200
347-846-1201
75-35 31st Avenue Suite. 202
Jackson Heights, NY-11370
realtorhoque64 AzizulH48770125
azizul-hoque-880064245


## সেরা সিনেমা "সাঁতাও"

৪৬ পৃষ্ঠার পর

অব সুন্দরবন)
শ্রেষ্ঠ গায়ক: বালাম (ও প্রিয়তমা-প্রিয়তমা)
শ্রেষ্ঠ গায়িকা: অবন্তী সেন সিঁথি (গোটা পৃথিবীতে খুঁজো এ পাঁ ছুঁয়ে বলো- নূরজ)
শ্রেষ্ঠ গীতিকার: সোমেশ্বর অলি (ঈশ্বর, প্রিয়তমা)
শ্রেষ্ঠ সুরকার: প্রিন্স মাহমুদ (ঈশ্বর-প্রিয়তমা)
কারিগরি ও অন্যান্য বিভাগ
শ্রেষ্ঠ কাহিনিকার: ফারুক হোসেন (প্রিয়তমা)
শ্রেষ্ঠ চিত্রনাট্যকার: নিয়াজুল মুক্তা (রক্তজবা)
শ্রেষ্ঠ সংলাপ রচয়িতা (যৌথ): রায়হান রাফী (নূরজ) ও সৈয়দ নাজিম উদ দৌলা
শ্রেষ্ঠ সম্পাদক: মো. সালাহ উদ্দিন আহমেদ বাবু (ওরা সাত জন)
শ্রেষ্ঠ শিল্প নির্দেশক: শহীদুল ইসলাম (নূরজ)
শ্রেষ্ঠ চিত্রগ্রাহক: সুমন কুমার সরকার (নূরজ)
শ্রেষ্ঠ শব্দগ্রাহক: সুজন মাহমুদ (সাঁতাও)
শ্রেষ্ঠ পোশাক ও সাজ-সজ্জা: বীথি আফরীন (নূরজ)
শ্রেষ্ঠ মেকআপম্যান: সবুজ (প্রিয়তমা)
শ্রেষ্ঠ নৃত্য পরিচালক: হাবিবুর রহমান (লাল শাড়ি)

## সেরাদের মুকুট নিয়ে ফিরেছেন সাবিনারা

৫২ পৃষ্ঠার পর

বৃহস্পতিবার সন্ধ্যায় চ্যাম্পিয়ন নারী ফুটবল দল ঢাকার হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে অবতরণ করে। বিমানবন্দর থেকে বিশেষ ছাদখোলা বাসে করে মতিঝিল পর্যন্ত প্রদক্ষিণের আয়োজন করা হয়েছে।

রাতের আয়োজনেও গ্র্যান্ড রিসিপশন অনুষ্ঠিত হবে, সেখানে উপস্থিত থাকবেন যুব ও ক্রীড়া উপদেষ্টা ড. আসিফ নজরুল, বাফুফে সভাপতি তাবিথ আউয়াল ও ক্রীড়া সচিব। অনুষ্ঠান শেষে চ্যাম্পিয়নদের জন্য গুলশানের একটি হোটেলে অবস্থান করবেন। *(as printed: নৈশভোজের ব্যবস্থা করা হয়েছে এবং তারা)*

টুর্নামেন্টে লিগ পদ্ধতিতে খেলে বাংলাদেশ ৬ ম্যাচে ৫ জয় ও ১ ড্র নিয়ে ১৬ পয়েন্টে অপরাজিত চ্যাম্পিয়ন হয়। ভুটান ৫ ম্যাচে ১১ পয়েন্ট নিয়ে রানার্সআপের গৌরব অর্জন করে।


# ঘরে বসে আয় করুন

আপনার কি বাবা, মা, আত্মীয় স্বজন, বন্ধু বান্ধব কিংবা প্রতিবেশী অসুস্থ?

তাহলে এক্ষুনি আমাদের সাথে যোগাযোগ করুন। আমরা আপনাকে সর্বোচ্চ ইনকামের নিশ্চয়তা দিচ্ছি।



যোগাযোগ : ৯১৭ ৫১৯ ১১৫১


## বিচ্ছেদের গুঞ্জন উড়িয়ে দিলেন ওমর সানী

৪৬ পৃষ্ঠার পর

করেননিএ অভিনেতা। জানান, মানুষের এমন প্রশ্ন শুনতে শুনতে তিনি বিরক্ত। কেউ কেউ নাকি তার কাছে ডিভোর্স লেটারও দেখতে চেয়েছেন! মাঝে খবর প্রকাশ হয়েছিল, চলচ্চিত্র ইন্ডাস্ট্রির প্রতি অভিমান করে দেশ ছেড়েছেন মৌসুমী। এই বিষয়টিও সত্য নয় বলে দাবি করেন সানী। তিনি জানান, মা ও মেয়ের দেখাশোনার জন্যই মৌসুমী যুক্তরাষ্ট্রে গেছেন।

ওমর সানী বলেন, 'মৌসুমীরা তিন বোন। সবার বড় মৌসুমী, এরপর স্নিগ্ধা, সবার শেষে ইরিন। দীর্ঘদিন ধরে ইরিন আটলান্টা ও স্নিগ্ধা ক্যালিফোর্নিয়ায় থাকে। আমার শাশুড়ি শারীরিকভাবে সুস্থ ছিলেন না। তাই চিকিৎসার জন্য তাকে ওরা যুক্তরাষ্ট্রে নিয়ে যায়। কিন্তু সেখানে তো সবাইকে কাজে ব্যস্ত থাকতে হয়। তাই তাকে দেখভাল করা কঠিন ছিল। মূলত এ কারণেই মৌসুমীর যুক্তরাষ্ট্রে যাওয়া। আমিও ভিসার জন্য আবেদন করেছিলাম। কিন্তু আমার ভিসা হয়নি। পরবর্তী সময়ে আমি আর আগ্রহ দেখাইনি।'

সবকিছু বিবেচনা করে ওমর সানীর সঙ্গে পরামর্শ করেই মৌসুমী যুক্তরাষ্ট্রে যান।

সানী বলেন, 'মৌসুমী আমাকে বলল, "দেখো, বাবা মারা গেছে, শ্বশুর-শাশুড়িও মারা গেছে। আমি যদি আমার মায়ের এই সময়টাতে পাশে না থাকতে পারি, তাহলে রোজ কিয়ামতের দিন কী জবাব দেব? প্রায় ২৯ বছর তোমার সংসার করলাম একসঙ্গে, আমাকে যেতে দাও।" তারপর আমি এবং মৌসুমী সিদ্ধান্ত নিয়েছি, মা যত দিন বেঁচে আছেন, তত দিন আমরা তার পাশে থাকব।'

মৌসুমী যখন যুক্তরাষ্ট্রে যান, ওই সময় তার মেয়ে ফাইজাও পড়াশোনার জন্য দেশটিতে যাওয়ার পরিকল্পনা করছিলেন। এই বিষয়টিও অনেক গুরুত্বপূর্ণ ছিল বলে জানান সানী।

তিনি বলেন, 'সে সময় আমার মেয়ে ফাইজাও যাবে যুক্তরাষ্ট্রে। আমরা সব সময় সন্তানদের কেয়ার করেছি। তাদের একলা ছেড়ে দিইনি। আসলে সন্তান বড় হয়ে গেলে একাই পথ চলো রে নীতিটা নিতে পারছিলাম না। চিন্তা করলাম, মৌসুমী মাকে দেখবে আবার মেয়েকেও দেখবে।'

সবশেষে ওমর সানী বলেন, 'মৌসুমী সেখানে অনেক কষ্ট করে, মায়ের জন্য কষ্ট করে, তার সন্তানের জন্য কষ্ট করে। আমাদের একটা ফ্যামিলি গ্রুপ আছে, সেখানে আমাদের প্রতিদিন কথা হয়। আশা করছি খুব দ্রুত আমাদের সামনাসামনি দেখা হবে।'

UCS Ultra Credit Solutions Inc.

# CREDIT REPAIR
## ক্রেডিট রিপেয়ার




আমাদের সেবাসমূহঃ
পাবলিক রেকর্ড, কালেকশন একাউন্ট,
ব্যাংকক্রাপসি, ডেবট সেটেলমেন্ট,
লেট-পেমেন্ট, ষ্টুডেন্ট লোন,
মেডিক্যাল বিল ও কার রিপজিশানিং রিমুভাল।
(এটি একটি বাংলাদেশী প্রতিষ্ঠান)

Public Record Removal, Collection Removal
Bankruptcy Removal, Debt Settlement, Debt Elimination

**929-386-6426**
**929-386-4705**

3716 73rd Street, Suite. 302-B (3RD FLOOR)
JACKSON HEIGHTS, NY 11372
34-18 Northern Blvd, Suite #5/14
Long Island City, NY 11101

www.ultracreditsolutions.com

# MITU DISABILITY CENTER


RONJAN (Consultant)
646-730-8416


JABBAR SHARIFF
Attorney & Counselor at Law

## IF YOU ARE SICK, YOU CAN GET $500-$2500 PER MONTH

State Disability (TANF) • Federal Disability (SSI, SSDI)

**Citizenship Without Exam** N-648 Waiver

Personal Injury • Divorce • Bankruptcy • Immigration
Car, Home, Life Insurance (No Broker Fee) Real State
Buy Sale Loan Modification • Physical Therapy by Doctor

আপনি যদি অসুস্থ হন তাহলে
মাসে ৫০০-২৫০০ ডলার পেতে পারেন

* ষ্টেট ডিসএ্যাবিলিটি * ফেডারেল ডিসএ্যাবিলিটি
* পরীক্ষা ছাড়া আমেরিকার সিটিজেন।
এখানে ডাক্তার দ্বারা ফিজিক্যাল থেরাপী দেওয়া হয়।
ইমিগ্রেশনের বিষয়ে সাহায্য করা হয়।

37-47 73 St. #215, Jackson Heights NY 11372
**TEL: 718-701-2666**



## ডাঃ গোবিন্দ পাল
মেডিসিন বিশেষজ্ঞ

**Attending Physician
Wyckoff Heights
Medical Center**

## Gobinda Paul M.D., F.A.C.P.
Board Certified in Internal Medicine

- আপনার কোলেস্টেরল, ব্লাড প্রেসার, ডায়াবেটিস, হার্টের অসুখসহ যাবতীয় মেডিকেল সমস্যার জন্য সুলভে পরীক্ষা এবং চিকিৎসা করিয়ে নিন।
